📖تفسير الخازن (دار الكتب العلمية) ١ /٦ : قال العلماء: النهي عن القول في القرآن: الرأي إنما ورد في حق من يتأول القرآن على مراد نفسه وما هو تابع لهواه وهذا لا يخلو إما أن يكون عن علم أو لا، فإن كان عن علم كمن يحتج ببعض آيات القرآن على تصحيح بدعته وهو يعلم أن المراد من الآية غير ذلك لكن غرضه أن يلبس على خصمه بما يقوي حجته على بدعته كما يستعمله الباطنية والخوارج وغيرهم من أهل البدع في المقاصد الفاسدة ليغروا بذلك الناس، وإن كان القول في القرآن بغير علم لكن عن جهل وذلك بأن تكون الآية محتملة لوجوه فيفسرها بغير ما تحتمله من المعاني والوجوه. فهذان القسمان مذمومان وكلاهما داخل في النهي والوعيد الوارد في ذلك

Scanned by CamScanner

الأشباه والنظائر (دار الكتب العلمية) ١/ ٢٣ : وكذا قولهم بكفره
إذا قرأ القرآن في معرض كلام الناس، كما إذا اجتمعوا فقرأ
{فجمعناهم جمعا}، وكذا إذا قرأ {وكأسا دهاقا} عند رؤية كأس.
وله نظائر كثيرة في ألفاظ التكفير، كلها ترجع إلى قصد
الاستخفاف به -

ধোঁকায় পড়ে ধোঁকাবাজ থেকে ফতওয়া তলব করা

প্রশ্ন : বর্তমানে দেখা যায়, ঢাকার কিছু অভিজাত এলাকার মসজিদগুলোতে আহলে হাদীস সম্প্রদায়ের বা অন্য ভ্রান্ত ফেরকার ইমাম-খতীব নিযুক্ত আছে। সাধারণ মানুষ তাদের বাহ্যিক অবস্থা দেখে তাদেরকে আলেম ও মুফতি মনে করে। প্রশ্ন হলো, সাধারণ মানুষ যারা না বুঝে তাদের দেওয়া ভুল ফতওয়া অনুযায়ী আমল করছে তাদের কোনো গোনাহ হবে কি?

উত্তর : ইচ্ছামতো যাকে-তাকে ফতওয়া জিজ্ঞাসার অবকাশ কারো নেই। জনসাধারণের জন্য অজ্ঞ-ভণ্ড-ফেরকার লোক জেনেও তার থেকে ফতওয়া নিয়ে আসা জঘন্য অপরাধের শামিল। তবে সাধ্যমতো হক্ব তালাশ করেও অজ্ঞতার কারণে হক্বপন্থী বিজ্ঞ আলেম মনে করে ভ্রান্ত মৌলভী থেকে ফতওয়া নিয়ে আসার কারণে গোনাহ ফতওয়াদাতার হবে, গ্রহীতার নয়। তাই মসজিদ কমিটির দায়িত্ব হচ্ছে, যখনই ইমাম সাহেব এ ধরনের ভ্রান্ত ফেরকার অনুসারী বলে প্রমাণ পাওয়া যাবে, সুকৌশলে তাকে অপসারণ করে হক্বপন্থী বিজ্ঞ, দ্বীনদার, মুত্তাকী আলেমকেই ইমাম নিযুক্ত করা। অন্যথায় উক্ত গোনাহের কাজে কমিটিও সহযোগী বলে গণ্য হয়ে গোনাহগার হবে। (১৭/৩৭৮/৭০৬১)

سنن ابى داود (دار الحديث) ٣ / ١٥٨٣ (٣٦٥٧) : عن أبي عثمان
الطنبذي رضيع عبد الملك بن مروان، قال: سمعت أبا هريرة رض
يقول: قال رسول الله صلى الله عليه وسلم: «من أفتي بغير علم
كان إثمه على من أفتاه» -

Scanned by CamScanner

ফতওয়া দেওয়ার হুকুম ও অস্বীকারকারীর বিধান

প্রশ্ন :

১. ফতওয়া দিয়ে টাকা গ্রহণ করা যাবে কি না?

২. ফতওয়া দেওয়া কি ফরয না ওয়াজিব? কোনো মুফতি সাহেবের কাছে ফতওয়া চাইলে জানা সত্ত্বেও যদি তিনি ফতওয়া না দেন তাহলে তিনি রাসূল (সা.)-এর হাদীসের «من سئل عن علم علمه ثم كتمه ألجم يوم القيامة بلجام من نار» আওতাভুক্ত হবেন কি না?

৩. ফতওয়া অস্বীকারকারীর বিধান কী?

উত্তর :

১. শরীয়তের দৃষ্টিকোণে মৌখিক ফতওয়া প্রদান করে ফতওয়া প্রদানের বিনিময় গ্রহণ করা নাজায়েয। তবে শুধুমাত্র ফতওয়া প্রদানের জন্য নিজেকে নিয়োজিত রাখলে কিংবা লিখিত ফতওয়া প্রদান করলে পারিশ্রমিক গ্রহণ করা জায়েয হলেও না নেওয়াই উচিত। (১৭/৩৭৩/৭০৭৫)

📖 الدر المختار مع الرد (سعيد) ٦ /٩٢ : (يستحق القاضي الأجر على كتب الوثائق) والمحاضر، والسجلات (قدر ما يجوز لغيره كالمفتي) فإنه يستحق أجر المثل على كتابة الفتوى، لأن الواجب عليه الجواب باللسان دون الكتابة بالبنان، ومع هذا الكف أولى احترازا عن القيل والقال، وصيانة لماء الوجه عن الإبتذال -

২. যদি কোনো জনপদ আলেম-উলামা ও মুফতিশূন্য হয়ে পড়ে এবং সেখানে একজন যোগ্য মুফতিই বিদ্যমান থাকেন, এমতাবস্থায় তাঁর জন্য প্রয়োজনীয় বিষয়ের ফতওয়া প্রদান করা জরুরি। এমন ব্যক্তি ফতওয়া প্রদান না করলে প্রশ্নে উল্লিখিত হাদীসের আওতাভুক্ত হয়ে গোনাহগার হবে। পক্ষান্তরে যে এলাকা বা শহরে অসংখ্য আলেম-উলামা এবং মুফতিয়ানে কেরাম বিদ্যমান এবং সেখানে ফতওয়া বিভাগও রয়েছে এরূপ স্থানে ফতওয়া প্রদান করা জরুরি নয়। ইচ্ছা করলে মুফতি সাহেব ফতওয়া প্রদান করা থেকে বিরত থাকতে পারেন। সালাফে সালেহীন এবং ফকীহগণও অনুরূপ অবস্থায় কোনো কোনো সময় ফতওয়া প্রদান থেকে বিরত থেকেছেন।

📖 مرقاة المفاتيح (انور بكڈپو) ١ / ٤٨١ - ٤٨٢ : قال السيد: هذا في العلم اللازم التعليم كاستعلام كافر عن الإسلام " ما هو؟ "، أو

Scanned by CamScanner

حديث عهد به عن تعليم صلاة حضر وقتها، وكالمستفتي في الحلال والحرام، فإنه يلزم في هذه الأمور الجواب لا نوافل العلوم غير الضرورية، وقيل: العلم هنا علم الشهادة -

বেহেশতী জেওর কিতাবের মান

প্রশ্ন : বাংলায় অনুবাদকৃত বেহেশতী জেওর কিতাবখানি সাধারণ মুসলমানের জন্য কতটুকু জরুরি ও নির্ভরযোগ্য। কোনো আলেম কি পুস্তকটির ব্যাপারে এ মন্তব্য করতে পারেন যে এটা আমি পড়ি না, এতে কোনো ব্যাখ্যা বা দলিল-প্রমাণ নেই। এটি স্ত্রী লোকদের জন্য রচিত হয়েছে ইত্যাদি ইত্যাদি। এমন মন্তব্যকারী আলেম কি কোনো মসজিদের ইমাম হওয়ার যোগ্য?

উত্তর : বাংলায় অনুবাদকৃত 'বেহেশতী জেওর'-এর মূল প্রণেতা হাকীমুল উম্মত মুজাদ্দিদে মিল্লাত মাওলানা আশরাফ আলী থানবী (রহ.), তিনি মূলত এ কিতাবটি স্ত্রী লোকদের জন্য রচনা করেছেন, স্ত্রী লোক সৃষ্টিগত জ্ঞান স্বল্পতার কারণে জটিল বিষয় বুঝতে সক্ষম হবে না। তাই তিনি মহিলাদের প্রতি লক্ষ করে প্রমাণ উল্লেখ ব্যতীত সহজ-সাবলীলভাবে মাসআলা বর্ণনা করেছেন। এতে উল্লিখিত প্রতিটি মাসআলার দলিল-প্রমাণ নির্ভরযোগ্য কিতাবে বিদ্যমান আছে। কিতাবটি মূলত মহিলাদের উদ্দেশ্যে রচিত হলেও সর্বসাধারণ মুসলমানের জন্য এই কিতাবটি বহু উপকারী ও নির্ভরযোগ্য। তবে কেউ এই কিতাবটি না পড়লে সে মসজিদের ইমাম হওয়ার অযোগ্য মনে করা ঠিক নয়। (১০/৮২০/৩৩৩৩)

কতটুকু ইলম শেখা ফরয

প্রশ্ন : কতটুকু ইলম শেখা ফরয? ফরয আদায় হয়–এ ধরনের কোনো স্বতন্ত্র পুস্তক আছে কি?

উত্তর : মুসলমানের জন্য এতটুকু ইলম শেখা জরুরি, যদ্দারা আকাঈদ দুরুস্ত হয় এবং ইবাদত, মুআমালাত শরীয়ত মোতাবেক আঞ্জাম দেওয়া যায়। শরীয়তের আদেশ-নিষেধগুলো জানার জন্য বেহেশতী জেওর কিতাবখানা কোনো নির্ভরযোগ্য আলেমের নিকট পড়তে পারলে একজন সাধারণ লোকের জন্য যথেষ্ট হবে বলে আমরা মনে করি। (৪/২৫৬/৬৭৭)

Scanned by CamScanner

📖فتح الباری (دار الریان) ۱/ ۱۷۰ : والمراد بالعلم العلم الشرعي الذي يفيد معرفة ما يجب على المكلف من أمر دينه في عباداته ومعاملاته والعلم بالله وصفاته وما يجب له من القيام بأمره وتنزيهه عن النقائص ومدار ذلك على التفسير والحديث والفقه -

ফতওয়া দেয়ার জ্ঞান ও অভিজ্ঞতা অর্জন না করে ফতওয়া দেওয়া অবৈধ

প্রশ্ন : কোনো যোগ্য লোকের জন্য ফতওয়া পড়া ব্যতীত ফতওয়া প্রদান জায়েয হবে কি না? দলিল সহকারে জানতে চাই।

উত্তর : ফিকাহ ও ফতওয়া বিষয়ের অভিজ্ঞ নির্ভরযোগ্য উস্তাদের নিকট হতে ফতওয়ার জ্ঞান ও অভিজ্ঞতা অর্জন করা ব্যতীত শুধুমাত্র কিতাব দেখে ফতওয়া প্রদান করার অনুমতি নেই। (৪/৪১৮/৭২৩)

📖أصول الإفتاء (مكتبة شيخ الإسلام) ص ۹۰ : القاعدة الثانية:
لايجوز الإفتاء لكل من تعلم الفقه لدى الاساتذة حتى تحصل له ملكة يعرف بها اصول الأحكام وقواعدها وعللها، يميز الكتب المعتبرة من غيرها، ودليل حصول الملكة أن يأذن له مشايخه المهرة بالإفتاء -

পর্দাহীনভাবে নারীদের শিক্ষাদান

প্রশ্ন : কোনো এক গ্রামের যুবতী বালেগা, বিবাহিতা নারীরা সকলে এসে এক বাড়িতে জমা হয়। আর সেখানে বৈজ্ঞানিক পদ্ধতিতে কোরআন শিক্ষা নামক এক সংস্থার পক্ষ থেকে এক মৌলভী এসে এই সকল মহিলাগণকে পর্দাহীনভাবে সরাসরি ও মুখোমুখি হয়ে তাদের পাঠদাননীতি অনুসারে পড়াচ্ছে। আমরা এভাবে পর্দাহীন হয়ে পড়ানো যাবে না বললে উক্ত মহিলারা বলে যে আমরা তো অন্য সময়েও পর্দা করি না, এখন পর্দা করে কী হবে। আর উক্ত মৌলভী বলে যে আমি এদেরকে আমার মা-বোন মনে

Scanned by CamScanner

করে পড়াই। আমার মনে এদের প্রতি কোনো খারাপ ধারণা জাগ্রত হয় না। অনুরূপভাবে আরো একজন এলাকারই স্বল্প শিক্ষিত এক হুজুর সকালে মসজিদে বালেগা বিবাহিত মহিলাদেরকে পড়ানো শুরু করেছে। এখন আমাদের জানার বিষয় হলো, এভাবে পর্দাহীন হয়ে বালেগা মহিলাদের পড়ানো শরীয়তে জায়েয কি না? এ ধরনের হুজুরের পেছনে নামায পড়া যাবে কি না? এলাকার লোকজন এদেরকে বাধা না দিলে তারা গোনাহগার হবে কি না?

উত্তর : পর্দা করা শরীয়তে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি ফরয বিধান। এই বিধানকে হীন মনে করা বা লঙ্ঘন করা মারাত্মক গোনাহের কাজ। সুতরাং মসজিদে বা কোনো বাড়িতে বেগানা পুরুষের জন্য পর্দাহীনভাবে বালেগা মহিলাদেরকে কোরআন শিক্ষা দেওয়ার অনুমতি শরীয়তে নেই। বরং তা পরিহারকরত তাওবা করা অপরিহার্য। উল্লিখিত মাসআলা জানা সত্ত্বেও কেউ যদি উক্ত পদ্ধতিতে মহিলাদেরকে পড়ানোর কাজ থেকে বিরত না থাকে তাহলে সে ফাসেক। আর ফাসেকের পেছনে নামায পড়া মাকরূহে তাহরীমি তথা নাজায়েয। আর সমাজে শরীয়ত পরিপন্থী কোনো কাজকর্ম হতে দেখলে বাধা দেওয়ার ক্ষমতা থাকা সত্ত্বেও বাধা না দিলে এলাকার মানুষ গোনাহগার হবে। (১৯/৩১/৭৯৬৩)

📖سورة الأحزاب الآية ٥٩ : يَاأَيُّهَا النَّبِيُّ قُلْ لِأَزْوَاجِكَ وَبَنَاتِكَ وَنِسَاءِ الْمُؤْمِنِينَ يُدْنِينَ عَلَيْهِنَّ مِنْ جَلَابِيبِهِنَّ ذٰلِكَ أَدْنٰى أَنْ يُعْرَفْنَ فَلَا يُؤْذَيْنَ وَكَانَ اللهُ غَفُورًا رَحِيمًا

📖سورة الأحزاب الآية ٥٣ : وَإِذَا سَأَلْتُمُوهُنَّ مَتَاعًا فَاسْأَلُوهُنَّ مِنْ وَرَاءِ حِجَابٍ ذٰلِكُمْ أَطْهَرُ لِقُلُوبِكُمْ وَقُلُوبِهِنَّ وَمَا كَانَ لَكُمْ أَنْ تُؤْذُوا رَسُولَ اللهِ وَلَا أَنْ تَنْكِحُوا أَزْوَاجَهُ مِنْ بَعْدِهِ أَبَدًا إِنَّ ذٰلِكُمْ كَانَ عِنْدَ اللهِ عَظِيمًا

📖صحيح مسلم (دار الغد الجديد) ٢/ ٢٢ (٤٩) : عن طارق بن شهاب - وهذا حديث أبي بكر - قال: أول من بدأ بالخطبة يوم العيد قبل الصلاة مروان. فقام إليه رجل، فقال: الصلاة قبل الخطبة، فقال: قد ترك ما هنالك، فقال أبو سعيد: أما هذا فقد قضى ما عليه سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: «من رأى منكم منكرا فليغيره بيده، فإن لم يستطع فبلسانه، فإن لم يستطع فبقلبه، وذلك أضعف الإيمان» .

📖بدائع الصنائع (دار الكتب العلمية) ١/ ٦٦٨ : ولا يباح للشواب منهن الخروج إلى الجماعات، بدليل ما روي عن عمر - رضي الله

Scanned by CamScanner

عنه - أنه نهى الشواب عن الخروج؛ ولأن خروجهن إلى الجماعة سبب الفتنة، والفتنة حرام، وما أدى إلى الحرام فهو حرام.

📖الدر المختار مع الرد (سعيد) ١/ ٤٠٦ : وتمنع المرأة الشابة من كشف الوجه بين الرجال لا لأنه عورة بل لخوف الفتنة كمسه وإن أمن الشهوة -

📖خلاصة الفتاوى (رشيديه) ١/ ١٤٥ : ويكره امامة الفاسق -

📖رد المحتار (سعيد) ١/ ٥٦٠ : (قوله وفاسق) من الفسق وهو الخروج عن الاستقامة ولعل المراد به من يرتكب الكبائر ... الخ

📖فتاوی دار العلوم (مکتبہ دار العلوم) ٣/ ٢٨٤ : ایسا امام جو غیر محرم عورتوں میں بیٹھے فاسق ہے اس کے پیچھے نماز مکروہ ہے۔

শর্ত মেনে মহিলা মাদ্রাসা প্রতিষ্ঠা করা

প্রশ্ন : বর্তমান কোনো ব্যক্তি সম্পূর্ণ শরয়ী পর্দা সহকারে শুধু মহিলা শিক্ষিকা দ্বারা পরিচালিত আবাসিক বা অনাবাসিক মহিলা মাদ্রাসা প্রতিষ্ঠা করলে তা জায়েয হবে কি না? আর জায়েয হওয়ার জন্য শরীয়ত কর্তৃক নির্ধারিত কী কী শর্ত রয়েছে? তা দলিল-প্রমাণসহ জানালে চির কৃতজ্ঞ থাকব?

উত্তর : শরীয়তের দৃষ্টিতে প্রত্যেক নারী প্রয়োজনীয় মাসায়েলের জ্ঞান শৈশবকালে মক্তবে, বালেগ ও মুরাহেকা হওয়ার পর স্বীয় গৃহে নিজ মাতা-পিতা বা মাহরামের তত্ত্বাবধানে অর্জন করাই শরীয়তের বিধান। এর পরও যদি কোনো মহিলা বর্ণিত পন্থায় জরুরি মাসায়েলের জ্ঞান অর্জন করতে অক্ষম হয়, বিবাহের পর স্বামীর নিকট বা তার মাধ্যমে তা অর্জন করবে। সর্বাবস্থায় আবাসিক-অনাবাসিক পুরুষ শিক্ষক বা মহিলা শিক্ষিকা দ্বারা পরিচালিত কোনো ধরনের মহিলা মাদ্রাসা শরীয়ত সমর্থিত নয়। (১০/৫৭৭/৩২৫১)

📖خلاصة الفتاوى (مكتبه رشيديه) ٢/ ٥٣ : فإن أرادت ان تخرج الى مجلس العلم بغير رضاء الزوج ليس لها ذلك ، فإن وقعت لها نازلة ان سأل الزوج من العالم أو أخبرها بذلك لا يسعها الخروج وان امتنع من السؤال يسعها الخروج من غير رضاء الزوج وان لم يقع لها نازلة، وأرادت ان تخرج لمجلس العلم لتعليم المسئلة من

Scanned by CamScanner

مسائل الوضوء والصلوة إن كان الزوج يحفظ المسائل ويذكرها معها له ان يمنعها وان كان لا يحفظها الاولى ان ياذن لها احيانا وان لم ياذن لها فلا شىء عليه ولا يسعها الخروج مالم تقع نازلة ـ

📖 البناية (دارالفكر) ٢ /٤٢٠ : أما في زماننا فيكره خروج النساء إلى الجماعة لغلبة الفسق والفساد، فإذا كره خروجهن للصلاة فلأن يكره حضورهن مجالس العلم خصوصا عند هؤلاء الجهال الذين تحلوا بحلية أهل العلم.

📖 الكفاية مع فتح القدير (مكتبه حبيبيه) ١/ ٣١٨ : والفتوى اليوم على الكراهة فى الصلوة كلها لظهور الفساد، فمتى كره حضور المسجد للصلوة لان يكره حضور مجالس العلم خصوصا عند هؤلاء الجهال الذين تحلوا بحلية العلم اولى .

📖 بہشتی زیور ١/ ٩١ : اور جہاں کوئی ایسی استانی نہ ملے اپنے گھر کے مرد پڑھادیا کریں پڑھانے کا تو یہ طرز ہو اور نصاب تعلیم یہ ہوگی کہ اول قرآن مجید حتی الامکان صحیح پڑھایا جاوے پھر کتب دینیہ سہل زبان کی جن میں تمام اجزاء دین کی مکمل تعلیم ہو (میرے نزدیک اس وقت بہشتی زیور کے دسواں حصے ضرورت کے لئے کافی ہے) اور گھر کا مرد تعلیم دے تو جو مسائل شرمناک ہو اس کو چھوڑ دے اور اپنے بی بی کے ذریعہ سے سمجھائے اور اگر یہ انتظام بھی نہ ہوسکے تو ان پر نشان کردے تاکہ ان کو یہ مقامات محفوظ رہیں پھر وہ سیانی ہوکر خود سمجھ لیں گی یا اگر عالم شوہر میسر ہو اس سے پوچھ لے گی یا شوہر کے ذریعہ سے کسی عالم سے تحقیق کرائینگی۔

নিরুপায় হয়ে মেয়েদেরকে মহিলা মাদ্রাসায় পড়ানো

প্রশ্ন : বর্তমানে বিভিন্ন জায়গায় যে মহিলা মাদ্রাসা চালু হয়েছে, সেখানে মেয়েদের পড়ানো (অভিভাবক এমন যার শরীয়তের পুরা ইলম নেই বা স্বীয় মেয়েদের তরবিয়ত তার পক্ষে বিভিন্ন কারণে সম্ভব হচ্ছে না) শরীয়তে কতটুকু অনুমতি আছে? ফতওয়াটি বিস্তারিত জানতে চাই।

Scanned by CamScanner

উত্তর : মহিলাদের জন্য শরীয়তের পাবন্দী করে সাধ্যানুযায়ী দ্বীনের উচ্চ পর্যায়ের জ্ঞান অর্জন করাতে কোনো দোষ নেই। ইসলামের ইতিহাসে বড় বড় মুহাদ্দিসা ও মুফতিয়া মহিলার বহু নজির পাওয়া যায়। কিন্তু মহিলা মাদ্রাসার কোনো নজির পাওয়া যায় না। ইসলামের শুরু থেকে এ পর্যন্ত কোনো দ্বীনদরদি অনুসরণযোগ্য ব্যক্তি মহিলা মাদ্রাসার উদ্যোগ গ্রহণ করেননি। আসলে এমন মহিলাদের একত্রিত বসবাসকে ইসলাম পছন্দ করে না, যারা পরস্পর আত্মীয় নন। মহিলাদের ঘর থেকে বের হওয়া মহা বিপদজনক, যতই কড়াকড়ি ও পাহারাদারি করা হোক বিপদ থেকে রক্ষা পাওয়া অসম্ভব ব্যাপার। যে কারণে সাহাবা (রা.) ও ফুকাহায়ে কেরাম মহিলাদের জন্য মসজিদের জামা'আতে শরীক হওয়া পর্যন্ত নিষিদ্ধ করেছেন। আর রাসূলুল্লাহ (সা.) মসজিদে নামায পড়া থেকে ঘরে নামায পড়াকে উত্তম বলেছেন। তাই শরীয়তের দৃষ্টিতে মহিলা মাদ্রাসা প্রতিষ্ঠা ও এসব মাদ্রাসায় মেয়েদের পড়ানো থেকে বিরত থাকাই ইসলামের সঠিক অনুসরণ বলে গণ্য। (৪/৭২/৫৮৮)

📖 صحيح البخاری (دار الحديث) ١ / ٢١٩ (٨٦٩) عن عائشة رضي الله عنها، قالت: «لو أدرك رسول الله صلى الله عليه وسلم ما أحدث النساء لمنعهن كما منعت نساء بني إسرائيل» -

📖 جامع الترمذی (دار الحديث) ٣ / ٣١٠ (١١٧٣) : عن عبد الله، عن النبي صلى الله عليه وسلم، قال: «المرأة عورة، فإذا خرجت استشرفها الشيطان» -

📖 أحكام القرآن للتهانوی (إدارةالقرآن) ٣/ ٤٥٤ : لعلك مما تلونا عليك من الآيات وسردنا لك من الروايات عرفت أن للحجاب الشرعی المأموربه فی الكتاب والسنة ثلاث درجات ،بعضها فوق بعض فی الاحتجاب والاستتار، وكلها صدع لها الكتاب والسنة ولاقائل بنسخ شیء منها ،

الأولى: حجاب الأشخاص بالبيوت والجدر والخدور والهوادج وامثالها، بحيث لايرى الرجال الأجانب شيئا من اشخاصهن ولالباسهن وزينتهن الظاهرة ولاالباطنة -

📖 فتاوی محمودیہ (زکریا) ۵/ ۸۹ : دینی مسائل کی تعلیم جس طرح لڑکوں کے لئے ضروری ہے اسی طرح لڑکیوں کے لئے بھی ضروری ہے جو لڑکی مراہقہ ہو وہ بالغہ کے حکم میں ہے اس کے لئے پردہ ضروری ہے اس کو مکتب یا مدرسہ میں بھیجنا فتنہ سے خالی نہیں لہذا ایسی لڑکیوں کی تعلیم کا انتظام خود ان کے مکانوں میں ہونا چاہئے۔

Scanned by CamScanner

মহিলা মাদ্রাসা সম্পর্কে হারদূয়ী হযরত (রহ.)-এর মতামত

প্রশ্ন : গত ১৯৯৫ ইংরেজি সালের 'আদর্শ নারী' নভেম্বর সংখ্যায় একটি কলাম ছাপানো হয়েছে, যাতে হযরত মাওলানা শাহ আবরারুল হক সাহের দাঃ বাঃ বর্তমান মহিলা মাদ্রাসাকে জায়েয বলে ফতওয়া দিয়েছেন। অথচ আমরা এত দিন নাজায়েয তথা হারাম জেনে আসছি। আর মূল্যবান বক্তব্য যা আপনার থেকে শুনেছি তাতেও আমরা নাজায়েয বা হারাম বলে বুঝে নিয়েছি। তাই এখন আমার প্রশ্ন হলো যে তিনি কিভাবে এটাকে জায়েয ফতওয়া দিয়েছেন? এ ব্যাপারে বিস্তারিত জানতে আগ্রহী হয়ে হযরতের খিদমতে প্রশ্নপত্র পাঠালাম।

উত্তর : মহিলাদের জন্য দ্বীনের জরুরি মাসায়েল ও আহকামের শিক্ষা অর্জন করা ফরয। তবে পুরুষের তুলনায় মহিলাদের দায়িত্ব ও কর্মক্ষেত্র সীমিত হওয়ার কারণে তাদের শিক্ষার পরিমাণও সীমিত। এ পরিমাণ শিক্ষা নারী জাতি অপ্রাপ্ত বয়স্কাবস্থায় যেকোনো পন্থায় অর্জন করতে পারে। বালেগা বা মুরাহেকা হওয়ার সাথে সাথে মহিলাদের ওপর পর্দা এবং নিজ ঘরে অবস্থান করার বিধান অর্পিত হয়ে যায় এবং মহিলাবিষয়ক জরুরি বা শরয়ী জরুরত ছাড়া ঘর হতে বের হওয়ার অনুমতি শরীয়তে নেই। এমতাবস্থায় দ্বীনি শিক্ষার নামে মহিলাদের উপরোক্ত শরয়ী বিধান লঙ্ঘন করে মহিলা মাদ্রাসায় অবস্থান করে হোক বা যাতায়াত করে দ্বীনি শিক্ষা অর্জন করার অনুমতি শরীয়তে নেই। তাই প্রচলিত মহিলা মাদ্রাসার কোনো অস্তিত্ব ইসলামের স্বর্ণযুগ হতে এ পর্যন্ত পাওয়া যায় না। বরং বালেগা বা মুরাহেকা হবার পর বিয়ের পূর্বে প্রয়োজন হলে মহিলা নিজের মা-বাবা বা মাহরামের অধীনে আর বিয়ের পর স্বামীর অধীনে দ্বীনি শিক্ষা লাভ করতে পারবে। এর জন্য মহিলা মাদ্রাসা, বিশেষ করে আবাসিক মহিলা মাদ্রাসার প্রয়োজন নেই। উপরন্তু অত্যন্ত অপারগতা ছাড়া বেগানা হতে শিক্ষা অর্জন করা এবং মহিলাদের আওয়াজ (যা অনেক উলামায়ে কেরামের মতে সতরের অন্তর্ভুক্ত) পরপুরুষ পর্যন্ত পৌছানো অত্যন্ত গর্হিত কাজ, যা কোনো অবস্থায় জায়েয হতে পারে না।

বি:দ্র:, হযরত মাওলানা শাহ্ আবরারুল হক সাহেব (রহ.) বালেগা মহিলা মাদ্রাসা, বিশেষ করে আবাসিক মহিলা মাদ্রাসাকে জায়েয ফতওয়া দিয়েছেন বলে আমাদের জানা নেই। আর মাসিক আদর্শ নারী কোনো ফতওয়ার কিতাবও নয়। (৯/৩৭৫/২৬৫৫)

📖 جامع الترمذى (دار الحديث) ٣ / ٣١٠ (١١٧٣) : عن عبد الله، عن النبي صلى الله عليه وسلم، قال: «المرأة عورة، فإذا خرجت استشرفها الشيطان» -

📖 البناية (دار الفكر) ٢ / ٤٢٠ : أما في زماننا فيكره خروج النساء إلى الجماعة لغلبة الفسق والفساد، فإذا كره خروجهن للصلاة فلأن

Scanned by CamScanner

يكره حضورهن مجالس العلم خصوصا عند هؤلاء الجهال الذين تحلوا بحلية أهل العلم.

📖هكذا فى الكفاية مع فتح القدير ١ / ٣١٨، والتاتارخانية ١/ ٦٢٨، والبحر الرائق ١/ ٣٥٨

📖فتاوی محمودیہ (زکریا) ۵/ ۸۹ : دینی مسائل کی تعلیم جس طرح لڑکوں کے لئے ضروری ہے اسی طرح لڑکیوں کے لئے بھی ضروری ہے جو لڑکی مراہقہ ہو وہ بالغہ کے حکم میں ہے اس کے لئے پردہ ضروری ہے اس کو مکتب یا مدرسہ میں بھیجنا فتنہ سے خالی نہیں لہذا ایسی لڑکیوں کی تعلیم کا انتظام خود ان کے مکانوں میں ہونا چاہئے۔

মহিলা মাদ্রাসায় পড়ার সময়সীমা

প্রশ্ন : বর্তমান কওমী মহিলা মাদ্রাসায় মহিলাদের পড়ানো জায়েয হবে কি না? এর জন্য কোনো নির্ধারিত স্তর বা সময়সীমা আছে কি না? অর্থাৎ একেবারে দাওরা পর্যন্ত পড়তে পারবে নাকি শুধুমাত্র ফরয যতটুকু? যদি কেউ বলেন যে মহিলাদের জন্য একত্রিত হওয়া বৈধ নয়। অথবা নামায যখন ঘর থেকে বের হয়ে মসজিদে গিয়ে পড়তে পারল না, তখন আর কোন পড়া থাকতে পারে, যা বাড়ি থেকে বের হয়ে গিয়ে পড়তে পারবে? উক্তিটি কেমন?

উত্তর : আল্লাহ পাক মহিলাদের নিজ ঘরে অবস্থান করার নির্দেশ দিয়েছেন। বিনা প্রয়োজনে এ নির্দেশ অমান্য করা মারাত্মক অন্যায়। মহিলাদের জন্য যে পরিমাণ শিক্ষা অর্জন করা জরুরি তা বেহেশতী জেওর পড়লে হয়ে যায়, এ ব্যবস্থা ছোটবেলা বা মাহরাম পুরুষের মাধ্যমে ঘরের মধ্যে সম্ভব। তাই জ্ঞানার্জনের বাহানায় কোনো মহিলা মাদ্রাসায় ভর্তি হওয়ার অনুমতি শরীয়তে নেই। মহিলাদের একত্রিত না হওয়ার ব্যাপারে উক্ত ব্যক্তির প্রশ্নে বর্ণিত কথাটি যুক্তিসংগত ও শরীয়তসম্মত। (৫/২১০/৮৮৫)

📖سورة الاحزاب الآية ٣٣ : وَقَرْنَ فِي بُيُوتِكُنَّ وَلَا تَبَرَّجْنَ تَبَرُّجَ الْجَاهِلِيَّةِ الْأُولَىٰ وَأَقِمْنَ الصَّلَاةَ وَآتِينَ الزَّكَاةَ وَأَطِعْنَ اللَّهَ وَرَسُولَهُ إِنَّمَا يُرِيدُ اللَّهُ لِيُذْهِبَ عَنكُمُ الرِّجْسَ أَهْلَ الْبَيْتِ وَيُطَهِّرَكُمْ تَطْهِيرًا

📖تفسير روح المعانى (دارالحديث) ١١/ ٢٤٨ : والمراد على جميع القراءات أمرهن رضي الله تعالى عنهن بملازمة البيوت وهو أمر مطلوب من سائر النساء.

Scanned by CamScanner

📖 البناية (دار الفكر) ٢ / ٤٢٠ : أما في زماننا فيكره خروج النساء إلى الجماعة لغلبة الفسق والفساد، فإذا كره خروجهن للصلاة فلأن يكره حضورهن مجالس العلم خصوصا عند هؤلاء الجهال الذين تحلوا بحلية أهل العلم.

📖 جواہر الفقہ (ادارہ تحقیقات) ۴ / ۱۴۵ : جب نماز جیسے اہم کام اور جماعت جیسی فضیلت کے لئے اس کو نکلنے کی اجازت شریعت نے نہ دی تو کسی اور کام کے کیلئے کیسے اجازت ہوگی ... ...، تعلیم حاصل کرنا بھی نا محرم مرد سے جائز نہیں البتہ اگر کوئی مسئلہ پیش آوے اور محرم کوئی آدمی ایسا نہ ہو جو کسی عالم سے دریافت کر سکے تو برقع وغیرہ کے پردہ کے ساتھ کسی عالم صالح مسئلہ پوچھ سکتی ہے، لیکن باضابطہ تعلیم کسی مرد اجنبی سے حاصل کرنا جائز نہیں، لخوف الفتنۃ بل تحققھا۔

মেয়েদের কোরআনে হাফেজা হওয়ার প্রয়োজন কতটুকু

প্রশ্ন : আমি একজন সাধারণ শিক্ষিত, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মধ্যম শ্রেণীর কর্মচারী। আমার একমাত্র কন্যাকে মহিলা মাদ্রাসায় পড়ানোর ইচ্ছা প্রকাশ করে আপনার সদয় মতামত ও পরামর্শের জন্য নিম্ন বর্ণিত তথ্যাদি পেশ করলাম।

১. মেয়ের বয়স ১১ বছর, ২. বর্তমানে বেসরকারি স্কুলে পঞ্চম শ্রেণীতে অধ্যয়নরত এবং স্থানীয় মক্তবে পড়াশোনা করে, ৩. মেয়ে মাদ্রাসায় হেফজখানায় ভর্তি হতে ইচ্ছুক, ৪. নিজে এবং মেয়ের মা হেফজখানায় পড়াতে ইচ্ছুক, ৫. আমার নিজের এবং স্ত্রীর আরবী পড়াশোনা নেই বললেই চলে। তবে আলেমের নিকট গিয়ে কোরআন শরীফ শুদ্ধভাবে তেলাওয়াতের ফিকিরে আছি, ৬. বর্তমানে অবস্থানরত জায়গা থেকে দেড় মাইল দূরে একটি মহিলা মাদ্রাসা রয়েছে, ৭. আর্থিক অসুবিধা নেই। সদয় মতামত ও পরামর্শ দিয়ে বাধিত করবেন।

উত্তর : দ্বীনি ইলম শিক্ষা করা প্রত্যেক মুসলমান নর-নারীর জন্য ফরয। তবে পুরুষ অপেক্ষা নারীর জীবনযাত্রা, দায়িত্ব ও কর্মস্থল সীমাবদ্ধ। তাই নারীর জন্য মূলত আকাঈদ, নামায, রোযা, পবিত্রতা ইত্যাদি এবং সাংসারিক জীবন সঠিকভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় মাসআলা শিক্ষা করাই যথেষ্ট। মেয়েরা বালেগা হওয়ার পূর্বে জরুরি ইলম শিক্ষা নেওয়ার যথেষ্ট সময় রয়েছে। তাই বালেগা হওয়ার পূর্বেই তাদের প্রয়োজনীয় দ্বীনি ইলম শিক্ষা নেওয়া জরুরি। কোনো কারণবশত বালেগা হওয়ার পূর্বে জরুরি ইলম শিক্ষা নিতে না পারলে মাহরাম ব্যক্তি আলেমদের নিকট হতে শিখে

Scanned by CamScanner

মেয়েদেরকে শিক্ষা দেওয়ার ব্যবস্থা করবে। অথবা ছোট ছেলে রেখে শিক্ষা নেওয়ার ব্যবস্থা করবে। তা ছাড়া কোনো বালেগা মেয়ে বা তার কাছাকাছি বয়সের মেয়েদেরকে মাদ্রাসায় বা কোনো শিক্ষালয়ে ভর্তি করা বা পাঠানোর অনুমতি নেই। কোরআন পাক হেফজ করা মুস্তাহাব, যা জরুরি শিক্ষার অন্তর্ভুক্ত নয়। অতএব এ উদ্দেশ্যে এই বয়সের মেয়েকে মাদ্রাসায় পাঠানোর প্রশ্নই ওঠে না। আপনার ধর্মীয় অনুপ্রেরণা ও ইলমের মহব্বতের প্রতি মুবারকবাদ। (8/৩80)

📖 أحكام القرآن للتهانوى (إدارةالقرآن) ٣/ ٤٥٤ : لعلك مماتلونا عليك من الآيات وسردنا لك من الروايات عرفت أن للحجاب الشرعى المأموربه فى الكتاب والسنة ثلاث درجات ،بعضها فوق بعض فى الاحتجاب والاستتار، وكلها صدع لها الكتاب والسنة ولاقائل بنسخ شيء منها ،

الأولى: حجاب الأشخاص بالبيوت والجدر والخدور والهوادج وامثالها، بحيث لايرى الرجال الأجانب شيئا من اشخاصهن ولالباسهن وزينتهن الظاهرة ولاالباطنة -

📖 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ٣/ ٦٠٣ : وفي البحر: له منعها من الغزل وكل عمل ولو تبرعا لأجنبي ولو قابلة أو مغسلة لتقدم حقه على فرض الكفاية، ومن مجلس العلم إلا لنازلة امتنع زوجها من سؤالها.

📖 امدادالمفتيين (دارالاشاعت) ص ٨٥٥ : تعليم حاصل كرنا بھی نامحرم مرد سے جائز نہيں البتہ اگر كوئی مسئلہ پيش آوے اور كوئی محرم ايسا آدمی نہ ہو جو كسی عالم سے دريافت كرسكے تو برقع وغيرہ كے ساتھ عالم صالح سے مسئلہ پوچھ سكتی ہے ليكن باضابطہ تعليم كسی مرد اجنبی سے حاصل كرنا جائز نہيں لخوف الفتنہ بل تحققها۔

পরপুরুষের কাছে হিফজ পড়া

প্রশ্ন : ১৫ বছর বয়স্কা একটি বালিকা, হাফেজা মহিলার কাছে ১8 পারা হেফজ করেছে। কোনো কারণে ওই হাফেজা মহিলা আর পড়ান না এবং অন্য হাফেজার কোনো ব্যবস্থা করা যাচ্ছে না। অভিভাবক বালিকাটির বাকি ১৬ পারা হেফজ করানোর জন্য একজন বিবাহিত পুরুষ হাফেজ সাহেবের ব্যবস্থা করল, যাতে পর্দার সাথে বালিকাটি বাকি পারাগুলো ইয়াদ করে ফেলে এবং হাফেজা হয়ে যায়। উপরোক্ত ব্যাপারে বাইরের পুরুষ লোকের জন্য বালেগা মেয়ের আওয়াজ শোনা শরীয়তে কতটুকু অনুমতি দেয়?

Scanned by CamScanner

উল্লেখ্য, বাড়ির ভেতর থেকে মেয়েটির পড়াশোনার কালে যদি বাড়ির লোকজনের নেগরানী মজবুত হয় এবং মেয়েটির সাথে ওই হাফেজ সাহেবের পড়াসংক্রান্ত ব্যাপার ছাড়া অন্য কোনো কথাবার্তা না হয়, তাহলে হুকুম কী?

উত্তর : মেয়েদের বুঝ-বুদ্ধি হওয়ার পর কোনো বেগানা পুরুষের নিকট পর্দার সহিতও শিক্ষা লাভ করা জায়েয নয়। ঘরের বাইরে ও ভেতরে একই কথা। তদুপরি প্রশ্নে বর্ণিত হেফজ শেষ করা কোনো জরুরি বিষয় নয়। বৈধ পন্থায় পারলে ভালো, না হয় মাথাব্যথার প্রয়োজন নেই। মহিলাদের বিশেষ শিক্ষার ব্যবস্থাস্বরূপ বেহেশতী জেওর বাংলা পড়ে নেবে। কোনো সমস্যা দেখা দিলে পুরুষের মাধ্যমে সমাধান নেবে। (৬/৩৪৪/১২৩৩)

📖 ردالمحتار (ایچ ایم سعید) ١/ ٤٠٦ : ومقابله ما فى النوازل : نغمة المرأة عورة وتعلمها القران من المرأة احب قال عليه الصلاة والسلام التسبيح للرجال والتصفيق للنساء فلا يحسن ان يسمعهاالرجل-

📖 امداد المفتين (دارالاشاعت) ص ٨٥٥ : تعلیم حاصل کرنا بھی نامحرم مرد سے جائز نہیں البتہ اگر کوئی مسئلہ پیش آوے اور کوئی محرم ایسا آدمی نہ ہو جو کسی عالم سے دریافت کر سکے تو برقع وغیرہ کے ساتھ عالم صالح سے مسئلہ پوچھ سکتی ہے لیکن باضابطہ تعلیم کسی مرد اجنبی سے حاصل کرنا جائز نہیں لخوف الفتنہ بل تحققھا-

দ্বীনি স্বার্থে মহিলা মাদ্রাসা!

প্রশ্ন : আমরা সকলেই জানি, দ্বীনি শিক্ষার প্রয়োজনীয়তা অপরিসীম। বর্তমান প্রগতিশীল বিশ্বে ধর্মনিরপেক্ষতা, নাস্তিকতাসহ আধুনিক শিক্ষার ছড়াছড়িতে মুসলিম সমাজ তথা মুসলিম মা-বোনেরা আজ দিশেহারা। পুরুষের তুলনায় মহিলাদের মাঝে ধর্মীয় শিক্ষার প্রভাব অনেক কম। তাদের মধ্যে যারা শিক্ষিত তারা ইসলাম বিবর্জিত শিক্ষায় শিক্ষিত হয়ে আল্লাহ ও তাঁর রাসূলের নির্দেশিত পথে না চলে বিধর্মীদের আদর্শে আদর্শিত হয়ে বহু অনৈতিক কার্যকলাপে লিপ্ত রয়েছে। এসব বিষয় বিবেচনা সাপেক্ষে আমাদের অনেক আলেম মা-বোনদের ধর্মীয় শিক্ষায় শিক্ষিত ও উদ্বুদ্ধ করতে দেশে বহু মহিলা কওমী মাদ্রাসা স্থাপন করে কোরআন-হাদীস তথা ধর্মীয় জ্ঞানদানে আত্মনিয়োগ করছেন। যা মুসলিম জাহানে ব্যাপক সাড়া জাগাতে সক্ষম হয়েছে। আর এ কথা নিঃসন্দেহে বলা যায়, এটি একটি মহৎ দ্বীনি কাজ। কিন্তু আমাদের দেশের কিছু আলেম-উলামা অনেক সময় মৌখিকভাবে বলে থাকেন, এ ধরনের মহিলা

Scanned by CamScanner

মাদ্রাসা প্রতিষ্ঠা করে সেখানে শিক্ষা প্রদান করা শরীয়তের দৃষ্টিতে অবৈধ। কাজেই এ ব্যাপারে আমরা শরীয়তের সঠিক সমাধান জানতে আগ্রহী। আপনাদের জ্ঞাতার্থে প্রচলিত কওমী মহিলা মাদ্রাসার নিয়মাবলি নিম্নে প্রদত্ত হলো :

১. শিক্ষার্থীরা সাধারণত মাদ্রাসার অভ্যন্তরে অবস্থান করবে। পুরুষ শিক্ষকগণ পর্দার বাইরে লাউড স্পিকারের সাহায্যে অথবা মৌখিকভাবে শিক্ষাদান করে থাকেন। যাতে করে পুরুষ শিক্ষকদের ছাত্রীদের দেখার কোনো সুযোগ যেমন নেই, তেমনি মেয়েদেরও শিক্ষককে দেখার কোনো সুযোগ থাকে না।
২. এখানে পর্দা রক্ষা বাধ্যতামূলক, কোনো মতেই লঙ্ঘন করা হয় না।
৩. আবাসিক ছাত্রীরা শুধুমাত্র মহিলা শিক্ষিকাদের তত্ত্বাবধানে মাদ্রাসার অভ্যন্তরে অবস্থান করে।
৪. অনাবাসিক ছাত্রীরা বাড়ি থেকে পর্দার সহিত আসা-যাওয়া করে।

উত্তর : মুসলিম নারী সম্প্রদায়ের জন্য জরুরি দ্বীনি শিক্ষার ব্যাপারে শরীয়তে অনেক গুরুত্বারোপ করা হয়েছে। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর যুগ থেকে মহিলাদের ইসলামী শিক্ষা অর্জনের প্রচলন রয়েছে এবং তার পদ্ধতি হাদীস শরীফে উল্লেখ আছে। কিন্তু বর্তমানে প্রচলিত মহিলা মাদ্রাসার আকারে নারী সমাজে দ্বীনি শিক্ষার যে পদ্ধতি আবিষ্কৃত হয়েছে, এর কোনো ভিত্তি ইসলামের স্বর্ণযুগ থেকে পাওয়া যায় না। স্বয়ং ইমাম বুখারী (রহ.) هل يجعل للنساء يوما على حدة فى العلم দ্বারা অধ্যায় কায়েম করেছেন। তিনি লক্ষাধিক ছাত্রকে বুখারী শরীফ শিক্ষা দিয়ে মুহাদ্দিস বানালেও মহিলাদের জন্য কোনো মাদ্রাসা কায়েম করেননি। তাই এই হাদীস দিয়ে মহিলা মাদ্রাসা প্রমাণের বৈধতা মেলে না। শুধু মৌখিকভাবে বাড়ির নিকটতম স্থানে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর আদর্শে অনুপ্রাণিত বুজুর্গানে দ্বীনের নিকট থেকে দ্বীনের জরুরি আলোচনার জন্য পূর্ণ পর্দার সাথে একত্রিত হওয়াই প্রমাণিত হয়। অতএব বর্তমান ফিতনার যুগে নবাবিষ্কৃত মহিলা শিক্ষার পদ্ধতি মহিলা মাদ্রাসার ভিত্তি কোরআন, হাদীস, মুহাদ্দিস, মুজতাহিদগণের কোনো যুগে না পাওয়া যাওয়ায় পর্দানশীন নারীদেরকে মহিলা মাদ্রাসার নামে ঘর থেকে বের করা অমুসলিমদের ষড়যন্ত্র বাস্তবায়নে সাহায্য করার নামান্তর। একে অবৈধ বলে প্রদেয় হক্কানী আলেমগণের ফতওয়াকে আমরা সঠিক মনে করি। বর্তমানে কেউ ফিতনামুক্ত মহিলা মাদ্রাসা দাবি করলে তা নিছক দাবি ও অবাস্তব কথা হবে। আর অবাস্তবের ওপর ফতওয়া দেওয়া যায় না। শরীয়ত পরিপন্থী যেকোনো প্রতিষ্ঠান চাই, তা মহিলা মাদ্রাসার নামেই হোক বা সাধারণ মাদ্রাসার নামে হোক–এ ধরনের উদ্যোগ গ্রহণ অবশ্যই গোনাহের কাজ হবে। গোনাহের কাজে যে যেই পরিমাণ জড়িত থাকবে, সে সেই পরিমাণ গোনাহগার হবে। (১১/৫০৫/৩৬২৩)

Scanned by CamScanner

📖 جامع الترمذی (دار الحدیث) ۳ / ۳۱۰ (۱۱۷۳) : عن عبد الله رضی الله عنه عن النبی صلی الله علیه وسلم قال: المرأة عورة فاذا خرجت استشرفها الشیطان -

📖 بدائع الصنائع (دار الکتب العلمیة) ۱ / ٦٦٨ : ولا یباح للشواب منهن الخروج الی الجماعة بدلیل ما روی عن عمر رضی الله عنه انه نهی الشواب عن الخروج ولان خروجهن الی الجماعة سبب الفتنة والفتنة حرام وما ادی الی الحرام فهو حرام .

📖 تبیین الحقائق (مکتبہ امدادیہ) ۱ / ۱٤۰ : والمختار فی زماننا المنع فی الجمیع لتغییر الزمان ولهذا قالت عائشة رضی الله عنها "لو ان رسول الله صلی الله علیه وسلم رأی من النساء ما رأینا لمنعهن والمسجد کما منعت بنو اسرائیل نسائها" والنساء احدثن الزینة والطیب ولبس الحلی ولهذا منعهن عمر رضی الله عنه ولا ینکر تغیر الاحکام لتغیر الزمان -

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ۸ / ۵۵ : عورتوں کا گھروں سے نکلنا بہت بڑا فتنہ ہے اس لئے حضرات فقہاء کرامؒ نے اس پر بہت سخت پابندی لگائی ہے اور دینی کاموں کے لئے بھی عورتوں کے نکلنے کو بالاتفاق حرام قرار دیا ہے.

📖 فتاوی محمودیہ (زکریا) ۵/ ۸۹ : جواب — دینی مسائل کی تعلیم جس طرح لڑکوں کے لئے ضروری ہے اسی طرح لڑکیوں کے لئے بھی ضروری ہے جو لڑکی مراہقہ ہو وہ بالغہ کے حکم میں ہے اس کے لئے پردہ ضروری ہے اس کو مکتب یا مدرسہ میں بھیجنا فتنہ سے خالی نہیں لہذا ایسی عورتوں کی تعلیم کا انتظام خود ان کے مکانوں میں ہونا چاہئے۔

Scanned by CamScanner

মেয়েদের স্কুল-কলেজে পড়ানো

প্রশ্ন : মেয়েদের স্কুল-কলেজে পড়ানো জায়েয আছে কি? শুনেছি, তাবলীগের দ্বিতীয় বিশ্ব আমীর হযরত মাওলানা ইউসুফ সাহেব (রহ.) নাকি বলতেন যে ছেলেদের স্কুল-কলেজে পড়ানো যায়; কিন্তু জেহেন বানাতে হবে ইসলামী, কিন্তু মেয়েদেরকে কোনোক্রমেই স্কুলে পড়ানো যাবে না?

উওর : কোনো মুসলমানের জন্য তার অধীনে থাকা মেয়েদেরকে স্কুল-কলেজে পড়ানোর অনুমতি নেই। ছেলেদের শর্তের কথাটি সম্পূর্ণ সঠিক এবং শরয়ী দলিলভিত্তিক, এতে সন্দেহের কোনো অবকাশ নেই। (৬/৬৯৮)

📖 فتاوی رحیمیہ (دارالاشاعت) ۱/ ۲۱ : لڑکیوں کو اسکول اور کالج میں داخل کرکے اونچی تعلیم دلانا اور ڈگریاں حاصل کرانا جائز نہیں ہے کہ اس میں نفع سے نقصان کہیں زیادہ ہے۔

স্কুলে পড়া বৈধ কি না

প্রশ্ন : আমি এক স্কুলের শিক্ষিকা, বহুদিন ধরে আমি ওখানে শিক্ষা দিয়ে আসছি এবং আমার ছেলেমেয়েদেরকেও স্কুলে অধ্যয়নের জন্য পাঠাচ্ছি। এখন আমি জানতে চাচ্ছি, স্কুলে পড়া বা পড়ানো বৈধ আছে কি না? থাকলে কিভাবে?

উত্তর : ফরয পরিমাণ ধর্মীয় শিক্ষা অর্জন করার পর প্রয়োজনীয় দুনিয়াবী জ্ঞান-বিজ্ঞান শরীয়তের সীমারেখায় থেকে অর্জন করা শরীয়ত পরিপন্থী নয়। কিন্তু শরীয়তের সীমারেখা উপেক্ষা করে বর্তমান যুগের স্কুল-কলেজে প্রচলিত সহশিক্ষার পদ্ধতিতে প্রাপ্তবয়স্ক ছেলেমেয়েদেরকে শিক্ষা দেওয়া বৈধ নয়।

পবিত্র কোরআনুল কারীমে মহিলাদেরকে কোনো শরয়ী প্রয়োজন ব্যতীত ঘর থেকে বের না হওয়ার সুস্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে। সুতরাং কোনো মহিলার প্রয়োজনীয় ভরণপোষণের ব্যবস্থা না থাকলে কেবলমাত্র বালিকা স্কুলেই পরিপূর্ণ শরয়ী পর্দা রক্ষা করে শিক্ষকতা করতে পারবে, অন্যথায় নয়। (১১/৫২৬)

📖 سورة الاحزاب الآية ٣٣ : وَقَرْنَ فِي بُيُوتِكُنَّ وَلَا تَبَرَّجْنَ تَبَرُّجَ الْجَاهِلِيَّةِ الْأُولَى وَأَقِمْنَ الصَّلَاةَ وَآتِينَ الزَّكَاةَ وَأَطِعْنَ اللَّهَ وَرَسُولَهُ إِنَّمَا يُرِيدُ اللَّهُ لِيُذْهِبَ عَنْكُمُ الرِّجْسَ أَهْلَ الْبَيْتِ وَيُطَهِّرَكُمْ تَطْهِيرًا

Scanned by CamScanner

📖 تبيين الحقائق(مكتبه امداديه) ١ / ١٤٠ : والمختار فى زماننا المنع فى الجميع لتغيير الزمان ولهذا قالت عائشة رضـ "لو ان رسول الله صلى الله عليه وسلم رأى من النساء ما رأينا لمنعهن والمسجد كما منعت بنو اسرائيل نسائها" والنساء احدثن الزينة والطيب ولبس الحلى ولهذا منعهن عمر رضى الله عنه ولا ينكر تغير الاحكام لتغير الزمان -

বাসায় গিয়ে আরবী পড়ানো

প্রশ্ন : বাসায় গিয়ে আরবী টিউশনি করা জায়েয কি না?

উত্তর : অপ্রাপ্ত বয়স্ক মেয়েদেরকে আরবী টিউশনি পড়ানো নাজায়েয নয়। তবে পুরুষের জন্য প্রাপ্ত বয়স্কা মেয়েদেরকে পড়ানো জায়েয হবে না। বর্তমান ফিতনার যামানায় পর্দার ইহতেমাম না থাকার কারণে টিউশনি পড়ানো থেকে বিরত থাকাই শ্রেয়। (১১/৬৮৯/৩৬৫৬)

📖 آپ کے مسائل اور ان کا حل (مکتبہ امدادیہ) ۸ / ۲۸۷ : ٹیوشن ایک جز وقتی ملازمت ہے، پس فارغ وقت میں ٹیوشن پڑھائی جائے تو اس وقت کی اجرت لینا جائز ہے.

📖 وفیہ ایضا ۸ / ۹۱ : لڑکیوں کا غیر محرم مردوں سے بے پردہ پڑھنا فتنہ سے خالی نہیں یا تو باپردہ تعلیم کا انتظام کیا جائے ورنہ تعلیم چھوڑ دی جائے۔

বেপর্দা লেখাপড়া এবং মেয়েদের ডাক্তারি শিক্ষা

প্রশ্ন :

১. একজন মুসলমানের ওপর তার সন্তানের লালন-পালন করার সাথে কতটুকু শিক্ষা ও তারবিয়াত দেওয়া জরুরি?

২. বর্তমান বেপর্দার পরিবেশে যাদের সাথে দেখা করা জায়েয নেই–এ রকম পরিবেশে বালেগ মেয়েদের স্কুল-কলেজে পড়ানোর হুকুম কী? ডাক্তার বানানোর উদ্দেশ্যে বোরকা পরিধান অবস্থায় স্কুল-কলেজে পড়ানোর অনুমতি আছে কি না?

Scanned by CamScanner

উত্তর :

১. সন্তানের লালন-পালনের পাশাপাশি তাদের এ পরিমাণ দ্বীনি ইলম শিক্ষা দেওয়া আবশ্যক, যা দ্বারা সে শরীয়ত মোতাবেক জীবন যাপন করতে পারে। (১৯/২০৩/৮০৮৩)

📖 بدائع الصنائع (دار الكتب العلمية) ٥ / ٢١٣ – ٢١٤ : ولأن الغلام اذا استغنى يحتاج الى التأديب والتخلق باخلاق الرجال وتحصيل انواع الفضائل واكتساب اسباب العلوم، والاب على ذلك اقوم واقدر-

📖 اسلام اور تربیت اولاد ۱/ ۱۵۶ : وہ ذمہ داریاں جن کا اسلام میں بہت اہتمام کیا اور ان پر ابھارا اور اس کی طرف متوجہ کیا ہے، ان میں سے مربیوں کے ذمہ ان لوگوں کی تربیت بھی ہے جن کی تعلیم و تربیت اور رہنمائی و توجیہ ان کے ذمہ ہے در حقیقت یہ نہایت کٹھن ہے، اہم اور بڑی ذمہ داری ہے اس لئے کہ اس کی ابتداء اس وقت سے ہوتی ہے جب بچہ پیدا ہوتا ہے اور پھر یہ ذمہ داری بچے کے ہوشیاری ہونے بالغ ہونے کی قریب زمانے اور یہاں تک کہ وہ عاقل بالغ مکلف ہو جاتا ہے اس وقت تک جاری رہتی ہے۔

২. বর্তমান স্কুল-কলেজগুলোতে বালেগা মেয়েদের পড়ানো জায়েয নেই। শরয়ী বিধান মেনে মহিলাদের সেবার উদ্দেশ্যে মেয়েদের জন্য মেডিক্যাল কলেজে গিয়ে ডাক্তারি পড়তে শরীয়তের দৃষ্টিতে কোনো সমস্যা নেই। তবে যেহেতু বর্তমানে শরীয়তের হুকুমের পাবন্দী করা যায়, এমন মেডিক্যাল কলেজ দুর্লভ। তাই ডাক্তার বানানোর উদ্দেশ্যে মেয়েদেরকে প্রচলিত মেডিক্যাল কলেজে পড়ানোর অনুমতি দেওয়া যায় না।

📖 الفتاوى الهندية (مكتبة زكريا) ٥ / ٣٣٠ : امرأة اصابتها قرحة فى موضع لا يحل للرجل أن ينظر اليها لكن تعلم امرأة تداويها، فإن لم يجدوا امرأة تداويها ولا امرأة تتعلم ذلك اذا علمت وخيف عليها البلاء او الوجع او الهلاك فانه يستر منها كل شئ الا موضع تلك القرح ثم يداويها الرجل ويغض بصره مااستطاع الا عن ذلك الموضع -

Scanned by CamScanner

📖 فتاوی عثمانی (مکتبہ دار العلوم کراچی) ۱ / ۱۴۳ : خواتین اگر میڈیکل سائنس حکمت یا علوم اکنامکس کی تعلیم اس غرض سے حاصل کرے کہ ان علوم کو مشروع طریقے پر عورتوں کی خدمت کے لئے استعمال کریں گی تو ان علوم کی تحصیل بذاتہ کوئی حرمت و کراہت نہیں بشرطیکہ ان علوم کی تحصیل میں اور تحصیل کے بعد ان کے استعمال میں پردے اور دیگر احکام شریعت کی پوری رعایت رکھی جائے۔ اگر کوئی خاتون ان تمام احکام کی رعایت رکھتے ہوئے یہ علوم حاصل کرے تو کوئی کراہت نہیں لیکن چونکہ آجکل ان میں سے بیشتر علوم کی تحصیل اور استعمال میں احکام شریعت کی پابندی عنقاء جیسی ہے اس لئے اس کا عام مشورہ نہیں دیا جاسکتا۔

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ۸ / ۳۴ : عورت کے لئے عصر حاضر کے میڈیکل کالجوں میں تعلیم حاصل کرنا جائز نہیں خواہ طریق تعلیم مخلوط ہو یا غیر مخلوط کیونکہ پڑھانے والے دونوں صورتوں میں مرد اساتذہ ہوتے ہیں، عورتوں کے لئے طبی تعلیم کی صحیح صورت یہ ہے کہ مردوں سے علاحدہ انتظام ہو اور پڑھانے والی بھی خواتین ہوں۔

মেয়েরা পুরুষ প্রশিক্ষক থেকে কম্পিউটার শেখা

প্রশ্ন : বর্তমান আধুনিক যুগ হিসেবে কিছু কিছু ক্ষেত্রে পুরুষ-মহিলাদের জন্য কম্পিউটার শেখা আবশ্যক হয়েছে। কিন্তু মহিলাদের জন্য মহিলা প্রশিক্ষকদের মাধ্যমে কোর্স গ্রহণের সুযোগ সাধারণত পাওয়া দুষ্কর। এমতাবস্থায় মহিলাদের জন্য বোরকা পরিধান করে পুরুষ শিক্ষার্থী বা অন্য কোনো পুরুষের সংস্রবমুক্ত পরিবেশে কোনো পুরুষ প্রশিক্ষক থেকে কোর্স নেওয়া শরীয়তসম্মত হবে কি না?

উত্তর : বর্তমানে উন্নত বিশ্বে কম্পিউটার শিক্ষার গুরুত্ব অবশ্যই অনস্বীকার্য। এতদসত্ত্বেও তা শরয়ী প্রয়োজনের আওতায় পড়ে না। তাই প্রশ্নে বর্ণিত পদ্ধতিতে মহিলাদের জন্য বেগানা পুরুষ প্রশিক্ষক থেকে কম্পিউটার শিক্ষা গ্রহণ করা সম্পূর্ণ শরীয়ত পরিপন্থী ও নাজায়েয। এমতাবস্থায় কম্পিউটার শিক্ষায় আগ্রহী মহিলারা সম্ভব হলে অন্য মহিলা প্রশিক্ষক বা মাহরাম পুরুষ থেকে শিখে নিতে পারবে। (১৯/৩৪১/৮১৯৭)

📖 سورة الأحزاب الآية ٥٣ : ﴿ وَإِذَا سَأَلْتُمُوهُنَّ مَتَاعاً فَسْأَلُوهُنَّ مِن وَرَاءِ حِجَابٍ ذٰلِكُمْ أَطْهَرُ لِقُلُوبِكُمْ وَقُلُوبِهِنَّ ﴾

Scanned by CamScanner

📖سورة الاحزاب الآية ٣٣ : ﴿ وَقَرْنَ فِي بُيُوتِكُنَّ وَلاَ تَبَرَّجْنَ تَبَرُّجَ الْجَاهِلِيَّةِ الْأُولَى وَأَقِمْنَ الصَّلاَةَ وَآتِينَ الزَّكَاةَ وَأَطِعْنَ اللهَ وَرَسُولَهُ إِنَّمَا يُرِيدُ اللهُ لِيُذْهِبَ عَنكُمُ الرِّجْسَ أَهْلَ الْبَيْتِ وَيُطَهِّرَكُمْ تَطْهِيراً﴾

📖التفسير المظهرى (إحياء التراث) ٧ / ٣٨٤ : قلت: يعنى أذن لكن ان تخرجن لحاجتكن متجلببات ، قال ابن عباس رضـ وابو عبيدة : أمر نساء المؤمنين ان يغطين رؤوسهن ووجوههن بالجلابيب إلا عينا واحدا ليعلم انهن حرائر -

📖جواهر الفقه (ادارہ تحقیقات) ۴/ ۱۴۵ : جب نماز جیسے اہم کام اور جماعت جیسی فضیلت کے لئے اس کو نکلنے کی اجازت شریعت نے نہ دی تو کسی اور کام کے کیلئے کیسے اجازت ہوگی، تعلیم حاصل کرنا بھی نامحرم مرد سے جائز نہیں البتہ اگر کوئی مسئلہ پیش آوے اور محرم کوئی آدمی ایسا نہ ہو جو کسی عالم سے دریافت کر سکے تو برقع وغیرہ کے پردہ کے ساتھ کسی عالم صالح سے مسئلہ پوچھ سکتی ہے، لیکن باضابطہ تعلیم کسی مرد اجنبی سے حاصل کرنا جائز نہیں، لخوف الفتنہ بل تحققھا۔

মেয়েদের শিক্ষা গ্রহণের বিধান ও পরিধি

প্রশ্ন :

১. পুরুষ ও মহিলাদের শিক্ষা গ্রহণ করার ক্ষেত্রে আল্লাহ তা'আলার হুকুম কী ও তা কতটুকু? বিশেষ করে মহিলাদের ক্ষেত্রে।

২. মহিলারা কেবল পুরুষের হুকুম পালন করবে, নাকি দ্বীনের কাজের জন্য তাদের ওপর কোনো দায়িত্ব বা কর্তব্য আছে? দ্বীন প্রচার করা, দ্বীনের কাজ করা বা দাওয়াতী কাজের মধ্যে পুরুষ-মহিলার মধ্যে কী পার্থক্য? কাদের দায়িত্ব কতটুকু?

৩. মহিলা আলেমা বা হাফেজা দ্বারা মহিলাদের শিক্ষা দান করা যাবে কি না? আর যারা আলেমা বা হাফেজা তাদের জন্য অন্যকে শিক্ষা দান করা বাধ্যতামূলক কি না? বিস্তারিত জানতে চাই।

Scanned by CamScanner

উত্তর :

১. প্রত্যেক মুসলমান নর-নারীর ইসলামী জীবনযাপনের জন্য যে সকল বিষয় অপরিহার্য, সে বিষয় সম্পর্কীয় শিক্ষা অর্জন করাও তার জন্য জরুরি। তবে মহিলাগণ এতটুকু জরুরি শিক্ষা সাবালিকা হওয়ার পূর্বেই সম্পন্ন করে নেবে।

কোনো মহিলা বালেগা হওয়ার পূর্বেই জরুরি দ্বীনি শিক্ষা অর্জন করতে না পারলে এ শিক্ষা অর্জন করার জন্য কোনো প্রতিষ্ঠানে বা ব্যক্তিবিশেষের নিকট দৈনন্দিন যাতায়াত করার অনুমতি নেই। বরং ঘরে মহিলা শিক্ষিকা দ্বারা পড়ানোর ব্যবস্থা করবে, অথবা নিজ মাহরাম পুরুষ থেকে শেখার চেষ্টা করবে। তবে একান্ত কোনো জরুরি মাসায়েল পুরুষ আলেম ছাড়া সমাধান সম্ভব না হলে মাহরাম পুরুষের মাধ্যমে শিখে নেবে। তাও সম্ভব না হলে ফোনে অথবা মাহরাম পুরুষের সাথে কোনো মুফতি বা আলেমের নিকট মাঝেমধ্যে গিয়ে বুঝে নেবে। (১৮/২২৮/৭৫০৬)

📖 المعجم الكبير للطبراني (مكتبة ابن تيمية) ١٠ / ٢٤٠ (١٠٤٣٩) : عن عبد الله بن مسعود قال: قال رسول الله صلى الله عليه وسلم: «طلب العلم فريضة على كل مسلم».

📖 مرقاة المفاتيح (انور بكڈپو) ٤٧٨/١ : قوله: «طلب العلم» إعلام بأن المراد بالطلب طلب كل من المستعدين مايليق بحاله يوافق منزلته بعد حصول ما هو واجب من الفرائض العامة .

📖 فتاوی رحیمیہ (دارالاشاعت) ۹/ ۴۲ : ہر مسلمان مرد اور عورت پر اتنا دینی علم حاصل کرنا فرض ہے جس سے ایمان کی بنیاد توحید ورسالت اور عقائد کی اصلاح ہو سکے، اسی طرح اعمال یعنی نماز روزہ زکوۃ وغیرہ درست اور صحیح طریقہ سے ادا کر سکے اور معاملات معاشرات اور اخلاق درست ہو جائیں، لہذا ضروری علم کا حصول صرف مردوں پر ضروری نہیں عورتوں اور لڑکیوں پر بھی ضروری ہے اور اس کی بے حد اہمیت ہے۔

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۴/ ۳۹۲ : دینی مسائل کی تعلیم جس طرح لڑکوں کے لئے ضروری ہے لڑکیوں کے لئے بھی ضروری ہے، جو لڑکی مراہقہ ہو وہ بالغہ کے حکم میں ہے ،اس کے لئے پردہ ضروری ہے، اس کو مکتب یا مدرسہ میں بھیجنا فتنہ سے خالی نہیں، لہذا ایسی لڑکیوں کی تعلیم کا انتظام خود ان کے مکانوں پر ہونا چاہئے۔

২. দ্বীনের প্রচার-প্রসারের জন্য দ্বীনি কাজে অংশগ্রহণ করা মুসলিম সমাজের জন্য ফরযে কিফায়া। এ ক্ষেত্রে শরীয়ত পুরুষদেরকে দ্বীনের চাহিদানুযায়ী নিজ এলাকা

Scanned by CamScanner

ও যথাসাধ্য দূর-দূরান্তে গিয়ে দ্বীনি কাজে শরীক হওয়ার হুকুম প্রদান করলেও মহিলাদের বেলায় এ ধরনের দায়িত্ব বা সুযোগ দেওয়া হয়নি। বরং তাদের দ্বীনি দায়িত্ব হলো, নিজ বাসস্থানে অবস্থান করে শরয়ী পর্দা রক্ষা করে স্বামীর খেদমত ও ছেলেসন্তান, অর্থ-সম্পদের দেখাশোনা করা এবং নামায-রোযা ইত্যাদির পাবন্দী করা। একজন দ্বীনদার মহিলার বেহেশতী হওয়ার জন্য এতটুকু কাজই যথেষ্ট। তবে নিকটতম আত্মীয়-স্বজন বা প্রতিবেশী মহিলাদেরকে নিজ বাসস্থানে অবস্থান করে দ্বীন ধর্মের শিক্ষা দিতে পারলে তা তার জন্য নফল কাজের পর্যায়ভুক্ত হবে।

📖 حلية الأولياء (دار الكتب العلمية) ٦/ ٣٠٨ : عن أنس، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «المرأة إذا صلت خمسها وصامت شهرها وأحصنت فرجها وأطاعت زوجها فلتدخل من أي أبواب الجنة شاءت».

📖 کفایت المفتی (دارالاشاعت) ۲ / ۳۵ : جواب— تبلیغ دین ہر مسلمان پر بقدر اس کے مبلغ علم کے لازم ہے لیکن تبلیغ کی غرض سے سفر کرنا ہر مسلمان پر فرض نہیں بلکہ صرف ان لوگوں پر جو تبلیغ کی اہلیت بھی رکھتے ہوں اور فکر معاش سے بھی فارغ ہوں تبلیغ کے لئے سفر کرنا جائز ہے فرض لازم ہر مسلمان کے ذمے نہیں ہے اور عورتوں کا تبلیغ کے لئے گھروں سے نکلنا زمانہ خیر الامم میں نہ تھا اور نہ اس کی اجازت معلوم ہوتی ہے.

৩. মহিলা আলেমা হাফেজা দ্বারা মহিলাদের শিক্ষাদান শরীয়তসম্মত। তবে শিক্ষা প্রদানের নামে বালেগা মহিলা নিয়মিত নিজ ঘর হতে বের হওয়ার অনুমতি নেই। শিক্ষা গ্রহণকারী নাবালেগা হলে বালেগা হওয়ার পূর্ব পর্যন্ত মহিলা শিক্ষিকার ঘরে যাতায়াত করে শিক্ষাগ্রহণ করতে পারবে। পুরুষ আলেম হাফেজের মতো মহিলা আলেমা হাফেজার জন্য অন্যকে তা শিক্ষা প্রদান একই পর্যায়ের জরুরি বলা যাবে না। তবে নিজ ঘরে পরিবেশ থাকলে তা তার জন্য সাওয়াবের কাজ মনে করা হবে।

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۴ / ۳۹۲ : دینی مسائل کی تعلیم جس طرح لڑکوں کے لئے ضروری ہے لڑکیوں کے لئے بھی ضروری ہے، جو لڑکی مراہقہ ہو وہ بالغہ کے حکم میں ہے، اس کے لئے پردہ ضروری ہے، اس کو مکتب یا مدرسہ میں بھیجنا فتنہ سے خالی نہیں، لہذا ایسی لڑکیوں کی تعلیم کا انتظام خود ان کے مکانوں پر ہونا چاہئے.

Scanned by CamScanner

মহিলা মাদ্রাসা প্রতিষ্ঠার হুকুম

প্রশ্ন : আমাদের দেশের বিভিন্ন স্থানে ছোট-বড় বহু আবাসিক মহিলা মাদ্রাসা প্রতিষ্ঠা করা হয়েছে। এমনকি বাংলাদেশ কওমী মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনেও পরীক্ষায় অংশগ্রহণ করে থাকে। কিন্তু উলামা হযরতের অনেকে বলে থাকেন, আমাদের দেশে প্রচলিত যে মহিলা মাদ্রাসা প্রতিষ্ঠা করা হয়েছে, তা শরীয়তসম্মত কাজ নয়। এমনও বলে থাকেন, তা দ্বীনের কোনো খেদমত নয়। এখন আমার জানার বিষয় হলো :

১. আবাসিক মহিলা মাদ্রাসা প্রতিষ্ঠা করা শরীয়তসম্মত কি না? জায়েয না হলে কারণ কী?
২. আর জায়েয হলে কোন পদ্ধতিতে হবে? দলিলসহ জানালে খুশি হব।

উত্তর : দৈনন্দিন জীবন যাপন করার মতো ইসলামী শিক্ষা অর্জন করা প্রত্যেক নর-নারীর ওপর ফরযে আইন। তবে কোরআন-হাদীসের গভীর জ্ঞান তথা শরীয়তের ওপর অভিজ্ঞতা অর্জন করা মুসলিম মিল্লাতের যেকোনো সমস্যার সমাধান দেওয়ার মতো উচ্চশিক্ষা গ্রহণ প্রত্যেক যুগে একদল মুসলমানের ওপর ফরযে কিফায়া। উচ্চশিক্ষা গ্রহণের এ দায়িত্ব চৌদ্দশত বছর যাবত পুরুষগণই আঞ্জাম দিয়ে আসছেন। শরীয়তের আলোকে এ দায়িত্ব কোনো মহিলাকে দেওয়া হয়নি। এ কারণে ইসলামের সোনালি যুগ থেকে হাজার বছর পর্যন্ত ইসলামী শিক্ষা অর্জনের জন্য পুরুষদের অসংখ্য মাদ্রাসা প্রতিষ্ঠিত হলেও মহিলাদের কোনো মাদ্রাসা প্রতিষ্ঠিত হয়নি।

সুতরাং নারীদের জন্য ইসলামী শিক্ষা ওই পদ্ধতিতেই হওয়া উচিত, যেটা ইসলামী সোনালি যুগ থেকে এ পর্যন্ত চলে আসছে। অপ্রাপ্ত বয়সে পিতার বাড়িতে ফোরকানিয়া মক্তবে শিখবে আর বিবাহের পর স্বামীর দায়িত্বেই তার প্রয়োজনীয় ইলম হাসিল করবে। বর্তমানে সাবালিকা মহিলাদের জন্য পুরুষ শিক্ষকের মাধ্যমে আবাসিক মাহরামবিহীন বসবাসের মাধ্যমে মহিলা মাদ্রাসার যে প্রচলন ঘটেছে, তা কোনো পর্দানশীন ইসলামিক আদর্শবান নারীর কল্যাণ বয়ে আনতে পারে না। যার কারণে বিচক্ষণ অভিজ্ঞ মুফতিগণ প্রচলিত মহিলা মাদ্রাসার প্রতিষ্ঠা ও সেথায় অধ্যয়ন করাকে দ্বীনি খেদমত বলে ফতওয়া দেননি। (১৪/৪১২)

📖 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ١ / ٥٦٦ : (ويكره حضورهن الجماعة) ولو لجمعة وعيد ووعظ (مطلقا) ولو عجوزا ليلا (على المذهب) المفتى به لفساد الزمان.

📖 رد المحتار (ايچ ايم سعيد) ١/ ٥٦٦ : (قوله ولو عجوزا ليلا) بيان للإطلاق: أي شابة أو عجوزا نهارا أو ليلا (قوله على المذهب

Scanned by CamScanner

المفتى به) أي مذهب المتأخرين. قال في البحر: وقد يقال هذه الفتوى التي اعتمدها المتأخرون مخالفة لمذهب الإمام وصاحبيه، فإنهم نقلوا أن الشابة تمنع مطلقا اتفاقا. وأما العجوز فلها حضور الجماعة عند الإمام إلا في الظهر والعصر والجمعة أي وعندهما مطلقا، فالإفتاء بمنع العجائز في الكل مخالف للكل، فالاعتماد على مذهب الإمام.

📖البناية (دار الفكر) ٢ / ٤٢٠ : (من خوف الفتنة) عليهن من الفساق، وخروجهن سبب للحرام وما يفضي إلى الحرام فحرام. وذكر في كتاب الصلوات مكان الكراهة الإساءة والكراهة فحش. قلت: المراد من الكراهة التحريم ولا سيما في هذا الزمان لفساد أهله.

📖البحر الرائق (ايچ ايم سعيد) ١ / ٣٥٨ : (قوله ولا يحضرن الجماعات) لقوله تعالى {وقرن في بيوتكن}: وقال - صلى الله عليه وسلم - «صلاتها في قعر بيتها أفضل من صلاتها في صحن دارها وصلاتها في صحن دارها أفضل من صلاتها في مسجدها وبيوتهن خير لهن» ولأنه لا يؤمن الفتنة من خروجهن.

মহিলা মাদ্রাসার বেতন এবং নারী শিক্ষার রূপরেখা

প্রশ্ন : মেয়েদের মাদ্রাসায় পড়ানো যদি নাজায়েয হয় তাহলে সেখানকার উস্তাদদের প্রাপ্ত বেতনের হুকুম কী? মেয়েদের জন্য সম্পূর্ণ শরীয়তসম্মত শিক্ষার ধারা কী?

উত্তর : মেয়েদের জন্য প্রয়োজনীয় দ্বীনি শিক্ষা অর্জন করা যেমন অত্যাবশ্যকীয়, তেমনি শরীয়তের দেওয়া পর্দার হুকুম মেনে চলাও একান্ত জরুরি। তাই ছোটবেলায় প্রয়োজনীয় দ্বীনি শিক্ষা গ্রহণ করা মেয়েদের জন্য বাঞ্ছনীয়। পক্ষান্তরে বালেগা হলে নিজ মাহরাম বা স্বামীর কাছেই প্রয়োজনীয় শিক্ষা গ্রহণ করবে। পর্দার ন্যায় ফরয হুকুম লঙ্ঘন করে প্রচলিত মহিলা মাদ্রাসায় শিক্ষা গ্রহণ করা শরীয়ত সমর্থিত নয়।

Scanned by CamScanner

অজ্ঞতার কারণে যেসব বেতন নিয়েছেন তাকে নাজায়েয বলা যাবে না এবং ভবিষ্যতে মহিলা মাদ্রাসায় চাকরি করা উচিত হবে না। (১২/৩৮৪/৩৯৯৩)

📖 خلاصة الفتاوى (مكتبه رشيديه) ٢/ ٥٣ : فإن أرادت ان تخرج الى مجلس العلم بغير رضاء الزوج ليس لها ذلك ، فإن وقعت لها نازلة ان سأل الزوج من العالم أو أخبرها بذلك لا يسعها الخروج وان امتنع من السؤال يسعها الخروج من غير رضاء الزوج وان لم يقع لها نازلة، وأرادت ان تخرج لمجلس العلم لتعليم المسئلة من مسائل الوضوء والصلوة إن كان الزوج يحفظ المسائل ويذكرها معها له ان يمنعها وان كان لا يحفظها الاولى ان ياذن لها احيانا وان لم ياذن لها فلا شيء عليه ولا يسعها الخروج مالم تقع نازلة -

📖 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ١ / ٥٦٦ : (ويكره حضورهن الجماعة) ولو لجمعة وعيد ووعظ (مطلقا) ولو عجوزا ليلا (على المذهب) المفتى به لفساد الزمان، واستثنى الكمال بحثا العجائز والمتفانية (كما تكره إمامة الرجل لهن في بيت ليس معهن رجل غيره ولا محرم منه) كأخته (أو زوجته أو أمته، أما إذا كان معهن واحد ممن ذكر أو أمهن في المسجد لا) يكره بحر.

অশিক্ষিতা নারীরা কি মহিলা মাদ্রাসায় পড়তে পারবে?

প্রশ্ন : অনেক মহিলারা নামায-রোযা সম্পর্কে কিছুই জানে না। নামায-রোযা হায়েয-নেফাসের কোনো মাসআলাই জানে না। তারা পর্দা করে না এবং তাদের পরিবারে মাসআলা-মাসায়েল জানে, এমন কোনো লোকও নেই। এমতাবস্থায় তাদের জন্য বর্তমান প্রচলিত মহিলা মাদ্রাসায় পড়া জায়েয হবে কি? যদি নাজায়েয হয় তাহলে তারা কী করবে? দেখা যাচ্ছে, অনেক মহিলাকে এনজিও সংস্থার লোকেরা উল্টাপাল্টা বুঝিয়ে ইসলাম থেকে দূরে সরিয়ে নেয়। পক্ষান্তরে ওই সমস্ত মহিলা থেকেই অনেকে মহিলা মাদ্রাসায় পড়ার কারণে পর্দা করে ভালোভাবে চলাফেরা করে ও ইসলামকে ভালোবাসে। তাই আশা করি, উল্লিখিত সমস্যার সঠিক সমাধান দিয়ে বাধিত করবেন।

Scanned by CamScanner

উত্তর : মহিলাদের জন্য প্রয়োজনীয় দ্বীনি শিক্ষা অর্জন করা অত্যাবশ্যকীয়। প্রয়োজনীয় দ্বীনি শিক্ষা ছোটবেলায় মক্তবে পড়ে নেওয়াই মহিলাদের জন্য বাঞ্ছনীয়। বড় হলে নিজ মাহরাম বা স্বামীর তত্ত্বাবধানেই প্রয়োজনীয় শিক্ষা গ্রহণ করবে। তবে যেসব মহিলার অভিভাবক অজ্ঞ, ওই সব মহিলাকে দ্বীনি শিক্ষায় শিক্ষিত করার পূর্বে পুরুষ অভিভাবকগণকে দ্বীনি শিক্ষায় শিক্ষিত করা একান্ত অপরিহার্য। এসব ক্ষেত্রে পুরুষদের ছেড়ে মহিলাদেরকে শিক্ষা দেওয়ার চিন্তাধারা বোকামি ছাড়া আর কী হতে পারে? যেসব পরিবারে পুরুষ বদদ্বীন, ওই সব পরিবারে মহিলাদের এনজিওরা পথভ্রষ্ট করতে পারে, কিন্তু যেসব পরিবারে পুরুষ দ্বীনদার, ওই সব পরিবারে এনজিওরা আসতেও পারে না। তাই প্রথমে পুরুষদেরকে দ্বীনি শিক্ষায় শিক্ষিত ও আদর্শবান করে তুলুন। অন্যথায় এনজিওদের বিষফল মহিলা শিক্ষা বন্ধ করা যাবে না।

সুতরাং প্রচলিত মহিলা মাদ্রাসা যেখানে মহিলাদের জন্য থাকা-খাওয়াও হোস্টেল পদ্ধতির ব্যবস্থা রয়েছে, তা শরীয়তসম্মত নয়। মাহরাম ব্যতীত মহিলাদের অন্যত্র রাত্রি যাপন শরীয়ত সমর্থিত নয়। তাই বর্তমান প্রচলিত মহিলা মাদ্রাসাকে শরীয়তসম্মত বলা যায় না। (১২/৬৯৪/৫০২৪)

📖 فتح القدير (مكتبه حبيبيه) ٤ / ٢٠٨ : فإن وقعت لها نازلة إن سأل الزوج من العالم وأخبرها بذلك لا يسعها الخروج، وإن امتنع من السؤال يسعها أن تخرج من غير رضاه، وإن لم تكن لها نازلة ولكن أرادت أن تخرج لتتعلم مسألة من مسائل الوضوء، والصلاة إن كان الزوج يحفظ المسائل ويذاكر معها له أن يمنعها، وإن كان لا يحفظ الأولى أن يأذن لها أحيانا، وإن لم يأذن فلا شيء عليه، ولا يسعها الخروج ما لم يقع لها نازلة.

অনভিজ্ঞ নারী দ্বারা দ্বীনি শিক্ষা

প্রশ্ন : দ্বীনি ইলমে শিক্ষিত নয়, এরূপ একজন সাধারণ শিক্ষায় শিক্ষিত মহিলা দ্বারা পবিত্র কোরআন ও হাদীসের ব্যাখ্যা-বিশ্লেষণ এবং ইবাদত-বন্দেগীর পদ্ধতিসহ শরীয়তের আহকামসমূহ অন্য মহিলাদের শিক্ষা দেওয়ার উদ্দেশ্যে কোনো বিশেষ কেন্দ্র স্থাপন করার এবং ওই সকল কার্যক্রম উক্ত মহিলা দ্বারা পরিচালিত হওয়ার শরীয়তে অনুমতি আছে কি না?

Scanned by CamScanner

উত্তর : দ্বীনি ইলমের ব্যাপারে যিনি অভিজ্ঞ ও পারদর্শী নয়, তার জন্য কোরআন ও হাদীসের ব্যাখ্যা-বিশ্লেষণ করা বা শরীয়তের হুকুম-আহকাম শিক্ষা দেওয়া বাস্তবে সম্ভব নয়। তাই প্রশ্নে বর্ণিত সাধারণ শিক্ষিতা একজন মহিলার জন্য কোরআন-হাদীসের ব্যাখ্যা-বিশ্লেষণ ও শরীয়তের হুকুম-আহকাম শিক্ষা দেওয়া শরয়ী দৃষ্টিকোণে বৈধ হতে পারে না। আর সর্বাবস্থায় মহিলা শিক্ষিকা বা পুরুষ শিক্ষক দ্বারা মহিলাদের শিক্ষা দেওয়ার উদ্দেশ্যে বিশেষ কেন্দ্র স্থাপন করা শরীয়তসম্মত নয়। (১১/১১৮/৩৪৩৩)

📖سنن ابی داود (دار الحدیث) ۳/ ۱۵۸۲ (۳٦٥۷) : عن أبي عثمان الطنبذي رضيع عبد الملك بن مروان، قال: سمعت أبا هريرة يقول: قال رسول الله صلى الله عليه وسلم: «من أفتي بغير علم كان إثمه على من أفتاه» .

📖تبيين الحقائق (مكتبہ امداديہ) ۱ / ۱٤۰ : والمختار في زماننا المنع في الجميع لتغير الزمان ولهذا قالت عائشة - رضي الله عنها - لو أن رسول الله - صلى الله عليه وسلم - رأى من النساء ما رأينا لمنعهن من المسجد كما منعت بنو إسرائيل نساءها. والنساء أحدثن الزينة والطيب ولبس الحلي ولهذا منعهن عمر - رضي الله عنه .

📖البحر الرائق (ايچ ايم سعيد) ۱/ ۳۵۸ : (قوله ولا يحضرن الجماعات) لقوله تعالى {وقرن في بيوتكن} وقال - صلى الله عليه وسلم - «صلاتها في قعر بيتها أفضل من صلاتها في صحن دارها وصلاتها في صحن دارها أفضل من صلاتها في مسجدها وبيوتهن خير لهن» ولأنه لا يؤمن الفتنة من خروجهن أطلقه فشمل الشابة والعجوز والصلاة النهارية والليلية.

📖امداد الاحکام (مکتبہ دار العلوم کراچی) ۱ / ۲۱۸ :... ۳ - بدون علم مبادی کے انتہائی کتب پڑھنا اور پڑھانا جائز نہیں، إلا ان يكون سليم الطبع ثاقب الذهن لا يخشى عليه خلط الحق بالباطل ومثل ذلك نادر جدا.

Scanned by CamScanner

মেয়েদেরকে স্কুল-কলেজ বা মাদ্রাসায় পড়ানো

প্রশ্ন : আমাদের দেশে প্রচলিত মাদ্রাসা, স্কুল ও কলেজ ছাড়া জ্ঞান অর্জনের আর কোনো ব্যবস্থা নেই। অথচ আমাদের মসজিদের ইমাম সাহেব বলেছেন, বর্তমান যুগে মুসলমানদের মেয়েদেরকে স্কুল, কলেজ এমনকি মাদ্রাসায় লেখাপড়া করানোও হারাম। ইমাম সাহেবের এ বক্তব্য সহীহ কি না? এবং মেয়েদের লেখাপড়ার ব্যাপারে শরীয়তের বিধান কী? এবং কতটুকু লেখাপড়া করতে পারবে? বিস্তারিত জানিয়ে বাধিত করবেন।

উত্তর : ইসলামের মৌলিক আক্বীদাসমূহ নামায, রোযা, পাক পবিত্রতা এবং পর্দার শরয়ী বিধান, স্বামীর অধিকার এরূপ মৌলিক বিষয়ের শিক্ষা অর্জন করা মহিলাদের জন্য ফরয। সাবালিকা হওয়ার পূর্বে মক্তবে, সাবালিকা হওয়ার পর অভিভাবকদের কিংবা স্বামীর তত্ত্বাবধানে ঘরোয়া পরিবেশে এ শিক্ষা অর্জন করা সম্ভব। যেহেতু মহিলাদের পর্দা ফরয তাই বিশেষ প্রয়োজন ছাড়া মহিলাদের ঘর থেকে বের হওয়ার শরীয়তে অনুমতি নেই বিধায় কোরআন-হাদীসের আলোকে বালেগা মহিলা ইলম শিক্ষার নামে ঘর থেকে বের হয়ে মহিলা মাদ্রাসা ও সরকারি মাদ্রাসা বা স্কুল-কলেজে পড়ালেখার অনুমতি নেই। (১৮/৫৮৩/৭৭৪৯)

📖 ردالمحتار(ايج ايم سعيد) ١ / ٤٢ : (قوله: واعلم أن تعلم العلم إلخ) أي العلم الموصل إلى الآخرة أو الأعم منه. قال العلامي في فصوله: من فرائض الإسلام تعلمه ما يحتاج إليه العبد في إقامة دينه وإخلاص عمله لله تعالى ومعاشرة عباده. وفرض على كل مكلف ومكلفة بعد تعلمه علم الدين والهداية تعلم علم الوضوء والغسل والصلاة والصوم.

📖 البناية (دار الفكر) ٢ / ٤٢٠ : أما في زماننا فيكره خروج النساء إلى الجماعة لغلبة الفسق والفساد، فإذا كره خروجهن للصلاة فلأن يكره حضورهن مجالس العلم.

📖 احسن الفتاوى (ايچ ايم سعيد) ٨/ ٣٢ : الجواب — عورت کو اسکولوں، کالج اور یونیورسٹیوں میں تعلیم دلانے میں کئی مفاسد ہیں خواہ لڑکیوں کا لڑکوں کے ساتھ اختلاط نہ بھی ہو۔

١ — عورتوں کو بلا ضرورت شرعیہ گھر سے نکلنا اور اجانب کو اپنی طرف مائل کرنے کا سبب بننا

٢ — برے ماحول میں جانا

Scanned by CamScanner

۳ — مختلف مزاج رکھنے والی عورتوں سے مسلسل اختلاط کی وجہ سے کئی خرابیوں کا جنم لینا.

۴ —کالج یونیورسیٹی کی غیر شرعی تقریبات میں شرکت.

۵ —بلا حجاب مردوں سے پڑھنے کی معصیت

۶ —بے دین عورتوں سے تعلیم حاصل کرنے میں ایمان واعمال اور اخلاق کی تباہی

۷ —بے دین عورتوں کے سامنے بلا حجاب جانا، شریعت نے فاسقہ عورت سے بھی پردہ کرنے کا حکم دیا ہے۔

۸ —کافر اور بے دین قوموں کی نقالی کا شوق

۹ —اس تعلیم کے سبب حب مال اور حب جاہ کا بڑھ جانا اور اس کی وجہ سے دنیا و آخرت تباہ ہونا

۱۰ —شوہر کی خدمت، اولاد کی تربیت اور گھر کی دیکھ بال، صفائی وغیرہ جیسی فطری اور بنیادی ذمہ داریوں سے غفلت۔

۱۱ —دفتروں میں ملازمت اختیار کرنا جو دین و دنیا دونوں کی تباہی کا باعث ہے

۱۲ —مردوں پر ذرائع معاش تنگ کرنا

۱۳ —شوہر پر حاکم بن کر رہنا

مخلوط طریقۂ تعلیم میں مفاسد مذکورہ کے علاوہ لڑکوں کے ساتھ اختلاط اور بے تکلفی کی وجہ سے لڑکوں، لڑکیوں کی آپس میں دوستی، عشق بازی، بدکاری اور اغواء جیسے گھناؤنے مفاسد بھی پائے جاتے ہیں، اس لئے عصر حاضر کی تعلیمی اداروں میں عورتوں کو تعلیم دلانا جائز نہیں۔واللہ سبحانہ وتعالی اعلم

Scanned by CamScanner

নাবালেগের সহশিক্ষা

প্রশ্ন : নাবালেগ শিক্ষার্থীর জন্য সহশিক্ষা বৈধ আছে কি না? বিশেষ করে পাঁচ, ছয় ও সাত বছরের নিচের ছেলেমেয়েদেরকে একসাথে মহিলা শিক্ষিকা দ্বারা তালীম দেওয়া জায়েয আছে কি?

উত্তর : প্রশ্নে বর্ণিত বয়সের নাবালেগ ছেলেমেয়েদের সহশিক্ষা শিক্ষিকা দ্বারা দেওয়া বৈধ হবে। তবে বালক-বালিকাদের শিক্ষার ব্যবস্থা পৃথকভাবে করা সর্বাবস্থায়ই উত্তম। (১৮/৫৯৯)

📖سورة النور الآية ٣١ : ﴿أَوِ الطِّفْلِ الَّذِينَ لَمْ يَظْهَرُوا عَلَىٰ عَوْرَاتِ النِّسَاءِ﴾

📖معارف القرآن (المكتبة المتحدة) ٦ / ٤٠٥ : بارہویں قسم اوالطفل الذین ہے، اس سے مراد وہ نابالغ بچے ہیں جو ابھی بلوغ کے قریب بھی نہیں پہنچے اور عورتوں کے مخصوص حالات وصفات اور حرکات وسکنات سے بالکل بے خبر ہوں، اور جو لڑکا ان امور سے دلچسپی لیتا ہو وہ مراہق یعنی قریب البلوغ ہے اس سے پردہ واجب ہے۔ (ابن کثیر)

ফারায়েয লিখে বিনিময় গ্রহণ

প্রশ্ন : ফতওয়া বা ফারায়েয লিখে চুক্তিবিহীন কোনো হাদিয়া দিলে তা গ্রহণ করা শরয়ী দৃষ্টিকোণে কতটুকু বৈধ?

উল্লেখ্য, যদি সিজদায়ে তেলাওয়াত ওয়াজিব না হয় তবে রেকর্ড করা গান শ্রবণে গোনাহ হবে কেন? জানালে বাধিত হব।

উত্তর : কোরআন শরীফের আদব-সম্মান বজায় রেখে তেলাওয়াত করা প্রত্যেক মুসলমান নর-নারীর ঈমানী দায়িত্ব। তাই পবিত্র কোরআনের অবমাননা হয়, এমন পন্থা বা জায়গায় কোরআন তেলাওয়াত বা শ্রবণ করলে গোনাহের আশংকা থেকে যায়। এতদসত্ত্বেও রেডিও এবং টিভিতে সরাসরি সম্প্রচারিত বিশুদ্ধ তেলাওয়াত শুনলে শোনার সাওয়াব পাবে এবং সিজদার আয়াত শুনলে সিজদা ওয়াজিব হবে। পক্ষান্তরে তাতে রেকর্ডকৃত তেলাওয়াত শুনলে শোনার সাওয়াব পাওয়ার আশা করা যায় না এবং আয়াতে সিজদা শুনলে সিজদা ওয়াজিব হবে না।

আর তেলাওয়াত ও গান শ্রবণকে এক মনে করা মূর্খতার পরিচয়। কেননা সিজদায়ে তেলাওয়াত বিশুদ্ধ তেলাওয়াত তথা মানুষের মুখ থেকে উচ্চারিত তেলাওয়াতের কারণে ওয়াজিব হয়। রেকর্ডকৃত তেলাওয়াত বাস্তব তেলাওয়াতের অন্তর্ভুক্ত না হওয়ায় সিজদা ওয়াজিব হবে না। আর গানের সম্পর্ক শ্রবণ ও মনের কুতৃপ্তির সাথে। গান রেকর্ডকৃত হোক বা সরাসরি গায়ক থেকে হোক, উভয় অবস্থায় তা শ্রবণ করার মাধ্যমে মনে কুতৃপ্তি অনুভূত হয়। তাই গান শোনা সর্বাবস্থায়ই গোনাহ। (১২/৯১৫/৪০১১)

📖 الفتاوى الهندية (دار الكتب العلمية) ٥/ ٣٩١ : لا يقرأ جهرا عند المشتغلين بالاعمال ومن حرمة القرآن ان لا يقرأ فى الاسواق وفى موضع اللغو كذا فى القنية.

📖 بدائع الصنائع (ايچ ايم سعيد) ١ / ١٨٦ : فينظر إلى أهلية التالي وأهليته بالتمييز وقد وجد فوجد سماع تلاوة صحيحة فتجب السجدة بخلاف السماع من الببغاء والصدى فإن ذلك ليس

Scanned by CamScanner

بتلاوة وكذا إذا سمع من المجنون؛ لأن ذلك ليس بتلاوة صحيحة لعدم أهليته لانعدام التمييز .

📖 آلات جدیدہ کے شرعی احکام (مکتبہ سیرت النبی) صـ ۱۶۱ : اس لئے صحیح ہے کہ اس کو (ریڈیو) آلات لہو وطرب کے حکم میں داخل نہیں کیا جاسکتا اور ریڈیو کی جس مجلس میں تلاوت ہوتی ہے وہ مجلس بھی لہو ولعب اور لغو چیزوں سے الگ ہوتی ہے اس لئے اس پر تلاوت قرآن فی نفسہ جائز ہے۔

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ۴/ ۶۵ : ٹیپ ریکارڈر سے سننے پر سجدۂ تلاوت واجب نہیں ہے اس لئے ٹی وی اور ریڈیو پر اگر ٹیپ سنایا جارہاہو تو سجدہ واجب نہیں اور اگر براہ راست قاری کی آواز ہو تو واجب ہوگا۔

📖 خیر الفتاوی (زکریا بکڈپو دیوبند) ۲ / ۶۵۵ :الجواب- ... ... اگر براہ راست پروگرام نشر ہورہاہو تو سجدہ کیا جاوے اور اسپیکر سے آیت سجدہ سننے پر بھی سجدہ واجب ہے۔احتیاط اسی میں ہے کہ ٹیپ اور ٹی وی سے آیت سجدہ سننے پر بھی سجدہ تلاوت کیا جائے۔

📖 سنن أبي داود (دار الحديث) ٤/ ٢٠٩٩ (٤٩٢٧) : عن شيخ، شهد أبا وائل في وليمة، فجعلوا يلعبون يتلعبون، يغنون، فحل أبو وائل حبوته، وقال: سمعت عبد الله يقول: سمعت رسول الله صلى الله عليه وسلم، يقول: «الغناء ينبت النفاق في القلب» -

সম্প্রচারিত তেলাওয়াত শ্রবণ ও তার হুকুম

প্রশ্ন : রেডিও-টিভিতে সম্প্রচারিত কোরআন তেলাওয়াত করা ও অন্যদের শোনার ব্যাপারে শরীয়তের হুকুম কী? এ ধরনের তেলাওয়াতের বিনিময় নেওয়া-দেওয়া জায়েয হবে কি না? এবং সিজদায়ে তেলাওয়াত ওয়াজিব হবে কি না? শরীয়তের আলোকে জানতে চাই।

উত্তর : যে সকল চ্যানেল টিভি এবং রেডিওতে শরয়ী দৃষ্টিতে বৈধ-অবৈধ সব ধরনের অনুষ্ঠান পরিচালিত হয়, এমন প্রচারমাধ্যমে তেলাওয়াত করার দ্বারা কোরআনে পাকের মানহানি হয়। এজন্য এসব গণমাধ্যমে তেলাওয়াত করা এবং তা শ্রবণ করা

Scanned by CamScanner

সবই না জায়েয। উপরন্তু তেলাওয়াতের বিনিময় নেওয়া আরো জঘন্যতম অপরাধ। এতদসত্ত্বেও তেলাওয়াত সরাসরি সম্প্রচারিত হলে শ্রোতার ওপর সিজদায়ে তেলাওয়াত ওয়াজিব হয়, অন্যথায় নয়।

স্মর্তব্য, যে রেডিও স্টেশন শুধুমাত্র কোরআনে পাকের সম্প্রচারের উদ্দেশ্যে চালু করা হয়েছে তথায় তেলাওয়াত ও তা শ্রবণ করা জায়েয। যেমন : সৌদি আরবের إذاعة القرآن الكريم من مكة المكرمة। (১২/৯০১/৫০৫৯)

📖 خلاصة الفتاوى (مكتبه رشيديه) ١ /١٨٧ : ولا يجب اذا سمعها من طير هو المختار، ومن النائم الصحيح انها يجب ان سمعها منه، وان سمعها من الصدى لا يجب عليه۔

📖 احسن الفتاوى (ایچ ایم سعید) ٨ / ١٩٩ : سوال—ریڈیو میں قرآن کریم کی تلاوت اور تفسیر کرنا اور اسے سننا جائز ہے یا نہیں؟ اور اس وقت استماع اور انصات ضروری ہے یا نہیں؟

الجواب— محض تلاوت دو وجہ سے ناجائز ہے، ا- عموما تلاوت کرنیوالا اجرت لیتا ہے اور تلاوت محض پر اجرت لینا حرام ہے، ٢-اسی مجلس میں گانا بجانا بھی ہوتا جس میں قرآن کریم کی توہین ہے لہذا اسکو سننا بھی جائز نہیں۔

📖 آلات جدیدہ کے شرعی احکام (مکتبہ سیرت النبی) ١٦١ : تلاوت قرآن ریڈیو پر ہو یا اس سے علاحدہ پر کسی صورت میں بہر حال محض تلاوت پر معاوضہ لینا حرام ہے اور معاوضہ لیکر پڑھنا بھی ناجائز اور اس کا سننا بھی درست نہیں۔

📖 احسن الفتاوى (ایچ ایم سعید) ۴/ ٦٥ : الجواب—ٹیپ رکارڈر سے سننے پر سجدہ تلاوت واجب نہیں اس لئے ٹی وی یا ریڈیو پر اگر ٹیپ سنایا جارہا ہو تو سجدہ واجب نہیں اور اگر براہ راست قاری کی آواز ہو تو واجب ہوگا.

📖 فتاوی محمودیہ (زکریا) ١٢/ ٢٢ : سوال—اگر قاری نے ریڈیو اسٹیشن پر سجدہ تلاوت کی آیت پڑھی اور دنیا میں ہزاروں آدمیوں نے ریڈیو پر اس آیت کو سنا تو کیا سارے سامعین پر سجدہ تلاوت ضروری ہوگیا ہے؟ جبکہ وہ ایک مشین کے ذریعہ سے آواز پہونچائی گئی ہے گراموفون اور مشین میں کیا فرق ہے؟

Scanned by CamScanner

الجواب— حامداً ومصلیا: ریڈیو پر آیت سجدہ سننے سے سامعین پر سجدہ تلاوت واجب ہوگا کیونکہ یہ قاری کی ہی آواز قرار دی گئی ہے، گرافون سے جو آواز نکلتی ہے اس کو نقل اور عکس تلاوت لکھا ہے۔

মোবাইল ফোনে তেলাওয়াত ও আয়াতে সিজদা শোনা

প্রশ্ন : মোবাইল ফোন, টেলিফোন, রেডিও অথবা টেলিভিশনে সরাসরি বা রেকর্ডকৃত তেলাওয়াত সম্প্রচার করা হলে তা শ্রবণে সাওয়াব হবে কি না? সিজদার আয়াত শুনলে সিজদায়ে তেলাওয়াত ওয়াজিব হবে কি না? এবং এগুলোতে গান শুনলে গোনাহ হবে কি না?

উত্তর : ছবি ভিডিওহীন মোবাইলে বা টেলিফোনে অথবা রেডিওতে কোরআনের আদব বজায় রেখে সরাসরি সম্প্রচারকৃত তেলাওয়াত শুনলে সাওয়াব পাওয়া যাবে। কিন্তু রেকর্ডকৃত তেলাওয়াত শুনলে তেলাওয়াতের নির্ধারিত সাওয়াব পাওয়া যাবে না। আর টেলিভিশনে কোরআন তেলাওয়াত এবং গান শোনা সর্বাবস্থায় কবিরা গোনাহ। এর অনেক কারণের মধ্যে এটাও যে এতে প্রাণীর ছবি আসে, আর যেকোনো প্রাণীর ছবি তোলা ছবি দেখা সবই কবীরাহ গোনাহ। এ সমস্ত যন্ত্রের সাহায্যে রেকর্ডকৃত সিজদার আয়াত শুনলে তাতে সিজদায়ে তেলাওয়াত ওয়াজিব হবে না। সরাসরি সম্প্রচারকৃত তেলাওয়াতে সিজদার আয়াত শুনলে তাতে সিজদায়ে তেলাওয়াত ওয়াজিব হবে। আর গান শোনা সর্বাবস্থায়ই কবীরাহ গোনাহ। (১৮/৭৫৭/৭৮২২)

📖 سنن أبي داود (دار الحديث) ٤ / ٢٠٩٩ (٤٩٢٧) : عن شيخ، شهد أبا وائل في وليمة، فجعلوا يلعبون يتلعبون، يغنون، فحل أبو وائل حبوته، وقال: سمعت عبد الله يقول: سمعت رسول الله صلى الله عليه وسلم، يقول: «الغناء ينبت النفاق في القلب» ـ

📖 بدائع الصنائع (ايج ايم سعيد) ١/ ١٨٦ : فينظر إلى أهلية التالي وأهليته بالتمييز وقد وجد فوجد سماع تلاوة صحيحة فتجب السجدة بخلاف السماع من الببغاء والصدى فإن ذلك ليس

بتلاوة وكذا إذا سمع من المجنون؛ لأن ذلك ليس بتلاوة صحيحة لعدم أهليته لانعدام التمييز.

📖 احسن الفتاوی(سعید) ۸ / ۱۹۹ : جواب—ٹی وی دیکھنا بہر حال وجوہ ذیل کی بناء پر حرام ہے:

۱— اس میں عموما اصل کی بجائے فلم آتی ہے جو تصویر ہونے کی وجہ سے حرام ہے ... ...

۲—اناؤنسر عورت ہوتی ہے اور عورت کا عکس دیکھنا بھی حرام ہے... ...

۹— ٹی وی جیسے آلۂ لہو لعب بے دینی فواحش و منکرات کے مرکز پر دینی پروگرام دکھائے جاتے ہیں اور انہیں اشاعت اسلام کا نام دیا جاتا ہے یہ دین کی سخت بے حرمتی ہے۔

মাইকে শবীনা পড়া

প্রশ্ন : আমাদের দেশে কোথাও কোথাও এক দিন এক রাতে বা শুধুমাত্র এক রাতে কোরআন খতম করানো হয়। এ ক্ষেত্রে জানার বিষয় হলো, মাইকে কোরআন খতম করা জায়েয হবে কি না? বিষয়টি কোরআন ও হাদীসের আলোকে সমাধান দিলে উপকৃত হব।

উত্তর : মূলত কোরআন শরীফ তেলাওয়াত করা এবং তা শ্রবণ করা বড় সাওয়াবের কাজ। হাদীস শরীফে এ ব্যাপারে অনেক ফজীলতের কথা উল্লেখ আছে। তবে তা শরীয়তের নির্দেশিত নিয়মানুযায়ী করতে হবে। যেহেতু মাইকে কোরআন তেলাওয়াত করলে শরীয়তবিরোধী অনেক কার্যকলাপ পরিলক্ষিত হয়। যেমন—নামাযীর নামাযের ও ঘুমন্ত ব্যক্তির ঘুমে ব্যাঘাত হওয়া, অসুস্থ ব্যক্তির কষ্ট হওয়া এবং দুনিয়াবী কার্যকলাপে লিপ্ত ব্যক্তিদের কাজে ব্যাঘাত ইত্যাদি। তাই মাইকে কোরআন শরীফ খতম করা চাই তা দিনে হোক বা রাতে, নাজায়েয। (১৬/৪৪১/৬৬০৫)

📖 فتح القدير (مكتبه حبيبيه) ١/ ٢٩٨ : قال في الخلاصة: رجل يكتب الفقه وبجنبه رجل يقرأ القرآن فلا يمكنه استماع القرآن فالإثم على القارئ، وعلى هذا لو قرأ على السطح في الليل جهرا

Scanned by CamScanner

والناس نيام يأثم، وهذا صريح في إطلاق الوجوب، ولأن العبرة لعموم اللفظ لا لخصوص السبب.

📖 غنية المتملى (سهيل اكيڈيمى) صـ ٤٩٧ : يجب على القارى احترامه بأن لايقرأه فى الأسواق ومواضع الاشتغال، فإذا قرأه فيهما كان هو المضيع لحرمته فيكون الاثم عليه دون اهل الاشتغال دفعا للحرج، ... ... والجهر بالقرآن افضل ان لم يكن عند مشغولين ما لم يخالطه رياء.

📖 فتاوى محموديه (ادارهٔ صديق) ۳/ ۵۵۲ :سوال-قرآن شريف كو بازار ميں بلند آواز سے پڑھنا كيسا ہے؟... ...

الجواب- ... ... بازار (مواضع لغو) ميں بلند آواز سے تلاوت كرنا كہ لوگ اپنے اپنے كام ميں مشغول ہوں اور كوئى تلاوت نہ سنتا ہو درست نہيں، منع ہے-

মাইকে তেলাওয়াতে কোরআন

প্রশ্ন : মাইকে কোরআন খতম পড়া কি জায়েয আছে? কোরআন-হাদীসের আলোকে বিস্তারিত জানালে উপকৃত হব।

উত্তর : কোরআন খতম পড়া একটি ইবাদত ও সাওয়াবের কাজ। কিন্তু মাইকে খতম পড়লে বিভিন্নভাবে মানুষের কষ্ট হয়। সুতরাং মাইকে কোরআন খতম পড়ার অনুমতি দেওয়া যায় না। (১২/২৭৭/৩৯০৪)

📖 خلاصة الفتاوى(مكتبه رشيديه) ١/ ١٠٣ : رجل يكتب الفقه وبجنبه رجل يقرأ القرآن فلا يمكنه استماع القرآن فالإثم على القارئ، وعلى هذا لو قرأ على السطح في الليل جهرا والناس نيام يأثم -

Scanned by CamScanner

📖 معارف القرآن (المكتبة المتحدة) ۴/ ۱۶۳ : اور اسی لئے ایسی جگہ جہاں لوگ اپنے کاموں میں مشغول ہوں یا آرام کرتے ہوں کسی کے لئے باآواز بلند قرآن پڑھنے کو جائز نہیں رکھا اور جو شخص ایسے مواقع میں قرآن باآواز بلند پڑھتا ہے اس کو گنہگار فرمایا ہے۔

📖 آپ کے مسائل اوران کا حل (مکتبہ امدادیہ) ۲ / ۲۱۶ : خلاصہ یہ کہ جو لوگ اذان کے علاوہ پنجگانہ نماز میں تراویح میں یا درس و تقریر میں باہر کے اسپیکر کھول دیتے ہیں وہ اپنے خیال میں تو شاید نیکی کا کام کر رہے ہوں لیکن ان کے اس فعل پر چند در چند مفاسد مرتب ہوتے ہیں اور بہت سے محرمات کا وبال ان پر لازم آتا ہے اور یہ سب محرمات گناہ کبیرہ میں داخل ہیں اس لئے لاؤڈ اسپیکر کی آواز حدود مسجد تک محدود رکھنا ضروری ہے اور اذان کے علاوہ دوسری چیزوں کے لئے باہر کے اسپیکر کھولنا ناجائز اور بہت سے کبائر کا مجموعہ ہے۔

রেডিওতে কোরআন তেলাওয়াত ও এর বিনিময় গ্রহণ

প্রশ্ন : রেডিওতে কোরআন শরীফ তেলাওয়াত করা, শোনা এবং তেলাওয়াত রেকর্ড করে বিনিময় নেওয়া বৈধ কি না?

উত্তর : বর্তমানে রেডিও সাধারণত গান-বাজনা, অবৈধ ও অনর্থক অনুষ্ঠান প্রচারের যন্ত্র হিসেবে ব্যবহৃত হয়। যদিও কোনো কোনো সময় এতে সংবাদ বা ভালো প্রোগ্রামও প্রচার করা হয়। এ রকম একটি প্রচারযন্ত্রে কোরআনে কারীমের মতো পবিত্র কালামের তেলাওয়াত সম্প্রচার করা ও শ্রবণ করা কোরআনে কারীমের পবিত্রতা ও সম্মানহানির শামিল। তাই রেডিওতে কোরআন শরীফ তেলাওয়াত ও শ্রবণ করা কিভাবে জায়েয হতে পারে? তবে যদি কখনো কোরআন তেলাওয়াত, তাফসীর ও হাদীসের বয়ানের জন্য পৃথক স্টেশন খোলা হয়, যাতে শরীয়তবিরোধী কোনো প্রোগ্রাম সম্প্রচার করা না হয় এবং তেলাওয়াতকারী ও শ্রবণকারী কোরআনের পরিপূর্ণ সম্মান ও আদব রক্ষা করে। তাহলেই বৈধ বলে বিবেচিত হবে।
শুধু তেলাওয়াত করে তার বিনিময় আদান-প্রদান বৈধ হবে না। উল্লেখ্য, যদি কেউ রেডিও-টিভিতে চাকরি নেয় অথবা তেলাওয়াতের সাথে অনুবাদ কিংবা ব্যাখ্যা প্রদান করে তাহলে বিনিময় দেওয়া ও নেওয়া বৈধ বলে বিবেচিত হবে। (৯/৫৪১/২৭১৯)

Scanned by CamScanner

📖 شعب الإيمان (دارالكتب العلمية) ٢/ ٥٣٢ (٢٣٨٤) : عن سليمان بن بريدة، عن أبيه، قال: قال رسول الله صلى الله عليه وسلم: " من قرأ القرآن يتأكل به الناس جاء يوم القيامة ووجهه عظم ليس عليه لحم ".

📖 رد المحتار (ايچ ايم سعيد) ٢ / ٧٣ : وأن القراءة لشيء من الدنيا لاتجوز، وأن الآخذ والمعطي آثمان لأن ذلك يشبه الاستئجار على القراءة، ونفس الاستئجار عليها لا يجوز، فكذا ما أشبهه كما صرح بذلك في عدة كتب من مشاهير كتب المذهب؛ وإنما أفتى المتأخرون بجواز الاستئجار على تعليم القرآن لا على التلاوة وعللوه بالضرورة وهي خوف ضياع القرآن، ولا ضرورة في جواز الاستئجار على التلاوة.

📖 جواہر الفقہ (مکتبہ سیرت النبی) ج ۵ -آلات جدیدہ کے شرعی احکام- ص۱۶۲-۱۶۱ : البتہ جوآلات ایسے ہیں کہ نہ انکی وضع لہو و طرب کے لئے ہے نہ ان کو عموماآلات لہو و طرب سمجھا جاتا ہے ایسے آلات پر قرآن مجید کی تلاوت کرنااوراس کا سننااس شرط کے ساتھ جائز ہے کہ آداب تلاوت کی پوری رعایت کی جائے... ...

محض تلاوت پر معاوضہ لینا حرام ہے اور معاوضہ لیکر پڑھنا بھی ناجائزاوراس کا سننا بھی درست نہیں ... یہاں معاوضہ کے جواز کی صرف دو صورتیں ہو سکتی ہیں: اول یہ کہ تلاوت کے ساتھ اس کا ترجمہ اور تفسیر بھی ہو تو پھر وہ تلاوت مجرد نہ رہے گی، تعلیم کی حیثیت اختیار کریگی، اس کا معاوضہ لینا جائز ہوگا، دوسرے یہ کہ ریڈیو کی ملازمت اختیار کرے وہاں جانے آنے اور وقت کی پابندی وغیرہ کی تنخواہ لے اور تلاوت کو ثواب سمجھ کر کیا کرے۔

Scanned by CamScanner

যেকোনো ধরনের রেকর্ডকৃত তেলাওয়াত শোনার বিধান

প্রশ্ন : মোবাইল ফোনে, টেপরেকর্ডে বা ক্যাসেটে কোরআন তেলাওয়াত চলাকালীন তা শোনা ওয়াজিব কি না? না শুনলে গোনাহ হবে কি? এবং এতে কোরআন শোনার সাওয়াব পাবে কি না?

উত্তর : যখন কোরআন শরীফ তেলাওয়াত করা হয়, তখন আদব হলো চুপ করে মনোযোগ সহকারে শোনা। সুতরাং যখন মোবাইল বা টেপের মাধ্যমে রেকর্ডকৃত কোরআন শরীফ তেলাওয়াত হয়, তখন তেলাওয়াত যদি আদব রক্ষা করে চুপ করে মনোযোগের সহিত শোনা হয় তবে বরকত লাভের আশা করা যায়। পক্ষান্তরে তেলাওয়াত চালু করে অন্য কাজে ব্যস্ত থাকা বা তেলাওয়াতের অসম্মানী হয়, এমন পরিবেশে তা চালু রাখা গোনাহ। (১৭/৩০১/৭০১৯)

📖 معارف القرآن (المكتبة المتحدة) ۴/ ۱۶۳-۱۶۴ : نماز اور خطبہ کے علاوہ عام حالات میں کوئی شخص بطور خود تلاوت کر رہا ہے تو دوسروں کو خاموش رہ کر اس پر کان لگانا واجب ہے یا نہیں،

اس میں فقہاء کے اقوال مختلف ہیں بعض حضرات نے اس صورت میں بھی کان لگانے اور خاموش رہنے کو واجب اور اس کے خلاف کرنے کو گناہ قرار دیا ہے۔... ... لیکن بعض دوسرے فقہاء نے یہ تفصیل فرمائی ہے کہ کان لگانا اور سننا صرف ان جگہوں میں واجب ہے جہاں قرآن سننے ہی کیلئے پڑھا جارہا ہو جیسے نماز و خطبہ وغیرہ میں۔ ... ... لیکن اولی اور بہتر سب کے نزدیک یہی ہے کہ خارج نماز میں بھی جب کہیں سے تلاوت قرآن کی آواز آئے تو اس میں کان لگائے اور خاموش رہے۔ اسی لئے ایسے مواقع میں جہاں لوگ سونے میں یا اپنے کاروبار میں مشغول ہوں تلاوت قرآن باآواز بلند کرنا مناسب نہیں۔

📖 آلات جدیدہ کے شرعی احکام (مکتبہ سیرۃ النبی) ص ۲۰۷ : اس مشین پر تلاوت قرآن اور دوسرے مفید مضامین کا پڑھنا اور اس میں محفوظ کرانا جائز ہے۔

یہ بھی ظاہر ہے جب اس میں پڑھنا جائز ہے تو سننا بھی جائز ہے شرط یہ ہے کہ ایسی مجلسوں میں نہ سنا جائے جہاں لوگ اپنے کاروبار یا دوسرے مشاغل میں لگے ہوں سننے کی طرف متوجہ نہ ہوں ورنہ بجائے ثواب کے گناہ ہو گا۔

Scanned by CamScanner

মোবাইল ফোনে ধারণকৃত কোরআন পড়া ও শোনা

প্রশ্ন : মোবাইল ফোনে কোরআন শরীফ লোড করে পড়া বা কোরআনের তেলাওয়াত লোড করে শ্রবণ করা জায়েয কিংবা ফজীলতপূর্ণ কি না?

উত্তর : মোবাইল ফোনে কোরআন শরীফ ধারণ করে কোনো ব্যক্তি ওই মোবাইল থেকে কোরআন তেলাওয়াত করলে সাওয়াব পাবে। আর যারা তার পড়া শুনবে তারাও সাওয়াব পাবে। তবে সরাসরি মোবাইল থেকে রেকর্ড শুনলে সাওয়াব পাবে না। আর এই পদ্ধতি দ্বারা কোরআন শরীফ পড়া ও শ্রবণ করা অনুচিতও বটে। (১৭/৫২৭/৭১২৯)

📖 الفتاوى الهندية (مكتبة زكريا) ٥ /٣٢٣ : لا بأس بكتابة اسم الله تعالى على الدراهم؛ لأن قصد صاحبه العلامة لا التهاون،... ولو كتب على خاتمه اسمه أو اسم الله تعالى أو ما بدا له من أسماء الله تعالى نحو قوله: حسبي الله ونعم الوكيل، أو ربي الله، أو نعم القادر الله، فإنه لا بأس به.

📖 بدائع الصنائع (سعيدى كمپنى) ١ /١٨٦ : بخلاف السماع من الببغاء والصدى فإن ذلك ليس بتلاوة وكذا إذا سمع من المجنون؛ لأن ذلك ليس بتلاوة صحيحة لعدم أهليته لانعدام التمييز .

📖 آلات جدیدہ کے شرعی احکام (مکتبہ سیرۃ النبی) ص۲۰۷ : اس مشین پر تلاوت قرآن اور دوسرے مفید مضامین کا پڑھنا اور اس میں محفوظ کرانا جائز ہے۔
یہ بھی ظاہر ہے جب اس میں پڑھنا جائز ہے تو سننا بھی جائز ہے شرط یہ ہے کہ ایسی مجلسوں میں نہ سنا جائے جہاں لوگ اپنے کاروبار یا دوسرے مشاغل میں لگے ہوں سننے کی طرف متوجہ نہ ہوں ورنہ بجائے ثواب کے گناہ ہوگا۔

একই মেমোরি কার্ডে তেলাওয়াত, অশ্লীল ছবি ও ভিডিও ধারণ করা

প্রশ্ন : একই মেমোরি কার্ডে কোরআন তেলাওয়াত এবং অশ্লীল ছবি, অডিও, ভিডিও, গান লোড করা এবং তা দেখা ও শ্রবণ করার ব্যাপারে শরয়ী বিধান কী?

Scanned by CamScanner

উত্তর : মেমোরি কার্ড বা অন্য যেকোনো পন্থায় অশ্লীল ছবি, অডিও, ভিডিও, গান দেখা ও শ্রবণ করা সর্বাবস্থায় হারাম। সেই সঙ্গে একই মেমোরি কার্ডে গান এবং তেলাওয়াত লোড করা কোরআনের সম্মানহানির অন্তর্ভুক্ত। এ ধরনের কাজ সম্পূর্ণ নাজায়েয। (১৯/৮৫০)

📖 امداد الفتاوی (زکریا) ۴/ ۲۴۳ : سوال—آجکل جو باجہ فونو گراف بکثرت ہر قصبہ و دیہات میں پھیل گیاآیایہ مزامیر و معازف میں داخل ہے یانہ ؟اس میں قرآن شریف بھی بھرتے ہیں یہ فعل قرآن مجید کی بے ادبی ہے یانہ ؟

الجواب—یہ جس صورت کی حکایت ہے اس کے محکی عنہ کاسا اس کا حکم ہے مثلاًاگر اس میں معازف و مزامیر یاغناء اجنبیہ کی صوت بند ہے سننا حرام ہے اور اگر کوئی صوت مباح ہے تو سننامباح لیکن قرآن کا بند کرناایک عارض خارجی کی وجہ سے کہ تلہی و تلعب بالقرآن ہے ناجائز ہے۔

বান্দার হক্ব বিনষ্টকারীর জন্য হাফেজের সুপারিশ

প্রশ্ন : হাদীস শরীফে আছে যে যাদের ওপর জাহান্নাম ওয়াজিব হয়ে গেছে, এমন ১০ জন ব্যক্তিকে একজন হাফেজ সাহেব সুপারিশ করে জান্নাতে নিতে পারবেন। জানার বিষয় হলো, একজন ব্যক্তি যদি চারজন হাফেজের পিতা হন, নামাযী ও আমলদার হন, কিন্তু বান্দার হক্ব নষ্ট করে অর্থাৎ মানুষের টাকা আত্মসাৎ করে, আর পাওনাদারগণ তাকে মাফ না করে, এমতাবস্থায় যদি সে মারা যায় তাহলে হাফেজ ছেলেরা সুপারিশ করে এমন পিতাকে জান্নাতে নিতে পারবে কি না? যদি নিতে পারে তাহলে পাওনাদার ব্যক্তিদের কাকে কী দিয়ে বুঝ দেওয়া হবে?

উত্তর : বান্দার হক্ব নষ্ট করা মহাপাপ এবং জঘন্যতম অপরাধ। যার হক্ব নষ্ট করা হয়েছে সে মাফ না করা পর্যন্ত তার জন্য জান্নাতে প্রবেশ স্থগিত থাকবে। তবে আল্লাহ তা'আলা যদি হাফেজদের সুপারিশ কবুল করে তাকে জান্নাতে প্রবেশ করানোর ইচ্ছা করেন, তখন পাওনাদারের প্রাপ্যের বিনিময় নিজের পক্ষ থেকে আদায় করে সুপারিশকৃত ব্যক্তিকে দায়মুক্ত করে দেবেন এবং জান্নাতে প্রবেশের সুযোগ প্রদান করবেন। (৯/৫৭৯/২৭৬০)

Scanned by CamScanner

📖 سنن الترمذى (دار الحديث) ٥ / ١٩ (٢٩٠٥) : عن علي بن أبي طالب ، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «من قرأ القرآن واستظهره، فأحل حلاله، وحرم حرامه أدخله الله به الجنة وشفعه في عشرة من أهل بيته كلهم قد وجبت له النار» .

📖 مرقاة المفاتيح (انور بكڈپو) ٨ / ٨٥٠ : (أخذ من خطاياهم) أي: من سيئات أصحاب الحقوق (فطرحت عليه) : أو وضعت على الظالم (ثم طرح) أي: ألقي ورمي (في النار) : وفيه إشعار بأنه لا عفو ولا شفاعة في حقوق العباد إلا أن يشاء الله يرضى خصمه بما أراد.

ওলী-সংক্রান্ত একটি আয়াতের ব্যাখ্যা

প্রশ্ন : أَلَاَ إِنَّ أَوْلِيَاءَ اللهِ لاَ خَوْفٌ عَلَيْهِمْ وَلاَ هُمْ يَحْزَنُونَ ○الَّذِينَ آمَنُوا وَكَانُوا يَتَّقُونَ এ আয়াতে ছোট ওলী বোঝানো হয়েছে। কেননা বড় ওলী তাঁরা, যাঁরা সর্বদা যিকির করেন। বক্তব্যটি সঠিক কি না?

উত্তর : মুফাস্‌সিরীনে কেরামের মতে উল্লিখিত আয়াতে সকল ওলীর গুণ বর্ণনা করা হয়েছে। তবে বেলায়েতের ক্ষেত্রে তুলনামূলকভাবে একে অপরের চেয়ে কম-বেশিও হতে পারে। এ ক্ষেত্রে সর্বোচ্চ স্তর আম্বিয়ায়ে কেরামগণের। তাঁদের মধ্যে মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর মর্যাদা সবার ঊর্ধ্বে। আর সর্বনিম্ন স্তর সূফী সাধকদের তবে তাদের মধ্যেও কমবেশ পার্থক্য হতে পারে। (১৮/১২১/৭৪৭৬)

📖 معارف القرآن (المكتبة المتحدة) ۴/ ۵۴۲ : آیات مذکورہ میں اولیاء اللہ کے مخصوص فضائل اوران کی تعریف اور پہچان پھر دنیا وآخرت میں ان کے لئے بشارت کا ذکر ہے۔

📖 فیہ ایضا ۴/ ۵۴۹—اس ولایت خاصہ کے درجات بے شمار اور غیر متناہی ہیں، اس کا اعلی درجہ انبیاء علیہم السلام کا حصہ ہے کیونکہ ہر نبی کا ولی اللہ ہونا لازمی ہے، اور اس میں سب سے اونچا مقام سید الانبیاء نبی اکرم صلی اللہ علیہ وسلم کا ہے، اور ادنی درجہ اس ولایت

Scanned by CamScanner

کا وہ ہے جسکو صوفیائے کرام کی اصطلاح میں درجۂ فناء کہا جاتا ہے، جس کا حاصل یہ ہے کہ آدمی کا قلب اللہ تعالی کی یاد میں ایسے مستغرق ہو کہ دنیا میں کسی کی محبت اس پر غالب نہ آئے۔... جس کا لازمی نتیجہ یہ ہوتا ہے کہ اس کا ظاہر و باطن اللہ تعالی کی رضاجوئی میں مشغول رہتا ہے اور وہ ایسی چیز سے پرہیز کرتا ہے جو اللہ تعالی کے نزدیک ناپسند ہو، اسی حالت کی علامت ہے کثرت ذکر اور دوام طاعت یعنی اللہ تعالی کو کثرت سے یاد کرنا اور ہمیشہ ہر حال میں اسکے احکام کی اطاعت کرنا یہ دو وصف جس شخص میں موجود ہو وہ ولی اللہ کہلاتا ہے جس میں ان دونوں میں سے کوئی ایک نہ ہو وہ اس فہرست میں داخل نہیں، پھر جس میں یہ دونوں موجود ہوں اس کے درجات ادنی واعلی کی کوئی حد نہیں، انہیں درجات کے اعتبار سے اولیاء اللہ کے درجات متفاضل اور کم وبیش ہوتے ہیں۔

কোরআনের চ্যালেঞ্জ এবং আলট্রাস্নোর মাধ্যমে গর্ভে সন্তান নির্ণয়

প্রশ্ন : কোরআন শরীফে সূরা লোকমানের শেষ আয়াতে আছে, "নিশ্চয়ই আল্লাহর কাছেই কিয়ামতের জ্ঞান রয়েছে, তিনি বৃষ্টি বর্ষণ করেন এবং গর্ভাশয়ে যা থাকে তিনি তা জানেন, কেউ জানে না আগামীকাল সে কী উপার্জন করবে এবং কেউ জানে না কোন দেশে সে মৃত্যুবরণ করবে, আল্লাহ সর্বজ্ঞ সর্ব বিষয়ে খবরদার।" এই আয়াতে বলা হয়েছে, গর্ভাশয়ে যা থাকে তা একমাত্র আল্লাহ পাকই জানেন। অর্থাৎ আল্লাহ পাক ছাড়া অন্য কেউ জানে না। কিন্তু বর্তমান যুগে আমরা জানি যে কোনো মেয়েলোক গর্ভবতী হলে ডাক্তাররা আলট্রাস্নো পরীক্ষার মাধ্যমে তার গর্ভের সন্তান ছেলে নাকি মেয়ে, তা বলে দিতে পারে। সুতরাং উপরোক্ত আয়াতের সঠিক তাফসীর বর্ণনা করে বিষয়টি সঠিকভাবে বুঝিয়ে দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

উত্তর : গায়েব বলা হয় প্রত্যেক ওই বস্তুকে, যা পঞ্চেন্দ্রীয় দ্বারা সরাসরি উপলব্ধি করা যায় না। আর ইলমে গায়েব বলা হয় কোন মাধ্যম ব্যবহার করা ব্যতিরেকে তাৎক্ষণিকভাবে নির্ভুলভাবে কোনো বিষয় জানা। এ ইলম একমাত্র মহান আল্লাহরই রয়েছে। অন্য কোনো মাখলূক ইলমে গায়েবের অধিকারী নয়। সুতরাং আলট্রাস্নোগ্রামে বা অন্য কোনো পরীক্ষার মাধ্যমে গর্ভাশয়ে ছেলে না মেয়ে, জেনে নেওয়া গায়েব জানার আওতায় পড়ে না। কেননা তা মাধ্যম ব্যবহার করে জানা হয়েছে। অতএব উক্ত আয়াতে কারীমার অর্থ হলো, মহান আল্লাহ পাক গর্ভাশয়ে কী আছে, কোনো মাধ্যম অবলম্বন করা ছাড়া সরাসরি নির্ভুলভাবে জানেন, যা অন্য কোনো মাখলূকের ক্ষমতায়

Scanned by CamScanner

নেই। এ ছাড়া শুধু গর্ভে ছেলে না মেয়ে তা-ই জানার কথা বলেননি, বরং এতে ছেলে না মেয়ে, ভালো না খারাপ, সৌভাগ্যবান না দুর্ভাগা, জান্নাতী না জাহান্নামী ইত্যাদি সকল অবস্থাই উদ্দেশ্য। (১৪/৮৪২/৫৮৩৮)

📖 صحيح البخاری (دار الحدیث) ۱ / ۸۹ (۳۱۸) : عن أنس بن مالك، عن النبي صلى الله عليه وسلم قال: " إن الله عز وجل وكل بالرحم ملكا، يقول: يا رب نطفة، يا رب علقة، يا رب مضغة، فإذا أراد أن يقضي خلقه قال: أذكر أم أنثى، شقي أم سعيد، فما الرزق والأجل، فيكتب في بطن أمه "-

📖 أحكام القرآن للجصاص (قديمى كتب خانہ) ۳ / ۵۱۷ : "ويعلم ما في الأرحام" مفهوم هذا الخطاب الإخبار بما يعلمه هو دون خلقه وأن أحدا لا يعلمه إلا بإعلامه إياه، وفي ذلك دليل على أن حقيقة وجود الحمل غير معلومة عندنا وإن كانت قد يغلب على الظن وجوده .

📖 أحكام القرآن للتهانوی (ادارة القرآن) ۳ / ۲۷۵ : فإنها اكثرها مبنية على امارات طبعية او نجومية وامثالها فكان علم استدلال لاعلم غيب وبعضها مبنية على الإعلام من الله سبحانه وتعالى بالوحى فى حق الانبياء عليهم السلام وبالإلهام فى حق الاولياء رضى الله عنهم فكان علما بتعلم لا علم غيب والمنفى فى الآية هو علم الغيب من هذه الاشياء لا مطلق العلم.

📖 تفسيرروح المعاني (دار الحديث) ۱۱/ ۱۴۱ : وقوله تعالى ويعلم ما في الأرحام أي أذكر أم أنثى أتام أم ناقص وكذلك ما سوى ذلك من الأحوال.

📖 مواہب الرحمن (مکتبہ رشیدیہ) ۶/ ۱۰۸ : اس کی پوری کیفیت سوائے اللہ تعالی کے کوئی نہیں جانتاہے کیونکہ بسااوقات سب طرح قیاس کرتے ہیں کہ یہ عورت حاملہ ہے مگراس کو حمل نہیں ہوتااور کبھی حمل سے پہنچانتے ہیں کہ لڑکاہے یالڑکی ہے اس طرح کے قیاسات سے تیقن کرتے ہیں مگر یقینی نہیں ہوتابلکہ اس کے خلاف واقع ہوتاہے پھر

Scanned by CamScanner

اس کا کالا یا گورا ہونا یا اس کی شکل وصورت کی کیفیت ہر گز معلوم نہیں ہوتی اور اگر اس میں بھی کوئی اٹکل دوڑائی تو ہر گز یہ نہیں جانتا کہ نیکوکار ہے یا بدکار ہے عالم ہے کہ جاہل ہے یا جہنمی ہے کہ جنتی ہے پس اللہ عزوجل کے کوئی نہیں جانتا ہے ہاں جب فرشتہ موکل کو اس کا نامۂ اعمال لکھنے کے واسطے حکم ہوا، تو جہاں تک حکم ہے وہ جان لیتا ہے.

তাফসীর করার অধিকার কার

প্রশ্ন : জনৈক ইমাম সাহেবের তাফসীর করার বিষয়টি নিয়ে বিতর্ক সৃষ্টি হয়েছে। কেউ কেউ বলছেন, তিনি তাফসীর করার অধিকার রাখেন না। কারণ তিনি তাফসীর বিভাগে পড়েননি। উল্লেখ্য যে ইমাম সাহেব হাফেজ মাওলানা ১৯৯৯ ইং সালে ঢাকার মোহাম্মদপুরে অবস্থিত জামিয়া রাহমানিয়া আরাবিয়া থেকে দাওরায়ে হাদীস সমাপ্ত করেছেন। অতএব মহোদয়ের সমীপে সবিনয় আবেদন এই যে এ বিষয়টি সম্পর্কে আমাদেরকে বিস্তারিত জানিয়ে চির বাধিত করবেন।

উত্তর : বর্তমানে কোরআনের তাফসীর বলতে যা বোঝানো হয়, তা আসলে তাফসীর নয়। বরং তাফসীরকারকদের ব্যাখ্যা-বিশ্লেষণকে নিজের ভাষায় অন্যকে বুঝিয়ে দেওয়া মাত্র। এ-জাতীয় তাফসীরও যে কেউ চাইলেই করতে পারে না। শুধু বাংলা অনুবাদ পড়ে তাফসীর করার অধিকার শরীয়ত কাউকে দেয়নি। তবে যে ব্যক্তি তাফসীরের জন্য প্রয়োজনীয় সব বিষয়াদির ওপর জ্ঞান রাখে এবং অভিজ্ঞ উলামাদের নিকট হতে আদব, বালাগাত, উসূলে তাফসীর ও হাদীস ইত্যাদি বিষয়ে পড়াশোনা করে কোরআনের মূল ভাষার ওপর অভিজ্ঞতা অর্জন করেছে, সে তাফসীর করার অধিকার রাখে বলা যাবে। মূলত লক্ষণীয় হলো, তাফসীরে কোনো বিষয়ে ভুল করছে কি না, তাই প্রশ্নে বর্ণিত ইমাম সাহেব তাফসীর বিভাগে পড়াশোনা না করলেও যেহেতু দাওরায়ে হাদীস পর্যন্ত শিক্ষার পাঠ্যসূচিতে তাফসীর করার যোগ্যতা সৃষ্টিকারী জরুরি বিষয়াবলি রয়েছে, তাই এ পাঠ্যসূচি সমাপ্তকারী কোনো যোগ্য আলেমকে তাফসীর করতে বাধা দেওয়া বা আপত্তি করা ঠিক হবে না। (৯/৫১৩/২৭০২)

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ۱/ ۵۰۲ : ماہر اساتذہ کرام کی نگرانی، تحصیل علوم کے بغیر صرف مطالعہ سے کوئی فن حاصل نہیں ہو سکتا، مثلا کوئی شخص دنیا بھر کی کتب طب قدیم وجدید کا مطالعہ کرلے تو بھی اسے حکیم یا ڈاکٹر کی سند نہیں دی جا سکتی اور نہ ہی اس کو

Scanned by CamScanner

علاج معالجہ کرنیکی اجازت دی جاسکتی ہے، جب تک کہ کسی معتبر ادارہ میں ماہر اساتذہ کی نگرانی میں علم حاصل نہ کرے.

আশহুরে হারামের হুকুম রহিত হয়ে গেছে

প্রশ্ন : কোরআন শরীফে বর্ণিত সম্মানিত চার মাস, যা পূর্ববর্তী সকল নবীর শরীয়তসমূহেও সম্মানিত মনে করা হতো এবং এ চার মাসে যুদ্ধবিগ্রহ নিষিদ্ধ ছিল। প্রশ্ন হলো, আমাদের শরীয়তেও তা বলবৎ আছে কি না? এবং রমাজান মাসও উক্ত মাসসমূহের মতো সম্মানিত হয়ে যুদ্ধবিগ্রহ নিষিদ্ধ বলে বিবেচিত হবে কি না? আমাদের শরীয়তের ন্যায় পূর্ববর্তী যুগেও রমাজান মাস গুরুত্ব ও তাৎপর্যপূর্ণ ছিল কি না?

উত্তর : আমাদের নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর শরীয়তে উক্ত চার মাসের সম্মান পূর্ববর্তী নবীদের শরীয়তের মতো অব্যাহত। তবে নির্ভরযোগ্য মতানুযায়ী উক্ত চার মাসে যুদ্ধের হুকুম রহিত হয়ে গেছে। তাই উক্ত মাসে যুদ্ধ করার অনুমতি আছে। পবিত্র মাহে রমাজানের সম্মান, মর্যাদা, ফজীলত সমস্ত নবীর যুগে বলবৎ ছিল। আল্লাহ তা'আলা উক্ত মাসের বিভিন্ন তারিখে প্রায় সমস্ত আসমানী কিতাব অবতীর্ণ করেছেন। মাহে রমাজানকে উক্ত চার মাসের অন্তর্ভুক্ত করার কোনো যুক্তি নেই। কেননা আল্লাহ তা'আলা মাহে রমাজানকে আগে থেকেই সম্মানিত করেছেন। তাই কোনো নবীর যুগে মাহে রমাজানে যুদ্ধবিগ্রহ নিষিদ্ধ ছিল না। (১০/৬৮৩/৩৬৭৯)

📖 تفسير القرطبي (احياء التراث) ٤ / ١١٧ : والصحيح الأول، لأن النبي صلى الله عليه وسلم غزا هوازن بحنين وثقيفا بالطائف، وحاصرهم في شوال وبعض ذي القعدة .

📖 معارف القرآن (المكتبة المتحده) ١ / ٥٢٠ : خلاصہ یہ ہوا کہ ابتداء قتال توان مہینوں میں ہمیشہ کے لئے حرام ہے، مگر جب کفار ان مہینوں میں حملہ آور ہوں تو مدافعانہ قتال کی مسلمانوں کو بھی اجازت ہے، جیسا کہ امام جصاصؒ نے بروایت حضرت جابر بن عبد اللہؓ نقل کیا ہے کہ رسول اللہ صلی اللہ علیہ وسلم کسی شہر حرام میں اس وقت تک قتال نہ کرتے تھے جب تک قتال کی ابتداء کفار کی طرف سے نہ ہو جائے.

Scanned by CamScanner

📖 التفسير الكبير (إحياء التراث) ١٦ / ٤٢ : وميز شهر رمضان عن سائر الشهور بمزيد حرمة وهو وجوب الصوم وميز بعض ساعات اليوم بوجوب الصلاة فيها.

📖 مسند احمد (مؤسسة الرسالة) ٢٨ / ١٩١ (١٦٩٨٤) : عن واثلة بن الأسقع، أن رسول الله صلى الله عليه وسلم قال: " أنزلت صحف إبراهيم عليه السلام في أول ليلة من رمضان، وأنزلت التوراة لست مضين من رمضان، والإنجيل لثلاث عشرة خلت من رمضان، وأنزل الفرقان لأربع وعشرين خلت من رمضان ".

স্ত্রী সদকার উপযুক্ত প্রিয় বস্তু নয়

প্রশ্ন : সূরা আলে ইমরানের ৯২ নং আয়াতে বলা হয়েছে যে, "কস্মিনকালেও কল্যাণ লাভ করতে পারবে না, যদি তোমরা তোমাদের প্রিয় বস্তু থেকে ব্যয় না করো। আর তোমরা যা কিছু ব্যয় করবে আল্লাহ তা জানেন।" উল্লিখিত আয়াতের অর্থের পরিপ্রেক্ষিতে এক ব্যক্তি বলেন, আমার কাছে আমার স্ত্রী প্রিয়বস্তু অন্যকে দান না করা পর্যন্ত পূর্ণ মোমেন হতে পারব না। উক্ত ব্যক্তির হুকুম এবং উল্লিখিত আয়াতের ব্যাখ্যা জানতে চাই।

উত্তর : কোরআন-হাদীসের যত জায়গায় দান-সদকা ও আল্লাহর রাস্তায় খরচ করার কথা বলা হয়েছে সব জায়গায় ধন-সম্পদের কথা উল্লেখ করা হয়েছে। প্রশ্নোল্লিখিত আয়াতেও প্রিয় বস্তু দ্বারা ধন-সম্পদ এবং দান করার উপযুক্ত বস্তুই বোঝানো হয়েছে। নিজের স্ত্রী কোনো মালিকানা সম্পদ নয়, তাই তাকে দান করারও প্রশ্ন আসে না। প্রশ্নোল্লিখিত ব্যক্তির উক্তি শরীয়ত নিয়ে উপহাস করার নামান্তর। না বুঝে বলা চরম অজ্ঞতা, আর বুঝেশুনে এ ধরনের উক্তি করলে ঈমান হারানোর প্রবল আশংকা। অনতিবিলম্বে তাওবা করা জরুরি। (১৬/৮৭/৬৪০১)

📖 تفسيرروح المعانى (دارالحديث) ٢ /٢٩٧ : وفي المراد من قوله سبحانه: مِمَّا تُحِبُّونَ أقوال، فقيل المال وكني بذلك عنه لأن جميع الناس يحبون، وقيل: نفائس الأموال وكرائمها، وقيل: ما يعم ذلك

Scanned by CamScanner

وغيره من سائر الأشياء التي يحبها الإنسان ويهواها، والإنفاق على هذا مجاز، وعلى الألين حقيقة وكان السلف رضي الله تعالى عنهم إذا أحبوا شيئا جعلوه لله تعالى -

📖 تفسير الفخر الرازى (إحياء التراث العربي) ٤ /١٤٨ : اختلف المفسرون فى قوله مما تحبون، فمنهم من قال انه نفس المال قال تعالى - وانه لحب الخير لشديد ومنهم من قال - ان تدون الهبة رفيعة جيدة- قال تعالى ولاتيمموا الخبيث منه تنفقون ومنهم من قال - مايكون محتاجا اليه -

📖 معارف القرآن (المكتبة المتحدة) ٢ /١٠٨ : لَنْ تَنَالُوا الْبِرَّ حَتَّى تُنْفِقُوا مِمَّا تُحِبُّونَ وَمَا تُنْفِقُوا مِنْ شَيْءٍ فَإِنَّ اللهَ بِهِ عَلِيمٌ اس آیت میں اللہ کی راہ میں خرچ کرنے کی ترغیب ہے اس سے مراد بعض حضرات مفسرین کے نزدیک صدقات واجبہ زکوۃ وغیرہ ہیں اور بعض کے نزدیک صدقات نافلہ ہیں لیکن جمہور محققین نے اس کے مفہوم کو صدقات واجبہ اور نفلیہ دونوں میں عام قرار دیا ہے اور صحابہ کرام کے واقعات متذکرہ بالا اس پر شاھد ہیں کہ ان کے یہ صدقات صدقات نفلیہ تھے۔

পুরুষ যেমন হবে, স্ত্রীও তেমন হবে

প্রশ্ন : জনৈক আলেম বলেছেন, যে পুরুষের চরিত্র যেমন হবে, সে একই চরিত্রের স্ত্রী পাবে। তিনি এ কথার ব্যাখায় বলেন, পুরুষ যদি ব্যভিচারী হয় সে ব্যভিচারিণী স্ত্রী পাবে। পুরুষ যৌন বিষয়ে যে ধরনের অন্যায় করেছে তার স্ত্রীকেও যৌন বিষয়ে এ ধরনের অন্যায়কারীনী পাবে। তিনি আরো বলেন, এ ধরনের কথা কোরআন-হাদীসে উল্লেখ আছে। প্রশ্ন হলো, তার বক্তব্য কতটুকু সত্য?

উত্তর : কোরআনে কারীমের সূরা আন নূরের বক্তব্যের সারকথা হচ্ছে, যে ব্যক্তি যেমন চরিত্রের অধিকারী সাধারণত সে অনুরূপ চরিত্রের জোড়ার প্রতি স্বভাবগতভাবে আকৃষ্ট হয়ে থাকে এবং অধিকাংশ সময় এমন মিলেও যায়। তবে নির্দিষ্ট কোনো জোড়ার ব্যাপারে এমন হয়েছে বলে নিশ্চিত দাবি করা যাবে না। (১৮/১৫৩/৭৪৬৫)

Scanned by CamScanner

📖 سورة النور الآية ٣: ﴿الزَّانِي لاَ يَنكِحُ إِلَّا زَانِيَةً أَوْ مُشْرِكَةً وَالزَّانِيَةُ لاَ يَنكِحُهَا إِلَّا زَانٍ أَوْ مُشْرِكٌ وَحُرِّمَ ذٰلِكَ عَلَى الْمُؤْمِنِينَ﴾

📖 سورة النور الآية ٢٦ : ﴿الْخَبِيثَاتُ لِلْخَبِيثِينَ وَالْخَبِيثُونَ لِلْخَبِيثَاتِ وَالطَّيِّبَاتُ لِلطَّيِّبِينَ وَالطَّيِّبُونَ لِلطَّيِّبَاتِ﴾

📖 تفسيرروح المعاني (دارالحديث) ٩/ ٣٨٠ : حكم مؤسس على الغالب المعتاد جيء به لزجر المؤمنين عن نكاح الزواني بعد زجرهم عن الزنا وذلك أن الفاسق الخبيث الذي من شأنه الزنا والتقحب لا يرغب غالبا في نكاح الصوالح من النساء اللاتي على خلاف صفته وإنما يرغب في فاسقة خبيثة من شكله أو في مشركة والفاسقة الخبيثة المسافحة كذلك لا يرغب في نكاحها الصلحاء من الرجال وينفرون عنها وإنما يرغب فيها من هو من شكلها من الفسقة والمشركين، ونظير هذا الكلام لا يفعل الخير إلا تقي فإنه جار مجرى الغالب، ومعنى التحريم على المؤمنين على هذا قيل التنزيه وعبر به عنه للتغليظ .

কবরস্থানে পুরাতন কোরআন শরীফ দাফন করা

প্রশ্ন : জনৈক মাওলানা সাহেব কোরআন শরীফের পুরাতন ছেঁড়া-ফাড়া কয়েকটি পাতা কবরস্থানের এক পাশে পলিথিন দিয়ে মুড়িয়ে পুঁতে রাখেন। আরেকজন মাওলানা সাহেব বলেন, কবরস্থানে কোরআন শরীফের ছেঁড়া-ফাড়া পাতা দাফন করা জায়েয নয়। জানার বিষয় হলো, কবরস্থানে ছেঁড়া-ফাড়া কোরআনের পাতা দাফন করা যাবে কি না?

উত্তর : কোরআন শরীফের পুরাতন ছেঁড়া-ফাড়া ও পড়ার অনুপযোগী পাতা এমন পবিত্র স্থানে দাফন করে দেবে, যেখানে মানুষের চলাফেরা নেই অথবা প্রবাহিত পানিতে ছেড়ে দেবে। তবে উত্তম হলো, কবরের মতো একটি গর্ত খনন করে পাক কাপড় পেঁচিয়ে সম্মানের সাথে দাফন করে দেওয়া এবং তা কবরস্থানের এক পাশে হলেও সমস্যা নেই; যদি স্থানটি পবিত্র হয়। (১৫/৮৯৩/৬৩১৩)

Scanned by CamScanner

📖 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ٦ /٤٢٢ : الكتب التي لا ينتفع بها يمحى عنها اسم الله وملائكته ورسله ويحرق الباقي ولا بأس بأن تلقى في ماء جار كما هي أو تدفن وهو أحسن كما في الأنبياء.

📖 رد المحتار(ايچ ايم سعيد) ٦ /٤٢٢ : والدفن أحسن كما في الأنبياء والأولياء إذا ماتوا، وكذا جميع الكتب إذا بليت وخرجت عن الانتفاع بها. يعني أن الدفن ليس فيه إخلال بالتعظيم، لأن أفضل الناس يدفنون.

📖 الفتاوى السراجية (ايچ ايم سعيد) صـ ٧١ : اذا صار المصحف خلقا ينبغى ان يلف فى خرقة طاهرة ويدفن فى مكان طاهر أو يحرق او يغسل.

কবরস্থানের মাটি ও সেখানে কোরআন শরীফ দাফন করার হুকুম

প্রশ্ন : আমরা জানি যে কোরআন শরীফের ছেঁড়া-ফাড়া পড়ার অনুপযোগী পাতা পবিত্র স্থানে দাফন করে দিতে হয় অথবা প্রবাহিত পানির মধ্যে ছেড়ে দিতে হয়। প্রশ্ন হলো, তা না করে এগুলো কবরস্থানে দাফন করা যাবে কি না? এবং কবরস্থানের মাটি পাক কি না?

উত্তর : পবিত্র কোরআনে কারীমের ছেঁড়া-ফাড়া পড়ার অনুপযোগী পাতাগুলো পাক কাপড়ে মুড়িয়ে কবরস্থানে দাফন করা বৈধ হবে। আর কবরস্থানের যে স্থানে কবর নেই, সেখানের মাটি পাক। আর যে স্থানে লাশ দাফন করা হয়েছে সেখানে যদি লাশ মাটিতে পরিণত হয়ে যায় তাহলে উক্ত মাটিও পাক বলে গণ্য হবে। (১৬/১২/৬৩৬৬)

📖 مراقى الفلاح (المكتبة العصرية) ص ٦٧ : والاستحالة تطهر الأعيان النجسة كالميتة إذا صارت ملحا والعذرة ترابا أو رمادا -

📖 حاشية الطحطاوى على المراقى (قديمى كتبخانه) ص ١٦١ : هو قول محمد ورواية عن الإمام وعليه أكثر المشايخ وهو المختار في الفتوى

Scanned by CamScanner

📖 مراقى الفلاح (المكتبة العصرية) صد ٦٩ : "وتطهر نجاسة استحالت عينها كأن صارت ملحا" أو ترابا أو أطرونا "أو احترقت بالنار" فتصير رمادا طاهرا على الصحيح لتبدل الحقيقة كالعصير يصير خمرا فينجس ثم يصير خلا فيطهر.

📖 فتاوی رحیمیہ (دار الاشاعت) ۱/۸۳ : قرآن کریم (کے اوراق) کو جو بوسیدہ یا دیمک خوردہ، نا قابل انتفاع ہو چکے ہوں ایسے پاک کپڑے میں لپیٹ کر کسی محفوظ جگہ میں جہاں لوگوں کے آمد و رفت بالکل نہ ہو یا کم ہو دفن کر دیا جائے جیسا کہ مسلمان میت کو دفنایا جاتا ہے۔

📖 فتاوی محمودیہ (زکریا بکڈپو) ۱/۱۷: الجواب-جو قرآن شریف بوسیدہ ہو کر تلاوت کے قابل نہ رہے تو اس کو پاک کپڑے میں لپیٹ کر قبر کھود کر اس میں دفن کر دینا چاہئے یہی بہتر ہے۔

পুরাতন কোরআন শরীফ সংরক্ষণের উপায়

প্রশ্ন : কোরআন শরীফের ফাটা পুরনো অংশ কিভাবে সংরক্ষণ করা হবে? জানালে চির কৃতজ্ঞ হব।

উত্তর : কোরআন শরীফ আল্লাহ তা'আলার পবিত্র কালাম, এর সম্মান রক্ষা করা মুসলিম জাতির ঈমানী দায়িত্ব। তাই যেসব কোরআন মজীদ পুরনো হয়ে তেলাওয়াতের অনুপযুক্ত হয়ে গেছে, ওই সব কোরআন মজীদ পবিত্র কাপড়ে মুড়িয়ে মানুষের কবরের ন্যায় কবর খনন করে তাতে দাফন করে দেবে। (১৪/৪০২)

📖 رد المحتار (ايچ ايم سعيد) ١ /١٧٧ : (قوله: يدفن) أي يجعل في خرقة طاهرة ويدفن في محل غير ممتهن لا يوطأ. وفي الذخيرة وينبغي أن يلحد له ولا يشق له؛ لأنه يحتاج إلى إهالة التراب عليه، وفي ذلك نوع تحقير إلا إذا جعل فوقه سقف بحيث لا يصل التراب إليه فهو حسن أيضا.

Scanned by CamScanner

কোরআন শরীফের ছেঁড়া পাতা জ্বালিয়ে দেওয়া

প্রশ্ন : কোরআনের ছেঁড়া পাতা জ্বালিয়ে নদীতে ফেলে দেওয়া শরীয়তসম্মত কি না?

উত্তর : শরীয়তের দৃষ্টিতে কোরআনের পাতা কোনো পরিষ্কার ও পবিত্র কাপড়ে মুড়িয়ে পবিত্র স্থানে দাফন করে দিবে। কোনো কারণে জ্বালাতে হলে তা পানির সাথে মিশিয়ে পানিতে ফেলে দেয়া বৈধ হবে। তবে ফেতনার আশংকা হলে এ পথ অবলম্বন না করাই উত্তম। (১৭/৩১৮)

📖 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ٦ /٤٢٢ : الكتب التي لا ينتفع بها يمحى عنها اسم الله وملائكته ورسله ويحرق الباقي ولا بأس بأن تلقى في ماء جار كما هي أو تدفن وهو أحسن كما في الأنبياء .

📖 رد المحتار (ايچ ايم سعيد) ٦ /٤٢٢ : والدفن أحسن كما في الأنبياء والأولياء إذا ماتوا، وكذا جميع الكتب إذا بليت وخرجت عن الانتفاع بها. يعني أن الدفن ليس فيه إخلال بالتعظيم، لأن أفضل الناس يدفنون.

📖 الفتاوى السراجية (ايچ ايم سعيد) صـ ٧١ : اذا صار المصحف خلقا ينبغى ان يلف فى خرقة طاهرة ويدفن فى مكان طاهر أو يحرق او يغسل.

📖 فتاوی رحیمیہ (دار الاشاعت) ۱ /۸۳ : قرآن کریم (کے اوراق) کو جو بوسیدہ یا دیمک خوردہ، نا قابل انتفاع ہو چکے ہوں ایسے پاک کپڑے میں لپیٹ کر کسی محفوظ جگہ میں جہاں لوگوں کے آمد و رفت بالکل نہ ہو یا کم ہو دفن کر دیا جائے جیسا کہ مسلمان میت کو دفنایا جاتا ہے۔

পুরাতন গিলাফ ও রেহালের সম্মান

প্রশ্ন :

১. কোরআন শরীফের গিলাফ পুরাতন হলে বা ছিঁড়ে গেলে তার দ্বারা অন্য কোনো কাজ করা জায়েয কি না? যেমন : ঘর, টেবিল, জুতা মোছা ইত্যাদি।

২. কোরআন শরীফ রাখার রেহাল ভেঙে গেলে তা অন্য কাঠের মতো যেকোনো কাজে ব্যবহার করা বা লাকড়ির মতো আগুনে জ্বালানো জায়েয কি না?

উত্তর : ১, ২. কোরআন শরীফের গিলাফ ও রেহাল কোরআন শরীফের কারণে সম্মানী বস্তু। তাই এগুলো পুরাতন হয়ে গেলে, ছিঁড়ে গেলে কিংবা ভেঙে গেলে এগুলোকে সম্মান পরিপন্থী নিম্নমানের কোনো কাজে ব্যবহার করা বা পুড়িয়ে ফেলার অনুমতি

Scanned by CamScanner

নেই। সুতরাং কোরআন শরীফের পুরাতন গিলাফ কোনো ধরনের জিনিস মোছার কাজে ব্যবহার করবে না। অনুরূপ কোরআন শরীফ রাখার রেহাল অকেজো হয়ে গেলে তা খড়ির মতো জ্বালানোর কাজে ব্যবহার করবে না। বরং সম্মানজনক কোনো কাজে ব্যবহার করার চেষ্টা করবে। (১০/৮২/২৯৮৫)

📖 الدر المختار مع الرد(ايج ايم سعيد) ١ /١٧٨ : تكره إذابة درهم عليه آية إلا إذا كسره. رقية في غلاف متجاف لم يكره دخول الخلاء به، والاحتراز أفضل. يجوز رمي براية القلم الجديد، ولا ترمى براية القلم المستعمل لاحترامه كحشيش المسجد وكناسته لا يلقى في موضع يخل بالتعظيم.

📖 موجودہ زمانہ کے مسائل کا شرعی حل ص ١٢ : کتاب اللہ کی بناء پر وہ کاغذ، وہ چمڑا اور وہ کپڑا بھی، جیسے کتاب اللہ مظہر بنائے یا اس سے وابستہ ہونے کا شرف حاصل ہوا پوری عزت واحترام کا مستحق ہوگا اب اس کاغذ وغیرہ کی توہین (جس پر قرآن مجید کے نقوش ہیں) کتاب اللہ بلکہ خود اللہ تعالی کی توہین سمجھی جائیگی اور ان چیزوں کی عزت وحرمت اللہ تعالی کی عزت وحرمت پائیگی۔

সূরা হাশর পাঠ করার সঠিক পদ্ধতি

প্রশ্ন : আমাদের মসজিদে ইমাম সাহেব প্রত্যেক ফজর নামাযের পর উচ্চ স্বরে সূরা হাশর পাঠ করেন আর তাঁর সাথে সাথে উচ্চস্বরে মুসল্লিগণও পাঠ করেন। আমাদের এলাকার জনৈক মুফতি সাহেব এই পদ্ধতিকে বিদ'আত বলেছেন। প্রশ্ন হলো, উক্ত মুফতি সাহেবের কথা কি ঠিক? তা না হলে সূরা হাশর পড়ার সঠিক পদ্ধতি কী?

উত্তর : সূরা হাশরের আখেরি তিন আয়াত পড়ার পদ্ধতি হলো, প্রত্যেকে একাকী শুরুতে তিনবার اعوذ بالله السميع العليم من الشيطان الرجيم পড়ে আয়াতগুলো পড়বে। তবে মুসল্লিদেরকে শিক্ষা দেওয়ার উদ্দেশ্যে প্রশ্নোল্লিখিত পদ্ধতিতেও পড়ানোর অবকাশ আছে। কিন্তু লক্ষ রাখতে হবে যেন অন্য কোন ব্যক্তির ইবাদতে ব্যাঘাত না ঘটে। আর সবার শিখা হয়ে যাওয়ার পর উক্ত পদ্ধতি পরিহার করে শুধুমাত্র স্মরণ করিয়ে দিতে পারবে। (১৫/৯৯১/৬৩৪০)

📖 سنن الترمذى (دار الحديث القاهرة) ٥ /٢٧ (٢٩٢٢): عن معقل بن يسار، عن النبي صلى الله عليه وسلم، قال: " من قال حين يصبح ثلاث مرات: أعوذ بالله السميع العليم من الشيطان الرجيم وقرأ ثلاث آيات من آخر سورة الحشر وكل الله به سبعين ألف ملك

Scanned by CamScanner

يصلون عليه حتى يمسي، وإن مات في ذلك اليوم مات شهيدا، ومن قالها حين يمسي كان بتلك المنزلة ".

📖 رد المحتار(ايچ ايم سعيد) ٦٦٠/١ : وهناك أحاديث اقتضت طلب الإسرار، والجمع بينهما بأن ذلك يختلف باختلاف الأشخاص والأحوال كما جمع بذلك بين أحاديث الجهر والإخفاء بالقراءة ولا يعارض ذلك حديث «خير الذكر الخفي» لأنه حيث خيف الرياء أو تأذي المصلين أو النيام، فإن خلا مما ذكر؛ فقال بعض أهل العلم: إن الجهر أفضل لأنه أكثر عملا ولتعدي فائدته إلى السامعين، ويوقظ قلب الذاكر فيجمع همه إلى الفكر، ويصرف سمعه إليه، ويطرد النوم، ويزيد النشاط.

চকের গুঁড়ো সংরক্ষণ ও অপবিত্র অবস্থায় আয়াত লেখা

প্রশ্ন : মাদ্রাসা বা মক্তবে শিক্ষকগণ চক দিয়ে বোর্ডের মধ্যে আয়াত লিখে আবার মুছে ফেলেন, তখন চকের গুঁড়োগুলো নিচে পড়ে যায়। কখনো কখনো অপবিত্র অবস্থায় এই আয়াতগুলো লেখা হয়। এতে করে কোরআনের সম্মানহানি হবে কি না? সম্মানহানি হয় না, এমন কোনো পন্থা থাকলে দয়া করে জানিয়ে দেবেন।

উত্তর : ব্ল্যাকবোর্ডে চক দিয়ে কোরআন মজীদের আয়াত লেখার সময় এ বিষয়টি অবশ্যই খেয়াল রাখা জরুরি, যাতে চকের গুঁড়োগুলো মাটিতে পড়ে কোরআন মজীদের অমর্যাদা না হয়। এ ক্ষেত্রে ব্ল্যাকবোর্ড ও চক ব্যবহারের পরিবর্তে বিশেষ ধরনের বোর্ড ও কলম ব্যবহার করা বাঞ্ছনীয়, যা বর্তমানে বাজারে পাওয়া যায়। তা ছাড়া অপবিত্র অবস্থায় ব্ল্যাকবোর্ডে কোরআনের আয়াত লেখা আদবের খেলাফ। একান্ত প্রয়োজনে লিখতে হলে এমনভাবে লিখতে হবে, যাতে আয়াত বা তার আশপাশে হাতের স্পর্শ না লাগে, অন্যথায় তা গোনাহের কারণ হবে। (১৭/২১/৬৮৯৩)

📖 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ١٧٥/١ : (و) لا تكره (كتابة قرآن والصحيفة أو اللوح على الأرض عند الثاني) خلافا لمحمد.

Scanned by CamScanner

وينبغي أن يقال إن وضع على الصحيفة ما يحول بينها وبين يده
يؤخذ بقول الثاني وإلا فبقول الثالث .

📖 احسن الفتاوی(ایچ ایم سعید) ۸ /۲۵ :سوال- بلاوضوء کسی ورق پر قرآن کریم کی آیت لکھنا کیسا ہے؟ معلمہ یا متعلمہ کو حالت حیض میں کوئی آیت لکھنے کی ضرورت پیش آئے تو اس کی گنجائش ہے یا نہیں؟

الجواب-کاغذ کو ہاتھ لگا کر آیت لکھنے کی کوئی گنجائش نہیں، بلا مس ورق جواز کتابت میں اختلاف ہے بوقت ضرورت گنجائش ہے۔

তন্দ্রাবস্থায় কোরআন পড়া ও কিছু সূরাকে জরুরি মনে করে প্রত্যহ পড়ার বিধান

প্রশ্ন : এক ব্যক্তি সরকারি চাকরিজীবী। সারা দিন অফিস করে শারীরিক-মানসিক পরিশ্রম করে বাড়ি এসে রাত পর্যন্ত সাংসারিক ঝামেলা সারার পর কোরআন তেলাওয়াত করতে বসেন। কোরআনে পাকের বিভিন্ন সূরার নানা রকম ফজীলত জানা থাকায় সেগুলো প্রায় সবই পড়তে থাকেন। কিন্তু মুশকিল হলো, এক সূরা শেষ না হতেই ঝিমুতে থাকেন, আর মাঝেমধ্যে জেগে জেগে পড়তে থাকেন। এভাবে প্রায় মাঝ রাত পর্যন্ত চলে। ফলে আশপাশের বা বাড়ির অন্য লোকদের নানা দিক দিয়ে অসুবিধার সৃষ্টি হয়। কিন্তু তিনি নাছোড় বান্দা। যে সমস্ত সূরা পড়া অভ্যাস করে নিয়েছেন, সেগুলো শেষ না করে খাবেন না, ঘুমাবেন না। এভাবে পড়তে পড়তে নিত্যপঠিত সূরাগুলো চালু হয়ে গেছে। কিন্তু বাকি কোরআন শরীফ মোটেও চালু হয়নি। এভাবে চলছে বছরের পর বছর। তেলাওয়াত করতে করতে মাঝেমধ্যে লম্বা সময় ঘুমিয়ে থাকেন। এটা কি পবিত্র কোরআন শরীফের ইহতেরামের খেলাফ নয়? তা ছাড়া এভাবে জরুরি মনে করে পড়া কতটুকু শরীয়তসম্মত? উল্লেখ্য, পাঁচ ওয়াক্ত নামাযের পরও তিনি কিছু সূরা পড়ে থাকেন, যেগুলোর কিছু ফজীলত বুজুর্গদের বিভিন্ন কিতাবে পাওয়া যায়।

উত্তর : বর্তমান সময়ে কোরআন তেলাওয়াতে অভ্যস্ত লোকের খুবই অভাব। এই যুগে তেলাওয়াতের ইহতিমাম করতে পারা সৌভাগ্যের বিষয়, এতে দোষ ধরার কী আছে? হ্যাঁ, তেলাওয়াতকারীর জন্য তেলাওয়াতের আদাব রক্ষা করা আবশ্যক। অন্য লোকের ইবাদতে বা ঘুমে ক্ষতি হওয়ার সম্ভাবনা থাকলে তেলাওয়াত ছোট আওয়াজে করবে, নিজের ঘুম এলে তেলাওয়াত বন্ধ করে ঘুমিয়ে যাবে। তেলাওয়াতের এসব আদাব রক্ষা করে তেলাওয়াত বেশি পরিমাণে করাই ভালো হবে। (৮/১১১/১৯৭২)

Scanned by CamScanner

📖 جامع الترمذى (دار الحديث) ٥/ ١٩ (٢٩٠٤) : عن عائشة، قالت: قال رسول الله صلى الله عليه وسلم: " الذي يقرأ القرآن وهو ماهر به مع السفرة الكرام البررة، والذي يقرؤه - قال هشام: وهو شديد عليه. قال شعبة: وهو عليه شاق - فله أجران ".

📖 صحيح مسلم (دار الغد الجديد) ٦ / ٦٧ (٧٨٧) : حدثنا أبو هريرة، عن محمد رسول الله صلى الله عليه وسلم، فذكر أحاديث منها، وقال رسول الله صلى الله عليه وسلم: «إذا قام أحدكم من الليل، فاستعجم القرآن على لسانه، فلم يدر ما يقول، فليضطجع».

📖 ردالمحتار (ايچ ايم سعيد) ١/ ٦٦٠ : وهناك أحاديث اقتضت طلب الإسرار، والجمع بينهما بأن ذلك يختلف باختلاف الأشخاص والأحوال كما جمع بذلك بين أحاديث الجهر والإخفاء بالقراءة ولا يعارض ذلك حديث «خير الذكر الخفي» لأنه حيث خيف الرياء أو تأذي المصلين أو النيام .

আয়াতুল কুরসী মশক করলেও পড়ার সাওয়াব পাবে, শুনলে নয়

প্রশ্ন :

১. ফজর ও মাগরিবের নামাযের পর আয়াতুল কুরসী পড়ার ফজীলত কী? কোনো ইমাম সাহেব যদি ফজর ও মাগরিবের পরে মুসল্লিদেরকে উক্ত সূরা মশক করায়, তাহলে কি সকলেই মশক করার সাওয়াব এবং পড়ার ফজীলত ভিন্ন ভিন্নভাবে পাবে, নাকি শুধু মশক করার সাওয়াব পাবে?

২. যদি শুধু ইমাম সাহেব পড়েন (নামাযের পরে) আর মুক্তাদীগণ শ্রবণ করেন তাহলে কি সকলেই আয়াতুল কুরসী পড়ার পূর্ণ ফজীলত পাবে?

Scanned by CamScanner

উত্তর : ১. হাদীসের বর্ণনা অনুযায়ী ফরয নামাযের পর আয়াতুল কুরসী পড়ার ফজীলত শুধুমাত্র ফজর ও মাগরিবের মধ্যে সীমাবদ্ধ নয়। বরং এ ফজীলত প্রত্যেক ফরয নামাযের সাথে সম্পৃক্ত। হাদীস শরীফে উল্লেখ আছে যে, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ইরশাদ করেছেন, “যে ব্যক্তি প্রত্যেক ফরয নামাযের পর আয়াতুল কুরসী নিয়মিত পাঠ করে, তার জন্য বেহেশতে প্রবেশের ক্ষেত্রে একমাত্র মৃত্যু ছাড়া অন্য কোনো অন্তরায় থাকে না, অর্থাৎ মৃত্যুর সাথে সাথেই সে বেহেশতে প্রবেশ করবে।” ইমাম সাহেবের সাথে মশক করা পড়ারই নামান্তর। এতে ইমাম ও মুসল্লি উভয়ই পড়া ও মশক করার ফজীলত পাবে। (১০/৯২৩)

২. যদি কেবলমাত্র ইমাম সাহেব পড়েন মুক্তাদীগণ শ্রবণ করে তাহলে ইমাম সাহেব পড়ার ফজীলত পাবেন, অন্যরা শোনার ফজীলত পাবে।

📖شعب الايمان(دارا الكتب العلمية) ٢/ ٤٥٨ (٢٣٩٥) : عن علي بن أبي طالب رضي الله عنه، يقول: سمعت رسول الله صلى الله عليه وسلم على أعواد المنبر يقول: " من قرأ آية الكرسي دبر كل صلاة لم يمنعه من دخوله الجنة إلا الموت، ومن قرأها حين يأخذ مضجعه أمنه الله على داره ودار جاره والدويرات حوله ".

📖مسند أحمد (مؤسسة الرسالة) ١٤ /١٨٩ (٨٤٩٤): عن أبي هريرة ، أن رسول الله صلى الله عليه وسلم، قال: «من استمع إلى آية من كتاب الله عز وجل، كتب له حسنة مضاعفة، ومن تلاها كانت له نورا يوم القيامة»

আয়াতুল কুরসী মৃত্যুকে জয় করে!

প্রশ্ন : কথিত আছে যে যদি সফরের প্রাক্কালে মুসাফির ও মুকীম পরস্পরকে আয়াতুল কুরসী শোনায় তবে তাদের মধ্যে পরবর্তীতে সাক্ষাতের পূর্বে কেউ মৃত্যুবরণ করবে না। কতটুকু সঠিক?

উত্তর : প্রশ্নে বর্ণিত আয়াতুল কুরসীর ফজীলতটি কোনো কিতাবে পাওয়া যায়নি। (১০/৯৫৬/৩৩৯৭)

Scanned by CamScanner

আয়াতুল কুরসী ও সূরা আদিয়াতের ফজীলত

প্রশ্ন : আয়াতুল কুরসী চারবার পড়লে একবার কোরআন শরীফ পড়ার পরিমাণ সাওয়াব হয়। (তাফসীরে মাওয়াহিবুর রহমান) সূরা আদিয়াত দুবার পড়লে একবার কোরআন শরীফ পড়ার পরিমাণ সাওয়াব হয় ইত্যাদি ফজীলতগুলো কতটুকু হাদীসসম্মত? 'তাফসীরে মাওয়াহিবুর রহমান' কতটুকু গ্রহণযোগ্য?

উত্তর : আয়াতুল কুরসীর ফজীলত সম্পর্কে হাদীসে নির্ভরযোগ্য অনেক ধরনের ফজীলত বর্ণিত হয়েছে। তবে চারবার আয়াতুল কুরসী পড়লে একবার কোরআন শরীফ পড়ার পরিমাণ সাওয়াব হয় মর্মে কোনো হাদীস পাওয়া যায়নি। (৮/৬১১/২১৯৯)

📖 سنن الترمذي (دارالحديث) ٥/ ٧ (٢٨٧٩) : عن أبي هريرة، قال: قال رسول الله صلى الله عليه وسلم: " من قرأ حم المؤمن إلى {إليه المصير} [غافر: وآية الكرسي حين يصبح حفظ بهما حتى يمسي، ومن قرأهما حين يمسي حفظ بهما حتى يصبح ".

📖 وفيه ايضا ٥/ ٧ (٢٨٧٨) : عن أبي هريرة رضـ، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «لكل شيء سنام، وإن سنام القرآن سورة البقرة وفيها آية هي سيدة آي القرآن، هي آية الكرسي» .

“সূরা আদিয়াত দুবার পড়লে একবার কোরআন শরীফ পড়ার পরিমাণ সাওয়াব হয়।” এ ধরনের কোনো হাদীস প্রসিদ্ধ হাদীসের কিতাবে নেই। তবে তাফসীরে দুররে মানসূরে ইবনে আব্বাস (রা.)-এর সনদে যে হাদীস উল্লেখ করা হয়েছে তার মর্ম এই “اذا زلزلت” অর্ধ কোরআনের সমান, “والعٰديٰت” অর্ধ কোরআনের সমান, قل هو الله এক-তৃতীয়াংশ কোরআনের সমান এবং قل يا ايها الكٰفرون এক-চতুর্থাংশ কোরআনের সমান। এ ধরনের হাদীসের ব্যাখ্যায় বিভিন্ন উক্তি পাওয়া যায়।

প্রসিদ্ধ ও গ্রহণযোগ্য তাফসীরের তালিকায় তাফসীরে মাওয়াহিবুর রহমানের নাম পাওয়া যায় না।

Scanned by CamScanner

সূরা ইয়াসীন ও ওয়াক্বিআহ নামাযে পড়লে ফজীলত পাবে কি না

প্রশ্ন : সূরায়ে ইয়াসীন ও ওয়াক্বিআহ সম্পর্কে যে ফজীলত বর্ণিত আছে, কোনো ব্যক্তি যদি উক্ত সূরাদ্বয় সকালে ফজর নামায এবং সন্ধ্যায় মাগরিবের ফরয ও সুন্নাত নামাযে পড়ে নেয়, তাহলে সে বর্ণিত ফজীলত পাবে কি না?

উত্তর : সূরা ইয়াসীন ও ওয়াক্বিআহ হাদীসে বর্ণিত ফজীলত পেতে হলে নামাযের বাইরে পড়বে। কেউ পড়তে না পারলেও ফজীলতের নিয়্যাতে নামাযে যদি পড়ে নেয় সে ফজীলতের আশা করতে পারে। তবে এটিকে নিয়মে পরিণত করা অনুচিত। (১৭/৭০০)

📖 مرقاة المفاتيح (انور بکڈپو) ٤/ ٦٥٨ : (وعنه)، أي عن أبي هريرة (قال: قال رسول الله - صلى الله عليه وسلم -: من قرأ حم المؤمن) ... ... (وآية الكرسي) والواو لمطلق الجمع فيجوز تقديمها وتأخيرها، ويدل على ما قلنا تقديم آية الكرسي في الحصن (حين يصبح)، أي قبل صلاة الصبح أو بعدها.

সূরা ইয়াসীন ও ওয়াক্বিআহ-র আমল

প্রশ্ন : মাদ্রাসাসংলগ্ন মসজিদে নিয়মিত ফজরের পর সূরায়ে ইয়াসীন ও এশার পর সূরা ওয়াক্বিয়াহ তেলাওয়াতের মা'মুল রয়েছে। এটা করা হয় সূরাদ্বয়ের ফজীলত লাভ এবং ছাত্রদের মাঝে আমলের অভ্যাস গড়ে তোলার জন্য। তবে কিছুসংখ্যক ছাত্র ও মুসল্লি যেহেতু কোরআন শরীফ তেলাওয়াত করতে পারে না, তাই একজন ছাত্র এ দুটি সূরা তেলাওয়াত করে। আর অন্য ছাত্ররা শোনে। যেন যারা পড়তে পারে না, তারা শোনার সাওয়াব পেয়ে যায়। মাদ্রাসা খোলাবস্থায় এই আমল চললেও বন্ধের সময় বন্ধ থাকে। প্রশ্ন হলো, এরূপ (ধারাবাহিকতা বজায় না রেখে) আমল করার শরীয়তের দৃষ্টিতে হুকুম কী?

উত্তর : ফজরের পর সূরায়ে ইয়াসীন এবং রাত্রিবেলায় সূরায়ে ওয়াক্বিআহ পড়ার ফজীলত ও সাওয়াবের কথা হাদীস শরীফে উল্লেখ আছে। তাই ব্যক্তিগতভাবে প্রত্যেকেই উক্ত সূরাগুলো পড়ার অভ্যাস করবে। কেউ পড়তে না জানলে শিখে পড়ার চেষ্টা করবে। প্রশ্নে বর্ণিত পদ্ধতিতে পড়া ও শোনার মধ্যে শরীয়তের দৃষ্টিতে কোনো

Scanned by CamScanner

অসুবিধা না থাকলেও প্রত্যেকে নিজে নিজে পড়ার যে ফজীলত, বরকত ও সাওয়াব রয়েছে, তা পাওয়া যাবে না। (৬/৪৪৭/১২৭৭)

📖 سنن الدارمي (دار المغني) ٤/ ٢١٥٠ (٣٤٦١) : عن عطاء بن أبي رباح، قال: بلغني أن رسول الله صلى الله عليه وسلم قال: «من قرأ يس في صدر النهار، قضيت حوائجه».

📖 شعب الإيمان(دارالكتب العلمية) ٢/ ٤٩٢ (٢٤٩٩) : عن ابن مسعود، قال: قال رسول الله صلى الله عليه وسلم: " من قرأ سورة الواقعة في كل ليلة لم تصبه فاقة أبدا " " وكان ابن مسعود يأمر بناته يقرأن بها كل ليلة ".

📖 مسند أحمد (مؤسسة الرسالة) ١٤ /١٩١ (٨٤٩٣): عن أبي هريرة، أن رسول الله صلى الله عليه وسلم، قال: " من استمع إلى آية من كتاب الله عز وجل، كتب له حسنة مضاعفة، ومن تلاها كانت له نورا يوم القيامة "-

সূরা ইয়াসীন, মুলক ও আলিফ লাম মীম সিজদাহর ফজীলত

প্রশ্ন : (১)'ফাজায়েলে আমাল' (বাংলা) পৃষ্ঠা ৮৫ তে লেখা হয়েছে, যথাক্রমে সূরা ইয়াসীন ও সূরা মুলক সম্পর্কে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, "আমার মন চায়, আমার সমস্ত উম্মতের অন্তরেই সূরা ইয়াসীন ও মুলক থাকুক।" হাদীস দুটি কতটুকু সহীহ?

(২) এবং ৮৭ পৃষ্ঠায় লেখা হয়েছে যে ব্যক্তি সূরা মুলক ও সূরা আলিফ লাম মীম সিজদাহ মাগরিব ও এশার মাঝখানে পড়বে সে যেন শবে ক্বদরে উপস্থিত থেকে ইবাদত করল। (অর্থাৎ শবে ক্বদরের সমতুল্য আমলের সাওয়াব লেখা হবে) হাদীসটি কতটুকু সঠিক? উপরোক্ত সূরা দুটির আরো ফজীলত সম্পর্কে সহীহ হাদিস জানতে চাই।

উত্তর : (১) "আমার মন চায়, আমার সমস্ত উম্মতের অন্তরে সূরা ইয়াসীন থাকুক" মর্মের হাদীসটি মুসনাদে বায্যার কিতাবে ইবনে আব্বাস (রা.)-এর সনদে বর্ণিত হয়েছে। (৮/৬১১/২১৯৯)

Scanned by CamScanner

📖 كشف الأستار عن زوائد البزار(مؤسسة الرسالة) ٣ /٨٧ (٢٣٠٥)
:عن ابن عباس قال: قال النبي صلى الله عليه وسلم: «لوددت أنها في قلب كل إنسان من أمتي» يعني: يس.
قال البزار: لا نعلمه يروى إلا عن ابن عباس بهذا الإسناد، وإبراهيم لم يتابع على أحاديثه، على أنه قد حدث عنه أهل العلم.

এবং সূরা মুলক সম্পর্কে উল্লিখিত মর্মের হাদীসটি ‘মুসতাদরাক’ কিতাবে ইবনে আব্বাসের সনদে বর্ণিত হয়েছে।

📖 المستدرك على الصحيحين (دار الكتب العلمية) ١ /٧٥٣ (٢٠٧٦)
:عن ابن عباس رضي الله عنهما، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «وددت أنها في قلب كل مؤمن» - يعني تبارك الذي بيده الملك -. «هذا إسناد عند اليمانيين صحيح ولم يخرجاه».

হাদীস দুটি গ্রহণযোগ্য।

(২) “যে ব্যক্তি সূরা মুলক ও সূরা আলিফ লাম মীম সিজদাহ মাগরিব ও এশার মাঝখানে পড়বে, সে যেন শবে ক্বদরে জাগ্রত থেকে ইবাদত করল” এ মর্মের হাদীসটি তাফসীরে দুররে মানসূরে ইবনে উমর (রা.)-এর সূত্রে উল্লেখ রয়েছে।

📖 الدر المنثور (مكتبة الرحاب) ٦ /٥٣٥ : وأخرج ابن مردويه عن ابن عمر رضي الله عنهما قال: قال رسول الله صلى الله عليه وسلم من قرأ {تبارك الذي بيده الملك} و{الم تنزيل} السجدة بين المغرب والعشاء الآخرة فكأنما قام ليلة القدر-

সূরা দুটির ফজীলত সম্পর্কে আরো বিভিন্ন হাদীস বর্ণিত রয়েছে। যেমন : কা'ব (রা.) থেকে বর্ণিত, যে ব্যক্তি এ দুটি সূরা পড়বে তার জন্য ৭০টি নেক আমল লেখা হবে, ৭০টি গোনাহ মাফ করা হবে। তার মর্যাদা ৭০ গুণ বৃদ্ধি পাবে –(সুনানে দারেমী)।

Scanned by CamScanner

📖 سنن الداري (دار المغني) ٤ /٢١٤٤ (٣٤٥٢): عن كعب، قال: «من قرأ تنزيل السجدة، و تبارك الذي بيده الملك وهو على كل شيء قدير، كتب له سبعون حسنة، وحط عنه بها سبعون سيئة، ورفع له بها سبعون درجة» .

সূরা হাশরের শেষ তিন আয়াত পড়ার ফজীলত ও নিয়ম

প্রশ্ন : সূরায়ে হাশরের শেষ তিন আয়াত পড়ার ফজীলত এবং নিয়ম কী? নামাযের পর শুধুমাত্র ইমাম সাহেব পড়বেন আর বাকিরা শুনবে, নাকি প্রত্যেকেই নিজে নিজে পড়বে? বিষয়গুলো বিস্তারিত জানালে চির কৃতজ্ঞ থাকব।

উত্তর : সূরায়ে হাশরের শেষ তিন আয়াতের ফজীলত সম্পর্কে তিরমিযী শরীফের হাদীসে নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) হতে বর্ণিত "যে ব্যক্তি উক্ত আয়াতসমূহ নিয়মানুযায়ী সকালে পাঠ করবে ৭০ হাজার ফেরেশতা সন্ধ্যা পর্যন্ত তার জন্য রহমত বা মাগফিরাতের দু'আ করতে থাকবে এবং যদি ওই ব্যক্তি সেদিন মারা যায় তাহলে শহীদের মর্যাদা লাভ করবে, সন্ধ্যায় পাঠ করলেও অনুরূপ ফজীলত পাওয়া যাবে।" অন্য হাদীসে আছে, "আল্লাহ তা'আলা তার জন্য জান্নাত ওয়াজিব করে দেবেন।" হাদীসের বর্ণনা মতে, উক্ত আয়াতসমূহ পড়ার নিয়ম, সকাল-সন্ধ্যায় اعوذ بالله السميع العليم من الشيطان الرجيم তিনবার পড়ে উক্ত আয়াতগুলো পাঠ করবে। প্রত্যেক মুসলিম নর-নারী উক্ত আয়াতসমূহ ব্যক্তিগতভাবে একাকী তেলাওয়াত করলে উল্লিখিত ফজীলতের অধিকারী হবে। নামাযের পর ইমাম সাহেব মুক্তাদীদেরকে নিয়ে সম্মিলিতভাবে পড়তে হবে এর কোনো প্রমাণ কিতাবে পাওয়া যায় না। তবে মুসল্লিদেরকে শিক্ষা দেওয়ার লক্ষ্যে সাময়িক তাদের মুখস্থ হওয়া পর্যন্ত ইমাম সাহেব উচ্চস্বরে পড়তে পারবেন। (৬/৯১৬/১৫১০)

📖 جامع الترمذى (دار الحديث) ٥/ ٢٧ (٢٩٢٢) : عن معقل بن يسار، عن النبي صلى الله عليه وسلم، قال: " من قال حين يصبح ثلاث مرات: أعوذ بالله السميع العليم من الشيطان الرجيم وقرأ ثلاث آيات من آخر سورة الحشر وكل الله به سبعين ألف ملك يصلون

Scanned by CamScanner

عليه حتى يمسي، وإن مات في ذلك اليوم مات شهيدا، ومن قالها حين يمسي كان بتلك المنزلة".

📖 الجامع لاحكام القرآن(احياءالتراث) ١٨ / ٤٩ : عن ابى امامة ؓ قال : قال رسول الله صلى الله وعليه وسلم: من قرأ خواتيم سورة الحشر فى ليل او نهار فقبضه الله فى تلك الليلة أو ذلك اليوم فقد أوجب الله له الجنة.

📖 الفقه الاسلامى وادلته (دار الفكر) ١/ ٨٢٣ : يسن ذكر الله والدعاء المأثور عقب الصلاة، إما بعد الفريضة مباشرة إذا لم يكن لها سنة بعدية كصلاة الفجر وصلاة العصر، وإما بعد الانتهاء من السنة البعدية كصلاة الظهر والمغرب والعشاء... ... ويأتي بالأذكار سراً على الترتيب التالي إلا الإمام المريد تعليم الحاضرين فيجهر إلى أن يتعلموا.

সূরা হাশরের শেষ তিন আয়াত বিসমিল্লাহসহ পড়ার হুকুম

প্রশ্ন : কিছু লোক বলে, সূরা হাশরের শেষ তিন আয়াত তেলাওয়াতে اعوذ بالله পড়ার পরে بسم الله الرحمن الرحيم পড়লে শুধু তেলাওয়াতের সাওয়াব পাওয়া যায় তবে হাদীসে বর্ণিত ফজীলত পাওয়া যাবে না। উক্ত বক্তব্য কতটুকু সত্য?

উত্তর : সূরায়ে হাশরের শেষ তিন আয়াত প্রসঙ্গে হাদীস শরীফে যে ফজীলত এবং পড়ার যে পদ্ধতি বর্ণিত হয়েছে কেউ যদি তার ব্যতিক্রমে বিসমিল্লাহসহ পড়ে তাহলেও সে উক্ত ফজীলত থেকে বঞ্চিত হবে না। সূরায়ে হাশরের শেষ তিন আয়াতের ফজীলত সম্পর্কীয় যতগুলো হাদীস বর্ণিত হয়েছে, তার অধিকাংশ হাদীসেই اعوذ بالله السميع العليم من الشيطان الرجيم এর কথা উল্লেখ নেই। সেই হাদীসগুলোর প্রতি লক্ষ করলেই বুঝে আসে যে মূলত এখানে শেষ তিন আয়াতই উদ্দেশ্য। اعوذ بالله السميع العليم من الشيطان الرجيم তিনবার পড়াটা এর বিশেষ আদব। অন্যান্য সূরার যে

Scanned by CamScanner

ফজীলত বর্ণিত হয়েছে সেখানেও بسم الله، اعوذ بالله এর কথা উল্লেখ নেই। তবে কোরআন পড়ার আদব হিসেবে بسم الله، اعوذ بالله সহ পড়া হয়, بسم الله، اعوذ بالله পড়া না পড়া ফজীলতের জন্য শর্ত নয়। যদি এমন হতো, তাহলে অবশ্যই হাদীসে বিসমিল্লাহ পড়া থেকে নিষেধ করা হতো। কারণ তা কোরআনে কারীমের তেলাওয়াতের আদব পরিপন্থী আর যেহেতু সূরায়ে হাশরের তিন আয়াত পড়ার এ পদ্ধতি অনেক হাদীসে এসেছে, তাই এই পদ্ধতির বিপরীত بسم الله না পড়াটাই উত্তম। (১৫/২৭৬/৫৯৬৪)

📖 سنن الدارى (دار المغني) ٤ /٢١٥٣ (٣٤٦٦) : عن الحسن، قال: «من قرأ ثلاث آيات من آخر سورة الحشر إذا أصبح فمات من يومه ذلك، طبع بطابع الشهداء، وإن قرأ إذا أمسى فمات من ليلته، طبع بطابع الشهداء».

📖 شعب الايمان (دار الكتب العلمية) ٢ /٤٩٢ (٢٥٠١) :عن أبي أمامة الباهلي، قال: قال رسول الله صلى الله عليه وسلم: " من قرأ خواتيم الحشر في ليلة أو نهار فمات من يومه أو ليلته فقد أوجب الجنة ".

📖 سنن الترمذى (دار الحديث) ٥ /٢٧ (٢٩٢٢):عن معقل بن يسار، عن النبي صلى الله عليه وسلم، قال: " من قال حين يصبح ثلاث مرات: أعوذ بالله السميع العليم من الشيطان الرجيم وقرأ ثلاث آيات من آخر سورة الحشر وكل الله به سبعين ألف ملك يصلون عليه حتى يمسي، وإن مات في ذلك اليوم مات شهيدا، ومن قالها حين يمسي كان بتلك المنزلة ".

اعوذ بالله এর সাথে بسم الله পড়লে কি সূরা হাশরের ফজীলত পাওয়া যাবে না

প্রশ্ন : কিছুদিন পূর্বে একজন তাবলীগের আমির বয়ানে বলেন, যে ব্যক্তি সকাল-বিকেল সূরা হাশর তিনবার اعوذ بالله السميع العليم من الشيطان الرجيم এর সাথে পড়বে তার

Scanned by CamScanner

জন্য ৭০ হাজার ফেরেশতা দু'আ করবে। তবে উক্ত ফজীলত ওই সময় পাওয়া যাবে, যখন শুধু তিনবার اعوذ بالله এর সাথে পড়বে। আর اعوذ بالله السميع العليم من الشيطان الرجيم এর সাথে বিসমিল্লাহ পড়লে উক্ত ফজীলত পাবে না। কারণ হাদীসে اعوذ بالله এর কথা আছে, বিসমিল্লাহর কথা নেই। সুতরাং বিসমিল্লাহ পড়া যাবে না। প্রশ্ন হলো, উক্ত আমির সাহেবের কথা কতটুকু সহীহ?

উত্তর : উল্লিখিত হাদীসের মর্ম এই যে, যে ব্যক্তি সকালে اعوذ بالله السميع العليم من الشيطان الرجيم তিনবার পড়ার পর সূরা হাশরের শেষের তিন আয়াত পড়বে আল্লাহ পাক ৭০ হাজার ফেরেশতাকে তার জন্য দু'আয় রত করে দেবেন, বিকেল পর্যন্ত তারা এরূপ করবে। বিকেলে পড়লে সকাল পর্যন্ত এরূপ করবে। সুতরাং হাদীসে যেভাবে যতটুকু পড়তে বলা হয়েছে, সেভাবে বেশি-কম না করে পড়াই সমীচীন। ইচ্ছা করে بسم الله الرحمن الرحيم যোগ করবে না। কেউ যোগ করলে থেকে ফজীলত বঞ্চিত হবে বলা যাবে না। (৮/২৩২/২০৭৬)

📖 جامع الترمذى (دار الحديث) ٥/ ٢٧ (٢٩٢٢): عن معقل بن يسار، عن النبي صلى الله عليه وسلم، قال: " من قال حين يصبح ثلاث مرات: أعوذ بالله السميع العليم من الشيطان الرجيم وقرأ ثلاث آيات من آخر سورة الحشر وكل الله به سبعين ألف ملك يصلون عليه حتى يمسي، وإن مات في ذلك اليوم مات شهيدا، ومن قالها حين يمسي كان بتلك المنزلة ".

📖 ردالمحتار (ايچ ايم سعيد) ١/ ٥٣١ : لو زاد على العدد، قيل يكره لأنه سوء أدب، وأيد بأنه كدواء زيد على قانونه أو مفتاح زيد على أسنانه، وقيل لا بل يحصل له الثواب المخصوص مع الزيادة، بل قيل لا يحل اعتقاد الكراهة، لقوله تعالى - {من جاء بالحسنة فله عشر أمثالها} - والأوجه إن زاد لنحو شك عذر أو لتعبد فلا لاستدراكه على الشارع وهو ممنوع. ملخصا من تحفة ابن حجر .

Scanned by CamScanner

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কি সূরায়ে হাশর প্রচলিত পদ্ধতিতে পড়েছেন

প্রশ্ন : রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ২৩ বছর ইমামতি করেছিলেন। জানার বিষয় হচ্ছে যে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) প্রতিদিন ফজরের নামায শেষে মুনাজাতের পূর্বে উপস্থিত মুসল্লিগণকে নিয়ে সূরা হাশরের শেষ তিনটি আয়াত পড়তেন কিনা?

উত্তর : সকাল-সন্ধ্যা তথা ফজর ও মাগরিবের নামাযের পর সূরা হাশরের শেষ তিনটি আয়াত পড়ার ওপর হাদীস শরীফে ফজীলতের কথা উল্লেখ রয়েছে। কিন্তু নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) প্রত্যহ ফজরের নামাযের পর সাহাবায়ে কেরামকে নিয়ে সম্মিলিতভাবে উক্ত আয়াতগুলো পড়তেন, তা কোনো কিতাবে পাওয়া যায় না। তাই বর্তমানেও ইমাম-মুক্তাদী সবাই ব্যক্তিগতভাবে উক্ত আয়াতগুলো পড়বে। তবে মুসল্লিদেরকে শেখানোর লক্ষ্যে তাদেরকে নিয়ে ইমাম সাহেব সাময়িকভাবে উচ্চস্বরে পড়লে কোনো আপত্তি নেই। (৬/৯০৯/১৪৯৯)

📖 جامع الترمذی (دار الحدیث) ٥/ ٢٧ (٢٩٢٢) : عن معقل بن يسار، عن النبي صلى الله عليه وسلم، قال: " من قال حين يصبح ثلاث مرات: أعوذ بالله السميع العليم من الشيطان الرجيم وقرأ ثلاث آيات من آخر سورة الحشر وكل الله به سبعين ألف ملك يصلون عليه حتى يمسي، وإن مات في ذلك اليوم مات شهيدا، ومن قالها حين يمسي كان بتلك المنزلة ".

📖 الفقه الاسلامی وادلته (دار الفکر) ١/ ٨٢٣ : يسن ذكر الله والدعاء المأثور عقب الصلاة، إما بعد الفريضة مباشرة إذا لم يكن لها سنة بعدية كصلاة الفجر وصلاة العصر، وإما بعد الانتهاء من السنة البعدية كصلاة الظهر والمغرب والعشاء؛ لأن الاستغفار يعوض نقص الصلاة، والدعاء سبيل الحظوة بالثوا ب والأجر بعد التقرب إلى الله بالصلاة. ويأتي بالأذكار سراً على الترتيب التالي إلا الإمام المريد تعليم الحاضرين فيجهر إلى أن يتعلموا، ويقبل الإمام على الحاضرين، جاعلاً يساره إلى المحراب ،قال سمرة: «كان النبي صلّى الله عليه وسلم إذا صلى أقبل علينا بوجهه» .

Scanned by CamScanner

اعوذ بالله এবং بسم الله সহ সূরায়ে হাশর পড়ার হুকুম

প্রশ্ন : আমরা সূরায়ে হাশরের শেষ তিন আয়াত পড়ার সময় اعوذ بالله السميع العليم من الشيطان الرجيم পড়ি। অতঃপর বিসমিল্লাহ পড়ে সূরা হাশরের শেষ তিন আয়াত পড়ি। কিন্তু এক মৌলভী সাহেব বলেন, শুধু اعوذ بالله পড়তে হবে বিসমিল্লাহ পড়া যাবে না। আবার আরেক মৌলভী সাহেব বলেছেন, উভয়টিই পড়া যাবে। এর সঠিক সমাধান চাই।

উত্তর : হাদীস শরীফে যেহেতু শুধু اعوذ بالله السميع العليم من الشيطان الرجيم তিনবার পড়ে সূরা হাশরের আখেরী তিন আয়াত পড়ার কথা উল্লেখ রয়েছে, তাই ওই রকম পড়াই হচ্ছে আসল। তবে কেউ যদি বিসমিল্লাহ সহকারে পড়তে চায় তাও পারবে। (১/৩১৭)

📖 جامع الترمذى (دار الحديث) ٥/ ٢٧ (٢٩٢٢) : عن معقل بن يسار عن النبي صلى الله عليه وسلم قال من قال حين يصبح ثلاث مرات أعوذ بالله السميع العليم من الشيطان الرجيم وقرأ ثلاث آيات من آخر سورة الحشر وكل الله به سبعين ألف ملك يصلون عليه حتى يمسي وإن مات في ذلك اليوم مات شهيدا ومن قالها حين يمسي كان بتلك المنزلة .

সূরা হাশরের তেলাওয়াত শুনলে পড়ার সাওয়াব পাবে না

প্রশ্ন : বর্তমান সমাজে প্রায় অনেক মসজিদে দেখা যায় যে বাদ ফজর ইমাম সাহেব মুক্তাদীদেরকে সূরায়ে হাশরের তালীম দান করেন অথবা ইমাম সাহেব শুধু পাঠ করেন, আর মুক্তাদীগণ চুপ থেকে শ্রবণ করেন। অথচ আলেম-উলামাদের মুখে সূরায়ে হাশরের ফজীলত সম্পর্কে শুনেছি, সূরায়ে হাশর পাঠ করলে নাকি সত্তর হাজার ফেরেশতা পাঠকারীর জন্য দু'আ করতে থাকে। প্রশ্ন হলো, ইমাম সাহেব মুসল্লিদেরকে তালীম দিলে অথবা তিনি পাঠ করলে আর মুক্তাদীরা শ্রবণ করলে হাদীসে বর্ণিত ফজীলত পাবে কি না?

Scanned by CamScanner

উত্তর : প্রশ্নে বর্ণিত ইমাম সাহেব তাঁর মুসল্লিদের তালীম দেওয়ার সময় যদি মুক্তাদীগণ ইমামের সাথে মুখে সূরায়ে হাশর পাঠ করে থাকেন তাহলে ইমামের সাথে মুসল্লিগণও হাদীস শরীফে বর্ণিত সূরায়ে হাশর পাঠ করার বিশেষ ফজীলত ও সাওয়াব পাবেন। যদি মুক্তাদীগণ ইমামের সাথে পাঠ না করে শুধু শ্রবণ করেই ক্ষান্ত হন তাহলে কোরআন শ্রবণের সাওয়াব পেলেও হাদীসে বর্ণিত সূরায়ে হাশর পাঠ করার বিশেষ ফজীলত লাভ করতে পারবেন না। (১৫/১২/৫৮৮৩)

📖 مسند الإمام أحمد (مؤسسة الرسالة)٣٣ /٤٢١(٢٠٣٠٦) : عن معقل بن يسار، عن النبي صلى الله عليه وسلم قال: " من قال حين يصبح ثلاث مرات: أعوذ بالله السميع العليم من الشيطان الرجيم، ثم قرأ ثلاث آيات من آخر سورة الحشر، وكل الله به سبعين ألف ملك يصلون عليه حتى يمسي، إن مات في ذلك اليوم مات شهيدا، ومن قالها حين يمسي كان بتلك المنزلة ".

📖 شعب الإيمان(دار الكتب العلمية) ٢ / ٣٤١ (١٩٨١) : عن أبي هريرة قال: قال رسول الله صلى الله عليه وسلم: " من تلا آية من كتاب الله كانت له نورا يوم القيامة، ومن استمع لآية من كتاب الله كتبت له حسنة مضاعفة".

📖 مسند الإمام أحمد (مؤسسة الرسالة)١٤ /١٩١ (٨٤٩٣) : عن أبي هريرة، أن رسول الله صلى الله عليه وسلم، قال: " من استمع إلى آية من كتاب الله عز وجل، كتب له حسنة مضاعفة، ومن تلاها كانت له نورا يوم القيامة ".

তিনবার সূরা ইখলাস পড়া ও কোরআন খতমের মাঝে পার্থক্য

প্রশ্ন : তিনবার সূরায়ে ইখলাস পড়লে এক খতম কোরআনের সাওয়াব হয়। তাহলে সমস্ত কোরআন খতম করা আর তিনবার সূরায়ে ইখলাস পড়ার মধ্যে পার্থক্য কী?

Scanned by CamScanner

কোরআন শরীফ খতম করা ও কোরআন খতম করার সাওয়াব পাওয়া এক নয়।

উত্তর : কোরআন শরীফ খতম করা ও কোরআন খতম হয় না। বরং খতমে কোরআনের তিনবার সূরায়ে ইখলাস পড়লে কোরআন খতম হয় না। বরং খতমে কোরআনের সাওয়াব পাওয়া যায়। এ হিসেবে কেউ পুরো কোরআন পড়লে কী পরিমাণ সাওয়াব পাবে, তা চিন্তা করে দেখুন। (১৯/৯৪৭/৮৫৪৩)

📖 عمدة القارى (دار احياء التراث) ٢٠ / ٣٣ : قال ابن راهويه : ليس معناه ان لو قرء القرآن كله كانت قراءة قل هو الله احد تعدل ذلك، اذا قرأها ثلاث مرات لا ولو قرأها اكثر من مأة مرة .

📖 شرح النووى على صحيح مسلم (دار الغد الجديد) ٦/ ٨٤ : قال القاضى: قال المأرزى: قيل معناه ان القرآن على ثلاثة انحاء، قصص واحكام وصفات لله تعالى، وقل هو الله احد متمحضة للصفات فهى ثلث وجزء من ثلاثة اجزاء، وقيل: معناه ان ثواب قراءتها يضاعف بقدر ثواب قراءة ثلث القرآن بغير تضعيف-

📖 المعجم الصغير للطبرانى(المكتب الإسلامي) ٢/ ١٥٣(٩٤٨) : عن عبد الله بن عمر، عن أبيه عمر بن الخطاب بحديث الضب: أن رسول الله صلى الله عليه وآله وسلم كان في محفل من أصحابه إذ جاء أعرابي... ...وإذا قرأت قل هو الله أحد مرة فكأنما قرأت ثلث القرآن، وإذا قرأت قل هو الله أحد مرتين فكأنما قرأت ثلثي القرآن، وإذا قرأت قل هو الله أحد ثلاث مرات فكأنما قرأت القرآن كله»، فقال الأعرابي: نعم الإله إلهنا، يقبل اليسير ويعطي الجزيل ... ...

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ٩/ ١٣-١٤ : سب سے بہتر مطلب وہ ہے جو شیخ الاسلام ابن تیمیہؒ نے بیان کیا ہے کہ اجر وثواب کی انواع مختلف ہیں سورۂ اخلاص پڑھنے سے ایک نوع کا ثواب ملے گا، جو اگرچہ ثلث قرآن کے برابر ہوگا مگر بقیہ قرآن کی تلاوت نہ کی جائے تو دوسری انواع اجر اور منافع سے محرومی رہے گی جبکہ بندہ سب انواع اجر کا محتاج ہے ... ... ثانیا ثواب کا حصول اگر یقینی تسلیم کر بھی لیا جائے تو اس ثلث قرآن کا اجر حقیقی ملے گا، اجر اضافی سے محروم رہے گا یا اجر کی

Scanned by CamScanner

ایک نوع حاصل ہوگی خواہ سینکڑوں بار سورہ اخلاص پڑھ لے دوسری انواع اجر
تلاوت کی برکات اوراس میں غور وتدبر کے منافع سے محروم رہے گا۔

সকাল-সন্ধ্যা তিন কুল পড়ার ফজীলত

প্রশ্ন : আমরা জানি, সকাল-সন্ধ্যা তিন কুল পাঠ করে শরীরে দম করলে শয়তানের অনিষ্ট হতে রক্ষা পাওয়া যায়। বহু দিন যাবৎ সুন্নাত মনে করে এই আমল করে আসছি। কিন্তু ইদানীং নির্ভরযোগ্য এক আলেম থেকে শুনতে পেলাম যে সকাল-সন্ধ্যা তিন কুল পড়ে দম করার কোনো ভিত্তি নেই। তবে রাতে শয়নের সময় তিন কুল পড়ে দম করার কথা মিশকাত শরীফ প্রথম খণ্ড, পৃ. ১৮৬-তে বর্ণিত আছে। এখন আমার জানার বিষয় হচ্ছে, ওই আলেমের কথাই সঠিক, না আমাদের করে আসা আমল সঠিক? অনুগ্রহপূর্বক সঠিক দিকনির্দেশনা দিলে কৃতজ্ঞ থাকব।

উত্তর : সকাল-সন্ধ্যা তিন কুল পড়া সম্পর্কে বর্ণিত আছে যে নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) একজন সাহাবীকে নির্দেশ দিলেন, তুমি সকাল-বিকেল তিনবার তিন কুল পড়বে, এ সূরাগুলো সকল বিপদ থেকে সুরক্ষার জন্য যথেষ্ট হবে। এর দ্বারা স্পষ্ট বোঝা যায়, সকাল-বিকেল এ সূরাগুলো পড়া মুস্তাহাব, পড়ার দ্বারাই উপকার হবে, দম করতে হবে না। কেউ দম করলেও ক্ষতি নেই, তবে দম করা সুন্নাত বলা যাবে না। (৮/৬৯৫/২৩১৬)

📖 سنن ابی داود(دار الحديث) ٤ / ٢١٦٤ (٥٠٨٢) : عن معاذ بن عبد الله بن خبيب، عن أبيه، أنه قال: خرجنا في ليلة مطر، وظلمة شديدة، نطلب رسول الله صلى الله عليه وسلم ليصلي لنا، فأدركناه، فقال: أصليتم؟ فلم أقل شيئا، فقال: «قل» فلم أقل شيئا، ثم قال: «قل» فلم أقل شيئا، ثم قال: «قل» فقلت: يا رسول الله ما أقول؟ قال: «قل قل هو الله أحد والمعوذتين حين تمسي، وحين تصبح، ثلاث مرات تكفيك من كل شيء».

📖 سنن الترمذی (٣٥٧٥) 📖 سنن النسائی (٥٤٢٨)

Scanned by CamScanner

باب مايتعلق بالحديث

পরিচ্ছেদ : হাদীস সম্পর্কীয়

যঈফ হাদীসের ওপর আমল করার শর্ত

প্রশ্ন : যঈফ হাদীসের ওপর আমল করা যাবে কি না? এবং এতে কোনো বিধিবিধান বা শর্ত আছে কি না? অনেক সময় দেখা যায়, সহীহ হাদীসের ওপর আমল করা হয় না অথচ যঈফ হাদীসের ওপর আমলের জন্য উদ্বুদ্ধ করা হয়, এটা সমীচীন হবে কি না?

উত্তর : বেশ কিছু শর্ত সাপেক্ষে যঈফ হাদীসের ওপর আমল করা যায়। যেমন :

১. হাদীসটি ফজীলত সম্পর্কীয় হতে হবে।
২. সূত্রের দিক দিয়ে অধিক দুর্বল না হতে হবে।
৩. কোরআন-হাদীসের মূলনীতি পরিপন্থী না হতে হবে।
৪. এর ওপর আমল করার সময় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) থেকে বর্ণিত হাদীস বলে নিশ্চিত আক্বীদা না রাখতে হবে।
৫. হাদীসটির মর্মার্থ কোনো সহীহ হাদীসের সরাসরি বিপরীত না হতে হবে।

উল্লেখ্য, যেসব ক্ষেত্রে সহীহ হাদীসের পরিবর্তে যঈফ হাদীসের ওপর আমল করতে দেখা যায়, সে ক্ষেত্রে হাদীস ও ফিকহের অভিজ্ঞ ইমামগণের মূলনীতি অনুকরণীয়। অর্থাৎ বাহ্যিকরূপে বহু সহীহ হাদীস সূক্ষ্ম ত্রুটি ও অভ্যন্তরীণ সমস্যাজনিত কারণে আমলের ক্ষেত্রে অগ্রাহ্য বলে সাব্যস্ত হয়। আবার সনদের বিচারে যঈফ, এমন অনেক হাদীসও যুগ যুগ ধরে মুসলিম উম্মাহ কর্তৃক এর ওপর আমল প্রতিষ্ঠার কারণে শক্তিশালী হয়ে আমলের উপযোগী হয়ে যায়। এ ধরনের বেশ কিছু উদাহরণ তিরমিযী শরীফেও বিদ্যমান। সুতরাং সনদের বিচারে সহীহ হলেও কোনো কোনো হাদীস আমলযোগ্য হয় না, আবার অনেক হাদীস যঈফ হলেও আমলযোগ্য হয়। এ ক্ষেত্রে প্রয়োজন হলো, ইমাম ও মুজতাহিদের অনুকরণ ও তাকলীদ করে মাযহাব মেনে চলা। অন্যথায় এসব বিষয়ে পথভ্রষ্ট হওয়ার প্রবল সম্ভাবনা। (১৫/৪৪৪/৬০৯৯)

📖 تدريب الراوى (دار طيبة) ١ / ٣٥٠ : (ويجوز عند أهل الحديث وغيرهم التساهل في الأسانيد) الضعيفة (ورواية ما سوى الموضوع

Scanned by CamScanner

من الضعيف والعمل به من غير بيان ضعفه في غير صفات الله تعالى) ، وما يجوز ويستحيل عليه، وتفسير كلامه، (والأحكام كالحلال والحرام، و) غيرهما، وذلك كالقصص وفضائل الأعمال والمواعظ، وغيرها (مما لا تعلق له بالعقائد والأحكام) .

ومن نقل عنه ذلك: ابن حنبل، وابن مهدي، وابن المبارك، قالوا: إذا روينافي الحلال والحرام شددنا، وإذا روينا في الفضائل ونحوها تساهلنا. تنبيه لم يذكر ابن الصلاح والمصنف هنا، وفي سائر كتبه لما ذكر سوى هذا الشرط، وهو كونه في الفضائل ونحوها، وذكر شيخ الإسلام له ثلاثة شروط: أحدها: أن يكون الضعف غير شديد، فيخرج من انفرد من الكذابين والمتهمين بالكذب، ومن فحش غلطه، نقل العلائي الاتفاق عليه.

الثاني: أن يندرج تحت أصل معمول به.

الثالث: أن لا يعتقد عند العمل به ثبوته، بل يعتقد الاحتياط.

وقال: هذان ذكرهما ابن عبد السلام وابن دقيق العيد

وقيل: لا يجوز العمل به مطلقا، قاله أبو بكر بن العربي.

وقيل: يعمل به مطلقا، وتقدم عزو ذلك إلى أبي داود وأحمد، وأنهما يريان ذلك أقوى من رأي الرجال.

وعبارة الزركشي: والضعيف مردود ما لم يقتض ترغيبا، أو ترهيبا، أو تتعدد طرقه، ولم يكن المتابع منحطا عنه

وقيل لا يقبل مطلقا.

وقيل: يقبل إن شهد له أصل، واندرج تحت عموم. انتهى.

ويعمل بالضعيف أيضا في الأحكام، إذا كان فيه احتياط.

Scanned by CamScanner

সবচেয়ে কম ও বেশি বয়সের সাহাবা এবং তাঁদের বর্ণিত হাদীসের হুকুম

প্রশ্ন : রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর ইন্তেকালের সময় সাহাবী হযরত আব্দুল্লাহ বিন আব্বাস (রা.)-এর বয়স ছিল মাত্র ১৩ (তের) বছর। অথচ কোরআন শরীফের তাফসীর সম্পর্কীয় অধিকাংশ হাদীস হযরত ইবনে আব্বাস (রা.) হতে বর্ণিত। এত অল্প বয়সে তিনি কিভাবে তাফসীর সম্পর্কীয় এত অধিকসংখ্যক হাদীস বয়ান করলেন?

হাদীস বর্ণনাকারী সাহাবাগণের মধ্যে সবচেয়ে কম বয়সী কে ছিলেন? এবং তিনি মোট কতটি হাদীস বর্ণনা করেছেন? আর হাদীস বর্ণনাকারী সাহাবাগণের মধ্যে সবচেয়ে বেশি বয়সের কে ছিলেন? এবং মোট কয়টি হাদীস বর্ণনা করেছেন?

বয়স কম বা বেশি হওয়ার দরুন স্মরণশক্তি বা বোধশক্তির ত্রুটি অথবা অন্য কোনো ত্রুটির কারণে তাঁদের বর্ণিত হাদীসসমূহ সহীহ বা নির্ভরযোগ্য ও আমলযোগ্য হওয়ার ব্যাপারে কোনো প্রভাব পড়তে পারে কি না?

উত্তর : সাধারণত মানুষের মনে দুই ধরনের প্রশ্ন উদ্ভাবিত হয়। প্রথমত, আক্বায়েদ বা আমলের সাথে সম্পৃক্ত। দ্বিতীয়ত, অনর্থক প্রশ্ন, যার সাথে ঈমান ও আমলের কোনো সম্পর্ক নেই। এ ধরনের অনর্থক প্রশ্ন করা ও তার উত্তর দেওয়া প্রশ্নকারী ও উত্তরদাতা উভয়েরই সময় নষ্ট করা। তা সত্ত্বেও আপনার প্রশ্নের উত্তর নিম্নরূপ :

ক. রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ইবনে আব্বাসের জন্য দু'আ করেছিলেন : اللهم فقهه فى الدين وعلمه التاويل অন্য বর্ণনায় اللهم علمه الكتاب والحكمة আরেক বর্ণনায় আছে اللهم علمه الحكمة وتاويل الكتاب

খ. ইবনে আব্বাস (রা.) বুদ্ধির বয়স থেকেই নবী পরিবারে লালিত-পালিত হয়েছেন এবং রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর সার্বক্ষণিক সঙ্গ লাভ করেছেন। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর ইন্তেকালের পর বড় বড় সাহাবায়ে কেরামের সঙ্গ লাভের মাধ্যমে অনেক হাদীস শ্রবণ করেছেন এবং শিখেছেন। (১৫/৫৯/৫৮৯২)

📖 صحيح البخارى (دار الحديث) ٣/ ٢٨ (٣٧٥٦) : عن ابن عباس، قال: ضمني النبي صلى الله عليه وسلم إلى صدره، وقال: «اللَّهُمَّ علمه الحكمة». حدثنا أبو معمر، حدثنا عبد الوارث، وقال: «علمه الكتاب».

Scanned by CamScanner

📖 المستدرك على الصحيحين (دار الكتب العلمية) ١ / ١٨٨ (٣٦٣) :
عن ابن عباس، قال: " لما قبض رسول الله صلى الله عليه وسلم قلت لرجل من الأنصار: هلم فلنسأل أصحاب رسول الله صلى الله عليه وسلم فإنهم اليوم كثير "، فقال: واعجبا لك يا ابن عباس، أترى الناس يفتقرون إليك وفي الناس من أصحاب رسول الله صلى الله عليه وسلم من فيهم، قال: «فتركت ذاك وأقبلت أسأل أصحاب رسول الله صلى الله عليه وسلم، وإن كان يبلغني الحديث عن الرجل فآتي بابه وهو قائل فأتوسد ردائي على بابه يسفي الريح علي من التراب فيخرج فيراني» فيقول: يا ابن عم رسول الله صلى الله عليه وسلم ما جاء بك؟ هلا أرسلت إلي فآتيك؟، فأقول: «لا، أنا أحق أن آتيك» ، قال: فأسأله عن الحديث، فعاش هذا الرجل الأنصاري حتى رآني وقد اجتمع الناس حولي يسألوني، فيقول: «هذا الفتى كان أعقل مني» .

📖 التفسير والمفسرون (دار الفكر) ١ / ٧٢ : ونستطيع أن نُرجِع هذه الشهرة العلمية، وهذا النبوغ الواسع الفيَّاض، إلى أسباب نجملها فيما يلي:

أولاً: دعاء النبى صلى الله عليه وسلم له بقوله: "اللَّهم علِّمه الكتاب والحكمة"، وفى رواية أخرى: "اللَّهم فقِّهه فى الدين، وعلِّمه التأويل"، والذى يرجع إلى كتب التفسير بالمأثور، يرى أثر هذه الدعوة النبوية، يتجلى واضحاً فيما صح عن ابن عباس رضى الله عنه.

ثانياً: نشأته فى بيت النبوة، وملازمته لرسول الله صلى الله عليه وسلم من عهد التميز، فكان يسمع منه الشئ الكثير، ويشهد كثيراً من الحوادث والظروف التى نزلت فيها آيات القرآن.

Scanned by CamScanner

ثالثاً: ملازمته لأكابر الصحابة بعد وفاة النبى صلى الله عليه وسلم، يأخذ عنهم ويروى لهم، ويعرف منهم مواطن نزول القرآن، وتواريخ التشريع، وأسباب النزول .

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর যুগে ছোট ছেলে বুদ্ধির বয়সের পর হাদীস শ্রবণ করলে তা শুদ্ধ ও নির্ভরযোগ্য বলে গণ্য। ইবনে আব্বাস (রা.) যেহেতু বুদ্ধি বয়সের ছিলেন, তাই তাঁর বর্ণনা নির্ভরযোগ্য হওয়ার ব্যাপারে সন্দেহের কোনো অবকাশ নেই।

📖 صحيح البخارى (دار الحديث) ٣/ ٣٣٩ (٤٩٧٠) : عن ابن عباس، قال: كان عمر يدخلني مع أشياخ بدر فكأن بعضهم وجد في نفسه، فقال: لم تدخل هذا معنا ولنا أبناء مثله، فقال عمر: إنه من قد علمتم، فدعاه ذات يوم فأدخله معهم، فما رئيت أنه دعاني يومئذ إلا ليريهم، قال: ما تقولون في قول الله تعالى: {إذا جاء نصر الله والفتح} ؟ فقال بعضهم: أمرنا أن نحمد الله ونستغفره إذا نصرنا، وفتح علينا، وسكت بعضهم فلم يقل شيئا، فقال لي: أكذاك تقول يا ابن عباس؟ فقلت: لا، قال: فما تقول؟ قلت: «هو أجل رسول الله صلى الله عليه وسلم أعلمه له» ، قال: {إذا جاء نصر الله والفتح} «وذلك علامة أجلك» ، {فسبح بحمد ربك واستغفره إنه كان توابا} ، فقال عمر: «ما أعلم منها إلا ما تقول».

📖 مقدمة ابن الصلاح (دار الفكر) صـ ١٣٠ : عن القاضي الحافظ عياض بن موسى السبتي اليحصبي قال: " قد حدد أهل الصنعة في ذلك أن أقله سن محمود بن الربيع "، وذكر رواية البخاري في صحيحه بعد أن ترجم: " متى يصح سماع الصغير؟ " بإسناده عن محمود بن الربيع قال: " عقلت من النبي صلى الله عليه وسلم مجة مجها في وجهي وأنا ابن خمس سنين من دلو "، وفي رواية أخرى: أنه كان ابن أربع سنين، (والله أعلم) .

Scanned by CamScanner

قلت: التحديد بخمس هو الذي استقر عليه عمل أهل الحديث المتأخرين، فيكتبون لابن خمس فصاعدا (سمع) ، ولمن لم يبلغ خمسا (حضر) ، أو (أحضر) .
والذي ينبغي في ذلك أن تعتبر في كل صغير حاله على الخصوص، فإن وجدناه مرتفعا عن حال من لا يعقل فهما للخطاب وردا للجواب ونحو ذلك صححنا سماعه، وإن كان دون خمس، وإن لم يكن كذلك لم نصحح سماعه.

হাদীস বর্ণনাকারী সাহাবাগণের মধ্যে সবচেয়ে কম বয়সী ছিলেন হযরত মাহমুদ বিন রবী (রা.)। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর ইন্তেকালের সময় তাঁর বয়স ছিল ৫ বছর। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) থেকে তাঁর বর্ণিত হাদীস মাত্র একটি।

📖 مقدمة ابن الصلاح (دار الفكر) صـ ١٣٠ : عن القاضي الحافظ عياض بن موسى السبتي اليحصبي قال: " قد حدد أهل الصنعة في ذلك أن أقله سن محمود بن الربيع ".

📖 الإصابة فى تميز الصحابة (دار الكتب العلمية) ٦ / ٣٣ : وكذا قال ابن حبان في سنة وفاته، لكن قال: وهو ابن أربع وتسعين، وكأنه مأخوذ من حديث أخرجه الطبراني من طريق محمود بن الربيع، قال: توفي النبيّ صلى الله عليه وسلّم وأنا ابن خمس سنين.

আর সবচেয়ে বেশি বয়সী ছিলেন সালমান ফারসী (রা.)। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর ইন্তেকালের সময় তাঁর বয়স ছিল ২২৭ বছর; মতান্তরে ৩২৭। তাঁর বর্ণিত হাদীসের সংখ্যা হলো ৬০টি।

📖 الإصابة فى تمييز الصحابة (دار الكتب العلمية) ٣/ ١١٩ : وروى البخاريّ في صحيحه، عن سلمان، أنه تداوله بضعة عشر سيّدا.... ... من طريق العباس بن يزيد، قال: أهل العلم يقولون: عاش سلمان ثلاثمائة وخمسين سنة، فأما مائتان وخمسون فلا يشكون فيها.

Scanned by CamScanner

📖 تهذيب التهذيب (دار الحديث) ٣/ ١٤٤ (٢٨٤٢) : قال الواقدي وغير واحد: مات بالمدائن في خلافة عثمان وقال أبو عبيد وغيره مات سنة "٣٦" وقال خليفة في موضع آخر مات سنة "٣٧" وقيل مات سنة "٣٣" وهو أشبه لما روى عبد الرزاق عن جعفر بن سليمان عن ثابت عن أنس قال دخل ابن مسعود على سلمان عند الموت وقد مات ابن مسعود قبل سنة "٣٤" باتفاق.

হযরত সালমান ফারসী (রা.)-এর বয়স বেশি হওয়ার কারণে স্মরণশক্তি হ্রাস পাওয়া বা ত্রুটিপূর্ণ হওয়ার প্রমাণ না থাকায় তাঁর বর্ণিত হাদীসসমূহ শুদ্ধ ও নির্ভরযোগ্য হওয়ার ব্যাপারে কোনো প্রভাব পড়বে না।

হাদীস পড়ার ফজীলত

প্রশ্ন : কোরআন শরীফের এক হরফ পড়লে ১০টি নেকি পাওয়া যায়, হাদীস শরীফ পড়লে সে পরিমাণ নেকি পাওয়া যাবে কি?

উত্তর : কোরআন শরীফ পড়লে প্রতি হরফে ১০টি নেকি পাওয়া যায়, এ কথা হাদীস শরীফে স্পষ্ট উল্লেখ আছে। কিন্তু হাদীস শরীফ পড়লে প্রতি হরফে ১০ নেকি পাওয়া যাবে, এ কথা কোথাও উল্লেখ নেই। তবে হাদীস শরীফ পড়ার দ্বারা উক্ত সাওয়াব পাওয়া না গেলেও রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর পবিত্র মুখ থেকে উচ্চারিত ভাষা হওয়ায় বরকত অবশ্যই পাবে। (৮/৯২১/২৮২৩)

📖 سنن الترمذى (دار الحديث) ٥ / ٢٢ (٢٩١٠) : عبد الله بن مسعود، يقول: قال رسول الله صلى الله عليه وسلم: «من قرأ حرفا من كتاب الله فله به حسنة، والحسنة بعشر أمثالها، لا أقول الم حرف، ولكن ألف حرف ولام حرف وميم حرف».

📖 سنن الترمذى (دار الحديث) ٤/ ٤٥٨ (٢٦٥٧) : عن عبد الرحمن بن عبد الله بن مسعود، يحدث عن أبيه، قال: سمعت النبي صلى الله

Scanned by CamScanner

عليه وسلم يقول: «نضر الله امرأ سمع منا شيئا فبلغه كما سمع، فرب مبلغ أوعى من سامع».

📖 مرقاة المفاتيح (انور بكڈپو) ١/ ٤٨٧ : وهذا يدل على شرف الحديث وفضله ودرجة طلابه حيث خصهم النبي - صلى الله عليه وسلم - بدعاء لم يشرك فيه أحد من الأمة، ولو لم يكن في طلب الحديث وحفظه وتبليغه - فائدة سوى أن يستفيد بركة هذه الدعوة المباركة لكفى ذلك فائدة وإنما وجد في الدارين حظا وقسما.

জেনেশুনে জাল হাদীস বর্ণনা করা

প্রশ্ন : একজন অভিজ্ঞ আলেম মানুষকে আকৃষ্ট করার উদ্দেশ্যে জাল (মওযু) হাদীস বর্ণনা করেন, তিনি হাদীসে উল্লিখিত ধমকীর আওতায় পড়বেন কি না? উল্লেখ্য যে, তিনি জাল হওয়া সম্পর্কে অবগত হওয়া সত্ত্বেও তা উল্লেখ করেননি এবং যাঁরা তাঁর হাদীস শ্রবণ করেছেন, তাঁরা উক্ত হাদীস জাল হওয়ার ব্যাপারে অবগত হওয়া সত্ত্বেও যদি তাঁর বিরোধিতা না করেন তবে তাঁরা গোনাহগার হবেন কি না?

উত্তর : জেনেশুনে জাল হাদীস বর্ণনা করা মারাত্মক গোনাহ। এর জন্য হাদীস শরীফে মারাত্মক পরিণতির কথা উল্লেখ আছে। তাই জাল হাদীসকে জাল প্রমাণ করার প্রয়োজন ছাড়া অন্য কোনো অবস্থাতেই জাল হাদীস বর্ণনা করা যাবে না। কেননা সাধারণ লোক তা দ্বীনের অংশ মনে করার প্রবল সম্ভাবনা রয়েছে। তাই এ সম্পর্কে অবগত হওয়া মাত্রই শক্তভাবে তা দমন ও প্রতিহত করা জরুরি। অন্যথায় সকলেই গোনাহগার হবে। (১৫/৪৪৪/৬০৯৯)

📖 سنن الترمذى (دار الحديث) ٤ / ٤٦١ (٢٦٦٢) : عن المغيرة بن شعبة، عن النبي صلى الله عليه وسلم قال: «من حدث عني حديثا وهو يرى أنه كذب فهو أحد الكاذبين».

📖 مقدمة ابن الصلاح (دار الفكر) ١ / ٩٨ : ولا تحل روايته لأحد علم حاله في أي معنى كان إلا مقرونا ببيان وضعه، بخلاف غيره من الأحاديث الضعيفة التي يحتمل صدقها في الباطن، حيث جاز

Scanned by CamScanner

روايتها في الترغيب والترهيب، على ما نبينه قريبا إن شاء الله تعالى.

কিয়ামতের দিন সূর্যের দূরত্ব কতটুকু হবে?

প্রশ্ন : কিয়ামতের দিন সূর্য এক হাত ওপরে থাকবে এরূপ কোনো প্রমাণ কোরআন ও হাদীসে আছে কি?

উত্তর : হাদীস শরীফে বর্ণিত আছে যে কিয়ামতের দিন সূর্য অতি সন্নিকটে হবে। তবে তার দূরত্ব কত? এর সঠিক পরিমাণ নিশ্চিতভাবে বলা যাবে না। এক মাইলও হতে পারে বা এক হাতের চেয়ে কমও হতে পারে। (২/১৬)

📖 صحيح مسلم (دار الغد الجديد) ١٧/ ١٧١ (٢٨٦٤) : عن المقداد بن الأسود ، قال: سمعت رسول الله صلى الله عليه وسلم، يقول: «تدنى الشمس يوم القيامة من الخلق، حتى تكون منهم كمقدار ميل» - قال سليم بن عامر: فوالله ما أدري ما يعني بالميل؟ أمسافة الأرض، أم الميل الذي تكتحل به العين .

রাসূল (সা.) ফুল ভালোবাসতেন কি

প্রশ্ন : রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ফুল ভালোবাসতেন–এমন কোনো প্রমাণ আছে কি?

উত্তর : হাদীসে বর্ণিত আছে যে সুগন্ধি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ভালোবাসতেন এবং এক ধরনের রায়হান নামক সুগন্ধিযুক্ত তৃণকে পছন্দ করেছেন। (২/১৬)

📖 سنن الترمذي (دار الحديث) ٤/ ٥٢٣ (٢٧٩١) : عن أبي عثمان النهدي، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «إذا أعطي أحدكم الريحان فلا يرده فإنه خرج من الجنة» -

Scanned by CamScanner

📖 فيض القدير(مكتبة نزار) ٩/ ٤٥٩٧ : (كان أحب الرياحين) جمع ريحان نبت طيب الريح أو كل نبت طيب الريح كذا في القاموس وفي المصباح الريحان كل نبت طيب الريح لكن إذا أطلق عند العامة انصرف إلى نبات مخصوص -

পিতা-মাতার কথায় স্ত্রীকে তালাক দেওয়া সংক্রান্ত হাদীসের ব্যাখ্যা

প্রশ্ন : হযরত ইবনে উমর (রা.)-এর ঘটনা এবং আবু দারদা (রা.) হতে বর্ণিত হাদীস থেকে যা মেশকাত শরীফে আছে বোঝা যায়, স্ত্রীর ওপর পিতা-মাতা নারাজ হলে স্ত্রীকে তালাক দিতে হবে। বর্তমানে মা-বাবার কথা অনুযায়ী তালাক দেওয়া যাবে কি না? তা না হলে হাদীসের উত্তর কী হবে?

উত্তর : মা-বাবা যদি শরীয়ত কর্তৃক বাধ্যতামূলক আহকাম পরিহার করার কথা ছেলে-সন্তানকে বলে তাহলে তা মানা ছেলে-সন্তানের জন্য জরুরি নয় বরং না মানা জরুরি। তদ্রূপ শরীয়ত কর্তৃক নিষিদ্ধ কাজ করার নির্দেশ মা-বাবা দিলে তা মানাও ছেলে-সন্তানের জন্য নাজায়েয। উপরোক্ত নীতিমালার আলোকে পুত্রবধূ যদি শ্বশুর-শাশুড়িকে বাস্তবে কষ্ট দিতে থাকে এবং তারা পুত্রবধূর অযথা কষ্টে অতিষ্ঠ হয়ে পুত্রবধূকে তালাক দেওয়ার জন্য ছেলেকে নির্দেশ দেয় তাহলে মানা ছেলের জন্য জরুরি। অন্যথায় মা-বাবার নির্দেশ মানা ছেলের জন্য জরুরি নয়, বরং অহেতুক তালাক দেওয়ার হুকুম পালন করলে গোনাহ হবে। (১১/৪১২/৩৫৭৮)

📖 صحيح البخاري(دار الحديث) ٤/ ٣٩٣ (٧٢٥٧) : عن علي رضي الله عنه: أن النبي صلى الله عليه وسلم بعث جيشا، وأمر عليهم رجلا فأوقد نارا وقال: ادخلوها، فأرادوا أن يدخلوها، وقال آخرون: إنما فررنا منها، فذكروا للنبي صلى الله عليه وسلم، فقال للذين أرادوا أن يدخلوها: «لو دخلوها لم يزالوا فيها إلى يوم القيامة» ، وقال للآخرين: «لا طاعة في معصية، إنما الطاعة في المعروف» -

📖 مرقاة المفاتيح (انور بكڈپو) ٨ / ٦٧٧ : «وعن ابن عمر – رضي الله عنهما – قال: كانت تحتي امرأة أحبها، وكان عمر يكرهها،

Scanned by CamScanner

فقال لي: طلقها، فأبيت) ، أي: امتنعت لأجل محبتي فيها (فأتى عمر رسول الله – صلى الله عليه وسلم – فذكر ذلك له، فقال لي رسول الله – صلى الله عليه وسلم – طلقها») أمر ندب أو وجوب إن كان هناك باعث آخر.

📖 امدادالفتاوی(زکریا) ۴ /۴۸۴ :سوم: جوامر شرعانہ واجب ہو اور نہ ممنوع ہو بلکہ مباح ہو بلکہ خواہ مستحب ہی ہو اور ماں باپ اس کے کرنے اور نہ کرنے کو کہیں تو اس میں تفصیل ہے... مثلا وہ کہیں کہ اپنی بیوی کو بلا وجہ معتدبہ طلاق دیدے تو اطاعت واجب نہیں و حدیث ابن عمر یحمل علی الا ستحباب او علی امر عمر رضـ کان عن سبب صحیح۔

📖 آپ کے مسائل اوران کا حل(امدادیہ) ۵ /۴۰۳ :اگر والدین حق پر ہوں تو والدین کی اطاعت واجب ہے اور اگر بیوی حق پر ہو تو والدین کی اطاعت ظلم ہے اور اسلام جس طرح والدین کی نافرمانی کو برداشت نہیں کر سکتا اسی طرح ان کے حکم سے کسی پر ظلم کرنے کی اجازت بھی نہیں دیتا۔

চতুর্থবার মদ্যপায়ীর তাওবা কবুল না হওয়ার ব্যাখ্যা

প্রশ্ন : হাদীস : 'যে ব্যক্তি একবার মদ পান করে আল্লাহ তা'আলা ৪০ দিন পর্যন্ত তার নামায কবুল করবেন না। অবশ্য যদি সে তাওবা করে তবে আল্লাহ তা'আলা তার তাওবা কবুল করবেন। যদি সে দ্বিতীয়বার মদ পান করে, আল্লাহ তা'আলা ৪০ দিন পর্যন্ত তার নামায কবুল করবেন না। আবার যদি সে তাওবা করে আল্লাহ তা'আলা তার তাওবা কবুল করবেন। যদি সে তৃতীয়বার মদ পান করে আল্লাহ তা'আলা ৪০ দিন নাগাদ তার নামায কবুল করবেন না। পুনরায় যদি সে তাওবা করে আল্লাহ তা'আলা তার তাওবা কবুল করবেন। যদি সে চতুর্থবারের মতো মদ পানের পুনরাবৃত্তি করে, তাহলে আল্লাহ তা'আলা তাকে 'তীনাতুল খাবাল' হতে অর্থাৎ জাহান্নামীদের রক্ত ও পুঁজের নহর হতে পান করাবেন।'

উপরোক্ত হাদীসটি কতটুকু সহীহ? মদ পানকারী তাওবা ব্যতীত মারা গেলে জান্নাতে যেতে পারবে কি? কিয়ামতের পূর্বে পশ্চিম দিক থেকে সূর্যোদয় এবং মৃত্যুর কষ্ট আরম্ভ হওয়ার পূর্ব পর্যন্ত তাওবা কবুলের কথা হাদীসে আছে। (মুসলিম শরীফ, নাসাঈ শরীফ)

Scanned by CamScanner

তাহলে মদ পানকারীর চতুর্থবারের তাওবা কেন কবুল হবে না? মদ পানের শাস্তি সহীহ হাদীসের আলোকে জানতে চাই। (হাওয়ালাসহ)

উত্তর : উক্ত হাদীসটি সঠিক। যেহেতু প্রত্যেক ঈমানদার জান্নাতে যাবে, তাই মদ পানকারী তাওবা ব্যতীত যদি ঈমান নিয়ে মারা যায় তাহলে গোনাহের সাজা ভোগ করার পর অবশ্যই জান্নাতে যাবে।

মদপানকারীর চতুর্থবারের তাওবা কবুল হওয়া বা না হওয়ার ব্যাপারে স্পষ্ট হাদীসে কিছু উল্লেখ নেই। বরং চতুর্থবার মদ পান করলে আল্লাহ তা'আলা তাকে শাস্তিমূলক কিয়ামতের দিবসে জাহান্নামীদের পুঁজ পান করাবেন। তাই কিয়ামতের পূর্ব মুহূর্ত পর্যন্ত তাওবা কবুল হওয়ার হাদীসের সাথে এ হাদীসের কোনো বিরোধ নেই। (৯/১৩৪/২৫০৭)

📖 الإحسان في تقريب صحيح ابن حبان (مؤسسة الرسالة) ١٢ /١٨٠(٥٣٥٧) :عن عبد الله بن عمرو قال: قال رسول الله صلى الله عليه وسلم: "من شرب الخمر، فسكر لم تقبل له صلاة أربعين صباحا، فإن مات دخل النار، فإن تاب تاب الله عليه، فإن عاد فشرب فسكر لم تقبل له صلاة أربعين صباحا، فإن مات دخل النار، فإن تاب تاب الله عليه، فإن عاد فشرب فسكر لم تقبل له صلاة أربعين صباحا، فإن مات دخل النار، فإن تاب تاب الله عليه، فإن عاد الرابعة كان حقا على الله أن يسقيه من طينة الخبال يوم القيامة" قالوا: يا رسول الله وما طينة الخبال؟ قال: "عصارة أهل النار" .

قال الشيخ شعيب الأرنؤوط: إسناده صحيح رجاله ثقات رجال الصحيح، غير عبد الله بن الديلمي وهو عبد الله بن فيروز الديلمي، فقد روى له أبو داود والنسائي وابن ماجه، وهو شامي ثقة من كبار التابعين.

📖 سنن النسائى (مكتب المطبوعات الإسلامية)٨ /٣١٧ (٥٦٧٠) :عبد الله بن عمرو فقال: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: «من شرب الخمر شربة لم تقبل له توبة أربعين صباحا، فإن تاب

Scanned by CamScanner

تاب الله عليه، فإن عاد لم تقبل توبته أربعين صباحا، فإن تاب
تاب الله عليه، فإن عاد كان حقا على الله أن يسقيه من طينة
الخبال يوم القيامة» اللفظ لعمرو"-

মদ পান করার শাস্তি সম্পর্কীয় আরো হাদীস নিম্নে দেওয়া হলো :

📖 صحيح البخارى (دار الحديث القاهرة) ٤ /١٢ (٥٥٧٥) : عن عبد الله بن عمر رضي الله عنهما: أن رسول الله صلى الله عليه وسلم قال: «من شرب الخمر في الدنيا، ثم لم يتب منها، حرمها في الآخرة»

📖 صحيح البخارى (دار الحديث) ٤ /١٥ (٥٥٩٠) : أبو عامر أو أبو مالك الأشعري، والله ما كذبني: سمع النبي صلى الله عليه وسلم يقول: " ليكونن من أمتي أقوام، يستحلون الحر والحرير، والخمر والمعازف، ولينزلن أقوام إلى جنب علم، يروح عليهم بسارحة لهم، يأتيهم - يعني الفقير - لحاجة فيقولون: ارجع إلينا غدا، فيبيتهم الله، ويضع العلم، ويمسخ آخرين قردة وخنازير إلى يوم القيامة "-

দাজ্জাল সম্পর্কীয় হাদীসের অপব্যাখ্যা

প্রশ্ন : দাজ্জালের গতি হবে অতি দ্রুত, সে বায়ুতাড়িত মেঘের মতো আকাশ দিয়ে উড়ে চলবে। (নাউওয়াস বিন সামআন (রা.) থেকে মুসলিম, তিরমিযী) দাজ্জালের গরু, মহিষ, বকরি, ভেড়া, মেষ ইত্যাদি বড় বড় আকারের হবে এবং সেগুলোর স্তনের বোঁটা বড় বড় হবে, যা থেকে প্রচুর পরিমাণে দুধ হবে। (নাউওয়াস বিন সামআন (রা.) থেকে মুসলিম, তিরমিযী)।

কিছু লোক দাবি করছে, ১ নং হাদীস দ্বারা বোঝায় বিমান। ২ নং হাদীস দ্বারা বোঝায় হাইব্রিড গরু, ছাগল ইত্যাদি। যেগুলো বর্তমান ইহুদী-খ্রিস্টান সভ্যতার আবিষ্কার। এ রকম আরো বিভিন্ন হাদীস দিয়ে তারা প্রমাণ করার চেষ্টা করছে যে বর্তমান ইহুদী-খ্রিস্টান ও বস্তুবাদী সভ্যতাই 'দাজ্জাল'। যেমনটি দাবি করা হয়েছে বায়েজীদ খান পন্নী

Scanned by CamScanner

রচিত "দাজ্জাল? ইহুদী খ্রিস্টান সভ্যতা" বইয়ে। প্রশ্ন হচ্ছে, তাদের এই দাবি ঠিক কি না? উপযুক্ত দলিল-প্রমাণ সহকারে জানতে চাই।

উত্তর : বিশুদ্ধ হাদীসের ভাষ্য মতে, দাজ্জাল একজন বিশেষ ব্যক্তি, যার আবির্ভাব কিয়ামতের অন্যতম নিদর্শন, তার বিশেষ আকার-আকৃতির কথা ও হাদীস শরীফে উল্লেখ আছে। হযরত মাহদী (রা.)-এর খেলাফতকালে তার আত্মপ্রকাশ ঘটবে এবং তাকে হত্যা করবেন হযরত ঈসা (আ.)। সুতরাং তার আবির্ভাবের আগে আধুনিক প্রযুক্তিকে দাজ্জাল বলা ভিত্তিহীন ও হাদীসের স্পষ্ট অপব্যাখ্যা। (১৯/৪৬৬/৮২৬৪)

📖 صحيح مسلم (دار الغد الجديد) ١٨/ ٥٢ (٢٩٣٦) : حدثني محمد بن رافع. قال: سمعت أبا هريرة قال: قال رسـول الله صـلى الله عليـه وسلم "ألا أخبركم عن الدجال حديثا مـا حدثـه نـبي قومـه؟ إنـه أعور. وإنه يجيء معه مثل الجنة والنار. فالتي يقول إنها الجنـة، هي النار. وإني أنذرتكم به كما أنذر به نوح قومه".

📖 سنن ابى داود (دار الحديث) ٤/ ١٨٣٧ (٤٢٩٦) : عن عبد الله بن بسر ؓ، أن رسول الله صلى الله عليه وسلم قال: «بين الملحمة وفتح المدينة ست سنين، ويخرج المسيح الدجال في السابعة» -

📖 عون الترمذی (تھانوی لائبریری) ۲/ ۳۰۱ : دجال بد شکل بھی ہوگا وہ اولا نبوت کا ثانیا خدائی کا دعوی کرے گا اور اس کے ساتھ ایسے خارق عادت افعال بھی دکھلائے گا جو بظاہر اس کے دعوے کے مؤید نظر آئیں گے اور اس وجہ سے بہت سے لوگوں کے ایمان متزلزل ہو جائیں گے اور حضرت عیسی علیہ السلام آسمان سے اتر کر اسے قتل کریں گے ہمارے زمانہ میں مادی ترقیات خواہ کتنی بھی ہو جائیں وہ سب مادی قوانین کے تحت ہیں، ان کو دجالی فتنہ سمجھنا بالکل بے محل بلکہ خلاف واقعہ ہے۔

Scanned by CamScanner

পাগড়ি সম্পর্কীয় হাদীসের হুকুম

প্রশ্ন : কতিপয় আলেম পাগড়ি সম্পর্কীয় সমস্ত হাদীসকে মওজূ বানোয়াট বলেন। তাঁদের এ দাবি সঠিক কি না?

উত্তর : একাধিক সহীহ হাদীস দ্বারা রাসূলের (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) নিজে পাগড়ি পরিধান করা ও সাহাবায়ে কেরামকে পরিধান করার ব্যাপারে উদ্বুদ্ধ করা প্রমাণিত। যারা বলে পাগড়ির সব হাদীস মওজূ তাদের এ দাবি মনগড়া ও ভিত্তিহীন। তবে পাগড়ি পরিধান করার নির্দিষ্ট ফজীলত সম্পর্কীয় হাদীসের ব্যাপারে মুহাদ্দিসীনে কেরামের বিরূপ মতামত পাওয়া যায়। (১৮/১১৮/৭৪৯৫)

📖 صحيح مسلم(دار الغد الجديد) ٩ / ١١٦ (١٣٥٨) : عن جابر بن عبد الله الأنصاري، " أن رسول الله صلى الله عليه وسلم دخل مكة - وقال قتيبة: دخل يوم فتح مكة - وعليه عمامة سوداء بغير إحرام ".

📖 صحيح مسلم (دار الغ الجديد) ٩/ ١١٧ (١٣٥٩) : عن عمرو بن حريث، عن أبيه رض، قال: «كأني أنظر إلى رسول الله صلى الله عليه وسلم على المنبر، وعليه عمامة سوداء، قد أرخى طرفيها بين كتفيه» .

📖 سنن ابى داود (دار الحديث) ٤ / ١٧٤٨ (٤٠٧٨) : عن أبي جعفر بن محمد بن علي بن ركانة، عن أبيه، أن ركانة صارع النبي صلى الله عليه وسلم فصرعه النبي صلى الله عليه وسلم " قال ركانة: وسمعت النبي صلى الله عليه وسلم يقول: «فرق ما بيننا وبين المشركين، العمائم على القلانس».

📖 مصنف ابن أبي شيبة (ادارة القرآن) ٢ / ٤٧٧ (٢٥٢٤٧) : عن رجل من ولد الزبير، يقال له عباد بن حمزة: «أن الزبير بن العوام كانت عليه عمامة صفراء معتجرا بها، فنزلت الملائكة وعليهم عمائم صفر».

Scanned by CamScanner

📖 کفایت المفتی (دار الاشاعت) ۹ / ۱۵۹ : سوال—صافہ باندھنا سنت ہے یا عادت نبوی؟

الجواب—عمامہ سنت ہے۔

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۷ / ۱۴۸ : جواب—پگڑی باندھنا آنحضرت صلی اللہ علیہ وسلم کی سنت ہے اس کو برا سمجھنا بہت ہی غلط بات ہے، باندھے تو ثواب ہے نہ باندھے تو گناہ نہیں۔

হযরত আলী (রা.) ও পিপীলিকার ঘটনা

প্রশ্ন : লোক মুখে শোনা যায় যে হযরত আলী (রা.)-এর পায়ে লেগে একটি পিপীলিকা ব্যথা পেয়েছিল। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আলী (রা.)-কে বললেন, হে আলী! পিপীলিকা তোমার পায়ে লেগে ব্যথা পেয়েছে, সে কারণে আসমান-জমিন কাঁদছে। এ ঘটনার প্রমাণ আছে কি না?

উত্তর : উক্ত ঘটনা কোনো নির্ভরযোগ্য কিতাবে পাওয়া যায়নি। (১৮/১২১/৭৪৭৬)

'ان الجنة تشتاق الى خمسة نفر' হাদীসটির সূত্র

প্রশ্ন : ان الجنة تشتاق الى خمسة نفر হাদীসটি বুখারীর কত স্থানে আছে এবং পূর্ণ হাদীসটি কী?

উত্তর : হাদীসটি বুখারী শরীফে পাওয়া যায়নি। এ ধরনের হাদীস তিরমিযীসহ অন্যান্য কিতাবে রয়েছে, তবে তাতে ثلاثة ও أربعة শব্দ রয়েছে, خمسة শব্দ নেই। (১৮/১৫৩/৭৪৬৫)

📖 سنن الترمذي (دار الحديث) ٥/ ٤٨٥ (٣٧٩٧) : عن أنس بن مالك رضـ، قال: قال رسول الله صلى الله عليه وسلم: " إن الجنة تشتاق إلى ثلاثة: علي، وعمار، وسلمان.

Scanned by CamScanner

📖 المعجم الكبير(مكتبة ابن تيمية) ٦/ ٢١٥ (٦٠٤٥) : عن أنس بن مالك، يقول: قال رسول الله صلى الله عليه وسلم: " إن الجنة تشتاق إلى أربعة: علي بن أبي طالب، وعمار بن ياسر، وسلمان الفارسي، والمقداد بن الأسود رضي الله عنهم".

শবে বরাত সম্পর্কিত একটি হাদীসের তাহকীক

প্রশ্ন : মিশকাত শরীফ প্রথম খণ্ড ১১৪ পৃষ্ঠায় শবে বরাত সম্পর্কে বর্ণিত হাদীস :

عن عائشة قالت: فقدت رسول الله صلى الله عليه وسلم ليلة فخرجت، فإذا هو بالبقيع، فقال: «أكنت تخافين أن يحيف الله عليك ورسوله» ، قلت: يا رسول الله، إني ظننت أنك أتيت بعض نسائك، فقال: «إن الله عز وجل ينزل ليلة النصف من شعبان إلى السماء الدنيا، فيغفر لأكثر من عدد شعر غنم كلب».

হাদীসটি সহীহ নাকি যঈফ? যঈফ হলে শাদীদ না ইয়াসীর?

উত্তর : মেশকাত শরীফ ১/১১৪ পৃষ্ঠায় শবে বরাতের ফজীলত সম্পর্কীয় হাদীসটি সহীহ নয়, তবে যঈফে ইয়াসীর বিধায় তা আমলযোগ্য। এ বিষয়ে আরো বহু হাদীস বিদ্যমান থাকায় শবে বরাত যে প্রমাণিত তাতে সন্দেহের কোনো অবকাশ নেই। ইমাম তিরমিযী (রহ.) উক্ত হাদীসকে যঈফ বলেছেন। তবে ইয়াসীর না শাদীদ-এ ব্যাপারে মন্তব্য না করলেও নিম্নে প্রদত্ত আইম্মায়ে জরাহ্ ওয়া তা'দীলের পরিভাষা থেকে প্রশ্নে বর্ণিত হাদীসটি যঈফে ইয়াসীর হওয়াই বোঝা যায়। (১২/৪৮৩/৩৯৭২)

📖 سنن الترمذي (دار الحديث) ٣ / ٧٣ : «حديث عائشة لا نعرفه إلا من هذا الوجه من حديث الحجاج»، وسمعت محمدا يضعف هذا الحديث، وقال: يحيى بن أبي كثير لم يسمع من عروة، والحجاج بن أرطاة لم يسمع من يحيى بن أبي كثير"-

📖 الرفع والتكميل (مكتب المطبوعات الإسلامية) صـ ١٥٤ :المرتبة الخامسة: فلان فيه مقال فلان ضعيف، او فيه ضعف او في حديثه ضعف، وفلان يعرف وينكر، وليس بذاك، او بذاك القوي، وليس بالمتين، وليس بالقوي، وليس بحجة، وليس

Scanned by CamScanner

بعمدة، وليس بالمرضي، وفلان للضعف ما هو، وفيه خلف، وطعنوا فيه، ومطعون، وسيء الحفظ، ولين، او لين الحديث، او فيه لين، وتكلموا فيه، وكل من ذكر من بعدقولي لا يساوي شيئا فإنه يخرج حديثه للاعتبار-

📖 قواعد فى علوم الحديث صـ ٢٥١ — ٢٥٣

'كان رسول الله صلى الله عليه وسلم دائم الفكرة' এর অনুবাদ

প্রশ্ন : كان رسول الله صلى الله عليه وسلم دائم الفكرة রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সর্বদা মোরাকাবায় থাকতেন। এই অনুবাদ সহীহ কি না?

উত্তর : উক্ত হাদীসের অর্থ হলো, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সর্বদা আল্লাহ তা'আলার সত্তা ও গুণাবলির ধ্যানে মগ্ন থাকতেন। কেউ যদি এই অর্থ করে যে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সর্বদা মোরাকাবায় থাকতেন, তাও সহীহ হবে। (১৮/১৯০/৭৪৭৫)

📖 شمائل الترمذى مع سننه (مكتبة الاتحاد) صـ ١٤ : عن الحسن بن علي رضي الله تعالى عنهما قال:«سألت خالي هند بن أبي هالة وكان وصافا، فقلت صف لي منطق رسول الله صلى الله عليه وسلم، قال كان رسول الله صلى الله عليه وسلم متواصل الأحزان، دائم الفكرة، ليست له راحة، طويل السكت ... الحديث.

📖 اقرب الوسائل الى شرح الشمائل (المكتبة الاشرفية) ٢ /٣٢٨ : (دائم الفكرة) ولا شك أن تواصل أحزانه إنما كان لمزيد تفكره، واستغراقه في شهود جلال الله تعالى، وكبريائه، وعظمته، وذلك يستدعي دوام الصمت -

📖 شرح الشفاللقاري (دار الكتب العلمية) ١/ ٣٢٤ : (كان رسول الله صلى الله تعالى عليه وسلم متواصل الأحزان) أي متتابعها لعلمه

Scanned by CamScanner

بشدائد الأحوال وموارد الأهوال حالا ومآلا ولكونه في سجنه سبحانه المقتضي أحزانه.

"আল্লাহর নূরে রাসূল পয়দা রাসূলের নূরে তামাম পয়দা" এটি ভিত্তিহীন উক্তি

প্রশ্ন : "আল্লাহর নূরে রাসূল পয়দা রাসূলের নূরে তামাম পয়দা" এটি কোনো হাদীসে আছে কি না? এই নূর কী এবং কত প্রকার?

উত্তর : "আল্লাহর নূরে রাসূল পয়দা, রাসূলের নূরে তামাম পয়দা" একটি ভিত্তিহীন উক্তি। তথাকথিত একটি হাদীসের সূত্রে এমনটি বলা হয়ে থাকে, যার কোনো ভিত্তি নেই। (১১/৬৯৩/৩৬৩৬)

📖 الموضوعات الكبرى(مؤسسة الرسالة)صـ ١١٩ : حديث أنا من الله والمؤمنون مني.

قال العسقلاني: إنه كذب مختلق، وقال الزركشي لا يعرف وقال ابن تيمية موضوع.

📖 تذكرة الموضوعات (ادارة الطباعة المنيرية) صـ ٧٦ : وفي الذيل «كنت نبيا وآدم بين الماء والطين وكنت نبيا ولا آدم ولا ماء ولا طين» قال ابن تيمية موضوع وهو كما قال، وكذا حديث «أنا من نور الله والمؤمنون مني الخير في وفي أمتي إلى يوم القيامة» قال ابن حجر لا أعرفه".

Scanned by CamScanner

দু'আয়ে কুনুত হাদীস দ্বারা প্রমাণিত

প্রশ্ন : প্রসিদ্ধ দু'আয়ে কুনুত সম্পর্কে জনৈক আলেম বলেন যে এই দু'আটির রাবী কে? তার কোনো প্রমাণ নেই। হাজার বছর যাবৎ এই দু'আটি আল্লাহর নবী হতে বর্ণিত হওয়া বিগতদের কেউ প্রমাণ করতে পারেননি। প্রশ্ন হলো, উক্ত আলেমের কথা সঠিক কি না? যদি সঠিক হয় তাহলে আমরা কোন ভিত্তিতে তা পাঠ করে থাকি?

উত্তর : বিতির নামাযের তৃতীয় রাক'আতে ফাতেহার সঙ্গে সূরা মেলানোর পর তাকবীর বলে দু'আ পাঠ করা ওয়াজিব। আর এতে কোনো সুনির্দিষ্ট দু'আ পাঠ করা শর্ত নয়। তবে উল্লিখিত প্রসিদ্ধ দু'আটি পড়া সুন্নাত, ওয়াজিব নয়। পক্ষান্তরে এ কথা বলা যে "এ দু'আটি হাদীস দ্বারা প্রমাণিত নয়" ভুল কথা। বরং হাদীস শরীফের দোহাই দিয়ে হাদীস শরীফ থেকে উম্মতকে বিমুখ করার ষড়যন্ত্র বলে মনে হয়। কেননা নির্ভরযোগ্য বহু হাদীস গ্রন্থে শব্দের সামান্য পার্থক্যসহ দু'আটি পাওয়া যায়। যেমন : মারাসীলে আবী দাউদ, মুসান্নাফে ইবনে আবী শাইবা, আস্‌সুনানুল কুবরা (বায়হাক্বী)সহ অসংখ্য হাদীস গ্রন্থে রয়েছে। (১৬/৭০৭/৬৭৫৭)

📖 مصنف ابن ابی شیبة (ادارة القرآن) ٤/ ٥١٨ (٦٩٦٥) : عن أبي عبد الرحمن، قال: علمنا ابن مسعود أن نقرأ في القنوت: «اللّٰهُمَّ إنا نستعينك ونستغفرك، ونؤمن بك ونثني عليك الخير، ولا نكفرك ونخلع ونترك من يفجرك، اللّٰهُمَّ إياك نعبد، ولك نصلي، ونسجد، وإليك نسعى ونحفد، ونرجو رحمتك، ونخشى عذابك، إن عذابك الجد بالكفار ملحق» -

📖 السنن الكبرى للبيهقى (دار الحديث) ٢ / ٤٣٠ (٣١٤٢) : عن خالد بن أبي عمران قال: بينا رسول الله صلى الله عليه وسلم يدعو على مضر ... ... ثم علمه هذا القنوت: اللّٰهُمَّ إنا نستعينك ونستغفرك، ونؤمن بك، ونخضع لك، ونخلع ونترك من يكفرك، اللّٰهُمَّ إياك نعبد، ولك نصلي ونسجد وإليك نسعى ونحفد، ونرجو رحمتك ونخشى عذابك، ونخاف عذابك الجد إن عذابك بالكافرين ملحق ".

📖 المراسيل لابى داود (مؤسسة الرسالة) صـ ١١٨ (٨٩)

Scanned by CamScanner

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কর্তৃক নবীগণের হজে গমনের দৃশ্যের বর্ণনা ও তার ব্যাখ্যা

প্রশ্ন : হযরত ইবনে আব্বাস (রা.) বর্ণনা করেন যে আমরা একদিন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর সাথে মক্কা ও মদীনার মধ্যবর্তী এক স্থানে সফর করছিলাম। পথিমধ্যে একটি উপত্যকা সম্পর্কে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) জিজ্ঞাসা করলেন, এটা কোন উপত্যকা? উত্তরে আমরা বললাম, এটা 'আযরাক' উপত্যকা। শুনে তিনি বললেন, আমি যেন এখন হযরত মূসা আলাইহিস সালামকে দেখতে পাচ্ছি। এ কথা বলে তিনি তাঁর গায়ের রং ও মাথার চুলের বিবরণ দিয়ে বললেন, আমি দেখতে পাচ্ছি যে, তিনি এখন দুই কানে দুই অঙ্গুলি প্রবেশ করিয়ে আল্লাহর নামে উচ্চস্বরে তালবিয়া পাঠ করে এই উপত্যকা অতিক্রম করছেন। হযরত ইবনে আব্বাস (রা.) বলেন, তারপর আমরা আরেকটু সামনে অগ্রসর হয়ে আরেকটি উপত্যকা দেখতে পেলাম। আল্লাহর রাসূল জিজ্ঞেস করলেন, এটা কোন উপত্যকা? বললাম, এটা হাবশা উপত্যকা। শুনে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আমি যেন হযরত ইউনুস (আ.)-কে দেখতে পাচ্ছি যে, তিনি একটি লাল উটের ওপর আরোহিত অবস্থায় তালবিয়া পড়তে পড়তে এই উপত্যকা অতিক্রম করছেন, তাঁর গায়ে পশমের জুব্বা, হাতে গাছের ছাল দ্বারা তৈরি উটের লাগাম। (মুসলিম)

এ হাদীস দ্বারা প্রমাণিত হলো যে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) হযরত মূসা ও ইউনুস (আ.)-কে জাগ্রতাবস্থায় তালবিয়া পাঠ করতে দেখেছেন। এতে বোঝা যায়, আম্বিয়া (আ.)-এর বরযখী জীবন এতই পূর্ণাঙ্গ যে, দুনিয়াতে আগমন করে তাঁরা হজ পালন করতে পারেন এবং তাঁদের দেখা পাওয়া সম্ভব।

উপরোক্ত হাদীসে বলা হয়েছে, রাসূল (সা.) হযরত মূসা হযরত ইউনুস (আ.)-কে জাগ্রত অবস্থায় উচ্চস্বরে তালবিয়া পাঠ করতে করতে মক্কা ও মদীনার মধ্যবর্তী উপত্যকা অতিক্রম করতে দেখেছিলেন। তাঁদের তালবিয়া পাঠ করার দৃশ্য ও শব্দ হযরত ইবনে আব্বাস (রা.)সহ উপস্থিত সাহাবারা দেখতে ও শুনতে পাননি। তাহলে এই দৃশ্য ও শব্দ আল্লাহ তা'আলা তখন বিশেষভাবে শুধু রাসূলকে (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) দেখানোর ও শোনানোর ব্যবস্থা করেছিলেন কি?

তা ছাড়া সে সময় কি হজের মৌসুম ছিল? এবং হযরত মূসা (আ.) ও হযরত ইউনুস (আ.) স্বশরীরে তখন হজ করতে যাচ্ছিলেন নাকি অতীতকালে হযরত মূসা ও ইউনুস (আ.)-এর যুগে তাঁদের হজে গমনের সময় উল্লিখিত উপত্যকা দুটি অতিক্রমকালে তাঁদের তালবিয়া পাঠ করার দৃশ্য ও শব্দ আল্লাহ তা'আলা বিশেষভাবে শুধু রাসূলকে (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) দেখিয়ে ছিলেন ও শুনিয়ে ছিলেন? ইত্যাদি বিষয়ে উপরোক্ত হাদীসটির বিস্তারিত ব্যাখ্যা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

Scanned by CamScanner

উত্তর : হাদীস বিশারদগণ প্রশ্নে বর্ণিত হাদীস শরীফের বিভিন্ন ব্যাখ্যা করেছেন। অধিকাংশ হাদীস বিশারদদের মতে বর্ণনানুযায়ী হাদীসে বর্ণিত ঘটনা মিরাজের রাত্রিতে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) দেখেছেন। যেহেতু নবী-রাসূলের বরযখী হায়াত শহীদগণের বরযখী হায়াত থেকে উচ্চ। তাই তাঁদের জন্য হজ ও তালবিয়া ইত্যাদির ন্যায় আমল করা আশ্চর্যের বিষয় নয়। অথবা উক্ত হাদীস হযরত মূসা (আ.) ও হযরত ইউনূস (আ.)-এর যুগে তাঁদের হজে গমনের সময় উল্লিখিত উপত্যকা দুটি অতিক্রমকালে তাঁদের তালবিয়া পাঠ করার দৃশ্য ও শব্দ আল্লাহ তা'আলা রাসূলকে (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) দেখিয়েছিলেন। এ ছাড়া আরো বিভিন্ন ব্যাখ্যা মুহাদ্দীসগণ থেকে পাওয়া যায়। (১৫/২৫/৫৮৯৪)

📖 شرح النووى على مسلم (دار الغد الجديد) ٢ / ١٩١ – ١٩٢ : فإن قيل كيف يحجون ويلبون وهم أموات وهم في الدار الآخرة وليست دار عمل فاعلم أن للمشايخ وفيما ظهر لنا عن هذا أجوبة:

أحدها: أنهم كالشهداء بل هم أفضل منهم والشهداء أحياء عند ربهم فلا يبعد أن يحجوا ويصلوا كما ورد في الحديث الآخر وأن يتقربوا إلى الله تعالى بما استطاعوا لأنهم وإن كانوا قد توفوا فهم في هذه الدنيا التي هي دار العمل حتى إذا فنيتمدتها وتعقبتها الآخرة التي هي دار الجزاء انقطع العمل.

الوجه الثاني: أن عمل الآخرة ذكر ودعاء قال الله تعالى دعواهم فيها سبحانك اللَّهُمَّ وتحيتهم فيها سلام .

الوجه الثالث: أن تكون هذه رؤية منام في غير ليلة الإسراء أو في بعض ليلة الاسراء كما قال فى رواية بن عمر رضي الله عنهما بينا أنا نائم رأيتنى أطوف بالكعبة وذكر الحديث في قصة عيسى صلى الله عليه وسلم الوجه الرابع أنه صلى الله عليه وسلم أري أحوالهم التي كانت في حياتهم ومثلوا له في حال حياتهم كيف كانوا وكيف حجهم وتلبيتهم كما قال صلى الله عليه وسلم كأني أنظر إلى موسى وكأني أنظر إلى عيسى وكأني أنظر إلى يونس عليهم

Scanned by CamScanner

السلام الوجه الخامس أن يكون أخبر عما أوحي إليه صلى الله عليه وسلم من أمرهم وما كان منهم وإن لم يرهم رؤية عين.

📖 فتح الملهم(مكتبةدارالعلوم كراتشى) ٢ / ٣٨٧ : قوله : ويلبي الخ :

فإن قيل: كيف يحجون ويلبون وهم أموات والدار الاخرة ليست بدار عمل ؟

قلنا : اجيب عن ذلك بوجه :

احدها: أن الانبياء افضل من الشهداء ، والشهداء احياء عند ربهم فكذلك الانبياء ، فلا يبعد ان يصلوا ويحجوا ويتقربوا الى الله بما استطاعوا مادامت الدنيا وهى دار تكليف باقية.

ثانيها: أن صلى الله عليه وسلم أرى حالتهم التى كانوا فى حياتهم عليها، فمثلوا له كيف كانوا، وكيف كان حجهم وتلبيتهم؟

ولهذا قال ايضا فى رواية ابى العالية عن ابن عباس رضـ عند مسلم (كأنى انظر الى موسى وكأنى انظر الى يونس).

ثالثها: ان يكون اخبر عما اوحى اليه صلى الله عليه وسلم من امرهم وماكان منهم، فلهذا ادخل حرف التشبيه فى الرواية وحيث اطلقها فى مجموعة على ذلك. والله اعلم

তালেবে ইলম হেঁটে গেলে কবরের আজাব মাফ হয়!

প্রশ্ন : একজন তালেবুল ইলম যদি কবরস্থানের পাশ দিয়ে হেঁটে যায় তাহলে উক্ত কবরস্থানের সকল কবরবাসীর ৪০ দিনের আজাব মাফ হয়ে যায়। এ কথাটি কি সঠিক?

উত্তর : হাদীস বিশারদগণের মতে এটি হাদীস নয়। (১৫/৭০/৫৯০৯)

📖 اللؤلؤ المرصوع (دار البشائر الإسلامية) صـ ٥٣ : حديث: إن العالم والمتعلم إذا مرا على قرية، فإن الله تعالى يرفع العذاب عن مقبرة تلك القرية أربعين يوما. لا أصل له.

Scanned by CamScanner

লোকমুখে শ্রুত আলেম, দানশীল ও সীনা পাহাড় সম্পর্কীয় তিনটি হাদীসের মান নির্ণয়

প্রশ্ন : নিম্নে বর্ণিত হাদীসগুলোর মান কী? বা হাদীসগুলো বাস্তবে হাদীস কি না?

- من وقر عالما فكانما وقر سبعين نبيا ومن وقر طالب العلم فكانما وقر سبعين شهيدا
- السخي حبيب الله ولوكان فاسقا
- سافر النبي صلى الله عليه وسلم مع العشرة المبشرة من اصحابه الى طورسينا.

উত্তর : হাদীস বিশারদগণের মতে, প্রথম দুটি ভিত্তিহীন ও জাল, আর তৃতীয়টিও কোনো কিতাবে পাওয়া যায়নি। (১৫/৭০/৫৯০৯)

📖 تنزيه الشريعة المرفوعة (المكتبة التوفيقية) ١ / ٢٦٨ : " من أكرم عالما فقد أكرم سبعين نبيا، ومن أكرم متعلما فقد أكرم سبعين شهيدا، ومن أحب العلم والعلماء لم تكتب عليه خطيئة أيام حياته ... ... (قلت) : قال الذهبي في تلخيص الواهيات هذا من وضع عبد الرحمن بن محمد البلخي شيخ لابن رزقويه والله أعلم.

📖 الموضوعات الكبرى (مؤسسة الرسالة) ص٢٦٦ : الكريم حبيب الله ولو كان فاسقا والبخيل عدو الله ولو كان راهبا،

لا أصل له بل الفقرة الأولى موضوعة لمعارضتها لنص قوله تعالى {إن الله يحب التوابين} {والله لا يحب الظالمين} والفاسق إما من الظالمين أو الكافرين -

📖 اللؤلؤ المرصوع (دار البشائر) ص ١٣٩ : حديث: الكريم حبيب الله ولو كان فاسقا، والبخيل عدو الله ولو كان راهبا. لا أصل له.

Scanned by CamScanner

মসজিদে নববীতে ৪০ ওয়াক্ত নামায

প্রশ্ন : নিম্নোক্ত মাসআলাটির সঠিক সিদ্ধান্ত জানানোর অনুরোধ রইল।
মসজিদে নববীতে ৪০ ওয়াক্ত সালাত :

عن أنس بن مالك قال: قال رسول الله صلى الله عليه وسلم: «من صلى في مسجدي أربعين صلاة لا يفوته صلاة، كتب الله له براءة من النار، ونجاة من العذاب».

হযরত আনাস (রা.) হতে বর্ণিত, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, যে ব্যক্তি আমার মসজিদে ৪০ ওয়াক্ত সালাত এমনভাবে আদায় করে যে, এক ওয়াক্ত সালাতও ছুটবে না তার জন্য তিনটি পুরস্কার লেখা হবে। ১. জাহান্নাম থেকে মুক্তি ২. আজাব থেকে নাজাত।

অত্র হাদীসের বিশুদ্ধতা নিয়ে হাদীস বিশারদগণ দুই ভাবে বিভক্ত। আল্লামা হাইসামী (রহ.) বলেন, অত্র হাদীসের বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। নাসিরউদ্দীন আলবানী (রহ.) বলেন, হাদীসটি মুনকার। হাদীস বিশারদদের নিকট মুনকার হাদীস খুবই দুর্বল হিসেবে গণ্য। এর দ্বারা কোনো বিষয়ে দলিল দেওয়া যায় না।

হাজী সাহেবগণ হজের সফরে মদীনা যাওয়ার সময় মুয়াল্লিম বা ট্রাভেলস এজেন্সির সাথে আগেই চুক্তি করে নেয় যে, মদীনায় চল্লিশ ওয়াক্ত সালাত পড়াতে হবে। এজেন্সির লোকেরাও হিসাব করে আট দিনের জন্য মদীনার বাড়ি ভাড়া করেন। আল্লামা নাসিরউদ্দীন আলবানী (রহ.) সে হাদীসটিকে দুর্বল বলেছেন। ফলে সৌদি আরবের কোথাও এ হাদীস কার্যকর থাকে না। কিন্তু বড়ই আশ্চর্যের ব্যাপার এই যে, ৪০ ওয়াক্ত সালাতের হাদীসকে আলবানী খুবই দুর্বল আখ্যায়িত করার পরও এ হাদীসটিকে কতিপয় সৌদি মুয়াল্লিম লুফে নিয়েছেন। অত্র হাদীসের দুর্বলতার স্বীকৃতি তখন অকপটে স্বীকার করে নেয়, যখন কারো সালাতের ওয়াক্ত কম হয় এবং এ নিয়ে ভয়াবহ ঝগড়াঝাটি হয়। অনেক হাজী ৪০-এর দাবি পূরণ করতে ব্যর্থ মুয়াল্লিমকে মারতে পর্যন্ত উদ্যত হয়। সব মিলিয়ে এ যেন এক অঘোষিত আইনে পরিণত হয়েছে। অনেকে চল্লিশ পূর্ণ হয়ে গেলে মসজিদে নববীতে জামা'আতের সাথে নামায পড়ার আগ্রহ হারিয়ে ফেলে। আমি হজের সফরে মসজিদে নববীর পাশে একটি বাসে কতিপয় হাজীকে অপেক্ষমাণ দেখে বড়ই আশ্চর্যান্বিত হলাম। বাসের ড্রাইভার ও কিছু যাত্রী মসজিদে নববীতে জামা'আতে শরীক হতে গিয়েছেন আর কিছু হাজী বসে অপেক্ষা করছেন। বাসে অপেক্ষমাণ হাজী সাহেবদেরকে সালাতের দিকে দৃষ্টি আকর্ষণ করলে তাঁরা বললেন, আমাদের চল্লিশ ওয়াক্ত সালাত আদায় করা হয়েছে। তাঁদের ধারণা মতে, চল্লিশ ওয়াক্ত সালাত মসজিদে নববীতে আদায় করার পর ওই মসজিদে যাওয়ার প্রয়োজন নেই!

Scanned by CamScanner

মসজিদে নববীতে চল্লিশ ওয়াক্ত সালাত নির্দিষ্ট করা মাকরূহে তাহরিমী :

জগতের সকল উলামায়ে কেরামের ঐকমত্যে কোনো মোস্তাহাব কাজকে যদি ফরয বা ওয়াজিব গণ্য করা হয়, তা আদায়ে শর্তারোপ করা হয়, বাড়াবাড়ির আশ্রয় নেওয়া হয়, তখন ওই মোস্তাহাব কাজটি মাকরূহে তাহরিমীতে রূপান্তরিত হয়। হাইসামী (রহ.)-এর মত অনুযায়ী চল্লিশের হাদীসটি সহীহ হলেও এর দ্বারা আমলটি মোস্তাহাবের মর্যাদা লাভ করে। কিন্তু বর্তমানে চল্লিশ ওয়াক্ত সালাত আদায় করতেই হবে এরূপ শর্তারোপ করা হচ্ছে, এর বেশি পড়তে দেওয়া হবে না শর্তারোপ করা হচ্ছে। এটাকে অঘোষিত আইনে পরিণত করা হয়েছে, এ নিয়ে ঝগড়াঝাটি হচ্ছে। অনেকে একে ফরযের মতোই গুরুত্ব দিচ্ছেন। এমতাবস্থায় মসজিদে নববীতে চল্লিশ ওয়াক্ত সালাতকে নির্দিষ্ট করা মাকরূহে তাহরিমী হিসেবে গণ্য হবে।

আল্লামা আব্দুল হাই লখনভী (রহ.) বলেন,

فكم من مباح يصير مكروها بالالتزام من غير لزوم والتخصيص من غير مخصص مكروها كما صرح به على القارى فى شرح المشكاة والحصكفى فى الدر المختار وغيرهما -

অনেক মোস্তাহাব (বৈধ) কাজ অত্যাবশ্যক করার দলিল না থাকা সত্ত্বেও অত্যাবশ্যক করার দ্বারা, নির্দিষ্ট করার প্রমাণ ছাড়াই নির্দিষ্ট করার দ্বারা মাকরূহে পরিণত হয়। যেমনটি বিস্তারিত আলোচনা করেছেন মিশকাতের ব্যাখ্যাকার মোল্লা আলী ক্বারী (রহ.) ও আল্লামা ইমাম হাসকাফী আদ্‌দুররুল মুখতার ও অন্যান্য কিতাবে। সুতরাং মসজিদে নববীতে সালাতের মর্যাদার প্রতি লক্ষ্য রেখে যত বেশি পারা যায় মদীনায় থেকে জামা'আতে সালাত আদায় করবে, দরূদ পাঠ করবে, রওজা পাকে সালাম দেবে, মুহাজির-আনসারদের ত্যাগ ও কুরবানীর কথা স্মরণ করবে, তাদের জন্য দু'আ করবে। মসজিদে নববী ও রওজায়ে আতহারের মুহাব্বতকে চল্লিশে বন্দি করবে না। মনে রাখবে, মদীনায় অস্থিরতা প্রকাশ করা মুনাফিকের লক্ষণ। মদীনার পবিত্র মাটিতে শায়িত আছেন বিশ্বনবী সাইয়িদুল মুরসালীন শফিউল মুযনিবীন মুহাম্মাদুর রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)।

উত্তর : মসজিদে নববীতে চল্লিশ ওয়াক্ত নামায পড়ার ফজীলত সম্পর্কীয় প্রশ্নে বর্ণিত হাদীসটিকে কোনো কোনো মুহাদ্দিসগণ সহীহ বলেছেন, কেউ যঈফও বলেছেন। যঈফ হলেও ফাজায়েলের ক্ষেত্রে এ ধরনের হাদীসের ওপর আমল করা যায়। কিন্তু মুস্তাহাব কাজকে ফরযের পর্যায়ভুক্ত মনে করা বা এ নিয়ে বাড়াবাড়ি করা এবং চল্লিশ ওয়াক্তের বেশি না পড়া একেবারেই উচিত নয়।

Scanned by CamScanner

সারকথা : বিষয়টি উলামাদের নিকট সুস্পষ্ট হলেও জনসাধারণকে এ ব্যাপারে অবগত করার জন্য সম্মিলিত চেষ্টা চালানো জরুরি। এটাই আলেম সমাজের দায়িত্ব। (১৫/৫৪১/৬১২৯)

📖 فتح البارى(دار الريان) ٢ / ٣٩٤ : قال ابن المنير: فيه أن المندوبات قد تقلب مكروهات إذا رفعت عن رتبتها لأن التيامن مستحب في كل شيء أي من أمور العبادة لكن لما خشي ابن مسعود أن يعتقدوا وجوبه أشار إلى كراهته والله أعلم .

📖 تدريب الراوي(دار طيبة) ١/ ٣٥١ : وذكر شيخ الإسلام له ثلاثة شروط: أحدها: أن يكون الضعف غير شديد، فيخرج من انفرد من الكذابين والمتهمين بالكذب، ومن فحش غلطه، نقل العلائي الاتفاق عليه.

الثاني: أن يندرج تحت أصل معمول به.

الثالث: أن لا يعتقد عند العمل به ثبوته، بل يعتقد الاحتياط.

وقال: هذان ذكرهما ابن عبد السلام وابن دقيق العيد .

📖 فتاوی شیخ الاسلام صـ٦٢ : مدینہ منورہ میں کم از کم آٹھ دن ضرور قیام فرمائیں، بعض روایات میں ہے کہ جس شخص نے میری مسجد میں چالیس نمازیں اسطرح پڑھیں کہ کوئی نماز فوت نہ ہوئی ہو اس کے لئے نفاق اور نار سے براءت کی جاتی ہے، لہذا آٹھ دن اس التزام کے ساتھ قیام فرمائیں کہ مستقل طریقہ پر چالیس نمازیں باجماعت تکبیر اولی کے ساتھ مسجد نبوی میں ادا ہو جائیں اور حتی الوسع کوشش کیجئے کہ اس حصہ میں یہ فرائض ادا ہوں جو کہ زمانہ نبوت میں مسجد تھا اس کی علامت ستون پر بنی ہوئی ہے.

Scanned by CamScanner

রওজা মুবারক যিয়ারতের ফজীলতসংক্রান্ত হাদীসের হুকুম

প্রশ্ন : "من زار قبری وجبت له شفاعتی أو كما قال عليه السلام" উক্ত হাদীসের সনদ সম্পর্কে জানতে চাই।

উত্তর : কিছু মুহাদ্দীস উক্ত হাদীসকে যঈফ বললেও অনেকেই হাসান বলেছেন। এমনকি কেউ কেউ সহীহও বলেছেন। কেননা এর সনদগুলো যঈফ হলেও বিভিন্ন সূত্রে বর্ণিত হওয়ায় সব মিলিয়ে দুর্বলতা দূরীভূত হয়ে গেছে। (১/৪১/৩১)

📖 وفاء الوفاء (دار الكتب العلمية) ٤ / ١٦٨ : وأقل درجات هذا الحديث الحسن إن نوزع في صحته لما سيأتي من شواهده، وتضافر الأحاديث يزيدها قوة، حتى إن الحسن قد يترق بذلك إلى درجة الصحيح.

وقال الذهبي: طرق هذا الحديث كلها لينة يقوى بعضها بعضا؛ لأنه ما في رواتها متهم بالكذب.

📖 شرح الزرقاني على المواهب اللدنية (دار المعرفة) ٨/ ٢٩٨ : وروى الدارقطني من حديث ابن عمر -رضي الله عنه: أن رسول الله - صلى الله عليه وسلم قال: "من زار قبري وجبت له شفاعتي"، ورواه عبد الحق في أحكامه الوسطى، وفي الصغرى، وسكت عنه، وسكوته عن الحديث فيهما دليل على صحته. وفي المعجم الكبير للطبراني: إن النبي -صلى الله عليه وسلم- قال: "من جاءني زائرًا لا تعمله حاجة إلا زيارتي، كان حقًا علي أن أكون شفيعًا له يوم القيامة". وصحَّحه ابن السكن .

আসরের পর অধ্যয়ন করা

প্রশ্ন : আসর নামাযের পর থেকে মাগরিব নামায পর্যন্ত পড়াশোনা সম্পর্কে হাদীসে নিষেধ বা নিরুৎসাহিত করা হয়েছে কি না?

Scanned by CamScanner

উত্তর : আসর নামাযের পর থেকে মাগরিব পর্যন্ত পড়াশোনা সম্পর্কে শরয়ী নিষেধাজ্ঞা নেই। তবে বিজ্ঞ উলামায়ে কেরাম দৃষ্টিশক্তির ক্ষতির আশংকায় এ সময়ে কিতাবপত্র না দেখার পরামর্শ দিতেন বলে কিতাবে উল্লেখ রয়েছে। (৬/২৩৩/১১৬৬)

📖 المقاصد الحسنة (دار الكتاب العربي) ص ٦٢٦ : حديث: من أكرم حبيبتيه فلا يكتب بعد العصر، ليس في المرفوع، ولكن قد أوصى الإمام أحمد بعض أصحابه أن لا ينظر بعد العصر في كتاب، أخرجه الخطيب أو غيره، وقال الشافعي فيما رواه حرملة بن يحيي كما أخرجه البيهقي في مناقبه: الوراق إنما يأكل دية عينيه.

📖 فتاوی محمودیہ (زکریا) ١/ ٧٥ : سوال - کیا کوئی ایسی حدیث جس میں عصر کے بعد مطالعہ کی ممانعت کی گئی ہو موجود ہے؟

الجواب: من أكرم حبيبتيه فلا يكتب بعد العصر، ليس في المرفوع، ولكن قد أوصى الإمام أحمد بعض أصحابه أن لا ينظر بعد العصر في كتاب، أخرجه الخطيب وغيره-

ফাজায়েলে আমালের তিনটি হাদীসের তাখরীজ

প্রশ্ন : আবেদনপত্রের সাথে সংযুক্ত তিনটি হাদীস হযরত মাও. জাকারিয়া (রহ.) ফাজায়েলে আমল নামক কিতাবে লিখেছেন। হাদীস তিনটি মুসনাদে আহমাদ, ইবনে মাজাহ এবং আবু দাউদ শরীফ গ্রন্থে উল্লেখ আছে বলে তিনি উদ্ধৃত করেছেন। আরজ এই যে উল্লিখিত হাদীস তিনটি বর্ণিত হাদীসের গ্রন্থগুলোতে আছে কি? যদি থাকে তবে হাদীস তিনটি কোন গ্রন্থের কত নম্বর খণ্ডের কত পৃষ্ঠায় উল্লেখ আছে, তা মেহেরবানি করে জানালে কৃতজ্ঞ থাকব। আর যদি হাদীস তিনটি উল্লিখিত হাদীস গ্রন্থ ছাড়াও সিহাহ সিত্তার অন্য কোনো গ্রন্থে উল্লেখ থাকে তবে তাও মেহেরবানি করে জানাবেন।

উত্তর : প্রশ্নে বর্ণিত হাদীস তিনটি যথাক্রমে মুসনাদে আহমদ ইবনে মাজাহ এবং আবু দাউদ শরীফ গ্রন্থ বর্ণিত রয়েছে। নিম্নে তার উদ্ধৃতি দেওয়া হলো।

প্রথম : হাদীসটি মুসনাদে আহমদ গ্রন্থে হযরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত আছে। (মুসনাদে আহমদ, খণ্ড ২, পৃ. ৩৩৩, হাদীস নং ৮৪২০)

Scanned by CamScanner

দ্বিতীয় : হাদীসটি ইবনে মাজাহ শরীফে হযরত তালহা (রা.) থেকে বর্ণিত আছে (ইবনে মাজাহ শরীফ, খণ্ড ৪, পৃ. ৩১৩, হাদীস নং-৩৯২৫)

তৃতীয় : হাদীসটি আবু দাউদ ও নাসাঈ শরীফে হযরত উবায়দুল্লাহ বিন খালেদ (রা.) থেকে বর্ণিত আছে।

(আবু দাউদ শরীফ, খণ্ড-৩, পৃ. ৩৫, হা. নং-২৫২৪)

(নাসাঈ শরীফ, খণ্ড-৪, পৃ. ৭৫, হা. নং-১৯৮৪)

বিস্তারিত বিবরণ

প্রথম হাদীস, যা মুসনাদে আহমদে বর্ণিত হয়েছে

📖 مسند احمد(مؤسسة الرسالة)١٤ / ١٢٦ (٨٣٩٩) : حدثنا محمد بن بشر، حدثنا محمد بن عمرو، حدثنا أبو سلمة، عن أبي هريرة، قال: كان رجلان من بلي حي من قضاعة أسلما مع النبي صلى الله عليه وسلم، واستشهد أحدهما، وأخر الآخر سنة، قال طلحة بن عبيد الله: فأريت الجنة، فرأيت المؤخر منهما، أدخل قبل الشهيد، فتعجبت لذلك، فأصبحت، فذكرت ذلك للنبي صلى الله عليه وسلم، أو ذكر ذلك لرسول الله صلى الله عليه وسلم، فقال رسول الله صلى الله عليه وسلم: «أليس قد صام بعده رمضان، وصلى ستة آلاف ركعة، أو كذا وكذا ركعة صلاة السنة؟» .

দ্বিতীয় হাদীস, যা ইবনে মাজাহ শরীফ গ্রন্থে বর্ণিত হয়েছে

📖 سنن ابن ماجة(دار إحياء الكتب) ٢/ ١٢٩٣ (٣٩٢٥) : حدثنا محمد بن رمح قال: أنبأنا الليث بن سعد، عن ابن الهاد، عن محمد بن إبراهيم التيمي، عن أبي سلمة بن عبد الرحمن، عن طلحة بن عبيد الله، أن رجلين من بلي قدما على رسول الله صلى الله عليه وسلم، وكان إسلامهما جميعا، فكان أحدهما أشد اجتهادا من

Scanned by CamScanner

الآخر، فغزا المجتهد منهما فاستشهد، ثم مكث الآخر بعده سنة، ثم توفي، قال طلحة: فرأيت في المنام: بينا أنا عند باب الجنة، إذا أنا بهما، فخرج خارج من الجنة، فأذن للذي توفي الآخر منهما، ثم خرج، فأذن للذي استشهد، ثم رجع إلي، فقال: ارجع، فإنك لم يأن لك بعد، فأصبح طلحة يحدث به الناس، فعجبوا لذلك، فبلغ ذلك رسول الله صلى الله عليه وسلم، وحدثوه الحديث، فقال: «من أي ذلك تعجبون؟» فقالوا: يا رسول الله هذا كان أشد الرجلين اجتهادا، ثم استشهد، ودخل هذا الآخر الجنة قبله، فقال رسول الله صلى الله عليه وسلم: «أليس قد مكث هذا بعده سنة؟» قالوا: بلى، قال: «وأدرك رمضان فصام، وصلى كذا وكذا من سجدة في السنة؟» قالوا: بلى، قال رسول الله صلى الله عليه وسلم: «فما بينهما أبعد مما بين السماء والأرض».

তৃতীয় হাদীস, যা আবু দাউদ শরীফে বর্ণিত হয়েছে

📖سنن ابى داود (دار الحديث) ٣ / ١٠٩٣ (٢٥٢٤) : حدثنا محمد بن كثير، أخبرنا شعبة، عن عمرو بن مرة، قال: سمعت عمرو بن ميمون، عن عبد الله بن ربيعة، عن عبيد بن خالد السلمي قال: آخى رسول الله صلى الله عليه وسلم بين رجلين، فقتل أحدهما، ومات الآخر بعده بجمعة، أو نحوها، فصلينا عليه، فقال رسول الله صلى الله عليه وسلم: «ما قلتم؟» فقلنا: دعونا له، وقلنا: اللَّهُمَّ اغفر له وألحقه بصاحبه، فقال رسول الله صلى الله عليه وسلم: «فأين صلاته بعد صلاته، وصومه بعد صومه؟ - شك شعبة - في صومه، وعمله بعد عمله، إن بينهما كما بين السماء والأرض».

এ ছাড়া অন্য এক হাদীসে হযরত সা'আদ ইবনে আবী ওয়াক্কাস থেকে সহীহ সনদে বর্ণিত রয়েছে যে, দুই ভাই ৪০ দিনের ব্যবধানে ইন্তেকাল করেন...। উল্লেখ্য যে, উপরোক্ত হাদীসগুলো বিভিন্ন সনদে বর্ণিত হলেও মূলত হাদীস একটিই, যা একই অর্থবোধক, ভাষ্য বিভিন্ন সূত্রে বর্ণিত হয়েছে। (১৫/৬৪৩/৬১৯২)

Scanned by CamScanner

📖مسند احمد (مؤسسة الرسالة) ٣ / ١١٥ (١٥٣٤) : عن عامر بن سعد بن أبي وقاص، قال: سمعت سعدا، وناسا من أصحاب رسول الله صلى الله عليه وسلم يقولون: كان رجلان أخوان في عهد رسول الله صلى الله عليه وسلم، وكان أحدهما أفضل من الآخر، فتوفي الذي هو أفضلهما، ثم عمر الآخر بعده أربعين ليلة، ثم توفي، فذكر لرسول الله صلى الله عليه وسلم فضل الأول على الآخر، فقال: " ألم يكن يصلي؟ " فقالوا: بلى يا رسول الله فكان لا بأس به. فقال: " ما يدريكم ماذا بلغت به صلاته؟ " ثم قال عند ذلك: " إنما مثل الصلاة كمثل نهر جار بباب رجل، غمر عذب يقتحم فيه كل يوم خمس مرات، فماذا ترون يبقي ذلك من درنه؟ "

পায়ে হেঁটে মসজিদে গমনের ফজীলত

প্রশ্ন : হযরত উকবা বিন আমির (রা.) থেকে বর্ণিত, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ইরশাদ করেছেন, যখন কোনো ব্যক্তি নিজ গৃহ থেকে মসজিদের উদ্দেশে বের হয়, তখন আমলনামা লিপিবদ্ধকারী ফেরেশতাগণ তার প্রত্যেক কদমের বিনিময়ে দশ-দশটি সাওয়াব লিখে থাকেন। (মুনতাখাবুল কান্‌য) প্রশ্ন হচ্ছে, মসজিদে যাওয়ার সময় পায়ে হেঁটে না গিয়ে কোনো কিছুতে আরোহণ করে (যেমন–রিকশা, গাড়ি ইত্যাদি) গেলে উক্ত সাওয়াব পাওয়া যাবে কি?

উত্তর : বর্ণিত হাদীসের শব্দ ও হাদীস বিশারদগণের ব্যাখ্যা থেকে এ কথাই প্রতীয়মান হয় যে, উল্লিখিত পরিমাণ সাওয়াব পায়ে হেঁটে গেলেই পাওয়া যাবে। ফেরার সময়ও ওই রূপ সাওয়াব হবে। বিনা ওজরে যানবাহনে আরোহণ করে গেলে উল্লিখিত সাওয়াব পাওয়া যাবে না। (৮/১৬৬/২০৩৬)

📖صحيح مسلم (دار الغد الجديد) ٢ /١٤٦ (٦٦٣) عن أبي بن كعب ، قال: كان رجل لا أعلم رجلا أبعد من المسجد منه، وكان لا تخطئه صلاة، قال: فقيل له: أو قلت له: لو اشتريت حمارا تركبه في الظلماء، وفي الرمضاء، قال: ما يسرني أن منزلي إلى جنب

Scanned by CamScanner

المسجد، إني أريد أن يكتب لي ممشاي إلى المسجد، ورجوعي إذا رجعت إلى أهلي، فقال رسول الله صلى الله عليه وسلم: «قد جمع الله لك ذلك كله» -

📖 شرح النووى على مسلم (دار الغد الجديد) ٥/ ١٤٦: قوله إني أريد أن يكتب لي ممشاي إلى المسجد ورجوعي إذا رجعت إلى أهلي فقال رسول الله صلى الله عليه وسلم قد جمع الله لك ذلك كله فيه إثبات الثواب في الخطا في الرجوع من الصلاة كما يثبت في الذهاب قوله ما أحب أن بيتي مطنب ببيت محمد صلى الله عليه وسلم أي ما أحب أنه مشدود بالأطناب وهي الحبال إلى بيت النبي صلى الله عليه وسلم بل أحب أن يكون بعيدا منه لتكثير ثوابي وخطاي إليه قوله مطنب بفتح النون قوله فحملت به حملا حتى أتيت نبي الله صلى الله عليه وسلم هو بكسر الحاء قال القاضي معناه أنه عظم علي وثقل واستعظمته لبشاعة لفظه وهمني ذلك وليس المراد به الحمل على الظهر قوله يرجو في أثره الأجر أي في ممشاه -

আজাবের ফেরেস্তার সংখ্যা ও বিসমিল্লাহর ফজীলত

প্রশ্ন : ওয়াজে বেনজীরে (বঙ্গানুবাদ-১০ পৃ.) উল্লেখ রয়েছে, হাদীস শরীফে আছে, বিসমিল্লাহতে ১৯ হরফ আর দোযখে আযাব প্রদানকারী ফেরেস্তাও ১৯ জন। যে ব্যক্তি প্রত্যেক ফজর এবং মাগরিবের নামাযের পর ১৯ বার করে বিসমিল্লাহ শরীফ পাঠ করবে, সে ওই ১৯ জন ফেরেস্তার আজাব হতে মুক্তি পাবে। হাদীসটি কতটুকু সহীহ?

উত্তর : বিসমিল্লাহ শরীফ পড়া সম্পর্কে অনেক ফজীলতের কথা হাদীসে আছে, প্রশ্নোক্ত ফজীলত হাদীসে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) দ্বারা প্রমাণিত নয়, এটি কোনো সাহাবী বা বুজুর্গের উক্তি হবে। (৬/৮৭২/১৪৭২)

Scanned by CamScanner

📖 التفسير الكبير(إحياء التراث) ١ / ١٥٦ : قيل «بسم الله الرحمن الرحيم» تسعة عشر حرفا، وفيه فائدتان: إحداهما: أن الزبانية تسعة عشر، فالله تعالى يدفع بأسهم بهذه الحروف التسعة عشر.

📖 مظاہر حق ٢/ ٤٣٠ : حضرت عبداللہ بن مسعود نے (بقول ابو وائل) فرمایا جو شخص یہ چاہتا ہے کہ دوزخ کے انیس فرشتوں سے اللہ تعالی نے اس کو بچالے تو بسم اللہ الرحمن الرحیم پڑھے، اس کے انیس حروف ہیں۔ اللہ تعالی نے ہر حرف کو عذاب کے فرشتے سے بچنے کیلئے سپر ابنادے گا۔

মৃত ব্যক্তির চোখ-মুখ বন্ধ করার সময় পঠিত দু'আর প্রমাণ

প্রশ্ন : মৃত ব্যক্তির চক্ষুদ্বয় ও মুখ খোলা থাকলে বন্ধ করে দেবে এবং প্রয়োজনে মাথার ওপর ও থুতনির নিচ দিয়ে কাপড় বেঁধে দেবে, বাঁধার সময় এই দু'আ পড়বে :

بسم الله وعلى ملة رسول الله اللهم يسر عليه امره وسهل عليه ما بعده واسعده بلقائك واجعل ما خرج اليه خيرا مما خرج عنه .

উপরোক্ত আমল ও দু'আটি কতটুকু গ্রহণযোগ্য?

উত্তর : মৃত ব্যক্তির সাথে প্রশ্নে উল্লিখিত কাজগুলো অর্থাৎ চোখ-মুখ খোলা থাকলে বন্ধ করে দেওয়া এবং কাপড় বেঁধে দেওয়া ও দু'আ পড়ার কথা হাদীস এবং ফেকাহগ্রন্থে উল্লেখ রয়েছে। (৬/৮৮৯/১৪৯৪)

📖 المعجم الأوسط(دار الحرمين) ٨/ ٢٠٥ (٨٤١١) : عن أبي بكرة قال: دخلت مع رسول الله صلى الله عليه وسلم على أبي سلمة وهو بالموت، فلما شق بصره أهوى إليه رسول الله صلى الله عليه وسلم فأغمضه، وصوت أهله فسكنهم، ثم قال: «إن النفس إذا خرجت اتبعها البصر، وإن الملائكة تحضر الميت يؤمنون على ما يقول أهل الميت» ، ثم قال: «اللَّهُمَّ ارفع درجة أبي سلمة في المهديين، واخلفه في عقبه في الغابرين، واغفر لنا وله رب العالمين» -

Scanned by CamScanner

📖 السنن الكبرى (دار الكتب العلمية) ٣/ ٥٤٠ (٦٦٠٩) : عن بكر بن عبد الله قال: " إذا غمضت الميت فقل: بسم الله، وعلى ملة رسول الله صلى الله عليه وسلم، وإذا حملته فقل: بسم الله، ثم سبح ما دمت تحمله "-

📖 بدائع الصنائع (دار الكتب العلمية) ١/ ٢٩٩ : وإذا قضى نحبه تغمض عيناه، ويشد لحياه؛ لأنه لو ترك كذلك لصار كريه المنظر في نظر الناس كالمثلة، وقد روي عن رسول الله – صلى الله عليه وسلم – «أنه دخل على أبي سلمة، وقد شق بصره فغمضه»-

📖 البناية (دار الفكر) ٣/ ١٧٨ : «ويقول مغمضه بسم الله وعلى ملة رسول الله، وروي وعلى وفاة رسول الله، اللَّهُمَّ يسر عليه أمره وسهل عليه ما بعده وأسعده بلقائك، واجعل ما خرج إليه خيرا مما خرج عنه».

বিশ লাখ নেকিবিশিষ্ট একটি দু'আ!

প্রশ্ন: নিম্নেলিখিত দু'আটি পড়লে ২০ লক্ষ নেকি পাওয়া যাবে দু'আটি হচ্ছে,

له الا الله وحده لا شريك له احدا صمدا لم يلد ولم يولد ولم يكن له كفوا احد

উক্ত দু'আটি কতটুকু সহীহ? হাদীসের আলোকে জানতে চাই।

উত্তর : প্রশ্নে উল্লিখিত নির্দিষ্ট এ শব্দের দু'আটি হাদীস দ্বারা প্রমাণিত। (৬/৮৮৯/১৪৯৪)

📖 مجمع الزوائد(مكتبة القدسي) ١٠/ ٨٥ (١٦٨٢٧) : عن عبد الله بن أبي أوفى قال: قال رسول الله – صلى الله عليه وسلم –: " «من قال: لا إله إلا الله، وحده لا شريك له، أحد صمد، لم يلد ولم يولد، ولم يكن له كفوا أحد، كتب الله له ألفي ألف حسنة» ".

رواه الطبراني، وفيه فائد أبو الورقاء، وهو متروك.

Scanned by CamScanner

দু'আয়ে আবিদ্দারদা

প্রশ্ন : যে ব্যক্তি ফজরের সময় নিম্নের দু'আটি পাঠ করবে সন্ধ্যা পর্যন্ত তার ওপর কোনো বালা-মুসিবত নাজিল হবে না। দু'আটি হচ্ছে–

اللهم انت ربي لا اله الا انت عليك توكلت و انت رب العرش الكريم ماشاء الله كان وما لم يشأ لم يكن ولا حول ولا قوة الا بالله العلى العظيم اعلم أن الله على كل شئ قدير وان الله قداحاط بكل شئ علما اللهم انى اعوذبك من شر نفسى و من شر كل دابة انت آخذ بنا صيتها ان ربي على صراط مستقيم .

উক্ত দু'আটি ফজীলতসহ কতটুকু সহীহ? জানতে চাই।

উত্তর : এ দু'আটি দু'আয়ে আবিদ্দারদা নামে খ্যাত। হাদীসের বিভিন্ন কিতাবে এর উল্লেখ রয়েছে। এ দু'আটি দিন ও রাতের শুরুতে পড়লে পরবর্তী সময়ে বিপদ, মুসিবত থেকে রক্ষা পাবে বলে হাদীসে উল্লেখ রয়েছে। (৬/৮৮৯/১৪৯৪)

📖 عمل اليوم والليلة لابن السنى(دار القبلة) ١ /٤٥ (٥٧) :عن طلق بن حبيب، قال: جاء رجل إلى أبي الدرداء رضي الله عنه، فقال: يا أبا الدرداء، قد احترق بيتك. قال: ما احترق، الله عز وجل لم يكن ليفعل ذلك؛ لكلمات سمعتهن من رسول الله صلى الله عليه وسلم، من قالهن أول نهاره لم تصبه مصيبة حتى يمسي، ومن قالها آخر النهار لم تصبه مصيبة حتى يصبح «اللَّهُمَّ أنت ربي، لا إله إلا أنت، عليك توكلت، وأنت رب العرش العظيم، ما شاء الله كان، وما لم يشأ لم يكن، لا حول ولا قوة إلا بالله العلي العظيم، أعلم أن الله على كل شيء قدير، وأن الله قد أحاط بكل شيء علما، اللَّهُمَّ إني أعوذ بك من شر نفسي، ومن شر كل دابة أنت آخذ بناصيتها، إن ربي على صراط مستقيم» -

Scanned by CamScanner

ইমামের শুধুমাত্র নিজের জন্য দু'আ করা

প্রশ্ন : ১. لا يؤم قوما فيخص نفسه بدعوة دونهم فإن فعل فقد خانهم

উল্লিখিত হাদীস দ্বারা প্রমাণিত হয় যে ইমাম সাহেব শুধু নিজের জন্য দু'আ করতে পারবেন না, বরং মুসল্লিদেরকে দু'আয় শামিল করবেন। কিন্তু নামাযের শেষ বৈঠকে পঠিত اللهم إني ظلمت الخ দু'আয় ظلمت، واحد متكلم এর صيغه , সুতরাং নিজের জন্যই দু'আ করা হলো? এর সমাধান জানতে চাই।

২. যে সমস্ত দু'আয় واحد متكلم এর صيغه ব্যবহার করা হয়েছে ওই সমস্ত দু'আ ইজতেমায়ী দু'আর মজলিসে শুধু ইমাম পড়তে পারবেন কিনা? যদি পারেন তাহলে দু'আ কার জন্য করা হবে?

৩. ইমাম সাহেব নামাযের পরে رب ارحمهما كما الخ দু'আটি মুসল্লিদের নিয়ে পড়তে পারবেন কি না? যেহেতু এখানে শুধু ইমামের মা-বাবার জন্যই দু'আ করা হয়।

উত্তর : ১. উক্ত হাদীসের ব্যাখ্যায় বিখ্যাত হাদীস বিশারদ আনওয়ার শাহ কাশ্মীরি (রহ.) বলেন যে, নামাযের ভেতর কোনো স্থানে ইমাম একা দু'আয় ব্যস্ত হবে না। শেষ বৈঠকের দু'আ যেহেতু মুক্তাদীগণও করেন। তাই এ অবস্থায় যেকোনো صيغه দ্বারা দু'আ করা যায়, এর সাথে নিষেধাজ্ঞার সম্পর্ক নেই।

কোনো কোনো মুহাদ্দিস উক্ত হাদীসের মর্মার্থে বলেন যে, ইমাম এভাবে দু'আ করবেন না যে, হে আল্লাহ শুধু আমাকে দান করো, অন্যদের নয়। দু'আয়ে মা'সূরাতে যেহেতু অন্যদের না দেওয়ার কথা নেই। তাই হাদীসের নিষেধাজ্ঞার অন্তর্ভুক্ত নয়।

২, ৩. এ ব্যাপারে উলামায়ে কেরামের মতামত এই যে, ইমাম দু'আ করার সময় মুক্তাদীরা আমীন বলার মাধ্যমে ইমামের সাথে শরীক হয়ে থাকেন বিধায় ইমাম সাহেব সকল দু'আই পড়তে পারবেন। (৫/১৯/৮১২)

📖 مجموع فتاوى ابن تيمية (عالم الكتب) ٢٣/ ١١٩ : ثم لفظه {فيخص نفسه بدعوة دونهم} يراد بمثل هذا إذا لم يحصل لهم دعاء وهذا لا يكون مع تأمينهم. وأما مع كونهم مؤمنين على الدعاء كلما دعا فيحصل لهم كما حصل له بفعلهم ولهذا جاء دعاء القنوت بصيغة

Scanned by CamScanner

الجمع: {اللّٰهُمَّ إنا نستعينك ونستهديك} إلى آخره. ففي مثل هذا يأتي بصيغة الجمع ويتبع السنة على وجهها والله أعلم.

📖 الكوكب الدرى ١ /١٦٤ : والصحيح ان المراد بالتخصيص الحصر والقصر كما ورد فى حديث الاعرابى، اللهم ارحمنى محمدا ولا ترحم معنا احدا، ولا ما فهم من ظاهر العبارة ، اذ الوكيل والساعى عن قوم وان اسناد مسئلة الى نفسه فالمشاركة له فيه كل من خلفه -

📖 معارف السنن (ايچ ايم سعيد) ٣/ ٤٠٨ : وقد فتح الله على بالجواب، وهو أنه ليس المراد به صورة الصيغة بأن يأتى بصيغة المتكلم مع الغير لاالواحدالمتكلم، بل المرادبه أن ينتهز فرصة فى أثناء صلاته للدعاء بأى صيغةشاء، ولا ينتبهون له فيدعوا لأنفسهم وهذا إنما يكون فى غير المواضع التى شرع الدعاء فيها من الصلاة فالمراد بالتخصيص الاختصاص بوجود الدعاء منه ، ولا ينتبهون له كى يدعوا لأنفسهم أى الاختصاص بأصل وجوده منه، لامن حيث الصيغة.

৭০০ বছরের উমরী কাজা মাফ হওয়ার আমল! কতটুকু সঠিক

প্রশ্ন : জনৈক ব্যক্তি বলেন, যদি কেউ এ আমল করে তাহলে তার ৭০০ বছরের উমরী কাজা মাফ হয়ে যাবে। আমলের নিয়্যাত : "নাওয়াইতুআন উসাল্লিয়া লিল্লাহি তালা আরবাআ রাকাতাই ছালাতিন্নাফলি মা ফাতাত মিন্নী ফী জামীই উমরী মোতাওয়াজ্জিহান ইলাল ক্বিবলাতি আল্লাহু আকবার" এই নিয়্যাতে যেকোনো শুক্রবার জুমু'আর পর নিম্নের নিয়মে পড়বে, প্রতি রাক'আতে সূরা ফাতেহার পর আয়াতুল কুরসী ৭ বার ও সূরায়ে কাওসার ১৫ বার পড়তে হবে। এ হাদীসটি 'যা-দুল আখেরাত' কিতাবে আছে । আমলটি কতটুকু গ্রহণযোগ্য?

Scanned by CamScanner

উত্তর : বালেগ হওয়ার পর জীবনে যত নামায কাজা হয় তা আদায় করা জরুরি। প্রশ্নে বর্ণিত পদ্ধতিতে নামায পড়লে ৭০০ বছরের উমরী কাজা মাফ হওয়ার কথাটি সম্পূর্ণ ভুল ও ভিত্তিহীন। (৫/৪১৬/১০১৪)

📖المصنوع في معرفة الحديث الموضوع (مؤسسة الرسالة) ص ١٩١ : حديث من قضى صلاة من الفرائض في آخر جمعة من شهر رمضان كان ذلك جابرا لكل صلاة فاتته في عمره إلى سبعين سنة باطل قطعا لأنه مناقض للإجماع على أن شيئا من العبادات لا يقوم مقام فائتة سنوات ثم لا عبرة بنقل النهاية ولا شراح الهداية فإنهم ليسوا من المحدثين ولا أسندوا الحديث إلى أحد من المخرجين -

📖الآثار المرفوعة في الأخبار الموضوعة (مكتبة الشرق) ص ٨٥ : حديث من قضى صلوات من الفرائض في آخر جمعة من رمضان كان ذلك جابرا لكل صلاة فائتة من عمره إلى سبعين سنة قال علي القاري في موضوعاته الصغري والكبري باطل قطعيا لأنه مناقض للإجماع على أن شيئا من العبادات لا يقوم مقام فائتة سنوات ثم لا عبرة بنقل صاحب النهاية ولا بقية شراح الهداية لأنهم ليسوا من المحدثين ولا أسندوا الحديث إلي أحد من المخرجين انتهى.
وذكره الشوكاني في الفوائد المجموعة في الأحاديث الموضوعة بلفظ من صلى في آخر جمعة من رمضان الخمس صلوات المفروضة في اليوم والليلة قضت عنه ما أخل به من صلاة سنة.وقال هذا موضوع بلا شك -

📖الفتاوى الهندية (مكتبة زكريا) ١ /١٢١ :كل صلاة فاتت عن الوقت بعد وجوبها فيه يلزمه قضاؤها سواء ترك عمدا أو سهوا أو بسبب نوم وسواء كانت الفوائت كثيرة أو قليلة.

Scanned by CamScanner

ডিম খেলে কি সন্তান হয়

প্রশ্ন : বর্ণিত আছে, জনৈক সাহাবী (রা.) রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর খেদমতে সন্তান হওয়ার কথা আরজ করেন। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁকে ডিম খাওয়ার পরামর্শ দিয়েছেন। তা কতটুকু সঠিক?

উত্তর : প্রশ্নে উল্লিখিত হাদীসটি হাদীস বিশারদগণ বানোয়াট বলে মন্তব্য করেছেন। (৩/২২৫/৫৫৪)

📖تذكرة الحفاظ لابن القيسراني (دار الصميعي) ١/ ١٧٧ : جاء رجل إلى النبي صلى الله عليه وسلم فشكا إليه قلة الولد، فأمره بأكل البيض والبصل...الحديث، لا شك أنه موضوع، لا يحل ذكر مثل هذا في الكتب.

📖اللؤلؤ المرصوع (دار البشائر) ص ٤٥ : والذي شكا إلى النبي قلة الولد فأمره بأكل البيض والبصل ... ... كلها موضوعة.

মুমিনের দাড়িতে ৭০ হাজার ফেরেশতা রয়েছেন

প্রশ্ন : মুমিনের দাড়িতে ৭০ হাজার ফেরেশতা রয়েছেন। তাঁরা দাড়িওয়ালার জন্য দু'আ করেন, 'আহলান সাহলান মারহাবান' বলেন, তা সঠিক কি না?

উত্তর : উল্লিখিত কথাটি বহু হাদীসগ্রন্থে তালাশ করেও পাওয়া যায়নি। (১/৬/৫)

মিশকাত ও সিহাহ সিত্তার হাদীসের মান নির্ণয়

প্রশ্ন : ১. মিশকাত শরীফের সব হাদীস সহীহ। অর্থাৎ সম্পূর্ণ নির্ভরযোগ্য ও বিশ্বাসযোগ্য কি না? তালিকাসহ জানানোর জন্য অনুরোধ রইল।

২. সিহাহ সিত্তা ছাড়া আর কোন কোন হাদীস গ্রন্থের হাদীস সম্পূর্ণ সহীহ অর্থাৎ সম্পূর্ণ নির্ভরযোগ্য ও বিশ্বাসযোগ্য বলে গণ্য করা যায় কিনা? অনুগ্রহপূর্বক সেই হাদীস গ্রন্থগুলোর সম্পূর্ণ তালিকা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

Scanned by CamScanner

উত্তর : আপনি একজন জেনারেল শিক্ষিত বিজ্ঞ প্রকৌশলী হয়ে ইসলামী উচ্চশিক্ষার সূক্ষ্ম প্রশ্ন করতে দেখে আমি অত্যন্ত আশ্চর্য হলাম। আমি মনে করি, একজন হাদীস বিশারদই এ ধরনের প্রশ্ন করতে পারেন। কারণ একটি উপমা দিয়ে বলি, কোনো ব্যক্তি দালান বানাতে গিয়ে প্রকৌশলীর নিকট প্রশ্ন করে যে, দালান বানানোর সরঞ্জাম খাঁটি কি না কিভাবে জানা যাবে? এখন বলুনতো, তার এ প্রশ্নটি কি সঠিক বা তার উপযোগী প্রশ্ন হলো? হ্যাঁ, এ ধরনের প্রশ্ন অন্য এক প্রকৌশলীর জন্যই শ্রেয়। আর যে ব্যক্তি দালান বানাবে সে জিজ্ঞেস করতে পারে যে ভাই, আমি এই সরঞ্জাম দিয়ে দালান বানাতে পারব কি না? তখন প্রকৌশলী উত্তরে হ্যাঁ বা না বলবেন। তদ্রূপ একজন হাদীস বিশারদ বা হাদীস প্রকৌশলী আরেক হাদীস বিশারদকে প্রশ্ন করতে পারবেন যে ভাই, এ হাদীসটি সহীহ কি না? যিনি হাদীস বিশারদ বা প্রকৌশলী নন, তিনি জিজ্ঞাসা করবেন যে অমুক কিতাবের হাদীসসমূহের ওপর আমল করা যাবে কি না? তখন হাদীস বিশারদের উত্তরের অনুসরণ করে আমল করবেন। অতএব আপনার প্রশ্নের সঠিক উত্তর হলো, সিহাহ সিত্তাহ ও অন্যান্য হাদীস গ্রন্থ থেকে সংকলিত মিশকাত শরীফের হাদীসগুলোর ওপর আমল বা ধর্মীয় ঘর বানাতে পারবেন। সাধারণত এসব বিষয় সম্পর্কে জানা হাদীস বিশারদদের প্রয়োজন হয়, সর্বসাধারণের নয়। (১৪/৮৩৮/৫৮৩৯)

সূরা ইখলাসের ফজীলত

প্রশ্ন : যদি কোনো ব্যক্তি ১০ বার قل هو الله সূরা পাঠ করে তাহলে তার জন্য জান্নাতে একটি প্রাসাদ তৈরি করা হবে। এই হাদীসের সত্যতা কতটুকু?

উত্তর : প্রশ্নে বর্ণিত হাদীসটি নির্ভরযোগ্য বহু হাদীস গ্রন্থে উল্লেখ আছে। তার মধ্যে মুসনাদে আহমাদ, সুনানে দারেমী, আল মু'জামুল কাবীর বিশেষভাবে উল্লেখযোগ্য এবং হাদীসটি আমলযোগ্য। নিম্নে হাদীসটির বিবরণ তুলে ধরা হলো। (১৪/৯৩০/৫৮৮২)

🕮 مسند احمد (مؤسسة الرسالة) ٣ /٤٢٧ (١٥٦١٠) : عن معاذ بن أنس الجهني رضـ صاحب النبي صلى الله عليه وسلم، عن النبي صلى الله عليه وسلم قال: " من قرأ: قل هو الله أحد حتى يختمها عشر مرات، بنى الله له قصرا في الجنة " -

🕮 المعجم الكبيرللطبراني(مكتبة ابن تيمية) ٢ /١٨٣ (٣٩٧) : عن سهل بن معاذ بن أنس، عن أبيه، عن رسول الله صلى الله عليه

وسلم قال: " من قرأ: قل هو الله أحد عشر مرات بنى الله له بيتا في الجنة "، فقال عمر بن الخطاب: إذا نستكثر يا رسول الله؟ فقال رسول الله صلى الله عليه وسلم: «الله أكثر وأطيب» -

📖 سنن الدارمي (دار المغني) ٤/ ٢١٥٦ (٣٤٧٢)

সালাম দিলে ৯০ আর উত্তরে ১০ নেকি

প্রশ্ন : সালাম দিলে ৯০ নেকি, উত্তর দিলে ১০ নেকি–এটা হাদীস নাকি কারো বাণী? প্রমাণসহ জানাবেন।

উত্তর : সালাম দিলে ৯০ নেকি আর উত্তর দিলে ১০ নেকি। এই কথাটির প্রমাণ কোনো নির্ভরযোগ্য কিতাবে পাওয়া যায়নি। বরং হাদীস শরীফে এতটুকু পাওয়া যায় যে যদি কোনো ব্যক্তি 'আস্‌সালামু আলাইকুম' এতটুকু পর্যন্ত বলে, তাহলে তার জন্য ১০ নেকি। আর যদি 'আস্‌সালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ' পর্যন্ত বলে, তাহলে তার জন্য ২০ নেকি। আর যদি 'আস্‌সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু' পর্যন্ত বলে তাহলে তার জন্য ৩০ নেকি। (১২/৩৮/৩৭৯৪)

📖 سنن الترمذى (دار الحديث) ٤/ ٤٧٧ (٢٦٨٩) : عن عمران بن حصين رضـ، أن رجلا جاء إلى النبي صلى الله عليه وسلم فقال: السلام عليكم، قال: قال النبي صلى الله عليه وسلم: «عشر» ثم جاء آخر فقال: السلام عليكم ورحمة الله، فقال النبي صلى الله عليه وسلم: «عشرون» . ثم جاء آخر فقال: السلام عليكم ورحمة الله وبركاته، فقال النبي صلى الله عليه وسلم: «ثلاثون» -

নামায ছাড়ার আজাব ৮০ হুকবা, কোনো হাদীসে আছে কি

প্রশ্ন : আমাদের মাঝে প্রচলিত একটি কথা আছে যে যদি কেউ এক ওয়াক্ত নামায ছেড়ে দেয়, তাহলে তাকে ৮০ হুকবা আজাব দেওয়া হয়, আর ১ ওয়াক্ত কাজা আদায় করলে ৭৯ হুকবা মাফ হয়। উল্লিখিত বর্ণনাটি সহীহ কি না?

Scanned by CamScanner

উত্তর : উল্লিখিত বর্ণনাটি হাদীসের কোনো কিতাবে পাওয়া যায়নি। তবে তার একাংশের সমার্থবোধক একটি বর্ণনা শায়খুল হাদীস যাকারিয়া (রহ.) রচিত "ফাজায়েলে আমাল" গ্রন্থের ফাজায়েলে নামায অধ্যায়ে 'মাজালিসুল আবরার'-এর উদ্ধৃতিতে পাওয়া যায়। সেখানে কোনো কিতাব বা সাহাবীর নাম উল্লেখ করা হয়নি। হযরত যাকারিয়া (রহ.) বর্ণনাটি কোনো হাদীসের কিতাবে পাননি বলেও উল্লেখ করেছেন। বর্ণনাটি হলো,

مجالس الابرار (مكتبه حقانيه) صـ ٣٠١ : روى انه عليه الصلاة والسلام قال من ترك الصلوة حتى مضى وقتها ثم قضى عذب فى النار حقبا والحقب ثمانون سنة والسنة ثلث مأة وستون يوما كل يوم كان مقداره الف سنة.

قال الشيخ زكريا رحمه الله بعد ذكر هذا الحديث فى كتابه "فضائل الاعمال" : كذا فى مجالس الابرار، قلت: لم اجده فيما عندى من كتب الحديث إلا أن "مجالس الابرار" مدحه شيخ مشايخنا الشاه عبد العزيز الدهلوى".

এসব বর্ণনা দ্বারা বোঝা যায় যে প্রশ্নোল্লিখিত প্রচলিত কথাগুলোর সপক্ষে নির্ভরযোগ্য কোনো ভিত্তি বা প্রমাণ নেই। সুতরাং তা গ্রহণযোগ্য নয়। (১৫/৯৭১)

৮০ হুকবা শাস্তির কথা হাদীসে নেই

প্রশ্ন : সাধারণ মানুষের মাঝে প্রসিদ্ধি লাভ করেছে যে এক ওয়াক্ত নামায কাজা করলে ৮০ হুকবা জাহান্নামে থাকতে হবে। প্রশ্ন হলো, এ ধরনের কথার কোনো ভিত্তি বা দলিল শরীয়তে আছে কি না? থাকলে প্রমাণসহ জানালে উপকৃত হব। আর একদম আদায় না করলে তার পরিণাম কী হবে? তার কোনো দলিল শরীয়তে বর্ণনা করা হয়েছে কি না?

উত্তর : ইসলামে নামায একটি গুরুত্বপূর্ণ ইবাদত এবং পাঁচ স্তম্ভের একটি। আর নামাযের মধ্যে অলসতা করা মারাত্মক গোনাহ। যদি কেউ নামায ছেড়ে দেয় তাহলে তার কঠিন পরিণামের কথা হাদীস শরীফে উল্লেখ রয়েছে। যেমন–এক হাদীসে আছে, তার নাম জাহান্নামের দরজায় লেখা হয়ে যায়। অন্য এক হাদীসে আছে, তার দিকে কিয়ামতের দিন আল্লাহ পাক দৃষ্টিপাত করবেন না, আর তাকে কঠিন শাস্তি প্রদান করবেন। কিন্তু "এক ওয়াক্ত নামায কাজা করলে ৮০ হুকবা জাহান্নামে থাকবে"–এ ধরনের কথা কোনো কিতাবে পাওয়া যায়নি। তবে এক হুকবার কথা 'মাজালিসুল আবরার' নামক কিতাবের উদ্ধৃতি দিয়ে 'ফাজায়েলে আমাল' কিতাবে উল্লেখ করা হয়েছে। (১১/৯৫৬/৩৭৮৩)

Scanned by CamScanner

📖 سنن الترمذى (دار الحديث) ٤ / ٤٤٠ (٢٦٢١) : عن عبد الله بن بريدة، عن أبيه، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «العهد الذي بيننا وبينهم الصلاة، فمن تركها فقد كفر-

📖 مسند احمد (مؤسسة الرسالة) ١١ /١٤١ (٦٥٧٦) : عن عبد الله بن عمرو، عن النبي صلى الله عليه وسلم أنه: ذكر الصلاة يوما فقال: «من حافظ عليها؟ كانت له نورا، وبرهانا، ونجاة يوم القيامة، ومن لم يحافظ عليها لم يكن له نور، ولا برهان، ولا نجاة، وكان يوم القيامة مع قارون، وفرعون، وهامان، وأبي بن خلف» -

📖 المستدرك على الصحيحين (دار الكتب العلمية) ١/ ٤٠٩ (١٠٢٠) : عن ابن عباس رضي الله عنه، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «من جمع بين الصلاتين من غير عذر فقد أتى بابا من أبواب الكبائر» -

📖 المعجم الكبير (مكتبة ابن تيمية) ١١/ ٢٩٤ (١١٧٨٢) : عن ابن عباس، أن رسول الله صلى الله عليه وسلم قال: «من ترك صلاة لقي الله وهو عليه غضبان» -

📖 مجالس الابرار (مكتبه رحمانيه) ص ٣٠١ : روى انه ﷺ قال: من ترك الصلاة حتى مضى وقتها ثم قضى عذب فى النار حقبا والحقب ثمانون سنة والسنة ثلاث مأة وستون يوما كل يوم مقدارالف سنة -

মসজিদে কথা বললে ৪০ বছরের ইবাদত নষ্ট হয় কিনা

প্রশ্ন : "মসজিদে কথা বললে ৪০ বছরের ইবাদত নষ্ট হয়ে যাবে"–এ ব্যাপারে কোনো হাদীস বা ফতওয়া কিতাবে আছে কি?

উত্তর : "যে ব্যক্তি মসজিদে দুনিয়াবী কথাবার্তা বলবে, আল্লাহ তা'আলা তার ৪০ বছরের নেক আমল বরবাদ করে দেবেন"–এটি লোক মুখে হাদীস হিসেবে প্রসিদ্ধ হলেও হাদীস বিশারদগণ এটিকে জাল বলে উল্লেখ করেছেন। (১০/১৭৭/৩০৫৭)

Scanned by CamScanner

📖 الموضوعات الكبرى (مؤسسة الرسالة) ص ٣٣٨ : حديث من تكلم بكلام الدنيا في المسجد أحبط الله أعماله أربعين سنة - قال الصغاني: موضوع، وهو كذلك لأنه باطل مبنى ومعنى -

📖 اللؤلؤ المرصوع (دار البشائر) ص ١٨٧: من تكلم بكلام الدنيا في المسجد أحبط الله عمله أربعين سنة. موضوع -

মসজিদে দুনিয়াবী কথা পূণ্য নষ্ট করে দেয় কথাটি কি সঠিক

প্রশ্ন : মসজিদে দুনিয়াবী কথাবার্তার কারণে অর্জিত পূণ্যসমূহ এমনভাবে ধ্বংস হয়ে যায়, যেমনিভাবে আগুন কাষ্ঠখড়িকে জ্বালিয়ে ভষ্ম করে দেয়, আল-হাদীস। হাদীসটি কতটুকু সহীহ জানতে ইচ্ছুক। মসজিদে দুনিয়াবী কথা বলা ও খোশালাপ করা কেমন?

উত্তর : মসজিদে অতি প্রয়োজন ছাড়া দুনিয়াবী কথা বলা উচিত নয়। তবে হাদীস বিশারদগণ প্রশ্নে বর্ণিত হাদীসটি ভিত্তিহীন বলে উল্লেখ করেছেন। (৮/২৪২/২০৭৭)

📖 الدر المختار (ايچ ايم سعيد) ١ /٦٦٢: ويكره ... ... والكلام المباح؛ وقيده في الظهيرية بأن يجلس لأجله لكن في النهر الإطلاق أوجه -

📖 رد المحتار (ايچ ايم سعيد) ١/ ٦٦٢ : (قوله بأن يجلس لأجله) فإنه حينئذ لا يباح بالاتفاق لأن المسجد ما بني لأمور الدنيا. وفي صلاة الجلابي: الكلام المباح من حديث الدنيا يجوز في المساجد وإن كان الأولى أن يشتغل بذكر الله تعالى، كذا في التمرتاشي هندية وقال البيري ما نصه: وفي المدارك - {ومن الناس من يشتري لهو الحديث} المراد بالحديث الحديث المنكر كما جاء «الحديث في المسجد يأكل الحسنات كما تأكل البهيمة الحشيش» ، انتهى. فقد أفاد أن المنع خاص بالمنكر من القول، أما المباح فلا. قال في المصفى: الجلوس في المسجد للحديث مأذون شرعا لأن

Scanned by CamScanner

أهل الصفة كانوا يلازمون المسجد وكانوا ينامون، ويتحدثون، ولهذا لا يحل لأحد منعه، كذا في الجامع البرهاني.

أقول: يؤخذ من هذا أن الأمر الممنوع منه إذا وجد بعد الدخول بقصد العبادة لا يتناوله اهـ(قوله الإطلاق أوجه) بحث مخالف للمنقول مع ما فيه من شدة الحرج ط

📖الموضوعات الكبرى (مؤسسة الرسالة) ص ١٨٦ : حديث: الحديث في المسجد يأكل الحسنات كما تأكل البهيمة الحشيش، لم يوجد كذا في المختصر-

📖المغني عن حمل الأسفار في الأسفار (دارابن حزم) ١/ ١٨٠ : حديث «الحديث في المسجد يأكل الحسنات كما تأكل البهيمة الحشيش»، لم أقف له على أصل .

'চীনে গিয়ে হলেও জ্ঞানার্জন করো'

প্রশ্ন : শোনা যায় হাদীসে আছে, "জ্ঞান অর্জন করো যদি চীন দেশেও যেতে হয়"–এ হাদীসটি সহীহ বা নির্ভরযোগ্য কি না? উল্লিখিত হাদীস দ্বারা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কী বোঝাতে চেয়েছিলেন? অনুগ্রহপূর্বক বিষয়টি সঠিকভাবে ব্যাখ্যা করে বুঝিয়ে দিলে ভালো হয়। প্রসঙ্গত উল্লেখ্য যে, আমরা জানি, চীনারা নানা রকম অখাদ্য-কুখাদ্য খায়। কিছুদিন আগে একটি খবরের কাগজে দেখেছি, চীন দেশের লোকেরা বছরে ১০ হাজার টন সাপ খায়।

উত্তর : প্রশ্নে বর্ণিত হাদীসটি হাদীস বিশারদদের নির্ভরযোগ্য মতানুসারে সূত্রের দিক দিয়ে একেবারেই দুর্বল ও অগ্রহণযোগ্য। তদুপরি এর অর্থ ও ব্যাখ্যা সম্পর্কে হাদীস বিশারদগণ বলেছেন, যে ইলম অর্জন করার কথা বলা হয়েছে, তা শুধুমাত্র দ্বীনি ইলম, দুনিয়াবী জ্ঞান তথা জাগতিক ও পার্থিব জ্ঞান উদ্দেশ্য নয় এবং চীন বলতে শুধু চীন দেশই উদ্দেশ্য নয়, বরং এর দ্বারা উদ্দেশ্য দ্বীনি ইলম অর্জন করার জন্য প্রয়োজনে দূর দেশে সফর করা। তাই নবীজি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উদাহরণস্বরূপ ইরশাদ করেন যে কোরআন-হাদীস তথা শরীয়ত ও দ্বীনের ইলম অর্জন করার জন্য চীনের মতো দূরবর্তী দেশেও যদি সফর করার প্রয়োজন দেখা দেয় এবং সেখানে দ্বীনি ইলম অর্জনের

Scanned by CamScanner

ব্যবস্থা থাকে, তাহলে সেখানে সফর করে হলেও দ্বীনি ইলম অর্জন করতে হবে। (১০/৫৯৬/৩২৭৫)

📖 فيض القدير (مكتبة نزار) ٢ / ١٠٦٩ : (اطلبوا العلم) الآتي بيانه (ولو بالصين) أي ولو كان إنما يمكن تحصيله بالرحلة إلى مكان بعيد جدا كمدينة الصين -

📖 تنزيه الشريعة المرفوعة (المكتبة التوفيقية) ١/ ٢٤٦ : قال وهو مشهور من حديث أنس، رويناه من رواية عشرين رجلا من التابعين عنه، قال وقد ضعف جماعة من الأئمة طرقه كلها، فقال أحمد لا يثبت عندنا في هذا الباب شيء، وكذا قال أبو علي النيسابوري الشافعي والبيهقي وابن عبد البر، وذكره ابن الصلاح في علوم الحديث مثلا للحديث المشهور غير الصحيح انتهى. وفي تلخيص الواهيات للذهبي: روى عن علي وابن مسعود وابن عمر وابن عباس وجابر وأنس وأبي سعيد وبعض طرقه أوهى من بعض وبعضها صالح والله أعلم.

📖 آپ کے مسائل اوران کا حل (مکتبہ امدادیہ) ٨ /٢١٢ : یہ حدیث علامہ سیوطی نے جامع صغیر ص ٤ /٤٤ میں ابن عبد البر کے حوالے سے نقل کی ہے بعض حضرات نے اس کو من گھڑت (موضوع) کہاہے، بہر حال یہ حدیث کسی درجہ میں بھی لائق اعتبار ہو تو علم سے مراد دینی علم ہے اور چین کا لفظ انتہائی سفر کے لئے ہے کیونکہ چین اس وقت عربوں کے لئے بعید ترین ملک تھا۔

কোন কোন মৃত্যু শহীদি মৃত্যু বলে গণ্য

প্রশ্ন : (ক) যে ব্যক্তি মহামারি অথবা কোনো মারাত্মক রোগে আক্রান্ত হয়ে মারা যায়, এতে যদি সে ধৈর্য্য ধারণ করে এবং সাওয়াবের আশা করে তবে সে শহীদি মৃত্যু পাবে।

(খ) যে ব্যক্তি পেটের রোগে মারা যায় সে শহীদ।

Scanned by CamScanner

উপরোক্ত হাদীস দুটি কতটুকু সহীহ? হাদীস বিশারদগণের নিকট উপরোক্ত হাদীসের মান কেমন? শহীদি মৃত্যুর অন্য কোনো হাদীস থাকলে লিখে পাঠালে ভালো হবে (হাওয়ালাসহ), ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলে শহীদি মৃত্যু বলে সাব্যস্ত হবে কি?

উত্তর : বর্ণিত হাদীস দুটি সঠিক। হাদীস বিশারদগণের নিকট উক্ত হাদীসগুলোর মানও উন্নত। এ ছাড়া শহীদি মৃত্যুর আরোও অনেক হাদীস পাওয়া যায়। জ্বরাক্রান্ত হয়ে মৃত্যুকে শহীদি মৃত্যু বলেও কিছু হাদীসে উল্লেখ রয়েছে, হাদীসগুলো খুব উন্নতমানের না হলেও ফজীলতের ব্যাপারে গ্রহণযোগ্য হওয়ায় ডেঙ্গু জ্বরের মৃতকেও শহীদ বলা যাবে। অন্যান্য শহীদের ব্যাপারে কিছু হাদীসের উদ্ধৃতি নিম্নে দেওয়া হলো। (৯/১৩৪/২৫০৭)

📖صحيح البخارى (دار الحديث القاهرة) ٢ /٤٥٧ (٣٤٧٣) : عن عائشة رضي الله عنها، زوج النبي صلى الله عليه وسلم، قالت: سألت رسول الله صلى الله عليه وسلم عن الطاعون، فأخبرني «أنه عذاب يبعثه الله على من يشاء، وأن الله جعله رحمة للمؤمنين، ليس من أحد يقع الطاعون، فيمكث في بلده صابرا محتسبا، يعلم أنه لا يصيبه إلا ما كتب الله له، إلا كان له مثل أجر شهيد».

📖صحيح البخارى (دار الحديث) ٢ /٢٨٦ (٢٨٢٩) : عن أبي هريرة رضي الله عنه: أن رسول الله صلى الله عليه وسلم قال: " الشهداء خمسة: المطعون، والمبطون، والغرق، وصاحب الهدم، والشهيد في سبيل الله ".

📖سنن أبي داود (دار الحديث) ٣/ ١٣٥٩ (٣١١١) :... ... قال رسول الله صلى الله عليه وسلم: «إن الله عز وجل قد أوقع أجره على قدر نيته، وما تعدون الشهادة؟» قالوا: القتل في سبيل الله تعالى، قال رسول الله صلى الله عليه وسلم: " الشهادة سبع سوى القتل في سبيل الله: المطعون شهيد، والغرق شهيد، وصاحب ذات الجنب شهيد، والمبطون شهيد، وصاحب الحريق شهيد، والذي يموت تحت الهدم شهيد، والمرأة تموت بجمع شهيد ".

Scanned by CamScanner

📖 الكامل لابن عدي (دارالكتب العلمية) ٨/ ٢٤٨ : عن أنس ؓ، قال:
قال رسول الله صلى الله عليه وسلم: المحموم شهيد.
قال: وهذا حديث لا يرويه، عن الزهري إلا الموقري ومنهم من
يغير لفظه عن الموقري فيقول من مات مريضا مات شهيدا .

📖 ذخيرة الحفاظ (دار السلف) ٤/ ٢٤٥٤ (٥٦٨٦) : حديث: المحموم
شهيد. رواه الوليد بن محمد الموقري: عن الزهري، عن أنس.
والموقري هذا يرويه، وهو متروك الحديث .

অজু অবস্থায় মৃত্যুবরণকারী শহীদের মর্যাদা পাবে

প্রশ্ন : হযরত আনাস রাদিয়াল্লাহু তা'আলা আনহু হতে বর্ণিত, যে ব্যক্তি সর্বদা অজুর সাথে থাকবে এবং অজু অবস্থায় মৃত্যুবরণ করবে তার কবরের সাওয়াল-জবাব লাগবে না। কবরে যাওয়ার পর সে ব্যক্তি এক সিজদা দেবে কিয়ামত হওয়ার আগ পর্যন্ত সিজদা অবস্থায়ই থাকবে (এই সময়টুকু তার নিকট খুবই নগণ্য সময় মনে হবে), সে ব্যক্তি শহীদি মৃত্যুর মর্যাদা লাভ করবে। (আবু ইয়ালা)

উপরোক্ত হাদীসটি কি সহীহ? সর্বদা অজুর সাথে থাকার ফায়দাসংবলিত কোনো হাদীস থাকলে উল্লেখ করলে ভালো হবে (হাওয়ালাসহ)।

উত্তর : হাদীসটি হুবহু এভাবে পাওয়া যায়নি। তবে আবু ইয়ালার উদ্ধৃতি দিয়ে হযরত আনাস রাদিয়াল্লাহু তা'আলা আনহু থেকে এতটুকু পাওয়া যায় যে, যে ব্যক্তি সর্বদা অজুর সাথে থাকবে এবং অজু অবস্থায় মৃত্যুবরণ করবে, তাকে শহীদের মর্যাদা দেওয়া হবে। (৯/১৩৪/২৫০৭)

📖 مسند أبي يعلى (دار الكتب العلمية) ٦/ ٣٠٦ (٣٦٢٤) :عن أنس بن
مالك قال: ... ... «ويا بني إن استطعت أن لا تزال أبدا على
وضوء فإنه من يأته الموت وهو على وضوء يعط الشهادة» .

Scanned by CamScanner

জুমু'আর দিন কবর যিয়ারতের ফজীলত

প্রশ্ন : শুক্রবার কবর যিয়ারত করার ফজীলত সম্পর্কিত হাদীসটি মানসহ জানতে ইচ্ছুক।

উত্তর : হাদীসটি নিম্নে পেশ করা হলো। হাদীসটি সনদের দিক দিয়ে দুর্বল। (৯/১৩৪/২৫০৭)

📖 المعجم الأوسط (دار الحرمين)٦ /١٧٥ (٦١١٤) : عن أبي هريرة قال: قال رسول الله صلى الله عليه وسلم: «من زار قبر أبويه أو أحدهما في كل جمعة غفر له، وكتب برا».

📖 مجمع الزوائد (مكتبة القدسي) ٣/ ٥٩ : رواه الطبراني في الأوسط والصغير، وفيه عبد الكريم أبو أمية، وهو ضعيف .

বুধবারের ফজীলত

প্রশ্ন : বুধবারের ফজীলত কোনো সহীহ হাদীসে আছে? ফজীলত মনে করেই তো বিভিন্ন অনুষ্ঠানাদি এ দিনে করা হয়ে থাকে।

উত্তর : বুধবারের ফজীলত সম্পর্কে বিশেষ কোনো হাদীস পাওয়া যায়নি। তবে উলামায়ে কেরাম এতটুকু বলেছেন যে যেকোনো কাজ বুধবারে আরম্ভ করা হলে তা অবশ্যই পরিপূর্ণতা লাভ করবে। (৯/৫৪৬/২৭৩৫)

📖 المقاصد الحسنة (دار الكتاب العربي) ١/ ٥٧٥ : ما بدئ بشيء يوم الأربعاء إلا تم، لم أقف له على أصل، ولكن ذكر برهان الإسلام في كتابه تعليم المتعلم عن شيخه المرغيناني صاحب الهداية في فقه الحنفية، أنه كان يوقف بداية السبق على يوم الأربعاء، وكان يروي في ذلك بحفظه ويقول: قال رسول الله صلى الله عليه وسلم: ما من شيء بدئ به يوم الأربعاء إلا وقد تم، قال: وهكذا كان يفعل أبي فيروي هذا الحديث بإسناده عن القوام أحمد بن عبد الرشيد.

Scanned by CamScanner

ويعارضه حديث جابر مرفوعا: يوم الأربعاء يوم نحس مستمر، أخرجه الطبراني في الأوسط-

المصنوع (مؤسسة الرسالة) ص ١٥٩ : حديث ما بدئ بشيء يوم الأربعاء إلا تم، قال السخاوي لم أقف له على أصل -

মহিলাদের মাথা খোলা থাকলে ঘরে ফেরেশতা আসে না–হাদীস নয়

প্রশ্ন : যে গৃহে মহিলারা উলঙ্গ মাথায় অবস্থান করে সে গৃহে রহমতের ফেরেশতা প্রবেশ করে না। আল হাদীস।

হাদিসটি কতটুকু সহীহ? মা-বোনদের ঘরের কাজের সময় মাথা খোলা রাখতে হয়। এমতাবস্থায় মা-বোনদের মাথা খোলা রাখা কেমন?

উত্তর : শরীয়তের দৃষ্টিতে মাহরাম অর্থাৎ মেয়ে লোকের যেসব নিকটাত্মীয়ের সাথে বিবাহ চিরতরে হারাম তাদের সামনে খোলা মাথায় যাওয়ার অনুমতি থাকলেও অভ্যাসে পরিণত করা নিষেধ। কারণ এতে পর্দার গুরুত্ব হারিয়ে ফেলার প্রবল আশংকা রয়েছে। তবে এ কারণে রহমতের ফেরেশতা প্রবেশ না করা সম্পর্কীয় কোনো হাদীস দীর্ঘ তালাশের পরও পাওয়া যায়নি। (৮/২৪২/২০৭৭)

الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ٦ /٣٦٧ : (ومن محرمه) هي من لا يحل له نكاحها أبدا بنسب أو سبب ولو بزنا (إلى الرأس والوجه والصدر والساق والعضد إن أمن شهوته) -

احسن الفتاوی (ايچ ايم سعيد) ٨ /٥٢ : سوال- عورت کا گھر میں محارم کے سامنے ننگے سر رہنا جائز ہے یا نہیں؟

الجواب- اس کو شریف اور دیندار گھرانوں میں بہت معیوب سمجھا جاتا ہے اور عورتوں میں بے پردگی وآزادی کے شیوع کا ذریعہ ہے-

Scanned by CamScanner

বিনা হিসাবে জান্নাতী কারা

প্রশ্ন : কয়েক প্রকার লোককে আল্লাহ তা'আলা বিনা হিসাবে জান্নাতে দেবেন। তন্মধ্যে একজন যে ব্যক্তি মসজিদে যাওয়ার সময় অধিক কদম ব্যয় করেছে। আল হাদীস।

হাদীসটি কতটুকু সহীহ? এ ছাড়া আর কোনো ব্যক্তি বিনা হিসাবে জান্নাতে যাবেন কি?

উত্তর : আমাদের জানা মতে, যে হাদীসসমূহে কয়েক প্রকার লোককে বিনা হিসাবে জান্নাত দেওয়ার কথা উল্লেখ রয়েছে মসজিদে যাওয়ার সময় অধিক কদম ব্যয়কারীর কথা ওই হাদীসগুলোতে উল্লেখ নেই। তবে মসজিদে গমনকারী ব্যক্তিদেরকে আল্লাহ তা'আল নিজ দায়িত্বে বেহেশতে প্রবেশ করাবেন বলে হাদীসে উল্লেখ রয়েছে। (৮/২৪২/২০৭৭)

📖 الإحسان في تقريب صحيح ابن حبان(مؤسسة الرسالة) ٢/ ٢٥٢

(٤٩٩) : عن أبي أمامة أن رسول الله صلى الله عليه وسلم قال "ثلاثة كلهم ضامن على الله إن عاش رزق وكفي وإن مات أدخله الله الجنة من دخل بيته فسلم فهو ضامن على الله ومن خرج إلى المسجد فهو ضامن على الله ومن خرج في سبيل الله فهو ضامن على الله".

যাদেরকে বিনা হিসাবে জান্নাত দেওয়া হবে

১. যারা সর্বাবস্থায় আল্লাহ তা'আলার প্রশংসা করে।
২. আল্লাহর ইবাদতের জন্য যারা শয্যা ত্যাগ করে।
৩. ব্যবসা-বাণিজ্য যাদেরকে আল্লাহ তা'আলার স্মরণ, নামায ক্বায়েম এবং যাকাত প্রদান করা থেকে বিরত রাখে না।
৪. আল্লাহ তা'আলার রাস্তায় প্রাণ উৎসর্গকারী।
৫. যারা কুলক্ষণে বিশ্বাসী নয় প্রমুখ ব্যক্তিবর্গ।

📖 صحيح البخارى (دار الحديث) ٤ /٢١١ (٦٤٧٢) : عن ابن عباس: أن رسول الله صلى الله عليه وسلم قال: «يدخل الجنة من أمتي سبعون ألفا بغير حساب، هم الذين لا يسترقون، ولا يتطيرون، وعلى ربهم يتوكلون».

Scanned by CamScanner

📖 المستدرك على الصحيحين(دار الكتب العلمية) ٢/ ٨١ (٢٣٩٣) : عن عمرو بن العاص رضي الله عنه، يقول: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: " إن أول ثلة تدخل الجنة الفقراء المهاجرون، الذين تتقى بهم المكاره، إذا أمروا سمعوا وأطاعوا، وإن كانت لرجل منهم حاجة إلى السلطان، لم تقض له حتى يموت وهي في صدره، وإن الله تعالى يدعو يوم القيامة الجنة، فتأتي بزخرفها وريها فيقول: «أين عبادي الذين قاتلوا في سبيل الله، وقتلوا في سبيلي، وأوذوا في سبيلي، وجاهدوا في سبيلي، ادخلوا الجنة» فيدخلونها بغير حساب -

📖 شعب الإيمان(دار الكتب العلمية) ٣ / ١٦٩ (٣٢٤٤) : عن أسماء بنت يزيد، عن رسول الله صلى الله عليه وسلم قال: " يحشر الناس في صعيد واحد يوم القيامة، فينادي مناد فيقول: أين الذين كانت تتجافى جنوبهم عن المضاجع، فيقومون وهم قليل، يدخلون الجنة بغير حساب، ثم يؤمر بسائر الناس إلى الحساب ".

📖 المنتخب من مسند عبد بن حميد(مكتبة السنة) ص ٤٥٧ : عن أسماء بنت يزيد، قالت: قال رسول الله صلى الله عليه وسلم: " يبعث الله عز وجل يوم القيامة مناديا ينادي، سيعلم أهل الجمع اليوم من أولى بالكرم، أين الذين لا تلهيهم تجارة ولا بيع عن ذكر الله، فيقومون فيدخلون الجنة، ثم يرجع المنادي فيقول: سيعلم أهل الجمع من أولى بالكرم أين الذين تتجافى جنوبهم عن المضاجع، فيدخلون الجنة، ثم يرجع المنادي فيقول: سيعلم أهل الجمع من أولى بالكرم فيقول: أين الحمادون الله على كل شيء وهم أكثر من الصنفين الأولين فيدخلون الجنة " -

Scanned by CamScanner

গোনাহ করে তাওবা করাকে আল্লাহ পছন্দ করেন

প্রশ্ন : আল্লামা তকী উসমানী দা. বা.-এর 'এসলাহী খুতুবাত'-এর অনুবাদ 'গোনাহ ও তাওবা অভিশাপ ও রহমত' গ্রন্থের ভূমিকায় নিম্নলিখিত হাদীস ও কথাগুলো সঠিক কি না জানতে ইচ্ছুক। "গোনাহ করার পর অনুতপ্ত হওয়া ভালো; কিন্তু নিরাশ হওয়া উচিত নয়। কারণ আল্লাহ তা'আলা ভালোভাবেই জানেন যে মানুষ শুধু ইবাদতই করবে না, মাঝেমধ্যে গোনাহের কাজেও জড়িয়ে পড়বে। আল্লাহ পাকের যদি শুধু ইবাদতই উদ্দেশ্য হতো, তবে মানুষ সৃষ্টি করার কোনো প্রয়োজনই ছিল না। এর জন্য ফেরেশতাগণই যথেষ্ট ছিল। আল্লাহ তা'আলা চান যে, তাঁর বান্দা গোনাহও করবে, আবার তাঁর নিকট ক্ষমাও চাইবে। তিনি তাদের ক্ষমা করে দেবেন। যেমন–এক হাদীসে বর্ণিত হয়েছে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ইরশাদ করেন, তোমরা যদি গোনাহকে সম্পূর্ণরূপে পরিহার করো তাহলে আল্লাহ তা'আলা এ দুনিয়া থেকে তোমাদের অস্তিত্বকে মিটিয়ে দিয়ে এমন এক জাতি সৃষ্টি করবেন, যারা গোনাহও করবে এবং স্বীয় প্রভুর নিকট ক্ষমাও চাইবে। প্রিয় নবীজি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর বাণী থেকে প্রতীয়মান হয় যে, মানুষ থেকে এ দুনিয়ায় গোনাহের প্রকাশ ঘটবেই, এতে নিরাশ ও দিশেহারা হওয়া উচিত নয়, তবে অনুতপ্ত হতে হবে। গোনাহের এ কালিমা থেকে পাক-সাফ হওয়ার পথটির নাম হচ্ছে তাওবা।

উত্তর : অনুবাদক যা লিখেছেন তা হযরত মুফতী তাকী উসমানী সাহেব দা. বা. খুতবাতেও বলেছেন। এটি বিশুদ্ধ হাদীসেরই অনুবাদ, যে হাদীসটি মুসলিম শরীফের ২৭৪৯ নং হাদীসে আছে। (৮/৪২৯/২১৬০)

📖صحيح مسلم (دار الغد الجديد) ١٧ / ٦٢ (٢٧٤٩) : عن أبي هريرة، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «والذي نفسي بيده لو لم تذنبوا لذهب الله بكم، ولجاء بقوم يذنبون، فيستغفرون الله فيغفر لهم».

তবে কোনো ব্যক্তি যদি গোনাহের প্রতি আগ্রহ সৃষ্টি করা হচ্ছে বলে মনে করে, তাহলে ভুল হবে। বরং হাদীসের মর্ম হলো, তাওবার প্রতি আগ্রহ সৃষ্টি করা, যাতে মানুষ গোনাহ হতে বাঁচার চেষ্টা করে, যদি গোনাহ হয়ে যায়, তবে নিরাশ না হওয়া। কারণ আল্লাহর নিকট তাওবা একটি অতি পছন্দনীয় ইবাদত, যা মানুষ আর জিন ছাড়া কেউ করতে পারে না।

Scanned by CamScanner

নারীর শ্রেষ্ঠ সম্পদ লজ্জা, পুরুষের দাড়ি

প্রশ্ন : মুফতি সাহেব হুজুর! কোনো এক বইয়ে লেখা রয়েছে, মেয়েদের প্রধান সম্পদ লজ্জা। তবে জনৈক আলেম বলেন, পুরুষের প্রধান সম্পদ দাড়ি, জমিনের প্রধান সম্পদ গাছ, আসমানের প্রধান সম্পদ তারকা। হাদীসে নাকি আছে যে, ان الله قد زين الرجال باللحى وزين النساء بالحياء وزين الارض بالاشجار وزين السماء بالكواكب. আসলে এটা কি কোনো হাদীস?

উত্তর : মহিলাদের জন্য লজ্জা প্রধান সম্পদ কথাটি কোরআন-হাদীসের আলোকে নিঃসন্দেহে সত্য। তবে উল্লিখিত হাদীস নির্ভরযোগ্য কোনো কিতাবে মেলেনি। সুতরাং উক্ত আলেম থেকে হাদীসটির উদ্ধৃতি ও সত্যতা জেনে নেওয়া সমীচীন। (৮/৪৮৬/২২২২)

📖 تنزيه الشريعة المرفوعة (المكتبة التوفيقية) ١ /٢٣٤ (٢٦٦)[أثر] " أبي هريرة إن يمين ملائكة السماء: والذي زين الرجال باللحى والنساء بالذوائب " (كر) وقال منكرا لا أصل له.
[حديث] " ملائكة السماء يستغفرون لذوائب النساء ولحى الرجال يقولون سبحان الذي زين الرجل باللحى والنساء بالذوائب " (حا) من حديث عائشة وفيه الحسين بن داود بن معاذ البلخي.

📖 تذكرة الموضوعات (إدارة الطباعة المنيرية) ١ /١٦٠ : عن عائشة رفعته «ملائكة السماء يستغفرون لذوائب النساء ولحى الرجال يقولون سبحان الذي زين الرجال باللحى والنساء بالذوائب» فيه ابن داود ليس بثقة.

যারা সবার আগে জান্নাতে প্রবেশ করবে

প্রশ্ন : কোন কোন ধরনের ব্যক্তি সর্বপ্রথম জান্নাতে প্রবেশ করবে? এ সম্পর্কে নিম্নে একটি হাদীস শরীফ লেখা হলো। হাদীসটি কতটুকু সহীহ? এবং এ বিষয় সম্পর্কে সহীহ হাদীস জানতে চাই। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ইরশাদ করেন, তিন ব্যক্তি প্রথমে জান্নাতে প্রবেশ করবে। ১. জিহাদে নিহত ব্যক্তি (শহীদ), ২. ভিক্ষাবৃত্তি থেকে আত্মসংযমী লোক (অভাবী হওয়া সত্ত্বেও কারও কাছে কিছু চায় না), ৩.

Scanned by CamScanner

উত্তমরূপে যে ব্যক্তি আল্লাহর বন্দেগী করবে (এখলাসওয়ালা আবেদ)। (মিশকাত শরীফ, গুনয়াতুত্ত্বালিবীন, হেদায়া)

উত্তর : প্রশ্নে বর্ণিত হাদীসটি সহীহ। তবে উক্ত ফজীলতের ব্যাপারে উল্লিখিত তিন প্রকারের লোক সীমাবদ্ধ নয়। অন্য হাদীস দ্বারা অন্য লোকের ব্যাপারেও এ ধরনের সুসংবাদ এসেছে। বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এসব হাদীস ইরশাদ করেছেন বলে হাদীস বিশারদগণ মত প্রকাশ করেছেন। (৮/৮২৮/২৩৬৪)

📖 سنن الترمذي (دارالحديث) ٤ /١٦٤ (١٦٤٢): عن أبي هريرة، أن رسول الله صلى الله عليه وسلم قال: " عرض علي أول ثلاثة يدخلون الجنة: شهيد، وعفيف متعفف، وعبد أحسن عبادة الله ونصح لمواليه ": هذا حديث حسن.

📖 السنن الكبرى للبيهقى (دار الكتب العلمية) ٤ /١٣٨ (٧٢٢٧) :عن أبي هريرة، قال: قال رسول الله صلى الله عليه وسلم: " عرض علي أول ثلاثة يدخلون الجنة وأول ثلاثة يدخلون النار، فأما أول ثلاثة يدخلون الجنة فالشهيد وعبد أدى حق الله ونصح لسيده، وفقير متعفف ذو عيال، وأما أول ثلاثة يدخلون النار فسلطان مسلط وذو ثروة من المال لم يعط حق ماله وفقير فجور ".

অবিবাহিতের তুলনায় বিবাহিতের নামাযের ফজীলত

প্রশ্ন : "বিবাহিতদের এক রাক'আত নামায অবিবাহিতদের ৮২ রাক'আত হতে উত্তম" হাদীসটি কতটুকু সহীহ? এবং এ বিষয়ে কোনো সহীহ হাদীস থাকলে জানালে ভালো হবে।

উত্তর : বিবাহিত ব্যক্তির সাধারণ ফজীলত সম্পর্কে অনেক সহীহ হাদীস আছে। তবে বিবাহিত ব্যক্তির নামায অবিবাহিত ব্যক্তির নামায অপেক্ষা উত্তম-এ ধরনের কোনো সহীহ হাদীস পাওয়া যায়নি। প্রশ্নে বর্ণিত ফজীলত সম্পর্কে হাদীসটিকে হাদীস বিশারদগণ ভিত্তিহীন বলে মত প্রকাশ করেছেন। (৮/৮২৮/২৩৬৪)

Scanned by CamScanner

📖 ميزان الاعتدال (دار المعرفة) ٤ /١٠٠ : مسعود بن عمرو البكري، لاأعرفه، وخبره باطل.

روى سليمان ابن بنت شرحبيل، حدثنا مسعود بن عمرو، حدثنا حميد الطويل، عن أنس، قال:قال رسول الله صلى الله عليه وسلم: ركعتان من المتأهل خير من اثنين وثمانين ركعة من العزب .

📖 لسان الميزان (مؤسسة الأعلمي) ٦ /٢٧ : "مسعود" بن عمر البكري لا أعرفه وخبره باطل روى سليم أن ابن بنت شرحبيل ثنا مسعود بن عمرو ثنا حميد الطويل عن أنس رضى الله عنه قال: قال رسول الله صلى الله عليه وآله وسلم ركعتان من المتأهل خير من اثنين وثمانين ركعة من العزب من فوائد تمام انتهى وقد تقدم نحو هذا المتن من حديث أنس من وجه آخر في ترجمة مجاشع بن عمرو وهو معروف به.

مجاشع بن عمرو حديثه منكر غير محفوظ. حدثنا محمد بن عثمان قال: حدثنا يحي بن معين، يقول مجاشع بن عمرو قد رأيته أحد الكذابين ومن حديثه ما حدثناه محمد بن حنيفة القصبي الواسطي قال: حدثنا الحسن بن جبلة قال: حدثنا مجاشع بن عمرو قال: حدثنا عبد الرحمن بن زيد بن أسلم، عن أبيه، عن أنس قال: قال رسول الله صلى الله عليه وسلم: «ركعتان من المتزوج أفضل من سبعين ركعة من الأعزب» -

Scanned by CamScanner

সফলতার দাওয়াতসংক্রান্ত একটি হাদীস

প্রশ্ন : ياايها الناس قولوا لا اله الا الله تفلحوا দাওয়াতসংক্রান্ত এ হাদীস কোন কিতাবে আছে? হাদীসটি বিশুদ্ধ কি না? জানালে ভালো হবে।

উত্তর : উল্লিখিত হাদীস (ياايها الناس قولوا لا اله الا الله تفحلوا) নিম্নের কিতাবগুলোতে রয়েছে। (৭/৬৬১/১৮২৭)

📖المعجم الكبيرللطبرانى (مكتبة ابن تيمية) ٨ /٢٧٦ (٨٠٦) : عن مدركة بن الحارث، قال: حججت مع أبي فلما كنا بمنى إذا جماعة، فقلت لأبي: ما هذه الجماعة؟ قال: على هذا الصابئ، فإذا رسول الله صلى الله عليه وسلم يقول: " يا أيها الناس، قولوا: لا إله إلا الله تفلحوا "

📖مسند احمد (مؤسسة الرسالة) ٣٨/ ٢٢٤ (٢٣١٥١) : عن الأشعث بن سليم قال: سمعت رجلا في إمرة ابن الزبير قال: سمعت رجلا في سوق عكاظ يقول: " يا أيها الناس، قولوا لا إله إلا الله تفلحوا " -

📖المستدرك على الصحيحين (دار الكتب العلمية) ١/ ٦١ (٣٩) : عن ربيعة بن عباد الديلي، فقال: رأيت رسول الله صلى الله عليه وسلم بسوق ذي المجاز، وهو يقول: " يا أيها الناس قولوا: لا إله إلا الله، تفلحوا".

একটি মু'জেযা, যার কোনো প্রমাণ নেই

প্রশ্ন : নিম্নে বর্ণিত ঘটনাটির হাওয়ালা সহকারে সঠিক জবাবদানে হযরতের মর্জি কামনা করি।

“হযরত জাবের (রা.) একদিন রাসূল (সা.)-কে দাওয়াত দিয়েছিলেন। আর জাবের (রা.)-এর ঘরে মেহমানদারি করার মতো তেমন কিছুই ছিল না। মাত্র একটি ছাগল ছিল, ছাগলটি তাঁর দুই পুত্রের খুব প্রিয় ছিল। হযরত জাবের (রা.) রাসূল (সা.)-এর মেহমানদারির উদ্দেশ্যে ছাগলটি জবাই করে দিলেন। যেখানে হযরত জাবের (রা.)-এর

Scanned by CamScanner

দুই ছেলের বড়জন উপস্থিত ছিল। অতঃপর ছোট ছেলে বড় ছেলেকে জিজ্ঞাসা করল–ভাইয়া, আমাদের ছাগলটি কোথায়? বড় ভাই জবাবে বলল, আব্বাজান রাসূল (সা.)-এর মেহমানদারির জন্য জবাই করে ফেলেছেন। ছোট ভাই বলল, কিভাবে জবাই করেছেন? তখন বড় ভাই ঘর থেকে একটি ছুরি এনে ছোট ভাইকে জবাই দেখানোর জন্য ছোট ভাইকে শোয়াইয়া জবাই করে দিল। মাতা ছেলের শোকে কান্নায় বিভোর, বড় ভাই ভয়ে গাছে উঠে ছিল। এদিকে রাসূল (সা.) জাবের (রা.)-এর ঘরে এসে গেলেন। হযরত জিবরাঈল (আ.) রাসূল (সা.)-কে বললেন যে আল্লাহ পাক আপনাকে হুকুম দিয়েছেন জাবের (রা.)-এর দুই ছেলের সাথে খানা খাওয়ার জন্য। রাসূল (সা.) হযরত জাবের (রা.)-কে বললেন, তোমার দুই ছেলেকে নিয়ে আসো। বড় ছেলে ভয়ে গাছে উঠেছিল। পিতা তাকে ডাকছিল। সে ভয়ে গাছ থেকে নিচে পড়ে পাথরের সাথে আঘাত লেগে মারা যায়। মাতা দুই ছেলেকে কম্বল দিয়ে শুইয়ে রাখেন। রাসূল (সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যখন বললেন দুই ছেলেকে নিয়ে আসো খাওয়ার জন্য, তখন তার মাতা ছেলেদের কাছে গিয়ে দেখেন দুই ছেলে আল্লাহর হুকুমে জীবিত হয়ে গিয়েছে।" এ ঘটনা কতটুকু সত্য?

উত্তর : প্রশ্নে বর্ণিত হযরত জাবের (রা.)-এর পুত্রদ্বয়ের মৃত্যু ও নবীজি (সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাদের পুনর্জীবিত করার বর্ণনা হাদীস, সীরাত ও নির্ভরযোগ্য কোনো কিতাবে পাওয়া যায়নি। (৬/২৩৪/১১৪৩)

বুখারী শরীফ সম্পর্কে কটূক্তি

প্রশ্ন : একটি মহল বুখারী শরীফ সম্পর্কে অপপ্রচার করে যাচ্ছে যে,

১. বুখারী শরীফ জেএমবি ও ইসলামী ছাত্রশিবির কর্তৃক রচিত। তারাই এ সমস্ত গ্রন্থ পড়ে। এরা কোরআনে কারীম পড়ে না।
২. বুখারী শরীফ মানে বোকা শরীফ।

এর বিরুদ্ধে কেউ কথা বললে তাদেরকে অপমান-নির্যাতন করার জন্য তারা সর্বদা প্রস্তুত থাকে। প্রশ্ন হলো, তাদের ব্যাপারে শরীয়তের সঠিক সিদ্ধান্ত কী?

উত্তর : যারা এ ধরনের কথা বলে তাদের ঈমান আছে কি না সন্দেহ। (১৭/৪৯৯/৭১৩৫)

📖 الفتاوى الهندية (مكتبة زكريا) ٢ / ٢٦٥ : من أنكر التواتر فقد كفر ومن أنكر المشهود يكفر عند البعض، وقال عيسى بن

Scanned by CamScanner

ابان يضل ولا يكفر وهو الصحيح، ومن أنكر خبر الواحد لا يكفر غير انه يأثم بترك القبول هكذا فى الظهيرية.

📖 فتاوی رشیدیہ (زکریابکڈپو) ص۷ : الجواب- صحاح کتب میں احادیث رسول اللہ صلی اللہ علیہ وسلم ہیں اور ان کے جمع کرنے والے صحابہ اور بعد کو علماء عاملین اور مقبولین رہے اور باتفاق جمیع اہل اسلام مقبول اللہ تعالی کے ہیں، جو شخص ان کتابوں کو برا کہتا ہے اور توہین کرتا ہے گویا وہ رسول اللہ صلی اللہ علیہ وسلم کو گالیاں دیتا ہے، وہ شخص فاسق و مرتد بلکہ کافر وملعون حق تعالی کا ہے.

কবরের সাথে কথোপকথন

প্রশ্ন : হযরত আবু যর (রা.) কবরের সাথে নাকি কথা বলেছিলেন? এর কোনো ভিত্তি আছে কি?

উত্তর : হযরত আবু যর (রা.) কবরের সাথে কথা বলেছিলেন বলে কোনো বর্ণনা পাওয়া যায়নি। তবে হযরত উমর (রা.) সম্পর্কে এরূপ বর্ণনা পাওয়া যায়। (১১/৯৯২/৩৮০৩)

📖 حیاۃ الصحابہ ۳ /۲۶۷ : حضرت عمرؓ اور جو حضرات آپ کے ساتھ تھے قبر پر آئے، حضرت عمرؓ نے فرمایا اے فلاں! ولمن خاف مقام ربه جنتان ... تو اس جوان نے قبر کے اندر سے جواب دیا، اے عمر! میرے رب نے مجھے وہ دونوں باغ جنت میں دے دیے ہیں۔

Scanned by CamScanner

المصطلحات الشرعية

শরয়ী পরিভাষাসমূহ

খোলাফায়ে রাশেদীনের কোন আমল সুন্নাত

প্রশ্ন : খোলাফায়ে রাশেদীনের সব ধরনের আমল সুন্নাতের অন্তর্ভুক্ত না নির্দিষ্ট কোন আমল?

উত্তর : যেসব বিষয়ে খোলাফায়ে রাশেদীনের আমল বা আদেশ ছিল বলে প্রমাণিত ওই সব বিষয়কে সুন্নাত বলা হবে, যদি কোরআনে কারীম বা প্রসিদ্ধ হাদীসের সাথে সরাসরি সাংঘর্ষিক না হয়। (১৯/১৪০/৮০৫৩)

📖 سنن ابى داود (دار الحديث) ٤/ ١٩٧٣ (٤٦٠٧) : عن عبد الرحمن بن عمرو السّلمي وحجر بن حُجْر قالا: أتينا العرباض بن سارية وهو ممن نزل فيه: {ولا على الذين إذا ما أتوك لتحملهم قلت لا أجد ما أحملكم عليه} فسلّمنا وقلنا: أتيناك زائرين وعائدين ومقتبسين، فقال العرباض: صلّى بنا رسول الله صلى الله عليه وسلم ذات يوم ثم أقبل علينا، فوعظنا موعظة بليغة ذرفت منها العيون ووجلت منها القلوب، فقال قائل: يارسول الله، كأن هذه موعظة مودعٍ، فماذا تعهد إلينا؟ فقال: "أوصيكم بتقوى الله والسمع والطاعة، وإن عبداحبشيّا فإنه من يعش منكم بعدي فسيرى اختلافاً كثيراً، فعليكم بسنتي وسنة الخلفاء المهديين الراشدين تمسكوا بها وعضوا عليها بالنّواجذ، وإياكم ومحدثات الأمور، فإنّ كل محدثة بدعة، وكل بدعةٍ ضلالة".

📖 تحفة الاخيار بإحياء سنة سيد الابرار صد ١٣٤ : مبنى هذا على ان سنة الخلفاء ايضا سنة مؤكدة كالسنة النبوية الا ان الاثم فى تركها دون الاثم، وان الاهتداء بفعل الصحابة عموما مندوب وبفعل الخلفاء خصوصا لازم لا سيما الشيخان النيران منهم وان تارك

Scanned by CamScanner

السنة المؤكدة يأثم سواء كان سنة الخلفاء او سنة النبى صلى الله عليه وسلم -

মাকরূহে তানযীহীতে লিপ্ত হওয়ার গোনাহ

প্রশ্ন :

১. মাকরূহে তানযীহী করলে কোনো গোনাহ হবে কি না?
২. ইচ্ছাকৃত মাকরূহে তানযীহী বারবার করলে কোনো গোনাহ হবে কি না?

উত্তর : মাকরূহে তানযীহী করলে সগীরা গোনাহ হয়, সগীরা গোনাহ ভালো কাজের দ্বারা মাফ হতে থাকে মাফ। হওয়ার ব্যবস্থা না হলে বারবার করার দ্বারা তা বড় হয়ে যায়। (১১/৪৪৬/৩৫৯২)

📖 رد المحتار(سعيد) ١ /١٣٢ : ثانيهما المكروه تنزيها، ومرجعه إلى ما تركه أولى، وكثيرا ما يطلقونه كما في شرح المنية، ... ... فإن لم يكن الدليل نهيا بل كان مفيدا للترك الغير الجازم فهي تنزيهية ... ... (قوله: تنزيها) لما قدمنا عن الفتح من أن تركه أدب .

📖 الفقه الإسلامى وأدلته (دار الفكر) ١/ ٦٣ : المكروه تنزيهاً: وهو عند الحنفية: ماطلب الشرع تركه، طلباً غير جازم،... وحكمه: ثواب تاركه، ولوم فاعله دون عقاب.

📖 معارف القرآن (المكتبة المتحدة) ٤/ ٦٧٧ : تفسیر بحر محیط میں محققین علماء اصول کا یہ قول نقل کیا ہے کہ صغیرہ گناہ بھی نیک کام کرنے سے جبھی معاف ہوتے ہیں جبکہ آدمی ان کے کرنے پر نادم ہو اور آئندہ کیلئے نہ کرنے کا ارادہ کرے، ان پر اصرار نہ کرے.

Scanned by CamScanner

নাজায়েয ও হারামের মধ্যে পার্থক্য

প্রশ্ন : শরীয়তের মধ্যে নাজায়েয ও হারাম উভয়টার হুকুম কি এক?

উত্তর : শরীয়তের পরিভাষায় নাজায়েয এবং হারাম উভয়টা অবৈধ ও নিষিদ্ধ বোঝানোর জন্য ব্যবহৃত হয়, আর ক্ষেত্রবিশেষ উভয়টার হুকুম ভিন্ন হয়। প্রত্যেক হারাম নাজায়েয হয়; কিন্তু প্রত্যেক নাজায়েয হারাম নয়। যদিও নাজায়েয শব্দ দ্বারা অধিকাংশ সময় হারাম ও মাকরূহে তাহরীমি বোঝানো হয়, কিন্তু কখনো মাকরূহে তানযীহীর জন্যও নাজায়েয শব্দ ব্যবহার করা হয়। (৮/৭৫৮/২৩৮৫)

প্রশ্ন : এ দেশে ঈদের নামায শেষ করে খুতবা দেওয়ার পর সবাই সম্মিলিতভাবে মুনাজাত করে। শরীয়তের দৃষ্টিতে তা জায়েয আছে কি না? দলিলসহ জানালে উপকৃত হব।

Scanned by CamScanner

উত্তর : ঈদের নামাযের পর মুনাজাত করাই হাদীস ও শরীয়তসম্মত। খুতবার পরে মুনাজাত করার শরীয়তে কোনো প্রমাণ নেই। তাই এ প্রথা বর্জনীয়। (১৬/৭১৩/৬৭৫৯)

📖 تفسير ابن كثير (دار المعرفة) ٤/ ٥٦٢ : وقال علي بن أبي طلحة، عن ابن عباس: {فإذا فرغت فانصب} يعني: في الدعاء.

📖 التفسير المظهرى(احياء التراث) ١٠/ ٢٧١ : وقال ابن عباس وقتادة والضحاك ومقاتل والكلبي إذا فرغت من الصلاة المكتوبة او مطلق الصلاة فانصب الى ربك فى الدعاء وارغب اليه فى المسألة يعنى قبل السلام بعد التشهد او بعد السلام.

📖 فتاوى دار العلوم ديوبند (مكتبہ دار العلوم) ٥ /١٨٨ : الجواب—عام طور سے نماز کے بعد دعاء مانگنا وارد ہوا ہے، لہذا عیدین کے بعد بھی دعاء مانگنا مسنون ومستحب ہے۔

দাওয়াত খেয়ে হাত তুলে দু'আ করা

প্রশ্ন : কোনো ব্যক্তির বাড়িতে দাওয়াত খাওয়ার পর হাত তুলে মুনাজাত করা জায়েয আছে কি?

উত্তর : দাওয়াত খেয়ে দু'আ পড়ার কথা শরীয়ত কর্তৃক প্রমাণিত। তবে হাত তুলে দু'আ করার কথা প্রমাণিত নয়। (১১/২৬২)

📖 حاشية الطحطاوى على المراقى (قديمى كتبخانة) صـ ٣١٨ : قوله: "ثم يمسحون بها وجوههم" الحكمة في ذلك عود البركة عليه وسرايتها إلى باطنه وتفاؤلا بدفع البلاء وحصول العطاء ولا يمسح بيد واحدة لأنه فعل المتكبرين ودل الحديث على أنه إذا لم يرفع يديه في الدعاء لم يمسح بهما وهو قيد حسن لأنه صلى الله عليه وسلم كان يدعو كثيرا كما هو في الصلاة والطواف وغيرهما من الدعوات المأثورة دبر الصلوات وعند النوم وبعد الأكل وأمثال ذلك ولم يرفع يديه ولم يمسح بهما وجهه أفاده في شرح المشكاة وشرح الحصن الحصين وغيرهما.

Scanned by CamScanner

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ١/ ٣٦٦ : سوال- کسی دعوت میں کھانا کھانے کے بعد اجتماعی طور پر اہل کھانا کے لئے دعا کرنا رسول اللہ صلی اللہ علیہ وسلم سے ثابت ہے یا نہیں، نیز اس بارے میں اگر کوئی دلیل ثابت ہے تو تحریر فرمائی اور اگر اس دعاء کو ضروری خیال کیا جائے تو اس کا کیا حکم ہے؟

الجواب- حضور اکرم صلی اللہ علیہ وسلم سے اہل طعام کیلئے دعا کرنا ثابت ہے عن عبد الله بن بسر رض قال: نزل رسول الله صلى الله عليه وسلم على ابى (الى ان قال) فقال ابى واخذ بلجام دابته ادع الله لنا فقال اللهم بارك فيما رزقتهم فاغفر لهم فارحمهم-رواه مسلم، مگر اس میں ہاتھ اٹھانا اور اجتماعی صورت ثابت نہیں، لہذا اس رسم سے اجتناب ضروری ہے اور اسے ثواب سمجھنا یا ضروری قرار دینا بدعت اور ناجائز ہے ایسے وقت مستحب فعل کا ترک کرنا بھی ضروری ہو جاتا ہے۔

আল্লাহ তা'আলার হাত-পা উল্লেখ করে দু'আ করা

প্রশ্ন : জনৈক ইমাম সাহেব এভাবে দু'আ করে থাকেন–"হে আল্লাহ! তোমার কুদরতী পা ধরে ক্ষমা চাই, তোমার কুদরতী হাতে একে প্রতিহত করো।" এভাবে আল্লাহ পাকের হাত-পা উল্লেখ করে মুনাজাত করার বিষয়টি শরীয়তসম্মত কি না?

উত্তর : কোরআন-হাদীসের বিভিন্ন বর্ণনায় আল্লাহর যে হাত-পা ইত্যাদি অঙ্গের উল্লেখ আছে, এ বিষয়ে উলামায়ে কেরামের ব্যাখ্যা হলো, এগুলো আল্লাহ পাকের শান মোতাবেক, ধরন ও আকৃতির ঊর্ধ্বে। এ হিসেবে আল্লাহ পাকের কুদরতী হাত-পা উল্লেখ করে দু'আ করাকে অবৈধ বলা যাবে না। তবে আল্লাহর কুদরতী হাত-পার মহত্ত্ব বোঝা এবং তার সঠিক ব্যাখ্যা-বিশ্লেষণ সাধারণ মানুষের বুঝের ঊর্ধ্বে বিধায় এভাবে দু'আ না করা উত্তম। (১২/২৫১/৩৮৮৯)

📖 صحيح البخارى ٤ / ٢١٧ (٦٥٠٢) : عن أبي هريرة رض، قال: قال رسول الله صلى الله عليه وسلم: "إن الله قال: من عادى لي وليا فقد آذنته بالحرب، وما تقرب إلي عبدي بشيء أحب إلي مما افترضت

Scanned by CamScanner

عليه، وما يزال عبدي يتقرب إلي بالنوافل حتى أحبه، فإذا أحببته: كنت سمعه الذي يسمع به، وبصره الذي يبصر به، ويده التي يبطش بها، ورجله التي يمشي بها، وإن سألني لأعطينه، ولئن استعاذني لأعيذنه، وما ترددت عن شيء أنا فاعله ترددي عن نفس المؤمن، يكره الموت وأنا أكره مساءته " ـ

📖 مصنف ابن أبي شيبة (ادارة القرآن) ١٥/ ٢٧٦ (٣٠١٥٤) : عن ابن عباس، قال: " كان يقول: اللّٰهُمَّ إني أسألك بنور وجهك الذي أشرقت له السماوات والأرض أن تجعلني في حرزك وحفظك وجوارك، وتحت كنفك ".

📖 تفسير معالم التنزيل (دار الفكر) ٤ / ١٩٠ : قال ابن عباس رضـ : "يد الله" بالوفاء لما وعدهم من الخير "فوق أيديهم" يبايعونه يد الله فوق أيديهم فى المبايعة .

📖 تفسير مواهب الرحمن (رشيديه) ٨/ ١٠٤ (جزء: ٢٦) : اے محمد صلی اللہ علیہ وسلم جو لوگ طاعت الٰہی کے واسطے تیرے ہاتھ کے نیچے اپنا ہاتھ رکھتے ہیں، کہ ہم نے بیعت قبول کی تو اس بیعت کی یہی شان ہے کہ یہ لوگ اللہ تعالی سے بیعت کرتے ہیں سبحان اللہ، ان لوگوں کو آنحضرت صلی اللہ علیہ وسلم کے ہاتھ کے نیچے بیعت کرتے ہیں، یہ شرف اعلی حاصل ہوا کہ اللہ تعالی سے بیعت پائی" يد الله فوق ايديهم" اللہ کا ہاتھ ان کے ہاتھوں پر ہے، پس رسول صلی اللہ علیہ وسلم کا فقط ظاہری واسطہ ہے، اور درمیان میں کچھ نہیں ہے۔

ঈদগাহে মুনাজাত খুতবার আগে

প্রশ্ন : আমাদের ঈদগাহে পূর্ববর্তী ইমামগণ নামায ও খুতবার পরে সম্মিলিতভাবে মুনাজাত করে আসছিলেন। কিন্তু বর্তমান ইমাম দুই বছর যাবৎ নামাযের পর খুতবার পূর্বে মুনাজাত করেন। এতে করে পরিস্থিতি উত্তপ্ত হয়ে যায় ও কয়েকজন মুসল্লি মারমুখী হয়ে ওঠেন। এমতাবস্থায় হুজুরের নিকট জিজ্ঞাসা হলো :

১. ঈদগাহে মুনাজাতের ব্যাপারে শরয়ী হুকুম কী?

Scanned by CamScanner

২. "নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) জীবনে কোনো দিন ঈদগাহে মুনাজাত করেননি"–উক্তিটি সত্য?

৩. মাসআলা বলার জের ধরে কারো মানহানিকর আচরণকারীর শরয়ী বিধান কী?

উল্লেখ্য, খুতবার পূর্বে মুনাজাত করে কতিপয় মুসল্লিকে বাড়ি ফিরতে দেখা যায়। তাদের ধারণা, মুনাজাত ঈদগাহে আসার একমাত্র মূল উদ্দেশ্য এবং নামাযের অবিচ্ছেদ্য অঙ্গ। এমতাবস্থায় আমাদের জন্য শরীয়তের বিধান কী?

উত্তর :

১. ঈদের নামাযের পর মুনাজাত করা অন্যান্য নামাযের ন্যায় মুস্তাহাব। তবে মুনাজাত নামাযের পর, খুতবার পূর্বে হওয়া এবং মুনাজাত যথাসম্ভব সংক্ষিপ্ত হওয়া উচিত। যাতে নামায ও খুতবার মাঝে বেশি ব্যবধান না হয়। (১৯/৩৬৯/৮১৭১)

📖 صحيح البخارى (دار الحديث) ١/ ٢٤٤ (٩٧١) : عن أم عطية، قالت: «كنا نؤمر أن نخرج يوم العيد حتى نخرج البكر من خدرها، حتى نخرج الحيض، فيكن خلف الناس، فيكبرن بتكبيرهم، ويدعون بدعائهم يرجون بركة ذلك اليوم وطهرته» -

📖 عمل اليوم والليلة لابن السنى(دار القبلة)صـ ١٢١ : عن أنس بن مالك، رضي الله عنه، عن النبي صلى الله عليه وسلم أنه قال: " ما من عبد بسط كفيه في دبر كل صلاة، ثم يقول: اللّٰهُمَّ إلهي وإله إبراهيم، وإسحاق، ويعقوب، وإله جبرائيل، وميكائيل، وإسرافيل عليهم السلام، أسألك أن تستجيب دعوتي، فإني مضطر، وتعصمني في ديني فإني مبتلى، وتنالني برحمتك فإني مذنب، وتنفي عني الفقر فإني متمسكن، إلا كان حقا على الله عز وجل أن لا يرد يديه خائبتين "-

📖 نور الإيضاح (امداديه) صـ ٨٠ : ويستحب للامام بعد سلامه ... ... ثم يدعون لانفسهم وللمسلمين رافعى ايديهم ثم يمسحون بها وجوههم -

Scanned by CamScanner

📖 فتاوی دار العلوم دیوبند (مکتبۂ دار العلوم) ۵ /۱۹۰ : الجواب- ہمارے حضرات اکابر مثل حضرت مولانا گنگوہی قدس سرہ اور حضرت مولانا قاسم صاحب نانوتوی اور دیگر حضرات اساتذہ مثل مولانا محمد یعقوب صاحب صدر مدرس مدرسہ ھذا (دار العلوم دیوبند) اور حضرت مولانا محمود حسن صاحب صدر مدرس مدرسہ ھذا وغیر ھم کا یہی معمول رہا ہے کہ بعد عیدین کے بھی مثل تمام نمازوں کے ہاتھ اٹھا کر دعا مانگتے تھے اور احادیث سے بھی نمازوں کے بعد دعا مانگنا ثابت ہے، اس میں عیدین کی نماز بھی داخل ہے لہذا راجح ہمارے نزدیک یہی ہے کہ دعا بعد نماز عیدین بھی مستحب ہے۔

২. নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কোনো দিন ঈদগাহে মুনাজাত করেছেন কি না, তা স্পষ্টভাবে উল্লেখ না থাকলেও বুখারী, তিরমিযী ও বায়হাকী শরীফের হাদীস দ্বারা মুসলমানদেরকে নিয়ে মুনাজাত করেছেন বলে প্রতীয়মান হয়। এ ছাড়া যেকোনো নামাযের পর দু'আর প্রতি উৎসাহ প্রদানকারী সহীহ হাদীসসমূহের দ্বারাও মুনাজাত সাব্যস্ত হয়।

📖 صحيح البخارى (دار الحديث) ١/ ١٠١ (٣٥١) : عن أم عطية، قالت: أمرنا أن نخرج الحيض يوم العيدين، وذوات الخدور فيشهدن جماعة المسلمين، ودعوتهم ويعتزل الحيض عن مصلاهن، قالت امرأة: يا رسول الله إحدانا ليس لها جلباب؟ قال: «لتلبسها صاحبتها من جلبابها».

৩. কোরআন ও সুন্নাহে কারো মানহানি হয়, এমন আচরণ ও কথাবার্তা থেকে নিষেধ করা হয়েছে। বিশেষ করে সঠিক মাসআলা বলার কারণে এ ধরনের আচরণে ভয়াবহ পরিণামের আশংকা। তাই কারো সাথে মানহানিকর আচরণ বৈধ নয়। এমতাবস্থায় উক্ত ব্যক্তি আল্লাহ তা'আলার নিকট খালেস তাওবা করে নেবে এবং যার সাথে মানহানিকর আচরণ করেছে, তার কাছ থেকে মাফ চেয়ে নেবে।

আর ঈদের খুতবা শ্রবণ করা ওয়াজিব, তাই খুতবা না শুনে শুধুমাত্র মুনাজাত করে চলে গেলে গোনাহগার হিসেবে সাব্যস্ত হবে।

📖 سورة الحجرات الآية ١١ : ﴿ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لاَ يَسْخَرْ قَوْمٌ مِن قَوْمٍ عَسَى أَن يَكُونُوا خَيْراً مِنْهُمْ وَلاَ نِسَاءٌ مِن نِسَاءٍ عَسَى أَن

يَكُنَّ خَيْراً مِنْهُنَّ وَلاَ تَلْمِزُوا أَنفُسَكُمْ وَلاَ تَنَابَزُوا بِالْأَلْقَابِ بِئْسَ الاسْمُ الْفُسُوقُ بَعْدَ الْإِيمَانِ وَمَن لَّمْ يَتُبْ فَأُولئِكَ هُمُ الظَّالِمُونَ ﴾

📖 صحيح مسلم (دار الغد الجديد) ٢/ ٥٠ (٦٤) : عن ابن مسعود ؓ قال: قال رسول الله صلى الله عليه وسلم : سباب المسلم فسوق وقتاله كفر-

মুনাজাত শুরু ও শেষ করার পদ্ধতি

প্রশ্ন :

১. মুনাজাত শুরু এবং শেষ করার সুন্নাত ও মুস্তাহাব পদ্ধতি কী?
২. মুনাজাত আমীন দ্বারা শুরু করার কোনো ভিত্তি শরীয়তে আছে কি?

উত্তর :

১. মুনাজাতের মুস্তাহাব পদ্ধতি হলো, আল্লাহ তা'আলার প্রশংসা ও রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর প্রতি দরূদ শরীফ পাঠ করার মাধ্যমে মুনাজাত শুরু করা। অতঃপর নিজ প্রয়োজন ও পরিবার-পরিজন ও বন্ধু-বান্ধবদের কথা তুলে ধরা এবং পুনরায় হামদ-সালাতের মাধ্যমে আমীন বলে দু'আ শেষ করা।

২. আমীন দ্বারা মুনাজাত শুরু করার কোনো প্রমাণ শরীয়তে নেই। (১৮/১১৯/৭৪৫৪)

📖 جامع الترمذى (دار الحديث) ٥/ ٣٣٨ (٣٤٧٦) : عن فضالة بن عبيد، قال: بينا رسول الله صلى الله عليه وسلم قاعد إذ دخل رجل فصلى فقال: اللَّهُمَّ اغفر لي وارحمني، فقال رسول الله صلى الله عليه وسلم: «عجلت أيها المصلي، إذا صليت فقعدت فاحمد الله بما هو أهله، وصل علي ثم ادعه» . قال: ثم صلى رجل آخر بعد ذلك فحمد الله وصلى على النبي صلى الله عليه وسلم فقال له النبي صلى الله عليه وسلم: «أيها المصلي ادع تجب».

Scanned by CamScanner

📖 مصنف عبد الرزاق (المكتب الإسلامى) ٢ / ٢١٥ (٣١١٧) : عن جابر بن عبد الله قال: قال رسول الله صلى الله عليه وسلم: «لا تجعلوني كقدح الراكب، فإن الراكب إذا أراد أن ينطلق علق معالقه، وملأ قدحا ماء، فإن كانت له حاجة في أن يتوضأ توضأ، وأن يشرب شرب، وإلا أهراق، فاجعلوني في وسط الدعاء وفي أوله وفي آخره» -

📖 سنن أبي داود (دار الحديث) ١/ ٤١٠ (٩٣٨) : حدثني أبو مصبح المقرائي، قال: كنا نجلس إلى أبي زهير النميري، وكان من الصحابة، فيتحدث أحسن الحديث، فإذا دعا الرجل منا بدعاء قال: اختمه بآمين، فإن آمين مثل الطابع على الصحيفة، قال أبو زهير: أخبركم عن ذلك؟ خرجنا مع رسول الله صلى الله عليه وسلم ذات ليلة، فأتينا على رجل قد ألح في المسألة، فوقف النبي صلى الله عليه وسلم يستمع منه، فقال النبي صلى الله عليه وسلم: «أوجب إن ختم» ، فقال رجل من القوم: بأي شيء يختم؟ قال: «بآمين، فإنه إن ختم بآمين فقد أوجب» ، فانصرف الرجل الذي سأل النبي صلى الله عليه وسلم، فأتى الرجل، فقال: اختم يا فلان بآمين، وأبشر، وهذا لفظ محمود-

بحق لااله الا الله দ্বারা দু'আ শেষ করা

প্রশ্ন : بحق لااله الا الله محمد رسول الله এর দ্বারা মুনাজাত শেষ করা শরীয়তসম্মত কি না?

উত্তর : بحق لااله الا الله محمد رسول الله দ্বারা মুনাজাত শেষ করা প্রমাণিত নয়। আল্লাহ তা'আলার প্রশংসা এবং নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর ওপর দরূদ-সালাম ও 'আমীন' বলার মাধ্যমে মুনাজাত শেষ করা মুস্তাহাব। (১৯/৫৬৬/৮৩১৪)

Scanned by CamScanner

📖 سنن أبي داود (دار الحديث) ١/ ٤١٠ (٩٣٨) : حدثني أبو مصبح المقرائي، قال: كنا نجلس إلى أبي زهير النميري، وكان من الصحابة، فيتحدث أحسن الحديث، فإذا دعا الرجل منا بدعاء قال: اختمه بآمين، فإن آمين مثل الطابع على الصحيفة، قال أبو زهير: أخبركم عن ذلك؟ خرجنا مع رسول الله صلى الله عليه وسلم ذات ليلة، فأتينا على رجل قد ألح في المسألة، فوقف النبي صلى الله عليه وسلم، يستمع منه، فقال النبي صلى الله عليه وسلم: «أوجب إن ختم» ، فقال رجل من القوم: بأي شيء يختم؟ قال: «بآمين، فإنه إن ختم بآمين فقد أوجب» ، فانصرف الرجل الذي سأل النبي صلى الله عليه وسلم، فأتى الرجل، فقال: اختم يا فلان بآمين، وأبشر - وهذا لفظ محمود.

📖 الدر المختار مع الرد (ايج ايم سعيد) ١/ ٥٣٠ : ويستحب ان يستغفر ثلاثا... ويدعوا ويختم بسبحان ربك -

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ۳/ ۵۸ : سوال—سنت کے مطابق دعا مانگنے کا صحیح طریقہ کیا ہے؟

الجواب- ... آخر میں درود شریف کے بعد سبحان ربك رب العزة عما يصفون وسلام على المرسلين والحمد لله رب العالمين پڑھکر آمین پر دعا ختم کی جائے۔

📖 وفیہ ایضا ۱/ ۳۷۴ : جواب—دعا کے آخر میں درود شریف اور آمین کے سوا اور کچھ پڑھنا ثابت نہیں، لہذا منہ پر ہاتھ پھیرتے وقت کلمہ طیبہ پڑھنے کا دستور بدعت ہے جیسے کہ کھانے سے فارغ ہونے کے بعد یا تلاوت کے بعد کوئی شخص دعاء ماثورہ کی بجائے یا اس کے بعد کلمہ طیبہ پڑھے تو اسے ہر شخص دین میں زیادتی اور بدعت سمجھے گا۔

Scanned by CamScanner

দরসের পূর্বে মুনাজাতে কাজীয়ে হাজাত

প্রশ্ন : কতিপয় আলেম দরসের পূর্বে যে মুনাজাতে ক্বা-জীয়ে হাজাত (আয় খোদায়ে পাকে রহমান ও রহীম) কোনো কোনো মাদরাসায় পাঠ করা হয় তাকে বিদ'আত বলেছেন। এ ব্যাপারে আপনাদের অভিমত কী? দলিল-প্রমাণসহ বিস্তারিত জানতে চাই।

উত্তর : কোনো মুবাহ কাজকে বিশেষ কোনো ইবাদত তথা সুন্নাত, মুস্তাহাব ইত্যাদি মনে করে করাকে বিদ'আত বলা হয়। প্রাতিষ্ঠানিক নিয়মনীতি, সংবিধান, যা কোরআন-সুন্নাহর সাথে সাংঘর্ষিক নয় পালন করাকে বিদ'আত বলার অবকাশ নেই। উপরন্তু মুনাজাত তথা আল্লাহর দরবারে প্রার্থনা করা, আরবী ভাষায় হোক বা উর্দূ, ফার্সি কিংবা বাংলা, সর্বাবস্থায় বৈধ ও সর্বজনস্বীকৃত। সুতরাং দরসের পূর্বে দরস বরকতময় হওয়ার লক্ষ্যে দু'আর মাধ্যমে দরস শুরু করাকে বিদ'আত বলা সঠিক নয়। (১৮/৮৬/৭৪৯৩)

📖 فتح الملهم (مكتبة دارالعلوم كراتشى) ٥/ ٤٤٥ : البدعة كل شيء عمل على غير مثال سابق وفى الشرع احداث ما لم يكن فى عهد رسول الله صلى الله عليه وسلم ... ...

قال الشافعى رحـ : "ما احدث مما يخالف الكتاب او السنة او الاثر او الاجماع فهو ضلالة وما أحدث من الخير مما لا يخالف شيئا من ذلك فليس بمذموم"-

📖 فيه أيضا ٥/ ٤٤٩ : والحاصل ان البدعة الشرعية هو إحداث امر ليس له ثبوت بواحد من الاصول الاربعة الدينية زاعما انه من الدين ومظنة للاثابة من الله والتحسين-

📖 فيه أيضا ٥/ ٤٥٠ : فالبدعة إذًا عبارة عن طريقة فى الدين مخترعة تضاهى الشريعة يقصد بالسلوك عليها المبالغة فى التعبد لله سبحانه وتعالى -

📖 فتاوى رحيميه (دارالاشاعت) ٦/ ٣٢٥ : جواب — ایسی دعائیہ نظم جو اللہ تعالی کی ثناء اور رسول مقبول صلی اللہ علیہ وسلم کی صحیح تعریف وتوصیف پر مشتمل ہو اجتماعی طور پر اسلامی مدارس میں بھی پڑھائی جاسکتی ہے اس میں کوئی قباحت نہیں ہے بلکہ مستحسن ہے مثلا یہ دعا پڑھی جائے

اے خدائے پاک رحمان ورحیم : قاضئ حاجات وھاب وکریم

Scanned by CamScanner

প্রতিদিন মাগরিবের পূর্বে দু'আ করা

প্রশ্ন : প্রতিদিন আসরের পর মাগরিবের পূর্বে দু'আ করার ফজীলত কোরআন-হাদীস অথবা কোনো ইমাম থেকে বর্ণিত আছে কি না? কোনো মাদরাসায় ছাত্রদেরকে প্রতিদিন মাগরিবের পূর্বে মসজিদে গিয়ে দু'আ করতে উৎসাহ প্রদান করা, আর না গেলে বাধ্য করা কতটুকু শরীয়তসম্মত হবে? দলিলসহ জানালে উপকৃত হব।

উত্তর : প্রতিদিন আসরের পর মাগরিবের পূর্বে দু'আ করার ফজীলত কোরআন-হাদীস এবং কোনো ইমাম থেকে পাওয়া যায়নি। তবে সকাল-সন্ধ্যা কিছু দু'আ পড়ার কথা হাদীস শরীফে উল্লেখ আছে। যেহেতু দু'আর জন্য নির্ধারিত কোনো সময় নেই বরং যেকোনো সময় করতে পারে, তাই প্রতিদিন মাগরিবের পূর্বে মসজিদে গিয়ে দু'আ করতে ছাত্রদের উৎসাহিত করতে আপত্তি নেই। কিন্তু না গেলে দু'আ করার জন্য বাধ্য করা শরীয়তসম্মত নয়। (১২/৬৬৮/৪০৭৪)

📖 صحيح مسلم(دار الغدالجديد) ٤/ ٢٠٧١ (٢٦٩٢) : عن أبي هريرة، قال: قال رسول الله صلى الله عليه وسلم: " من قال: حين يصبح وحين يمسي: سبحان الله وبحمده، مائة مرة، لم يأت أحد يوم القيامة، بأفضل مما جاء به، إلا أحد قال مثل ما قال أو زاد عليه ".

📖 جامع الترمذى (دار الحديث) ٥/ ٢٩٤ (٣٣٨٨) : عن أبان بن عثمان، قال: سمعت عثمان بن عفان، يقول: قال رسول الله صلى الله عليه وسلم: " ما من عبد يقول في صباح كل يوم ومساء كل ليلة: بسم الله الذي لا يضر مع اسمه شيء في الأرض ولا في السماء، وهو السميع العليم ثلاث مرات، فيضره شيء " وكان أبان، قد أصابه طرف فالج، فجعل الرجل ينظر إليه، فقال له أبان: «ما تنظر؟ أما إن الحديث كما حدثتك، ولكني لم أقله يومئذ ليمضي الله علي قدره».

📖 تفسير ابن كثير (دار المعرفة) ١/ ٢٢٤ : وقال ابن جريج عن عطاء: أنه بلغه لما نزلت: {وقال ربكم ادعوني أستجب لكم} قال

Scanned by CamScanner

الناس: لو نعلم أي ساعة ندعو؟ فنزلت: {وإذا سألك عبادي عني فإني قريب أجيب دعوة الداع إذا دعان}.

জানাযার নামাযের পর দু'আ করা

প্রশ্ন : একটি ব্যাপারে লোকদের মাঝে মতানৈক্য শুরু হয়েছে। কেউ বলছে, জানাযার নামাযই দু'আ, তাই জানাযার পর কবরে লাশ রাখার পূর্বে হাত তুলে দু'আ করা যাবে না। অপর দল বলছে, জানাযা এটি নামায, তাই জানাযার পর কবরে লাশ রাখার পূর্বে দু'আ করা বৈধ। জানার বিষয় হলো, জানাযা এটি দু'আ নাকি নামায? এবং জানাযার পর কবরে লাশ রাখার পূর্বে দু'আ করা যাবে কি না?

উত্তর : শরীয়তের দৃষ্টিতে জানাযার নামাযই হলো মৃতের জন্য পরিপূর্ণ একটি দু'আ এবং নামাযের শেষে দাফনের পূর্বে সম্মিলিতভাবে পুনরায় দু'আ করার প্রমাণ শরীয়তে নেই, অতএব তা বর্জনীয়। (১৯/৭১৭/৮৪২৪)

📖 مرقاة المفاتيح (انور بكڈپو) ٤/ ١٧٠ : ولا يدعو للميت بعد صلاة الجنازة لأنه يشبه الزيادة فى صلاة الجنازة.

📖 خلاصة الفتاوى(رشيديه) ١/ ٢٢٥ : ولا يقوم بالدعاء بعد صلاة الجنازة وقبلها-

📖 ردالمحتار(ايچ ايم سعيد) ٢ /٢١٠ : فقد صرحوا عن آخرهم بأن صلاة الجنازة هى الدعاء للميت اذ هو المقصود منها-

📖 كفايت المفتى(امداديه) ٤/ ٨٥ : جواب—نماز جنازه كے بعد متصل ہاتھ اٹھا كر دعاء مانگنے كا شريعت ميں كوئى ثبوت نہيں ہے، اور نماز جنازه خود ہى دعاء ہے ہاں لوگ اپنے اپنے دل ميں بغير ہاتھ اٹھائے دعاء مغفرت كرتے رہيں تو يہ جائز ہے، اجتماعى دعاء ہاتھ اٹھا كر دعا كرنا بدعت ہے۔

Scanned by CamScanner

মৃতের জন্য জানাযার পর নয়, দাফনের পর দু'আ

প্রশ্ন : আমাদের এলাকায় জানাযার নামাযের পর পর উপস্থিত লোকদের নিয়ে লাশের উপস্থিতিতে সূরা-কালাম পড়ে সকলে সম্মিলিতভাবে হাত উঠিয়ে মৃতের মাগফিরাত ও অন্যের জন্যও দু'আ করা হয়। কিন্তু বর্তমানে কিছুসংখ্যক আলেম জানাযার পর দাফনের পূর্বে সম্মিলিতভাবে দু'আর প্রচলনকে বিদ'আত বা গোনাহ বলে ফতওয়া দিয়েছেন। যার কারণে এলাকায় অনেক বিতর্ক দেখা দেয়। দু'আ করার পক্ষে যুক্তি এই যে,

১. জানাযার নামাযের পর দাফন করা পর্যন্ত সকলে উপস্থিত থাকে না, কাজেই জানাযার পর সকলের উপস্থিতিতে মৃত ব্যক্তির জন্য দু'আ করলে মৃত ব্যক্তি বেশি লাভবান হবে।

২. পূর্বপুরুষ থেকে এভাবে দু'আর প্রচলন ধারাবাহিকভাবে এসেছে। আমরাও তা-ই করব।

৩. 'মুনাজাতে মাকবুল' (বাংলা) নামক কিতাবে হযরত শামসুল হক ফরিদপুরী (রহ.) লিখেছেন যে, জানাযার পর দু'আ করতে চাইলেও করতে পারে। কাজেই আমরা দু'আ করব।

উক্ত বিষয়ে এলাকাবাসীর জানার বিষয় হলো :

ক. জানাযার নামাযের পর লাশ দাফনের পূর্বে সম্মিলিতভাবে হাত উঠিয়ে দু'আ করা জায়েয কি না?

খ. এভাবে দু'আ করার উপায় শরীয়তের বিধানে কোনো নিষেধাজ্ঞা আছে কি না? মেহেরবানি করে কোরআন-হাদীস ও কিতাবাদির দিকনির্দেশনাসহ সমাধান কামনা করি।

উত্তর : মৃত ব্যক্তির জানাযাকে নামায বলা হলেও মূলত তা মৃত ব্যক্তির জন্য দু'আস্বরূপ। তাই রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর যুগ তথা ইসলামের সোনালি যুগে জানাযার পর লাশের উপস্থিতিতে পুনরায় দু'আ ও মুনাজাতের কোনো প্রমাণ পাওয়া যায় না। তবে লাশ দাফন করার পর তেলাওয়াত ও দরূদ পড়ে সেখানে মৃত ব্যক্তির মাগফিরাত কামনা করে দু'আ-মুনাজাত করার কথা কোনো কোনো হাদীসে পাওয়া যায়। তাই ফিকহবিদদের বর্ণনা মতে, নামাযে জানাযার পর লাশ সামনে রেখে পুনরায় সম্মিলিতভাবে দু'আ বা মুনাজাত করার প্রথা শরীয়ত পরিপন্থী হওয়ায় বর্জনীয় ও পরিহারযোগ্য। সকল মুসলিম জনসাধারণের দায়িত্ব হলো, শরীয়তে যতটুকু প্রমাণিত, শুধু তার ওপরই আমল করা। (১২/১৩২/৩৮৬৬)

Scanned by CamScanner

📖 سنن أبي داود (دار الحديث) ٣/ ١٤٠٢ (٣٢٢١) : عن عثمان بن عفان، قال: كان النبي صلى الله عليه وسلم، إذا فرغ من دفن الميت وقف عليه، فقال: «استغفروا لأخيكم، وسلوا له بالتثبيت، فإنه الآن يسأل» -

📖 مرقاة المفاتيح (انور بكڈپو) ٤/ ١٦١ : (عن أبي هريرة قال: قال رسول الله صلى الله عليه وسلم: «إذا صليتم على الميت فأخلصوا له الدعاء») قال ابن الملك: أي: ادعوا له بالاعتقاد والإخلاص اهـ. ويمكن أن يكون معناه اجعلوا الدعاء خاصا له في القلب وإن كان عاما في اللفظ، وأغرب صاحب الأزهار على ما نقله ميرك عنه أنه قال: فيه دليل على وجوب تخصيص الميت بالدعاء، ولا يكفي التعميم وهو الأصح اهـ. وقال ابن حجر: الدعاء للميت بخصوصية بعد التكبيرة الثالثة ركن، ويرده أن أكثر الأحاديث الصحيحة وردت بلفظ العموم مع أن وجوب الدعاء مطلقا غير ثابت عندنا.

📖 فيض القدير (مكتبة نزار) ٢/ ٧٧٠ : (إذا صليتم على الميت) صلاة الجنازة (فأخلصوا له الدعاء) أي ادعوا له بإخلاص وحضور قلب لأن المقصود بهذه الصلاة إنما الاستغفار والشفاعة للميت وإنما يرجى قبولها عند توفر الإخلاص والابتهال ولهذا شرع في الصلاة عليه من الدعاء ما لم يشرع مثله في الدعاء للحي. قال ابن القيم: هذا يبطل قول من زعم أن الميت لا ينتفع بالدعاء -

📖 مرقاة المفاتيح (انور بكڈپو) ٤/ ١٧٠ : ولا يدعو للميت بعد صلاة الجنازة لانه يشبه الزيادة فى صلاة الجنازة -

📖 البزازية مع الهندية (زكريا) ٤/ ٨٠ : لا يقوم بالدعاء بعد صلوة الجنازة لانه دعا مرة لان اكثرها دعاء-

Scanned by CamScanner

📖 خلاصة الفتاوى(رشيديه) ١ / ٢٢٥ : لا يقوم بالدعاء بعد صلاة الجنازة -

📖 البحرالرائق (سعيد كمپنى) ٢/ ١٨٣ : وقيد بقوله بعد الثالثة لانه لا يدعوا بعد التسليم كما فى الخلاصة -

📖 كفايت المفتى (امداديه) ٤/ ٨٥ : نماز جنازہ کے بعد متصل ہاتھ اٹھا کر دعا مانگنے کا شریعت میں کوئی ثبوت نہیں ہے اور نماز جنازہ خود ہی دعاء ہے ہاں لوگ اپنے اپنے دل میں بغیر ہاتھ اٹھائے دعاء مغفرت کرتے رہیں تو یہ جائز ہے اجتماعی ہاتھ اٹھا کر دعاء کرنا بدعت ہے۔

📖 فتاوی دار العلوم (مکتبہ دار العلوم دیوبند) ٥/ ٣٠٥ : نماز جنازہ کے بعد دعاء مشروع نہیں ہے، اور ان احادیث میں دعاء سے مراد نماز جنازہ کی دعاء ہے، یعنی پہلی حدیث کا مطلب یہ ہے کہ جب تم نماز جنازہ پڑھو تو اس کے اندر دعاء جنازہ اخلاص کے ساتھ، اسی طرح دوسری حدیث میں صاف یہ موجود ہے کہ دعاء نماز جنازہ مراد ہے۔

মৃতের জন্য দু'আ দাফনের পর করবে

প্রশ্ন : আমাদের এলাকায় একটি বিষয় নিয়ে মতবিরোধ চলছে। বিষয়টি হলো, জানাযার নামাযের পর দু'আ করা যাবে কি না? অনেকে বলেন, জানাযার নামাযের পর দু'আ করা যাবে না। তবে দাফনের পর চল্লিশ কদম অতিক্রম করার পর দু'আ করা যাবে। কিন্তু কেউ কেউ বলেন, জানাযার নামাযের পরও দু'আ করতে হবে। প্রশ্ন হলো, কোন পদ্ধতিটি সঠিক? জানাযার পর দু'আ করা নাকি দাফনের পর দু'আ করা?

উত্তর : জানাযার নামাযকে নামায বলা হলেও এর আসল উদ্দেশ্য মৃত ব্যক্তির জন্য দু'আ করা। অতএব জানাযার নামাযের পর দ্বিতীয়বার দু'আ করার প্রচলন শরীয়তসম্মত নয় বিধায় তা বর্জনীয়। তবে দাফনকার্য সম্পন্ন করে একাকী বা সম্মিলিতভাবে দু'আ করতে কোনো বাধা নেই। (১৮/১২৬/৭৫২০)

📖 سنن ابى داود (دار الحديث) ٣/ ١٤٠٢ (٣٢٢١) : عن عثمان بن عفان ؓ، قال: كان النبي صلى الله عليه وسلم، إذا فرغ من دفن

Scanned by CamScanner

الميت وقف عليه، فقال: «استغفروا لأخيكم، وسلوا له بالتثبيت، فإنه الآن يسأل».

📖 الفتاوى البزازية بهامش الهندية (زكريا) ٤/ ٨٠ : لا يقوم بالدعاء بعد صلاة الجنائز لأنه دعا مرة؛ لأن اكثرها دعاء -

📖 خلاصة الفتاوى (رشيديه) ١/ ٢٢٥ : لايقوم بالدعاء بعد صلاة الجنازة -

📖 امداد الفتاوی (زکریا بکڈپو) ۲ /۴۴۴ : سوال- نماز جنازہ کے بعد جماعت کے ساتھ وہیں ٹھہر کر دعا کرنا کیسا ہے؟

الجواب—درست نہیں۔

📖 فتاوی محمودیہ (زکریا بکڈپو) ۲/ ۴۰۶ : میت کو دفن کرنے کے بعد جو دعاء مغفرت کی جاتی ہے وہ ہاتھ اٹھا کر کی جائے یا بغیر اٹھائے؟

الجواب—دعاء بغیر ہاتھ اٹھائے بھی کی جاسکتی ہے اور ہاتھ اٹھا کر بھی حضرت نبی اکرم صلی اللہ علیہ وسلم نے دفن کے بعد قبلہ کی طرف رخ فرما کر ہاتھ اٹھا کر دعاء کی ہے اگر ہاتھ اٹھا کر دعا کرنا چاہے تو آنحضرت صلی اللہ علیہ وسلم کی پیروی کرتے ہوئے قبر کی طرف رخ نہ کیا جائے بلکہ قبلہ کی طرف رخ کر لیا جائے۔

দাফনের পর হাত তুলে দু'আ করা

প্রশ্ন : মৃত ব্যক্তিকে দাফন করার পর সম্মিলিতভাবে হাত উঠিয়ে মুনাজাত করার শরীয়তের দৃষ্টিতে হুকুম কী?

উত্তর : মৃত ব্যক্তিকে দাফন করার পর সম্মিলিতভাবে কিবলামুখী হয়ে হাত উঠিয়ে মুনাজাত করা বৈধ। (১৯/১১/৭৯৮৪)

📖 سنن ابی داود (دار الحديث) ٣/ ١٤٠٢ (٣٢٢١) : عن عثمان بن عفان، قال: كان النبي صلى الله عليه وسلم، إذا فرغ من دفن الميت وقف عليه، فقال: «استغفروا لأخيكم، وسلوا له بالتثبيت، فإنه الآن يسأل» -

Scanned by CamScanner

📖 فتح الباری (دارالريان) ١١/ ١٤٨ : وفي حديث بن مسعود رأيت رسول الله صلى الله عليه وسلم في قبر عبد الله ذي النجادين الحديث وفيه فلما فرغ من دفنه استقبل القبلة رافعا يديه أخرجه أبو عوانة في صحيحه۔

📖 فتاوی رحیمیه (دارالاشاعت)٥/ ١٢٦ : الجواب— تدفین کے بعد عند القبر مجتمع ہو کر دعاء مغفرت کرنا اور تلاوت کر کے بخشنا بلا تامل جائز ہے۔

📖 فتاوی محمودیہ (زکریا) ٢/ ٤٠٦ : الجواب—دعاء بغیر ہاتھ اٹھائے بھی کی جاسکتی ہے اور ہاتھ اٹھا کر بھی، حضرت نبی کریم صلی اللہ علیہ وسلم نے دفن کی بعد قبلہ کے طرف رخ فرما کر ہاتھ اٹھا کر دعاء کی ہے، اگر ہاتھ اٹھا کر دعاء کرنا چاہے تو آنحضرت صلی اللہ علیہ وسلم کی پیروی کرتے ہوئے قبر کی طرف رخ نہ کیا جائے، بلکہ قبلہ کی طرف رخ کر کے کیا جائے۔

নামাযে জানাযার পর সম্মিলিত মুনাজাত সুন্নাত নয়

প্রশ্ন : জানাযার পর দাফনের পূর্বে ইমাম-মুক্তাদীদেরকে সম্মিলিতভাবে হাত তুলে মুনাজাত করতে কখনো দেখিনি। কিন্তু কিছুদিন পূর্বে এক ইমাম সাহেব জানাযার পর সম্মিলিত মুনাজাত করেন। এ ব্যাপারে তাঁকে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, এটি সুন্নাত এবং এর স্বপক্ষে অনেক দলিলও পেশ করেন। পক্ষান্তরে অন্য বহু উলামায়ে কেরাম জানাযার পর সম্মিলিত মুনাজাতকে নাজায়েয ও বিদ'আত বলেন। এখন আমার জানার বিষয় হলো,

১. জানাযার নামাযের পর পর দাফনের পূর্বে সম্মিলিত দু'আ-মুনাজাত করা সুন্নাত, নাকি বিদ'আত?
২. যদি বিদ'আত হয়, তাহলে ওই ইমামের পেশকৃত দলিলসমূহের জবাব কী? বিস্তারিত জানতে চাই।

জানাযার নামাযের পর দু'আ/মুনাজাত সুন্নাত হওয়ার স্বপক্ষে দেওয়া দলিলগুলো পেশ করা হলো :

জানাযার নামাযের পর দু'আ করা সুন্নাত :

জানাযার নামায হলো ফরযে কেফায়া। ফরয নামাযের পর যে দু'আ করা হয় তা শীঘ্রই কবুল হয়। আর এটাই ছিল রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ও সাহাবাগণের

Scanned by CamScanner

আমল। জানাযা শুধু দু'আ নয়, দু'আর জন্য তো কিবলামুখী হওয়া, দাঁড়ানো, ওজু শর্ত নয়; অথচ জানাযার জন্য এগুলো শর্ত। নিম্নে এর সপক্ষে হাদীস ও ফিকহের কিতাব থেকে দলিল পেশ করা হলো। তার পরও যদি কেউ এ আমলকে নাজায়েয বা বিদ'আত বলতে চায় তাহলে লিখিতভাবে দলিল পেশ করার আহ্বান জানাচ্ছি। আল্লাহ আমাদের সঠিক মাসআলার ওপর আমল করার তাওফিক দিন, আমীন।

১. হযরত আবু হুরাইরা (রা.)-এর হাদীস :

عن أبي هريرة، قال: سمعت رسول الله صلى الله عليه وسلم:
يقول: «إذا صليتم على الميت فأخلصوا له الدعاء»

হযরত আবু হুরাইরা (রা.) হতে বর্ণিত, রাসূলে কারীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ইরশাদ করেছেন, যখন তোমরা মৃত ব্যক্তির জানাযা পড়ো অতঃপর তার জন্য খাস দু'আ করো। (আবু দাউদ, ইবনে মাজাহ, মিশকাত)

২. ইমাম বায়হাকী হযরত মুসতাযিল ইবনে হাসীন থেকে বর্ণনা করেন, وعن المستظل بن حصين ان عليا صلى على جنازة بعد ما صلى عليه অর্থাৎ, হযরত মুসতাজিল ইবনে হাসীন বলেন, হযরত আলী (রা.) এক ব্যক্তির জানাযার নামায আদায় করার পর তার জন্য পুনরায় দু'আ করেছেন। (বায়হাকী শরীফ)

৩. জানাযার পর দু'আ : জঙ্গে মূতায় তিনজন শহীদ সিপাহসালারের জানাযার নামায রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মদীনায় অবস্থানরত অবস্থায়ই (মুজিযার মাধ্যমে) তাদের সঙ্গেই আদায় করেছিলেন এবং সালাম ফিরিয়ে দু'আও করেছিলেন। "বেদায়া ও নেহায়া" গ্রন্থের চতুর্থ খণ্ড, ২৪২ পৃষ্ঠায় নবীজির দু'আর কথা এভাবে উল্লেখ করা হয়েছে।

فصلى عليه (زيد) رسول الله صلى الله عليه وسلم وقال استغفروا
له فقد دخل الجنة وهو شهيد، فصلى عليه (جعفر) رسول الله
صلى الله عليه وسلم وقال استغفروا لاخيكم فانه شهيد دخل
الجنة وهو يطير فى الجنة-

অর্থ : হযরত যায়েদ ইবনে হারেসা (রা.) মূতায় শাহাদাত বরণ করার পর নবীজি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মদীনা শরীফে তাঁর জানাযার নামায পড়ে সাহাবাদের বলেন, তোমাদের ভাই যায়েদ ইবনে হারেসার জন্য দু'আ করো, সে জান্নাতে প্রবেশ করেছে। হযরত জাফর (রা.) শহীদ হলে রাসূল (সাল্লাল্লাহু

Scanned by CamScanner

আলাইহি ওয়াসাল্লাম) মদীনা শরীফে তাঁর জানাযার নামায পড়লেন এবং সাহাবাদের বললেন, তোমাদের ভাই জাফরের জন্য দু'আ করো, কেননা সে শহীদ হয়ে জান্নাতে উড়ে বেড়াচ্ছে। (বেদায়া নেহায়া ও ফাতহুল ক্বাদীর)

৪. শামছুল আইম্মাহ সরখসী (রহ.) "মাবসূত" গ্রন্থের দ্বিতীয় খণ্ড ৬৭ পৃষ্ঠায় 'বা-বু গসলিল মাইয়্যেতে' একটি হাদীস উল্লেখ করেছেন, যাতে জানাযার পর পুনঃ দু'আ করার প্রমাণ পাওয়া যায়।

হযরত আব্দুল্লাহ ইবনে উমর (রা.) এক জানাযার নামাযে শরীক হওয়ার উদ্দেশ্যে গমন করেন; কিন্তু নামাযে শরীক হতে পারেননি। অতঃপর তিনি সকলকে সম্বোধন করে বললেন : ان سبقونى بالصلاة فلا تسبقنى بالدعاء অর্থ : তোমরা জানাযার নামায পড়ে ফেলেছ, কিন্তু আমার পূর্বে দু'আ করো না। অর্থাৎ আমাকে সাথে নিয়েই দু'আ করো। (মাবসূত ২/৬৭)

৫. তাহতাভী গ্রন্থে জানাযার পর দু'আর প্রমাণ : وان ابا حنيفة لما مات فختم عليه سبعين الفا قبل الدفن অর্থ : ইমাম আবু হানীফা (রহ.)-এর ইন্তেকালের পর তাঁকে দাফনের পূর্বে ৭০ হাজার বার কোরআন শরীফ খতম করা হয়েছিল।

৬. 'মুন্তাখাব কানযুল উম্মাল' নামক হাদীস গ্রন্থের কিতাবুল জানায়েয নামক অধ্যায়ে বর্ণিত আছে :

عن ابراهيم الهجرى قال رأيت ابن ابى اوفى وكان من اصحاب الشجرة .ماتت ابنته الى ان قال ثم كبر عليها اربعا ثم قام بعد ذلك قدر مابين التكبيرين وقال رأيت رسول الله صلى الله عليه وسلم كان يضع هكذا

অর্থ : হযরত ইবরাহীম হিজরী (রা.) বর্ণনা করেন, হোদায়বিয়ার ময়দানের বাবলা বৃক্ষতলে নবীজির হাতে বাইআত গ্রহণকারী সাহাবী হযরত ইবনে আবী আওফা (রা.)-এর একটি মেয়ে ইন্তেকাল করলে তার জানাযা তিনি কিভাবে পড়েছেন, তা আমি (ইবরাহীম) দেখেছি। হযরত ইবনে আবী আওফা (রা.) প্রথমে চার তাকবীরের মাধ্যমে জানাযা নামায আদায় করেন। অতঃপর তিনি দুই তাকবীরের মধ্যবর্তী সময়ের পরিমাণ দাঁড়িয়ে মেয়ের জন্য পৃথক দু'আ করেন এবং উপস্থিত সকলকে শিক্ষাদানের উদ্দেশ্যে বলেন, জানাযার পর নবীজি

Scanned by CamScanner

(সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এরূপ দু'আ করতেন, আমি স্বয়ং তা দেখেছি। (মুন্তাখাব কানযুল উম্মাল)

৭. কাশফুল গিত্বা নামক গ্রন্থে উল্লেখ আছে :

فاتحہ ودعا برائے میت بیش درست است وہمیں است روایت معتمد علیہ کذافی خلاصۃ الفتح۔

অর্থ : মৃত ব্যক্তির জন্য দাফনের পূর্বে (জামা'আতের পরে) ফাতেহা ও দু'আ পাঠ করা দুরস্ত আছে এবং এই রেওয়ায়েতের ওপরই আমল করতে হবে।

৮. কোরআনে কারীমে রয়েছে, وَصَلِّ عَلَيْهِمْ إِنَّ صَلَاتَكَ سَكَنٌ لَّهُمْ এ আয়াতের তাফসীরে হযরত ইবনে আব্বাস (রা.) বলেন, মৃত ব্যক্তিদের জন্য দু'আ করো। তোমাদের দু'আ তাদের জন্য রহমতস্বরূপ। (সূরা তাওবা, আয়াত-১০৩) (বারাহীনে ক্বাতিআহ, পৃ.-১০২)

৯. ইহইয়ায়ে উলূমে ইমাম গায্‌যালী (রহ.) বলেন : لا بأس بقراءة القرآن على القبور
অর্থ : কবরের কাছে বসে কোরআন শরীফ পড়ার দ্বারা কোনো ক্ষতি নেই (জায়েয)। (ইহইয়ায়ে উলূম)

কোনো ব্যক্তির মৃত্যুকালে সূরা ইয়াসীন পাঠ করা, ইন্তেকালের পর কোরআন শরীফ খতম করা। জানাযার পর দু'আ, দাফনের পর তালকীন ও দু'আ মৃত ব্যক্তির উপকারে আসে। আপত্তির কোনো কারণ থাকতে পারে না। আরও বিস্তারিত জানার জন্য 'যাদুল আখিরাত' ও 'ফাতহুল ক্বাদীর' দেখা বাঞ্ছনীয়।

উত্তর - ১ :
জানাযার নামায মূলত মৃত ব্যক্তির জন্য দু'আ। এর পরে দাফনের পূর্বে সম্মিলিতভাবে দু'আ করার ব্যাপারে শরীয়তে কোনো প্রমাণ নেই। তাই এটিকে সুন্নাত বলার কোনো সুযোগ নেই। বরং এটা ভিত্তিহীন ও শরীয়তের অসমর্থিত কাজ বলে গণ্য হবে। তবে জানাযার নামায শেষে মৃত ব্যক্তিকে দাফন করার পর কবরের পাশে সম্মিলিতভাবে দু'আ করতে কোনো আপত্তি নেই। বরং এটা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) থেকে প্রমাণিত। (১৮/৭৬৭/৭৭৯২)

📖 سنن ابي داود (دار الحديث) ٣ / ١٤٠٢ (٣٢٢١) : عن عثمان بن عفان، قال: كان النبي صلى الله عليه وسلم، إذا فرغ من دفن الميت وقف

Scanned by CamScanner

عليه، فقال: «استغفروا لأخيكم، وسلوا له بالتثبيت، فإنه الآن يسأل».

📖 مرقاة المفاتيح (انور بکڈپو) ٤/ ١٧٠ : ولا يدعو للميت بعد صلاة الجنازة لأنه يشبه الزيادة في صلاة الجنازة.

📖 خلاصة الفتاوى (رشيديه) ١/ ٢٢٥ : فالمعتبر فى هذا اكبر الرأى: لايقوم بالدعاء بعد صلاة الجنازة ... ولا يقوم بالدعاء فى قراءة القرآن لاجل الميت بعد صلاة الجنازة وقبلها -

📖 کفایت المفتی (دارالاشاعت) ۴/ ۹۷ : جواب-نماز جنازہ کے بعد متصل ہاتھ اٹھا کر مانگنے کا شریعت میں کوئی ثبوت نہیں ہے، اور نماز جنازہ خود ہی دعاء ہے ہاں لوگ اپنے اپنے دل میں بغیر ہاتھ اٹھائے دعائے مغفرت کرتے رہیں تو یہ جائز ہے اجتماعی دعاء ہاتھ اٹھا کر کرنا بدعت ہے۔

উত্তর - ২ :

যে ইমাম সাহেব জানাযার পরে দাফনের পূর্বে পুনরায় দু'আ করাকে সুন্নাত আখ্যায়িত করে দলিল পেশ করেছেন, শরীয়তের আলোকে এর উত্তর নিম্নে প্রদত্ত হলো :

১. যদি উক্ত হাদীসের "فاخلصوا" শব্দের فاء تعقيب এর কারণে "অতঃপর তার জন্য খাস দু'আ করো" এই অনুবাদ করা হয় তাহলে اذا قمتم الى الصلاة فاغسلوا وجوهكم الخ আয়াতটি অনুবাদ হতে হবে "নামাযে দাঁড়ানোর পর ওজু করো।" তদ্রূপ اذا قرأت القرآن فاستعذ بالله আয়াতটির অনুবাদ হবে "কোরআন তেলাওয়াত শেষে আউযুবিল্লাহ পড়ো।" এমন অনুবাদ ভুল ও উদ্দেশ্যপ্রণোদিত হওয়ার ব্যাপারে কারো দ্বিমত নেই। তাই "অতঃপর তার জন্য খাস দু'আ করো" এমন অনুবাদ সঠিক নয়। হাদীসটির বিশুদ্ধ অনুবাদ হলো, যখন তোমরা জানাযার নামায পড়বে তখন মৃত ব্যক্তির জন্য কায়মনোবাক্যে দু'আ করো।

📖 مظاہر حق ۲ / ۵۴ : اور روایت ہے ابو ھریرہؓ سے، کہ کہا: فرمایا رسول خدا صلی اللہ علیہ وسلم نے: جس وقت کہ پڑھو تم نماز میت پر پس خالص کرو اس کے لئے دعاء یعنی کسی کے دکھانے سنانے کا خیال نہ ہو خالص اللہ ہی کے خوشنودی منظور ہو اور دل سے دعاء

Scanned by CamScanner

উক্ত হাদীসে উল্লিখিত দু'আর দ্বারা নামাযে জানাযায় পঠিত দু'আ-ই উদ্দেশ্য, জানাযার পরের দু'আ নয়। কারণ ইবনে মাজাহ শরীফে باب الدعاء فى صلاة الجنازة "জানাযার নামাযে পঠিতব্য দু'আ" শিরোনামের অধীনে হাদীসটি উল্লেখ আছে। যা দ্বারা এ কথা স্পষ্ট বোঝা যায় যে জানাযার দু'আর পদ্ধতি বর্ণনা করাই এ হাদীসে উদ্দেশ্য। আর দু'আটি কী হবে তা উক্ত অধ্যায়েই পরবর্তী হাদীসে বর্ণিত হয়েছে। যার ভাষ্য হচ্ছে,

كان رسول الله صلى الله عليه وسلم اذا صلى على جنازة يقول اللهم اغفرلحينا وميتنا الخ

অর্থাৎ দ্বিতীয় হাদীসে পূর্বের হাদীসের ব্যাখাস্বরূপ দু'আটি উল্লিখিত হয়েছে। তাই উক্ত হাদীস দ্বারা জানাযার পরে দু'আ প্রমাণের কোনো অবকাশ নেই।

গ. যদি উক্ত হাদীস দ্বারা জানাযার পরের দু'আই সাব্যস্ত হতো, তাহলে হাদীসের ব্যাখ্যাকারগণ তা করতে নিষেধ করতেন না। অথচ মিশকাত শরীফের বিখ্যাত ব্যাখ্যাকার মোল্লা আলী ক্বারী (রহ.) 'মিরকাতুল মাফাতীহ' গ্রন্থে উল্লেখ করেন, ولا يدعو للميت بعد صلاة الجنازة لأنه يشبه الزيادة في صلاة الجنازة. অর্থাৎ জানাযার নামাযের পর মৃত ব্যক্তির জন্য দাফনের পূর্বে আবার সম্মিলিত দু'আ করবে না। কেননা তা জানাযার নামাযের মধ্যে বৃদ্ধিকরণের শামিল।

ঘ. উক্ত হাদীসের ব্যাখ্যায় আবু দাউদ শরীফের প্রসিদ্ধ ব্যাখ্যাগ্রন্থ 'বাযলুল মাজহুদ' ১৪/১৭০ পৃষ্ঠায় উল্লেখ রয়েছে اى ادعوا له بالاخلاص التام অর্থাৎ : পূর্ণ ইখলাসের সাথে তার জন্য দু'আ করো। এর দ্বারা প্রতীয়মান হয় যে হাদীসের ব্যাখ্যাকারগণের মতেও উক্ত হাদীস দ্বারা জানাযার নামাযে পঠিত দু'আ-ই উদ্দেশ্য।

ঙ. আস সুনানুল কুবরা বায়হাকী গ্রন্থে ৪/৪০ পৃষ্ঠায় জানাযার অধ্যায়ে باب الدعاء فى صلاة الجنازة "জানাযার নামাযে পঠিতব্য দু'আ" শিরোনামের অধীনে উক্ত হাদীসটি উল্লেখ করা হয়েছে। এতে বোঝা যায়, মুহাদ্দিসগণের মতেও উক্ত হাদীসের الدعاء শব্দটির দ্বারা জানাযার নামাযের পঠিতব্য দু'আ-ই উদ্দেশ্য।

চ. الدعاء শব্দটিতে আলিফ-লামের সংযুক্তি আরবী ব্যাকরণের নীতি অনুযায়ী নির্দিষ্ট দু'আর কথাই বোঝায়। আর জানাযার নির্দিষ্ট দু'আ শুধু সেটিই, যা তৃতীয় তাকবীরের পরে পড়া হয়। জানাযার পরে দাফনের পূর্বে দু'আ করা তো ফিকাহবিদগণ মাকরূহ বলেছেন এবং নিষেধ করেছেন। সুতরাং الدعاء শব্দটি দ্বারা উদ্দেশ্য কখনো জানাযার পরের দু'আ হতে পারে না। বরং ওই দু'আই উদ্দেশ্য, যা শরীয়তের আলোকে নির্দিষ্ট ও আইম্মায়ে কেরামের নিকট স্বীকৃত।

২ . বায়হাকী শরীফের ৪/৪৪ পৃষ্ঠায় باب الرجل تفوته الصلاة مع الامام فيصليها بعده অর্থাৎ "জানাযার নামায ছুটে গেলে একাকী পড়া" শিরোনামের অধীনে উক্ত

Scanned by CamScanner

হাদীসটি উল্লেখ করা হয়েছে। কোনো ব্যক্তি জানাযার নামায শেষ হওয়ার পর উপস্থিত হলে একাকী পড়ে নেওয়ার ব্যাপারে উক্ত পরিচ্ছেদে পাঁচটি হাদীস উল্লেখ করা হয়েছে, যার দ্বারা একাধিকবার জানাযা পড়ার ব্যাপারে আলোচনা করা উদ্দেশ্য। কিছু কিছু উলামায়ে কেরাম একাধিকবার জানাযা পড়া কিছু ক্ষেত্রে জায়েয বললেও সাধারণভাবে নিষেধ করেছেন। "জানাযার নামাযের পর দু'আ সুন্নাত"-এ কথার দাবিদার উক্ত হাদীসের যে অনুবাদ করেছে, তা সহীহ হয়নি। কারণ হাদীসে উল্লিখিত بعد ما صلى عليه এর صلى শব্দটি صیغہ مجہول , অতএব বিশুদ্ধ অনুবাদ হবে: আলী (রা.) এক ব্যক্তির জানাযার নামায হয়ে যাওয়ার পর উপস্থিত হলে তার জন্য দু'আ করেছেন। এ ক্ষেত্রে তাঁর একক আমল পরিলক্ষিত, সম্মিলিত দু'আ তো পাওয়া যায়নি। তাই জানাযার পর আবার সম্মিলিত দু'আর ব্যাপারে উক্ত হাদীস দলিল হিসেবে পেশ করা অযৌক্তিক বরং হাস্যকর।

৩. ক. ফাতহুল কৃদীরের দ্বিতীয় খণ্ড, ৮১ নং পৃষ্ঠায় উল্লেখ আছে : وهذا مع ضعف الطريق فما فى المغازى مرسل من الطريقين ومافى الطبقات ضعيف بالعلاء وهو ابن زيد ويقال ابن زيد اتفقوا على ضعفه وفى رواية الطبرانى بقية بن الوليد وقد عنعنه অর্থাৎ আলোচ্য হাদীসটি হাদীস বিশারদগণের পরিভাষায় মুরসাল ও জয়ীফ। কারণ এর বর্ণনাকারীদের মধ্যে ওয়াকেদী এবং বাকিয়্যাহ ইবনে ওয়ালীদের ব্যাপারে মুহাদ্দিসীনে কেরাম অনেক বিরূপ মত প্রকাশ করেছেন। সুতরাং এমন হাদীস দ্বারা দলিল পেশ করা কিভাবে সঠিক হবে? তদুপরি হাদীসের বর্ণনাকারী ওয়াকেদীর বর্ণিত হাদীস আহকামের ব্যাপারে গ্রহণযোগ্য নয়। তাই এই হুকুমের ব্যাপারেও আলোচ্য বর্ণনা দলিল হতে পারে না।

. এই বর্ণনায় فصلى عليه এর দ্বারা জানাযার নামায উদ্দেশ্য নয়। কেননা বর্ণনার ভাষ্য ...চ্ছে, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মিম্বরে উপবিষ্ট অবস্থায় যুদ্ধের ময়দানের ...বরাখবর সকলকে শোনাচ্ছিলেন। এরই ধারাবাহিকতায় একের পর এক হযরত যায়েদ ...া.) ও হযরত জাফর (রা.)-এর শাহাদাতের খবর দেন এবং মিম্বরে উপবিষ্ট ...বস্থাতেই তাঁদের জন্য দু'আ করেন ও সকলকে দু'আ করতে বলেন। এই বর্ণনায় صلى عل... বাক্যটি دعا له এর অর্থে এবং পরবর্তী বাক্য دعا له টি واو এর মাধ্যমে عطف تفسي... হিসেবে উল্লিখিত, যা আরবী ভাষায় অধিক ব্যবহৃত। তাই তো শায়েখ আব্দুল ...ক দেহলভী (রহ.) 'মাদারিজুন নুবুওয়াহ' গ্রন্থের ২৬৪ নং পৃষ্ঠায় বলেন : بر حضرت وے دعاء خیر کرد، یاراں فرمود کہ برائے وے طلب مغفرت ک... অর্থাৎ রাসূল (সাল্লাল্লাহু আলাইহি

Scanned by CamScanner

ওয়াসাল্লাম) হযরত যায়েদ (রা.)-এর জন্য নেক দু'আ করলেন এবং সাহাবীগণকে বললেন, যেন তারাও তার জন্য মাগফিরাতের দু'আ করে।

৪. প্রশ্নে হাদীসের ভুল অনুবাদ করা হয়েছে। কারণ 'মাবসূত' গ্রন্থের ২ নং খণ্ডের ৬৭ নং পৃষ্ঠায় বর্ণিত হাদীসটি হযরত আব্দুল্লাহ বিন সালাম (রা.) উমর (রা.)-এর জানাযার নামায হয়ে যাওয়ার পর পৌঁছার ঘটনা সম্পর্কীয় অথচ দলিল পেশকারী আব্দুল্লাহ বিন উমর (রা.)-এর নাম উল্লেখ করেছে। জানাযার নামায একবার পড়ে ফেলার পর দ্বিতীয়বার পড়া যাবে কি না? এ ব্যাপারে হানাফী ও শাফেয়ীগণের মাঝে মতানৈক্য রয়েছে, হানাফীগণ নিষেধের মত পোষণকারী। 'মাবসূত' গ্রন্থে উক্ত হাদীসকে এ মতেরই দলিল হিসেবে আনা হয়েছে যে আব্দুল্লাহ বিন সালাম (রা.) উমর (রা.)-এর জানাযার নামায শেষ হয়ে যাওয়ার পর আগমন করলে উপস্থিত সকলকে উদ্দেশ করে বলেন, যদিও তোমরা জানাযার নামাযে আমাকে পেছনে ফেলেছ (অর্থাৎ আমি আসার আগেই জানাযা পড়ে ফেলেছ) তাই বলে দু'আয় আমাকে পেছনে ফেলতে পারবে না; আমি একাকী দু'আ করব। এর দ্বারা প্রতীয়মান হয় যে আলোচ্য হাদীসটি দ্বিতীয়বার জানাযা পড়ার নিষেধাজ্ঞার কথা বোঝাচ্ছে। তাই যে ব্যক্তির জানাযার নামায ছুটে যাবে সে আর জানাযার নামায পড়বে না। বরং মৃত ব্যক্তির জন্য মাগফিরাতের দু'আ করবে।

অতএব, যারা জানাযার নামায পড়বে তারাই আবার জানাযার পরে দাফনের পূর্বে সম্মিলিত দু'আ করবে। উক্ত হাদীসের দ্বারা এমন কথা প্রমাণের চেষ্টা করা অবান্তর।

. এখানে গ্রন্থের নাম উল্লেখ করা হলেও খণ্ড এবং পৃষ্ঠা নং উল্লেখ করা হয়নি। তদুপরি তাহতাভী নামে কোনো কিতাব খুঁজে পাওয়া যায়নি। তবে হাশিয়ায়ে তাহতাভী আলাদ্দুররিল মুখতার এবং হাশিয়াতুত তাহতাভী আলাল মারাক্বিল ফালাহ নামক দুটি কিতাব আছে। তা ছাড়া এর সঙ্গে প্রকৃত দাবির কোনো সম্পৃক্ততাও নেই। কেননা দাফনের পূর্বে ঈসালে সাওয়াবের জন্য কোরআন খতম করতে শরয়ী কোনো বাধা নেই। তাই এ ইবারত দ্বারা জানাযার পর সম্মিলিত দু'আ প্রমাণ করার চেষ্টা অযৌক্তিক।

উক্ত বর্ণনাটি বায়হাকী শরীফের চতুর্থ খণ্ড ৪২ নং পৃষ্ঠায় باب ماروى فى الاستغفار والدعاء بين التكبير الرابعة والسلام চতুর্থ তাকবীর ও সালামের মাঝে দু'আ পড়া শিরোনামের অধীনে উল্লেখ আছে। অর্থাৎ এ অধ্যায় ওই সমস্ত দু'আ ও ইস্তেগফারের ব্যাপারে যা চতুর্থ তাকবীর এবং সালামের মাঝে করা হয়। এই বর্ণনাটি সালামের পূর্বের দু'আ সম্পর্কীয়। তাই তো আমাদের আইম্মায়ে কেরামও এ ব্যাপারে একমত যে উক্ত রেওয়ায়েত জানাযার পরের দু'আ সম্পর্কীত নয়। আর এ বিষয়টি বায়হাকী শরীফের চতুর্থ খণ্ড ৪৩ নং পৃষ্ঠায় باب من قال سلم عن يمينه

Scanned by CamScanner

وعن شماله ডানে-বামে সালাম ফেরানোর অধীনে বর্ণিত উক্ত বর্ণনারই শেষাংশ দ্বারা প্রমাণিত হয়। তার শেষাংশ হলো ثم سلم عن يمينه وعن شماله সুতরাং উক্ত বর্ণনা দ্বারা জানাযার পর সম্মিলিতভাবে দু'আ প্রমাণ করা অযৌক্তিক। এ ছাড়া উক্ত হাদীসের অনুবাদে "মেয়ের জন্য পৃথক দু'আ করে"–কথাটি নিজের পক্ষ থেকে সংযোজন করা হয়েছে, যা হাদীসে উল্লেখ নেই।

৭. উল্লিখিত ইবারতটির অনুবাদে চতুরতার আশ্রয় নেওয়া হয়েছে। কারণ দাফনের পূর্বে (জানাযার পরে) অনুবাদের এ অংশটি উক্ত ইবারতে উল্লেখ নেই। তাই দলিলটি মনগড়া বৈ কিছুই নয়। তথাপি উক্ত দলিলে শুধু ফাতেহা ও দু'আ করার কথা বলা হয়েছে। কিন্তু তা কখন? এ ব্যাপারে স্পষ্ট কোনো বক্তব্য নেই। তাই সেটিকে নিজ স্বার্থে ব্যবহার করা উচিত হবে না।

৮. নিশ্চয়ই দু'আ মৃত ব্যক্তির জন্য রহমতস্বরূপ, তবে তা শরীয়তসম্মত পদ্ধতিতে করতে হবে। কোরআনুল কারীমে যে সমস্ত আয়াতে দু'আ করার হুকুম দেওয়া হয়েছে এবং যে সমস্ত হাদীসে দু'আর কথা আছে, নিঃসন্দেহে এগুলো নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ও সাহাবায়ে কেরামের সামনেও বিদ্যমান ছিল। যদি উক্ত আয়াত ও হাদীসগুলোর কোনো একটি জানাযার নামাযের পর সম্মিলিত দু'আ সম্পর্কে হতো, তাহলে নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) জায়েয হওয়ার বর্ণনা দেওয়ার জন্য হলেও জীবনে অন্তত একবার সম্মিলিত দু'আ করে দেখাতেন। অথবা সাহাবায়ে কেরাম এর ওপর আমল করতেন (অথচ তাঁরা করেননি)। তাঁদের দু'আ না করাই এ কথার প্রমাণ যে এই দু'আ কোরআনের আয়াত ও হাদীসগুলোর হুকুম থেকে ভিন্ন। নতুবা তাঁরা শরীয়তের হুকুম অমান্যকারী হতে হবে। নাউযুবিল্লাহ।

৯. দলিল হওয়ার জন্য তো দাবির সাথে সামঞ্জস্য থাকতে হয়। সুন্নাতের দাবিদার তার দাবির সমর্থনে যে দলিল পেশ করেছে, তা সম্পূর্ণ অযৌক্তিক ও মূর্খতার পরিচায়ক। কারণ দলিলে বলা হয়েছে, "কবরের কাছে বসে কোরআন শরীফ পড়ায় কোনো ক্ষতি নেই।" এটা তো আমাদের মতেও জায়েয। এর সাথে জানাযার পর দাফনের পূর্বে হাত উঠিয়ে সম্মিলিত দু'আর যে কোনো সম্পর্ক নেই, তা সহজেই অনুমেয়। এমন দলিল পেশ করা হাস্যকর।

Scanned by CamScanner

পরিশিষ্ট

জানাযার নামাযের পর দাফনের পূর্বে যদি এমন ব্যক্তি উপস্থিত হয়, যার জন্য পুনরায় জানাযার অনুমতি নেই। তাহলে সে একাকী দু'আ করতে পারবে। এমনিভাবে কেউ জানাযার নামায পড়ার পর দাফনের পূর্বে মৃত ব্যক্তির জন্য একাকী মনে মনে মাগফিরাতের দু'আ করতে চাইলে দু'আ করার অবকাশ আছে। কিন্তু যারা নামায পড়েছে, তারাই আবার সম্মিলিতভাবে দু'আ করার কোনো প্রমাণ শরীয়তে নেই। তাই এই দু'আকে সুন্নাত বলার কোনো সুযোগ নেই বরং এটিকে কেউ সুন্নাত বললে বা এটি করা জরুরি মনে করলে, তা বিদ'আত বলে গণ্য হবে। এ ব্যাপারে বাড়াবাড়ি না করে সহীহ পদ্ধতির ওপর আমল করাই মুসলমানদের ঈমানী দায়িত্ব। আল্লাহ তা'আলা সকলকে তাওফীক দান করুন, আমীন।

দাফনের আগে-পরে সম্মিলিত মুনাজাত

প্রশ্ন : জানাযার নামাযের পর দাফনের পূর্বে ও পরে সম্মিলিত মুনাজাতের হুকুম কী?

উত্তর : জানাযার নামাযের পর দাফনের পূর্বে মাইয়্যেতের জন্য সম্মিলিত দু'আ ও মুনাজাত করা শরীয়তসম্মত নয়। দাফনের পর মাইয়্যেতের মাগফিরাতের জন্য দু'আ ও মুনাজাত করা জায়েয আছে। (১৬/৮৬৮/৬৮৪৮)

📖 سنن ابی داود(دار الحديث) ٣/ ١٤٠٢ (٣٢٢١) : عن عثمان بن عفان، قال: كان النبي صلى الله عليه وسلم، إذا فرغ من دفن الميت وقف عليه، فقال: «استغفروا لأخيكم، وسلوا له بالتثبيت، فإنه الآن يسأل».

📖 مرقاة المفاتيح (انور بکڈپو) ٤/ ١٧٠ : ولا يدعو للميت بعد صلاة الجنازة لأنه يشبه الزيادة في صلاة الجنازة.

📖 الدرالمختار مع الرد (ایچ ایم سعید) ٢/ ٢٣٧ : وجلوس ساعة بعد دفنه لدعاء وقراءة بقدر ما ينحر الجزور ويفرق لحمه.

📖 الفتاوى الهندية (مكتبة زكريا) ١/ ١٦٦ : ويستحب إذا دفن الميت أن يجلسوا ساعة عند القبر بعد الفراغ بقدر ما ينحر جزور ويقسم لحمها يتلون القرآن ويدعون للميت.

Scanned by CamScanner

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۲/ ۳۶۷ : حامداً ومصلیاً، یہ ثابت نہیں، قرآن کریم، حدیث شریف اور کتب فقہ میں کہیں اس کا حکم نہیں دیکھا، حالانکہ چھوٹے چھوٹے مستحبات بھی کتب فقہ میں مذکور ہیں، بلکہ بعض کتب میں نماز جنازہ کے بعد دعاء کو منع کیا گیا ہے۔(اس لئے کہ نماز جنازہ خود میت کے لئے دعاء ہے)۔

জানাযার দু'আর চেয়ে পরের দু'আ উত্তম?

প্রশ্ন : নারায়ণগঞ্জ জেলাধীন ফতুল্লা থানায় অন্তর্গত সস্তাপুরে একটি জানাযার নামায অনুষ্ঠিত হয় এবং জানাযার শেষে ওই স্থানে দাঁড়িয়েই ইমাম সাহেব দীর্ঘ সময় দু'আ করেন। পরবর্তীতে ইমাম সাহেবকে এ ব্যাপারে প্রশ্ন করা হলে তিনি উত্তেজিত কণ্ঠে বললেন, জানাযার নামাযের দু'আর চেয়ে নামাযের পরের দু'আই অতি উত্তম। উল্লিখিত মাসআলার সঠিক সিদ্ধান্ত জানানোর জন্য মুফতী মহোদয়ের নিকট বিশেষভাবে অনুরোধ করছি।

উত্তর : মূলত জানাযার নামাযই শরীয়ত নির্ধারিত পরিপূর্ণ একটি দু'আ। তাই জানাযার নামাযের সালাম ফেরানোর পর সেখানে দাঁড়িয়ে সম্মিলিতভাবে দ্বিতীয়বার মুনাজাত করা ভিত্তিহীন, শরীয়তে এর কোনো অস্তিত্ব নেই। তাই সমস্ত ফিকাহবিদ এ মুনাজাতকে ভিত্তিহীন ও বর্জনীয় বলে মত ব্যক্ত করেছেন। হ্যাঁ, মৃত ব্যক্তির দাফনকার্য শেষ করার পর সেখানে দাঁড়িয়ে তার রূহের মাগফিরাতের জন্য কিছুক্ষণ কোরআন তেলাওয়াত করা এবং তার জন্য দু'আ-মুনাজাত ও ইস্তেগফার করা শরীয়ত সমর্থিত এবং মুস্তাহাব। হাদীসে এর প্রমাণ রয়েছে। প্রশ্নে বর্ণিত ইমাম সাহেবের কথা ভিত্তিহীন হওয়ার কারণে গ্রহণযোগ্য হবে না। (১১/৫৭৬/৩৬৪৩)

📖 رد المحتار (ایچ ایم سعید) ۲/ ۲۱۰ : فقد صرحوا عن آخرهم بأن صلاة الجنازة هي الدعاء للميت إذ هو المقصود منها.

📖 البزازية مع الهندية (زكريا) ٤/ ٨٠ : لا يقوم بالدعاء بعد صلاة الجنائز لأنه دعاء مرة لأن اكثرها دعاء.

📖 خلاصة الفتاوى (رشيديه) ١/ ٢٢٥ : لا يقوم بالدعاء بعد صلاة الجنازة.

Scanned by CamScanner

📖 احسن الفتاوی(ایچ ایم سعید) ۱ / ۳۳۶ : نماز جنازہ کے بعد دعا مانگنا چونکہ حضور صلی اللہ علیہ وسلم اور صحابہ وتابعین سے ثابت نہیں، اس لئے فقہاء اسے ناجائز اور مکروہ فرماتے ہیں چنانچہ تیسری صدی ہجری کے فقیہ امام ابو بکر بن حامد فرماتے ہیں ان الدعاء بعد الصلاۃ الجنازۃ مکروہ (فوائد بہیہ ۱/ ۱۵۲) ۔

📖 کفایت المفتی (دار الاشاعت) ۴/ ۹۷ : نماز جنازہ کے بعد متصل ہاتھ اٹھا کر دعا مانگنے کا شریعت میں کوئی ثبوت نہیں ہے اور نماز جنازہ خود ہی دعا ہے ہاں لوگ اپنے اپنے دل میں بغیر ہاتھ اٹھائے دعائے مغفرت کرتے رہیں تو یہ جائز ہے اجتماعی دعا ہاتھ اٹھا کر کرنا بدعت ہے۔

কোরআন-হাদীসে বর্ণিত দু'আয় পরিবর্তন করা

প্রশ্ন : অনেক আলেমকে দেখা যায়, কোরআন ও হাদীসে যেভাবে দু'আ লেখা আছে তার বিপরীতে পড়ে থাকেন। যেমন : رب ارحمهما كما ربياني صغيرا এর স্থলে رب ارحمهما كما ربيانا صغارا পড়েন। অনুরূপভাবে হাদীসে বর্ণিত আছে اللهم اجرني من النار এ স্থলে اللهم اجرنا من النار পড়েন। এভাবে কোরআন-হাদীসের বিভিন্ন জায়গায় একবচনকে বহুবচন বানিয়ে দেন। জিজ্ঞাসা করলে বলেন, সমবেতভাবে দু'আর সময় এরূপ করলে কোনো অসুবিধা নেই। প্রশ্ন হলো, এরূপ পরিবর্তন করে পড়া শরীয়তের দৃষ্টিতে জায়েয আছে কি না?

উত্তর : নামাযের বাইরে সম্মিলিত দু'আর সময় কোরআন-হাদীসে একবচন দ্বারা উল্লিখিত দু'আসমূহকে বহুবচন বানিয়ে পড়ার প্রয়োজন হয় না, বরং উক্ত দু'আগুলো সবার নিয়্যাতে পড়লেই যথেষ্ট হয়ে যায়। এতদসত্ত্বেও বহুবচন বানিয়ে পড়লে জায়েয হবে। (৮/১৯৫/২০৬৩)

📖 شرح الاشباه للحموى (دار الكتب العلمية) ١/ ٩١ : قالوا إن القرآن يخرج عن كونه قرآنا بالقصد إلخ، المراد من القرآن في كلامه ما يشمل على دعاء وذكر.

Scanned by CamScanner

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۷/ ۵۱ : سوال—احادیث میں بعض دعاؤں میں واحد متکلم کا صیغہ ہے، اجتماعی دعاؤں میں جمع متکلم کا صیغہ استعمال کرنا درست ہے یا نہیں، مثلا اهدنی کی جگہ اهدنا.

الجواب-درست ہے۔

কোরআনের দু'আয় শাব্দিক পরিবর্তন

প্রশ্ন : মুনাজাতে رب ارحمهما كما ربياني صغيرا সাথে সাথে মাঝে মাঝে رب ارحمهما كما ربيانا صغارا পড়া অর্থাৎ ربيانا এবং صغارا কে বহুবচন হিসেবে পড়া জায়েয আছে কি না?

উত্তর : কোরআন মাজীদের আয়াতকে দু'আ হিসেবে পড়া হলে বহুবচন ব্যবহার করা আপত্তিকর নয় বিধায় তা জায়েয বলে বিবেচিত। (১১/৯১৫/৩৭৭৬)

📖 الاشباه والنظائر (دار الكتب العلمية) ٢/ ٤٣ : القاعدة : القرآن يخرج عن القرآنية بقصد الثناء فلوقرأ الجنب بقصد الثناء لم يحرم.

আল্লাহ তা'আলাকে মানুষের ন্যায় সম্বোধন করে দু'আ করা

প্রশ্ন : "হে আল্লাহ! আমারে বেহেশতের মধ্যে একটু জায়গা দিলে তোমার কি কোনো ক্ষতি হবে"—এরূপ মুনাজাত করা জায়েয কি না?

উত্তর : প্রশ্নে বর্ণিত বাক্য কোরআন ও হাদীস শরীফের পরিপন্থী নয় বিধায় এরূপ মুনাজাত করা জায়েয। তবে কোরআন ও হাদীসে বর্ণিত বাক্য দ্বারা মুনাজাত করা উত্তম। (৭/৬৩/১৫২১)

📖 جامع الترمذی (دار الحديث) ٢/ ٧٧ (٣٠٠) : عن ثوبان، مولى رسول الله صلى الله عليه وسلم، قال: كان رسول الله صلى الله عليه وسلم

Scanned by CamScanner

عليه وسلم إذا أراد أن ينصرف من صلاته استغفر ثلاث مرات، ثم قال: «اللَّهُمَّ أنت السلام، ومنك السلام، تباركت يا ذا الجلال والإكرام».

📖 الفتاوى الهندية (دار الكتب العلمية) ٥/ ٣٩٣ : ويجوز أن يقول في الدعاء: بدعوة نبيك، هكذا في الخلاصة. والدعاء المأذون فيه والمأثور به ما استفيد من قوله تعالى: {ولله الأسماء الحسنى فادعوه بها} كذا في المحيط.

টুং-টাং ও রং-ঢং করে দু'আ করা

প্রশ্ন : মুনাজাত দীর্ঘায়িত এবং গলার স্বর কর্কশ ও ভাংগি করা যেমন, হা.. হা... রে আল্লাহ...... রে, জাম'আতে নামাযের পর এরূপ মুনাজাত করা জায়েয কি না?

উত্তর : ফরয নামাযের পর দু'আ কবুল হওয়ার কথা হাদীস শরীফে আছে। তবে মুনাজাতকে এত বেশি দীর্ঘায়িত করা বা উচ্চস্বরে মুনাজাত করা, যাতে অন্যের নামাযে বা ইবাদতে ব্যাঘাত সৃষ্টি হয়, বিশেষ করে যে নামাযের পর সুন্নাত রয়েছে উলামায়ে কিরামগণ নিষেধ করেছেন। অন্যদিকে দু'আর মধ্যে বেশি টুং-টাং, রং-ঢং, হায়-হু ইত্যাদি করা সুন্নাতের পরিপন্থী, তাই সকল ইমাম সাহেবের জন্য দু'আর আদব রক্ষা করার চেষ্টা করা অতি প্রয়োজন। (৭/৬৩/১৫২১)

📖 تفسير الرازي (دار إحياء التراث) ١٤/ ٢٨١ : واعلم أن الإخفاء معتبر في الدعاء، ويدل عليه وجوه: الأول: هذه الآية فإنها تدل على أنه تعالى أمر بالدعاء مقرونا بالإخفاء، وظاهر الأمر للوجوب، فإن لم يحصل الوجوب، فلا أقل من كونه ندبا.

ثم قال تعالى بعده: إنه لا يحب المعتدين والأظهر أن المراد أنه لا يحب المعتدين في ترك هذين الأمرين المذكورين، وهما التضرع والإخفاء، فإن الله لا يحبه ومحبة الله تعالى عبارة عن الثواب، فكان المعنى أن من ترك في الدعاء التضرع والإخفاء، فإن الله لا

Scanned by CamScanner

يثيبه البتة، ولا يحسن إليه، ومن كان كذلك كان من أهل العقاب لا محالة، فظهر أن قوله تعالى: إنه لا يحب المعتدين كالتهديد الشديد على ترك التضرع والإخفاء في الدعاء.

📖 ردالمحتار (ايج ايم سعيد) ٢ / ٥٠٧ : وأما الأدعية والأذكار فبالخفية أولى.

قلت: ويؤيده قوله في السراج ويجتهد في الدعاء. والسنة أن يخفي صوته لقوله تعالى {ادعوا ربكم تضرعا وخفية}.

📖 بذل المجهود (دار الكتب العلمية) ٧/ ٣٢٦ : وقد فسر الاعتداء بتكلف السجع، وقال بعضهم هو طلب مما لا يليق به كرتبة الانبياء والصعود الى السماء، وقيل : هو الصياح فى الدعاء۔

মাসনূন দু'আসমূহ একজন পড়া ও সবাই আমীন বলা

প্রশ্ন : রোগী দেখার সময় একজন দু'আ পড়া অন্য সবাই 'আমীন' 'আমীন' বলা, তদ্রূপ খানার শেষে একজন اكل طعامكم الابرار বলা আর বাকি সবাই 'আমীন' বলার কোনো ভিত্তি শরীয়তে আছে কি না? বিস্তারিত জানালে উপকৃত হব।

উত্তর : সাধারণত দু'আ চুপে চুপে পড়া উত্তম। তাই প্রত্যেকে চুপে চুপে দু'আ পড়বে। কোনো কোনো দু'আ বড় আওয়াজে পড়া উত্তম। যেমন : রোগী দেখার দু'আ, দাওয়াতের খানায় اكل طعامكم الابرار পড়া। এ ক্ষেত্রে প্রত্যেকে নিজে নিজে পড়ার চেষ্টা করবে, তা সত্ত্বেও একজন আওয়াজ করে পড়লে সঙ্গীগণ 'আমীন' বললে হয়ে যাবে। তবে যে ক্ষেত্রে চুপে পড়ার কথা, সেখানে আওয়াজ করে পড়তে চাইলে অন্যদেরকে স্মরণ করানোর উদ্দেশ্যে পড়া যাবে যে এ সময় এই দু'আ পড়া সুন্নাত (৭/৭৬৫/১৮২১)

📖 سنن ابن ماجه (دار إحياء الكتب) ١/ ٥٥٦ (١٧٤٧) : عن عبد الله بن الزبير، قال: أفطر رسول الله صلى الله عليه وسلم عند سعد بن معاذ، فقال: «أفطر عندكم الصائمون، وأكل طعامكم الأبرار، وصلت عليكم الملائكة».

Scanned by CamScanner

📖سنن ابی داود (دار الحديث) ٣/ ١٣٥٧ (٣١٠٦) : عن ابن عباس، عن النبي صلى الله عليه وسلم، قال: " من عاد مريضا، لم يحضر أجله فقال عنده سبع مرار: أسأل الله العظيم رب العرش العظيم أن يشفيك، إلا عافاه الله من ذلك المرض ".

📖مجمع الزوائد (مكتبة القدسي) ٩/ ٣٠١ : عن سعد بن أبي وقاص: أن عبد الله بن جحش قال له يوم أحد: ألا تدعو الله؟ فخلوا في ناحية، فدعا سعد فقال: يا رب، إذا لقيت العدو فلقني رجلا شديدا بأسه، شديدا حرده، أقاتله ويقاتلني فيك، ثم ارزقني الظفر عليه حتى أقتله وآخذ سلبه. فأمن عبد الله بن جحش، ثم قال: اللّٰهُمَّ ارزقني رجلا شديدا حرده، شديدا بأسه، أقاتله فيك ويقاتلني، ثم يأخذني فيجدع أنفي وأذني، فإذا لقيتك غدا قلت: من جدع أنفك وأذنك؟ فأقول: فيك وفي رسولك - صلى الله عليه وسلم - فتقول: صدقت قال سعد: يا بني، كانت دعوة عبد الله بن جحش خيرا من دعوتي، لقد رأيته آخر النهار، وإن أنفه وأذنه لمعلقان في خيط» . رواه الطبراني.

📖الفتاوى الهندية (دار الكتب العلمية) ٥/ ٣٩٣ : إذا دعا بالدعاء المأثور جهرا ومعه القوم أيضا ليتعلموا الدعاء لا بأس به، وإذا تعلموا حينئذ يكون جهر القوم بدعة، كذا في الوجيز للكردري .

📖مجالس ابرار ص ٣٦٤ : ارشاد فرمایا کہ: دعا میں جہر تعلیما اور تذکیرا جائز ہے لیکن جب تعلیم ہو جاوے تو بدون ضرورت جہر اکروہ ہے عالمگیری میں تصریح موجود ہے فقط۔

Scanned by CamScanner

শোয়ার দু'আ কখন পড়তে হবে?

প্রশ্ন : শোয়ার দু'আ শুয়ে পড়তে হয়, নাকি শোয়ার পূর্বে বসা অবস্থায় পড়তে হয়?

উত্তর : হাদীস শরীফের বর্ণনা অনুযায়ী, ডান কাত হয়ে শুয়ে চেহারার নিচে হাত রেখে ঘুমানোর প্রাক্কালে দু'আগুলো পড়বে। (৬/৪৬/১০৭২)

📖 سنن الترمذي (دار الحديث) ٥ / ٣٩٩ (٣٣٩٩) : عن البراء بن عازب، قال: كان رسول الله صلى الله عليه وسلم يتوسد يمينه عند المنام، ثم يقول: «رب قني عذابك يوم تبعث عبادك».

📖 صحيح البخارى (دار الحديث) ٤/ ١٧٥ (٦٣١٤) : عن حذيفة رضي الله عنه، قال: كان النبي صلى الله عليه وسلم إذا أخذ مضجعه من الليل، وضع يده تحت خده، ثم يقول: «اللّٰهُمَّ باسمك أموت وأحيا» وإذا استيقظ قال: «الحمد لله الذي أحيانا بعد ما أماتنا وإليه النشور».

📖 صحيح البخارى (دار الحديث) ٤/ ١٧٧ (٦٣٢٠) : عن أبي هريرة، قال: قال النبي صلى الله عليه وسلم: " إذا أوى أحدكم إلى فراشه فلينفض فراشه بداخلة إزاره، فإنه لا يدري ما خلفه عليه، ثم يقول: باسمك رب وضعت جنبي وبك أرفعه، إن أمسكت نفسي فارحمها، وإن أرسلتها فاحفظها بما تحفظ به عبادك الصالحين " -

📖 صحيح البخارى (دار الحديث) ٤/ ١٧٥ (٦٣١٣) : عن البراء بن عازب، أن النبي صلى الله عليه وسلم أوصى رجلا، فقال: " إذا أردت مضجعك، فقل: اللّٰهُمَّ أسلمت نفسي إليك، وفوضت أمري إليك، ووجهت وجهي إليك، وألجأت ظهري إليك، رغبة ورهبة إليك، لا ملجا ولا منجا منك إلا إليك، آمنت بكتابك الذي أنزلت، ...

Scanned by CamScanner

উসিলা দিয়ে দু'আ করার হুকুম

প্রশ্ন : জনৈক আলেমকে এভাবে মুনাজাত করতে শোনা যায় যে, "হে আল্লাহ! তোমার প্রিয় হাবীব জনাব রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর এবং তাঁর হাতে গড়া সোয়া লক্ষ সাহাবায়ে কেরাম এবং তাবেঈন, তাবেতাবেঈন, আঈম্মায়ে মুজতাহিদীনসহ চার মাযহাবের ইমাম এবং পীর-মাশায়েখের উসিলায় আমাদের সকলের জীবনের সমস্ত গোনাহ মাফ করে দাও। একজন আলেম বলেন, এভাবে মুনাজাত করা জায়েয নেই। কেননা কোনো সাহাবী তাবেঈ নবীজির উসিলা দিয়ে গোনাহ মাফের প্রার্থনা করেননি। অন্য আলেম তাঁর বক্তব্য নাকচ করে বলেন, কোরআনে উল্লেখ আছে وابتغوا اليه الوسيلة। এখন আমার জানার বিষয় হলো,

ক. কোন কোন উসিলা দিয়ে দু'আ করা জায়েয আছে?

খ. বর্ণিত মুনাজাত কতটুকু বৈধ?

গ. উল্লিখিত আয়াতের সঠিক ব্যাখা কী?

ঘ. উসিলা সম্পর্কে ইসলামের বক্তব্য কী?

جواب—حامداً ومصلیًا: یہ خیال اصول تبلیغ کے بھی خلاف ہے یعنی علم چھوڑ کر تبلیغ میں جانا غلط ہے البتہ تعطیل اور فارغ اوقات میں جانا بہتر ہے نیز کسی مدرس کو مجاہدہ کی مشق کیلئے یا کسی اور مصلحت کے تحت اگر کبھی تبلیغ کیلئے بھیجا جائے اس طرح اس کے متعلق تعلیم میں بھی حرج نہ ہو تو یہ دوسری بات ہے.

📖 فتاوی محمودیہ ۱٤ / ۱۰۸

ইজতেমাঈ আমলের সময় নিজস্ব আমল করা

প্রশ্ন : দাওয়াতে তাবলীগের সাথে জড়িত থাকাবস্থায় (তা'লীম ও দাওয়াতের) ইজতেমাঈ আমলের সময় ব্যক্তিগত নফল নামায ও অন্যান্য নফল ইবাদত করা যায় কি না?

Scanned by CamScanner

উত্তর : ইজতেমাঈ কাজের দ্বারা ইজতেমাঈ ফায়দা হয় এবং এর দ্বারা দ্বীনের বিভিন্ন জ্ঞান অর্জন হয়। আর ব্যক্তিগত কাজের দ্বারা ব্যক্তিগত ফায়দা হয়। তবে ইজতেমাঈ আমলকে ব্যক্তিগত আমলের ওপর প্রাধান্য দেওয়া উত্তম। তা ছাড়া নফল নামায বা অন্যান্য ব্যক্তিগত আমল অন্য সময়ও করা যায়। অতএব নির্ধারিত সময়ে তা'লীম ও ইজতেমাঈ আমলে শরীক হয়ে অন্য সময় নফল নামায বা ব্যক্তিগত আমল করলে উভয়টির ফায়দা ভিন্নভাবে অর্জন হবে। (১০/২৯/২৯৮৪)

📖 فتاوی محمودیہ (زکریا) ۲۰ / ۴۵ : حامدا ومصلیا، جماعتی کام کرنے سے جماعتی فائدہ ہے یعنی اس سے دینی معلومات حاصل ہوتی ہیں ایک دو آدمی لمبی نماز پڑھتے ہیں اس میں ان کا شخصی فائدہ ہے اگر وہ ایثار کریں کہ شخصی فائدے پر جماعتی فائدے کو مقدم رکھیں تو یہ اعلی مقام ہے۔ اس کی صورت یہ ہے کہ فرض کے بعد سنت پڑھ کر وہ تعلیم میں شریک ہو جائیں انکو بھی تعلیم سے فائدہ پہنچے گا پھر تعلیم کے بعد اپنی لمبی لمبی نماز جب تک دل لگے پڑھتے رہیں.

কোনো তাবলীগীর ঈমান নিয়ে তুচ্ছ-তাচ্ছিল্য করা

প্রশ্ন : একজন লোক প্রচলিত তাবলীগ জামাতকে ভালোবাসে না। সে তার বিশ্বাস অনুযায়ী একটি ইসলামী দলের সাথে জড়িত। সে তাবলীগের এক ব্যক্তির আলোচনা করতে গিয়ে বলল যে তার ঈমান পেকে পচতে শুরু করেছে। কিন্তু ঈমানের প্রতি তার কোনো বিদ্রূপ নেই, কথাটি সে তাবলীগের ওই ব্যক্তির বিরুদ্ধে বলেছে। এ ধরনের মন্তব্যকারীর হুকুম কী?

উত্তর : কারো ঈমান পচে গেছে বলা মানে হয় ওই ব্যক্তিকে তুচ্ছ-তাচ্ছিল্য করা, যা কবীরা গোনাহ। এর জন্য আল্লাহ তা'আলার দরবারে তাওবা করা এবং ওই ব্যক্তির নিকট ক্ষমা চাওয়া জরুরি। (১০/৪৪২/৩০৬৭)

📖 صحيح مسلم (دار الغد الجديد) ١٦ / ١٠٤ (٢٥٦٤) : عن أبي هريرة، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «لا تحاسدوا، ولا تناجشوا، ولا تباغضوا، ولا تدابروا، ولا يبع بعضكم على بيع بعض، وكونوا عباد الله إخوانا المسلم أخو المسلم، لا يظلمه ولا يخذله، ولا يحقره التقوى هاهنا» ويشير إلى صدره ثلاث مرات

Scanned by CamScanner

«بحسب امرئ من الشر أن يحقر أخاه المسلم، كل المسلم على المسلم حرام، دمه، وماله، وعرضه».

নর-নারীর দায়েমী ফরয ও সুন্নাত

প্রশ্ন : আমাদের দেশে তাবলীগ জামাতে প্রচলিত আছে যে নারীর দায়েমী ফরয ৫টি। যথা : ঈমানের ওপর থাকা, পর্দা করা, সর্বাঙ্গ ঢেকে রাখা, স্বামীর কথা মেনে চলা, ছোট আওয়াজে কথা বলা। নারীর দায়েমী সুন্নাত ৭টি। যেমন : মাথার চুল লম্বা রাখা, চুল সুন্দর রাখা, হাত-পায়ের নখ কাটা, নাভির ও বগলের নিচের লোম পরিষ্কার করা, ঢিলা ব্যবহার করা, হায়েজ নেফাসে পট্টি ব্যবহার করা, মিসওয়াক করা। পুরুষের দায়েমী ফরয ২টি–ঈমানের ওপর থাকা, সতর ঢেকে রাখা। পুরুষের দায়েমী সুন্নাত ১০টি–টুপি রাখা, সুন্নাত তরীকায় চুল রাখা, মোচ খাটো রাখা, দাড়ি লম্বা রাখা, মিসওয়াক করা, বগলের লোম পরিষ্কার রাখা, নাভির নিচের লোম পরিষ্কার করা, নখ কাটা, নিসফে সাক জামা পরিধান করা, ঢিলাকুলুখ ব্যবহার করা। উল্লিখিত প্রতিটি বিষয় পুরুষ এবং মহিলার জন্য দায়েমী ফরয ও সুন্নাত–এই কথাটি কতটুকু শরীয়তসম্মত? এগুলো যদি দায়েমী না হয় তাহলে শরীয়তের দৃষ্টিতে পুরুষ এবং মহিলার দায়েমী ফরয ও সুন্নাত কী কী? বিস্তারিত জানালে উপকৃত হব।

উত্তর : দায়েমী মানে হলো সার্বক্ষণিক। এ হিসেবে ইসলামের প্রতিটি বিধান ফরয হোক কিংবা সুন্নাত তার জন্য নির্ধারিত ক্ষেত্র ও সময়ের বিচারে প্রতিটি দায়েমী। এ বিচারে নামায-রোজার মতো অন্যান্য ফরয দায়েমী এবং খানা ও ঘুমানোর সুন্নাতের মতো অন্য সুন্নাতসমূহও দায়েমী। পক্ষান্তরে দায়েমী বলতে প্রতি মুহূর্তে পালনীয় উদ্দেশ্য হলে ঢিলা ব্যবহার ও মিসওয়াক করার মতো সুন্নাতগুলোকে দায়েমী বলা দুষ্কর। অতএব দায়েমী ফরয-সুন্নাতের পরিভাষা চালু না করে সর্বপ্রকারের ফরয-সুন্নাতকে চর্চা করার এবং প্রতিটির সময় ও ক্ষেত্র সঠিকভাবে অবগত করার চেষ্টা করাই হবে বাঞ্ছনীয়। (১০/৭৪৮/৩২৬৬)

📖 سورة الحشر الآية ٧ : ﴿ وَمَا آتَاكُمُ الرَّسُولُ فَخُذُوهُ وَمَا نَهَاكُمْ عَنْهُ فَانْتَهُوا وَاتَّقُوا اللهَ إِنَّ اللهَ شَدِيدُ الْعِقَابِ﴾

Scanned by CamScanner

📖 موطأ مالك (دار إحياء التراث) ٢/ ٨٩٩ : عن مالك؛ أنه بلغه أن رسول الله صلى الله عليه وسلم قال: «تركت فيكم أمرين لن تضلوا ما تمسكتم بهما: كتاب الله وسنة نبيه» .

📖 مسند الإمام أحمد(مؤسسة الرسالة) ١٦/ ٢٦٨(١٠٤٢٩) : عن أبي هريرة قال: قال رسول الله صلى الله عليه وسلم: " ذروني ما تركتكم، فإنما هلك من كان قبلكم بسؤالهم، واختلافهم على أنبيائهم، فإذا أمرتكم بشيء، فخذوا منه ما استطعتم، وإذا نهيتكم عن شيء، فانتهوا " .

📖 التفسير المظهرى (احياء التراث) ١ / ٢٧٧ : ﴿يا أيها الذين آمنوا ادخلوا في السلم كافة﴾ السلم بالكسر والفتح الاستسلام والطاعة لذلك يطلق على المصلح والإسلام والمراد هاهنا الإسلام ... ... قال حذيفة بن اليمان في هذه الاية ان الإسلام ثمانية أسهم فعد الصلاة والصوم والزكوة والحج والعمرة والجهاد والأمر بالمعروف والنهى عن المنكر قال وقد خاب من لا سهم له- قلت انما ذكر ما ذكر على سبيل التمثيل وإلا فالمراد بالآية الامتثال بكل ما امر الله به.

বদদ্বীনকে-দ্বীনদার বানানো অমুসলিমকে মুসলমান বানানোর চেয়ে উত্তম

প্রশ্ন : ১০০০ হাজার অমুসলিমকে মুসলমান করার চেয়ে কোনো বদদ্বীন মুসলমানকে দ্বীনের ওপর নিয়ে আসা বেশি উত্তম, এ কথা ঠিক কি না?

উত্তর : এ ধরনের কোনো কথা কিতাবে পাওয়া যায়নি। (৮/১৮৮/২০৫২)

Scanned by CamScanner

নামায, ইকরাম, মুরব্বি, উসূল, দু'আ, নফল হিজরত প্রসঙ্গে

প্রশ্ন :

১. আমরা জানি, মসজিদ ইবাদতের জায়গা। কিন্তু বর্তমান যুগে কিছু মানুষকে দেখা যায় তারা মসজিদেই রাত্রি যাপন ও খাওয়া-দাওয়া করে, এটা কোরআন ও হাদীস মোতাবেক কতটুকু বৈধ? দলিলসহ জানতে চাই।

২. তাবলীগের লোকেরা বলেন যে মসজিদে নববীতে নামায পড়লে অন্যান্য মসজিদে ৫০ হাজার রাক'আত নামায পড়ার সাওয়াব পাওয়া যায়। আর তাবলীগে এসে দুই রাক'আত নামায পড়লে ৪৯ কোটি নামাযের সাওয়াব পাওয়া যায়, এটা কোনো হাদীসের দ্বারা প্রমাণিত?

৩. একজন মুসলমান ভাইকে একটি ছোটখাটো ইকরাম করলে নাকি মসজিদে নববীতে বসে দশ বছর ই'তেকাফ করার সমপরিমাণ সাওয়াব পাওয়া যায়। এটি কোনো আয়াত বা হাদীস দ্বারা প্রমাণিত কি না?

৪. তাবলীগের লোকেরা অধিকাংশ সময় কথার ভেতর এ কথা বলে থাকেন যে এই কথাটি মুরব্বিরা বলেছেন। প্রশ্ন হলো, কোন মুরব্বি কথাগুলো সর্বপ্রথম আবিষ্কার করলেন এবং কোন হাদীস থেকে–জানালে খুশি হব।

৫. আমরা জানি, ইসলামের স্তম্ভ ৫টি এবং এটা হাদীস দ্বারাও প্রমাণিত। কিন্তু তাবলীগের লোকেরা ৬টি উসূল নির্ধারিত করেছেন, যেগুলোর মধ্যে ইসলামের পূর্ণ পাঁচটি ভিত্তি নেই। সুতরাং বোঝা যায়, ওই হাদীসকে অমান্য করা হচ্ছে। প্রশ্ন হলো, তাঁরা এই ৬ উসূল কোথায় পেলেন?

৬. তাবলীগের লোকেরা বলেন যে যে তাবলীগ করে না তার দু'আ কবুল হয় না বা সে পূর্ণ মুসলমান নয়। তাহলে জানতে চাই, বর্তমান সময় অনেক বড় বড় উলামায়ে কেরাম আছেন, যাঁরা তাবলীগ করেন না, তাহলে তাঁরা কি নিজেরা পথভ্রষ্ট ও গোমরাহ? এবং হাজার হাজার ছাত্রদেরকে গোমরাহীর দিকে নিয়ে যাচ্ছেন?

৭. তাবলীগের লোকেরা বলেন যে আমরা নফল হিজরত নিয়ে এসেছি। এবং প্রমাণ দেন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর হিজরত দ্বারা। কিন্তু আমরা জানি, মদীনায় যখন ইসলাম ছিল না, তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মদীনার মানুষদের গোমরাহী থেকে মুক্তি দেওয়ার জন্য হিজরত করেছিলেন। কিন্তু এখন তো বাংলাদেশের সব জায়গায় ইসলাম কমবেশি আছেই, তা সত্ত্বেও তাঁরা স্ত্রী-পরিবার ছেড়ে দেশ-বিদেশে ঘুরে টাকা অপচয় করছেন কেন?

Scanned by CamScanner

উত্তর : প্রশ্নপত্রে উল্লিখিত আপনার প্রশ্নসমূহ তাবলীগ জামাতকে কেন্দ্র করে সৃষ্টি হয়েছে। তাই তাবলীগ সম্পর্কে কিছু কথা আপনার জানা থাকা ভালো। ইসলামে তাবলীগ এমন এক বৃক্ষের নাম, যার অনেক শাখা-প্রশাখা রয়েছে এবং ক্ষেত্র রয়েছে অনেক, এর মর্যাদা ও গুরুত্ব অপরিসীম। হাদীসে পাকে নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সকল উম্মতকে সাধ্যানুযায়ী তাবলীগ করার নির্দেশ প্রদান করেছেন। কাফেরদের নিকট মূল ইসলামের তাবলীগ যেমন এ নির্দেশের আওতায় পড়ে, এরূপ মুসলমানদের নিকট ইসলামের হুকুম-আহকাম ও বিধিবিধানের তাবলীগ করাও এ নির্দেশের অন্তর্ভুক্ত। নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর এ নির্দেশ পালনার্থে সাহাবায়ে কেরাম অনেক দেশে সফর করেছেন। আবার কেউ কেউ নিজ দেশের মধ্যে থেকে এ নির্দেশ পালনে নিয়োজিত ছিলেন। তাঁরা বিধর্মীদের মাঝে মূল ইসলামের তাবলীগ যেমন করেছেন, মুসলমানদের নিকট শরয়ী হুকুম-আহকামের তাবলীগও করেছেন। কোরআনের শব্দের তাবলীগ যেমন করেছেন, এর ব্যাখ্যা ও বর্ণিত বিধিবিধানের তাবলীগও করেছেন। এরূপ হাদীসের শব্দের তাবলীগ যেমন করেছেন, এর ব্যাখ্যা ও তাতে উল্লিখিত বিধিবিধানের তাবলীগও করেছেন। সারকথা, যার নিকট কোরআন-হাদীস তথা ইসলাম সম্পর্কে যা জানা ছিল, তা অন্যের নিকট তাবলীগ অর্থাৎ পৌঁছে দিয়ে দায়িত্বমুক্ত হওয়ার চেষ্টা করেছেন। সাহাবাগণের পরেও এ ধারাবাহিকতা চলেছে এবং কিয়ামত পর্যন্ত চলতে থাকবে। কিন্তু যুগের পরিবর্তনে তাবলীগের পদ্ধতিতে পরিবর্তন হয়েছে, হচ্ছে এবং হবে। একসময় কোরআনের উচ্চ জ্ঞানের তাবলীগ অপ্রাতিষ্ঠানিক নিয়মে চলেছিল। পরবর্তীতে তার প্রাতিষ্ঠানিক রূপ মাদ্রাসা জামিয়ায় পরিণত হয়েছে। এক যুগে দ্বীন ভুলা মানুষদেরকে ব্যক্তিগতভাবে তাবলীগ করে দ্বীনের পথে শরয়ী হুকুম-আহকাম পালনের দিকে আনা হয়েছে। পরবর্তীতে তা যুগের চাহিদার ভিত্তিতে জামাত, অর্থাৎ সংঘবদ্ধভাবে তাবলীগের পথ চালু করা হয়েছে।

এ আলোচনার দ্বারা এ কথা স্পষ্ট হয়েছে যে তাবলীগ করতে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সকল উম্মতকে নির্দেশ দিয়েছেন। এ জন্য তা করতে হবে। কিন্তু তার জন্য পদ্ধতি নির্দিষ্ট করে দেননি বিধায় যুগের চাহিদা মোতাবেক পদ্ধতি নির্ণয় ও চালু করা যাবে।

তাবলীগের উদ্দেশ্যে কোরআন-হাদীস পড়ানো ও শোনা যেমন প্রয়োজন, তাবলীগের জামাতে শরীক হয়ে তাবলীগ করাও প্রয়োজন, অনুরূপ ব্যক্তিগত ওয়াজ-নসীহত ও হক্কানী পীর বাইআত মুরীদ করালেও তাবলীগ হয়। প্রত্যেকে তার সাধ্য ও যোগ্যতানুযায়ী তাবলীগ করে যাবে। যারা মাদ্রাসায় পড়িয়ে ওয়াজ করে বা বাইআতের মাধ্যমে তাবলীগ করতে অপারগ, তারা তাবলীগ জামাতে শরীক হয়ে তাবলীগের দায়িত্ব পালনের চেষ্টা না করলে দায়িত্বমুক্ত হওয়া মুশকিল হবে। তাই সাধারণ মানুষের জন্য প্রচলিত তাবলীগ জামাত বড় কল্যাণের কেন্দ্র। তাবলীগ জামাতের প্রতিষ্ঠাতা

Scanned by CamScanner

একজন আল্লাহর ওলী ও বহু বড় আলেমে দ্বীন। এ জামাতের উচ্চ পর্যায়ের আমির যাঁরা হন, তাঁদের মধ্যেও বড় বড় আলেম রয়েছেন। তাই ওই জামাতের কাজ ও কথা ভিত্তিহীন নয়। আপনি ওই জামাতের কাজ ও কথা সম্পর্কে যা জানতে চেয়েছেন কোরআন-হাদীসের আলোকে ওই কাজ ও কথাগুলো সহীহ। আপনি তাঁদের ওপর নিঃসন্দেহে আস্থা রাখতে পারেন। তার পরও আপনার সন্দেহ দূর হওয়ার জন্য বলা হচ্ছে :

১. মসজিদে ই'তেকাফ করে খাওয়া ও ঘুমানো নতুন কিছু নয়। ১৫ শত বছরের ইতিহাস, সব কিতাবে তা বৈধ বলা হয়েছে।
২. এ কথাটাও কিতাবে আছে। 'ফাজায়েলে তাবলীগ' দেখুন, হাদীস দ্বারা বলা হয়েছে।
৩. এটাও হাদীসে আছে।
৪. কিতাবে উল্লিখিত কথা যদি মুরব্বি বলেছেন বলা হয় এতে কোনো দোষ নেই। কারো সন্দেহ হলে কথাটি উল্লেখ করে জেনে নিতে পারা যায়।
৫. ইসলামের স্তম্ভ পাঁচটিই, বেশি নয়। আর ছয় উসূল হলো, পদ্ধতি ও তাবলীগের কাজের সহায়ক।
৬. উল্লিখিত পন্থাসমূহ সবই তাবলীগের অন্তর্ভুক্ত। তাই কোনো মুসলমান একটিও না করলে দু'আ কবুল নাও হতে পারে।
৭. ফরয ও নফল উভয়টাই দ্বীনি। হাদীসের দ্বারা তা প্রমাণিত। তাই রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর হিজরত ফরযের জন্য, আর বর্তমানে যারা উল্লিখিত পন্থায় তাবলীগ করে তাদের হিজরত নফল এবং উভয়টিই দ্বীনের কাজ বলা হবে। এদের উদ্দেশ্য তো যদি কোথাও কম থাকে সেখানে দেবে, আর যেখানে বেশি সেখান থেকে নেবে। এটার নাম দ্বীনে ইসলাম। টাকা অপচয় যারা বলে তারা কোরআন-হাদীস হয়তো পড়েনি অথবা সঠিকভাবে বোঝেনি। (৭/৯১১/১৯৪০)

Scanned by CamScanner

মুক্তি কোন পথে এবং তাবলীগী পরিভাষাগুলোর হুকুম

প্রশ্ন : "বর্তমানে প্রচলিত তাবলীগ জামাতের পথ ধরে চলাই একমাত্র মুক্তির পথ," এ কথা কতটুকু সত্য? তাবলীগী নিয়ম যেমন : চিল্লা, গাশত ইত্যাদি না মেনে কেউ যদি অন্য কোনো কামেল পীরের বা কোনো রাজনৈতিক দলকে অনুসরণ করে তবে আখেরাতে কি নাজাত পাবে না? গাশত, শবগুজারী, তিন চিল্লা দেওয়ার নামে যে আমলগুলো তাবলীগে প্রচলিত আছে, এগুলো বিদ'আত কি না?

উত্তর : দ্বীন শেখা এবং দ্বীনের ওপর চলা ফরয। বর্তমানে প্রচলিত তাবলীগ জামাত দ্বীন শেখার ও দ্বীনের ওপর চলার একটি সফল ব্যবস্থা। এর দ্বারা উম্মত দ্বীনি লাইনে কী সফলতা অর্জন করেছে, তা সকলের জানা। তাই সাধারণ লোকদের জন্য দ্বীন শেখার এটি একটি উৎকৃষ্ট উপায়। একমাত্র মুক্তির পথ কথাটি হয়তো উৎসাহিত করার উদ্দেশ্যে বলা হয়ে থাকে, অন্যথায় এ ধরনের কথা বলা উচিত নয়। কামেল পীরের অনুসরণেও নাজাত পাওয়ার আশা করা যায়। গাশত, চিল্লা ইত্যাদি নামে যেসব আমল তাবলীগে প্রচলিত আছে তা শরীয়তের ভাষায় বিদ'আত নয়। (৫/৪১৯/১০০৭)

📖 ردالمحتار (ايج ايم سعيد) ١ / ٥٦٠ : (قوله أي صاحب بدعة) أي محرمة، وإلا فقد تكون واجبة، كنصب الأدلة للرد على أهل الفرق الضالة، وتعلم النحو المفهم للكتاب والسنة ومندوبة كإحداث نحو رباط ومدرسة وكل إحسان لم يكن في الصدر الأول.

📖 فتاوی محمودیہ (ادارہ صدیق) ۴/ ۲۰۸ : تبلیغی جماعت میں جانا فرض عین ہے یا فرض کفایہ؟

الجواب— تبلیغی جماعت میں جانا تو فرض عین نہیں، البتہ دین سیکھنا فرض عین ہے، خواہ مدرسہ میں داخل ہو کر یا خارج مدرسہ پڑھ کر ہو، خواہ اہل علم اور اہل دین کی خدمت میں جا کر ہو، خواہ تبلیغی جماعت کیساتھ ہو۔

Scanned by CamScanner

ইজতেমার মাঠে ফেলে যাওয়া জিনিসপত্রের হুকুম

প্রশ্ন : কয়েক বছর আগে টঙ্গী আন্তর্জাতিক বিশ্ব ইজতেমায় বৈরী আবহাওয়ার কারণে প্রথম দিনই মুনাজাত হয়ে যায়। ফলে ইজতেমা মাঠে আগত মুসল্লিদের অনেক লাকড়ি ইত্যাদি রয়ে যায়। যা পরবর্তীতে সাথীদের পরামর্শক্রমে সংগ্রহ করে ১,০৩০০০ টাকা বিক্রয় করা হয় এবং তা থেকে কিছু টাকা ময়দানের গোডাউনের ফ্লোর পাকা করার কাজে খরচ করা হয়েছে। প্রশ্ন হলো, উক্ত টাকা উল্লিখিত কাজে খরচ করা উচিত হয়েছে কি না? সাথীরা সেখানে অনেক পলিথিন কাগজ এবং পানির বোতলও ফেলে যায়। সেগুলো একত্রিত করে বিক্রি করা হয়েছে। এই অর্থ ময়দানের কোনো কাজে খরচ করা যাবে কি না?

উত্তর : বিশ্ব ইজতেমায় আগত মুসল্লিদের রেখে যাওয়া আসবাবপত্রগুলো ওই সমস্ত পরিত্যক্ত মালের অন্তর্ভুক্ত, যেগুলো সাধারণত পরবর্তীতে পুনরায় নেওয়ার উদ্দেশ্য থাকে না। বরং যে কেউ তা নিয়ে উপকৃত হতে পারবে। তাই প্রশ্নে বর্ণিত বিবরণ মতে ইজতেমার মাঠে রেখে যাওয়া মালগুলো বিক্রয় করে ইজতেমা কর্তৃপক্ষের জন্য তা ময়দানের উন্নয়নকল্পে বা অন্য প্রয়োজনীয় কাজে খরচ করা শরীয়তের আলোকে জায়েয আছে। (১৪/১০১২/৫৮৯৮)

📖 ردالمحتار (ایچ ایم سعید) ٤ / ٢٨٥ : ألقى شيئا وقال من أخذه فهو له فلمن سمعه أو بلغه ذلك القول أن يأخذه وإلا لم يملكه؛ لأنه أخذه إعانة لمالكه ليرده عليه، بخلاف الأول؛ لأنه أخذه على وجه الهبة وقد تمت بالقبض. ولا يقال: إنه إيجاب لمجهول فلا يصح هبة؛ لأنا نقول: هذه جهالة لا تفضي إلى المنازعة والملك يثبت عند الأخذ.

📖 فتاوی رحیمیہ (دار الاشاعت) ٢ / ٢٢٨ : اگر چڑھاوے کی نہ ہوں، تو دو قسمیں ہیں۔(۱) بے قیمت چیز جس کی مالک کو تلاش نہیں ہوا کرتی (۲) قیمتی چیز جس کی مالک کو تلاش ہوا کرتی ہے۔ پہلی قسم کی چیز ملے تو اعلان کی ضرورت نہیں ہے کام میں لا سکتا ہے۔ مگر مالک آکر مانگے تو دینی پڑے گی. دوسری قسم کی چیز لے تو اعلان ضروری ہے۔

Scanned by CamScanner

ছয় কথার ওপর আমল

প্রশ্ন : তাবলীগে বলা হয়ে থাকে যে ৬টি কথার ওপর আমল করে চলতে পারলে পুরা দ্বীনের ওপর চলা অতি সহজ। এরূপ বলার পক্ষে কোরআন-হাদীসের কোনো প্রমাণ আছে কি?

উত্তর : তাবলীগে যে বলা হয় ৬টি কথার ওপর আমল করে চলতে পারলে পুরা দ্বীনের ওপর চলা অতি সহজ–এর পক্ষে পৃথকভাবে কোরআন ও হাদীসের মধ্যে বহু প্রমাণ রয়েছে এবং সেই কথাগুলো তাবলীগের ভাইগণ কোরআন ও হাদীসের উদ্ধৃতি দিয়ে বয়ান করে থাকেন। যার বিস্তারিত বর্ণনা 'ফাজায়েলে আমাল' গ্রন্থেও রয়েছে। যেমন : কালেমা প্রসঙ্গে হাদীসে উক্তি রয়েছে, من قال لااله الاالله دخل الجنة অর্থাৎ 'যে ব্যক্তি কালেমা পাঠ করবে সে বেহেশতে প্রবেশ করবে'। এবং নামাযের ব্যাপারে হাদীসে বলা হয়েছে–

عن عبد الله بن مسعود، قال: قلت: يا نبي الله، أي الأعمال أقرب إلى الجنة؟ قال: «الصلاة على مواقيتها». صحيح مسلم (١٣٨)

অর্থাৎ "হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা.)-এর প্রশ্নের জবাবে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ইরশাদ করেন, জান্নাতের নৈকট্যকারী সবচেয়ে বড় আমল সময়মতো নামায পড়া"। কোরআনে কারীমে রয়েছে ان الصلوٰة تنهى عن الفحشاء والمنكر "নিশ্চয়ই নামায সকল অবৈধ ও পাপকাজ থেকে বিরত রাখে।" অনুরূপ অবশিষ্ট আমলগুলোর গুরুত্ব সম্পর্কেও কোরআন-হাদীসে যথেষ্ট প্রমাণ রয়েছে। (১/৩০২)

আমিরের সংজ্ঞা ও তার অনুসরণ

প্রশ্ন : ইসলামের দৃষ্টিতে "আমির" বা জিম্মাদার কাকে বলে? তাঁকে মানা কিরূপ জরুরি এবং কোন কোন ক্ষেত্রে মানা জরুরি? তাবলীগে সময় (চিল্লায়) নিয়ে বের হলে যিনি আমির হন এবং নিজের মহল্লায় এলাকাভিত্তিক যিনি আমির হন, তাঁকে মানা কতটুক জরুরি? তাঁর সাথে কি সকল বিষয়ে পরামর্শ করে চলতে হবে। অর্থাৎ তিনি (আলেম হোক বা না হোক) আমার সর্বাবস্থায় আমির কি না?

উত্তর : মুসলিম জনগোষ্ঠী জীবনের প্রতিটি ক্ষেত্রে ইসলামী আইন বাস্তবায়নের লক্ষ্যে ঐক্যবদ্ধ হয়ে ঐকমত্যে রাষ্ট্র বা সমাজ পরিচালনার দায়িত্ব যাঁর হাতে অর্পণ করে তাঁকে

Scanned by CamScanner

আমিরে শরীয়ত বা আমিরুল মু'মিনীন বলা হয়। আমিরে শরীয়তের আদেশ-নিষেধ শরীয়ত পরিপন্থী না হওয়া পর্যন্ত মেনে চলা প্রতিটি মুসলমানের জন্য অত্যাবশ্যকীয় এবং ওয়াজিব। পক্ষান্তরে কোনো জামাতের সুশৃঙ্খল পরিচালনার উদ্দেশ্যে মুরব্বিদের পক্ষ হতে যাঁকে প্রতিনিধি হিসেবে নিযুক্ত করা হয় তাঁকে জিম্মাদার বা আমিরে জামাত বলা হয়। তাবলীগ জামাতে যে আমির নিযুক্ত করা হয় তা জিম্মদার বা আমিরে জামাত হিসেবে পরিগণিত, জামাতের কর্মকাণ্ড সুষ্ঠু ও সুচারুরূপে পরিচালিত হওয়ার ক্ষেত্রে তাঁর আদেশ-নিষেধ মেনে চলা এবং তাঁর পরামর্শক্রমে কর্ম সম্পাদন করা নৈতিক দায়িত্ব ও বরকতময়। সর্ব ক্ষেত্রে তাঁর সাথে পরামর্শ করা জরুরি নয় বরং অভিজ্ঞ হক্কানী আল্লাহওয়ালা আলেমের পরামর্শে দ্বীন-দুনিয়ার সব কাজ সম্পন্ন করা অতি উত্তম। (৮/৭০৮/২৩২০)

📖 تكملة فتح الملهم (مكتبة دارالعلوم كراتشى) ٣ / ٣٢٣ : وأن المسلم يجب عليه أن يطيع أميره فى الأمور المباحة فإن أمر الأمير بفعل مباح وجبت مباشرته وإن نهى عن أمر مباح حرم ارتكابه لأن الله سبحانه وتعالى قال: أطيعوا الله وأطيعوا الرسول واولى الأمر منكم فلوكان المراد من إطاعة أولى الأمر إطاعتهم فى الواجبات الشرعية فحسب-

📖 امداد المفتین (دار الاشاعت) ص ۱۴۷ : فقہاء کی تصریحات ایسے بلاد کے متعلق یہی ہیں کہ ان میں مسلمان اپنے اتفاق سے محکمہ وغیرہ مقرر کریں اور اپنا امیر بنائیں— کذا فی جامع الفصولین ومثلہ فی فتح القدیر ورد المحتار ومبسوط السرخسی" مگر وہ جب ہی ہو سکتا ہے کہ کم از کم ایک یا زائد شہروں کے سب مسلمان متفق ہو کر کسی کو امیر یا قاضی بنالیں اور جب یہ بھی متعذر ہو تو کوئی مخصوص جماعت اگر اپنا امیر کسی کو بنائے اسکے احکام امیر شرعی کے تو نہیں ہونگے مگر حکم کا درجہ ہو گا کہ جب تک چاہیں اس کی اطاعت کریں اور جب چاہیں چھوڑ دیں مگر بنظر ابقاء نظام بلا وجہ اطاعت چھوڑنا مکروہ اور نامناسب ہو گا مگر خروج علی الامیر کی حد میں داخل نہ ہوں گے —امیر واجب الاطاعت مطلقا وہی ہو سکتا ہے جو تمام مسلمانوں کی اتفاق واجتماع سے امیر بنایا جائے اور شرائط امارت اس میں موجود ہوں۔

Scanned by CamScanner

পিতার হুকুম আগে পালনীয়, নাকি গাশত

প্রশ্ন : আব্বা আমাকে আমার বোনকে বাইরের এক এলাকা থেকে বিকালে বাসায় আনার নির্দেশ দেন। আমি আরজ করলাম, আব্বা! আজ আমাদের মহল্লার মোকামী গাশতের দিন, গাশত করে সন্ধ্যার পর বোনকে বাসায় আনব ইনশাআল্লাহ। এতে তিনি সম্মত চুপ রইলেন। এমতাবস্থায় আমার জন্য কোনটি করণীয়?

উত্তর : গাশতের আমল থেকে পিতার বৈধ আদেশ পালন করা শরীয়তের দৃষ্টিতে জরুরি। তাই প্রশ্নে উল্লিখিত পদ্ধতিতে আপনার প্রথম কাজ হবে পিতার আদেশ পালন করা, অতঃপর সময় থাকলে গাশতে অংশগ্রহণ করা। (৮/৭০৮/২৩২০)

📖 رد المحتار (ايچ ايم سعيد) ٤ /١٢٤ : (لا) يفرض (على صبي) وبالغ له أبوان أو أحدهما؛ لأن طاعتهما فرض عين.

📖 وفيه أيضا ٦ /٤٠٨ : وفي بعض الروايات لا يخرج إلى الجهاد إلا بإذنهما ولو أذن أحدهما فقط لا ينبغي له الخروج، لأن مراعاة حقهما فرض عين والجهاد فرض كفاية.

পিতা-মাতার বাধা উপেক্ষা করে চিল্লায় যাওয়া

প্রশ্ন : দাওয়াতে তাবলীগের মেহেনত ফরযে কেফায়া। আল্লাহ পাকের এই হুকুম ব্যাপকভাবে নষ্ট হচ্ছে, যাঁরা করছেন তাও প্রয়োজনের তুলনায় নগণ্য। এমতাবস্থায় কেউ যদি এ মেহেনতকেই জীবনের উদ্দেশ্য বানাতে চায় আর পিতা-মাতা, ভাই-বোন যদি প্রধান বাধা হয়ে দাঁড়ায় এবং দ্বীনের এই মেহনত শেখার জন্য ২-৩ চিল্লায় যেতে না দেয়, তাহলে ওই পিতা-মাতা, ভাই-বোন ত্যাগ করা ও দ্বীনের মেহনত শেখার জন্য বাইরে যাওয়া জায়েয হবে কি না?

উত্তর : দ্বীন ও শরীয়তের ওপর আমল করা আর তা প্রচার-প্রসারের জন্য মেহনত করা উম্মতের জন্য অতিব গুরুত্বপূর্ণ কাজ ও ফরযে কেফায়া। তবে এ কাজ প্রচলিত তাবলীগের মাধ্যমেই পালন করা জরুরি নয়, পরিবারের কাছে থেকে নিজের পরিবার, আত্মীয়স্বজন ও গ্রাম-মহল্লায় ভালো কাজের আদেশ আর মন্দ কাজের নিষেধ করার মাধ্যমেও এই ফরযে কেফায়া পালন করা সম্ভব। সুতরাং ফরযে কেফায়া পালনের বিকল্প ব্যবস্থা থাকতে ১-২ চিল্লা দেওয়ার জন্য মাতা-পিতা বাধা দিলে তাঁদের ওপর দ্বীনি মেহনত না করে তাঁদেরকে ত্যাগ করে অন্যত্র চলে যাওয়া সমীচীন নয়। হ্যাঁ, তাঁরা যদি

Scanned by CamScanner

আপনার খেদমতের মুখাপেক্ষী না হন তাহলে তাঁদের বাধা সত্ত্বেও দাওয়াতের মেহনতের জন্য যাওয়া আপনার জন্য বৈধ হবে। (৬/৬৩৫/১৩৪২)

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۸/ ۳۱۸ : اگر والدین آپ کی خدمت واعانت کے محتاج ہیں ان کے گذارہ کی کوئی صورت نہیں اور آپ ہی ان کی خدمت پوری کر سکتے ہیں، تو آپ کو اس کی اجازت نہیں کہ آپ ان سے ترک تعلق کر کے کہیں چلے جائیں...... اگر وہ آپ کی خدمت کے محتاج نہیں تو اس کا حکم دوسرا ہے، پھر بھی ایسی روش اختیار نہ کی جائے جس سے والدین کی حق تلفی ہو اور نہ ان کا مقابلہ کیا جائے۔

বাদ ফজর ফাজায়েলে আমলের তা'লীম

প্রশ্ন : বাদ ফজর মসজিদে 'ফাজায়েলে আমল' কিতাবের তা'লীম করা যাবে কি?

উত্তর : বাদ ফজর ফাজায়েলে আমলের তা'লীম করাতে শরীয়তের দৃষ্টিতে কোনো অসুবিধা নেই। বরং জনসাধারণের আমলের প্রতি আগ্রহ সৃষ্টি করার জন্য এ ধরনের তা'লীম অত্যন্ত উপকারী। তবে দু'আয়ে মাসূরাসমূহের পরে তা'লীম শুরু করা ভালো। (৬/৯০৯/১৪৯৯)

📖 سنن ابن ماجه (دار إحياء الكتب) ١/ ١٨٣ (٢٢٩) : عن عبد الله بن عمرو، قال: خرج رسول الله صلى الله عليه وسلم ذات يوم من بعض حجره، فدخل المسجد، فإذا هو بحلقتين، إحداهما يقرءون القرآن، ويدعون الله، والأخرى يتعلمون ويعلمون، فقال النبي صلى الله عليه وسلم: «كل على خير، هؤلاء يقرءون القرآن، ويدعون الله، فإن شاء أعطاهم، وإن شاء منعهم، وهؤلاء يتعلمون ويعلمون، وإنما بعثت معلما» فجلس معهم -

Scanned by CamScanner

দাড়িবিহীন ব্যক্তির তাবলীগ ও তা'লীম

প্রশ্ন : দাড়িবিহীন ব্যবহার ভালো নয়–এমন লোক তাবলীগের কাজ ও 'ফাজায়েলে আমাল' পড়ে শোনাতে পারবে কি না? উক্ত ব্যক্তি সম্পর্কে খতীব সাহেব জুমু'আর বয়ানে কটুবাক্য বলার হুকুম কী?

উত্তর : দাড়ি নেই বলে তাবলীগ করা এবং 'ফাজায়েলে আমাল' পড়া শরীয়তে নিষেধ না হলেও দ্বীনের কাজ যারা করে তাদের রাসূল (সা.)-এর আদর্শে আদর্শবান হওয়া অত্যন্ত জরুরি। তবে ইমাম-খতীবের জন্য জুমু'আর বয়ানে কটুবাক্য বলা অনুচিত। কারণ দাওয়াতের কাজ করার জন্য প্রথমে নিজে পুরোপুরি সংশোধিত হতে হবে নতুবা দাওয়াতের কাজ করা যাবে না, এরূপ কোনো বিধান শরীয়তে নেই। (১৭/১৩/ ৬৮৯৬)

📖 تفسيرابن كثير(دارالمعرفة) ١ / ٨٩ : والغرض أن الله تعالى ذمهم على هذا الصنيع ونبههم على خطئهم في حق أنفسهم، حيث كانوا يأمرون بالخير ولا يفعلونه، وليس المراد ذمهم على أمرهم بالبر مع تركهم له، بل على تركهم له، فإن الأمر بالمعروف [معروف] وهو واجب على العالم، ولكن [الواجب و] الأولى بالعالم أن يفعله مع أمرهم به، ولا يتخلف عنهم، كما قال شعيب، عليه السلام: {وما أريد أن أخالفكم إلى ما أنهاكم عنه إن أريد إلا الإصلاح ما استطعت وما توفيقي إلا بالله عليه توكلت وإليه أنيب} . فكل من الأمر بالمعروف وفعله واجب، لا يسقط أحدهما بترك الآخر على أصح قولي العلماء من السلف والخلف. وذهب بعضهم إلى أن مرتكب المعاصي لا ينهى غيره عنها، وهذا ضعيف، وأضعف منه تمسكهم بهذه الآية؛ فإنه لا حجة لهم فيها. والصحيح أن العالم يأمر بالمعروف، وإن لم يفعله، وينهى عن المنكر وإن ارتكبه، [قال مالك عن ربيعة: سمعت سعيد بن جبير يقول له: لو كان المرء لا يأمر بالمعروف ولا ينهى عن المنكر حتى لا يكون فيه شيء ما أمر أحد بمعروف ولا نهى عن منكر. وقال مالك: وصدق من ذا الذي ليس فيه شيء؟ قلت] ولكنه -والحالة هذه-مذموم

Scanned by CamScanner

على ترك الطاعة وفعله المعصية، لعلمه بها ومخالفته على بصيرة، فإنه ليس من يعلم كمن لا يعلم؛ ولهذا جاءت الأحاديث في الوعيد على ذلك.

📖 معارف القرآن ١ / ٢٨٥

নামাযে বিঘ্ন সৃষ্টিকারী কোনো কাজ করা

প্রশ্ন : যথাবিহীত সম্মানপ্রদর্শনমূলক আরজ এই যে, হুজুর! তাবলীগ জামাতের জন্য মসজিদে থাকা ও খাওয়া জায়েয আছে কি না? যদি জায়েয হয় তাহলে তাদের খাওয়া-দাওয়ার ঘ্রাণের দ্বারা যদি কোনো নামাযী ব্যক্তির মনোযোগে ব্যাঘাত হয় অথবা কথাবার্তার দ্বারা নামাযী ব্যক্তির ক্ষতি হয় তাহলে জামাতওয়ালা বা নামাযীর কোনো গোনাহ হবে কি না? তদ্রূপ যদি তাদের বয়ানের পাশে দাঁড়িয়ে কোনো ব্যক্তি নামায পড়ে তাহলে তাদের হুকুম কী? অথচ হাদীস শরীফে বর্ণিত আছে, নামাযরত অবস্থায় কোরআন তেলাওয়াত উচ্চস্বরে নিষেধ, তাহলে তাদের বয়ান কিভাবে জায়েয হবে? এ ব্যাপারে বিস্তারিত জানালে উপকৃত হব।

উত্তর : মুসাফির ও ই'তেকাফের নিয়্যাতে মসজিদে অবস্থানকারীদের জন্য মসজিদের সম্মান ও আদব রক্ষা করে থাকা-খাওয়ার অনুমতি শরীয়তে আছে। আর তাবলীগ জামাতের লোকেরা সাধারণত মুসাফির হয়ে থাকে। উপরন্তু তারা ই'তেকাফের নিয়্যাতেই অবস্থান করে বিধায় তাবলীগ জামাতের লোকদের জন্য মসজিদে থাকা-খাওয়া জায়েয হবে। অনিচ্ছায় খাবারের ঘ্রাণের প্রতি মন গেলে ক্ষতি হবে না, শুধুমাত্র ফরযের জামাত ও এর পূর্বাপর সুন্নাত আদায়ের সময় বয়ান করে কোনো মুসল্লির ক্ষতি করা যাবে না, তবে কারো অতিরিক্ত নফল পড়তে হলে মসজিদের বাইরে ঘরে বা অন্য স্থানে পড়া অথবা বয়ানের স্থান থেকে কিছু দূরে সরে পড়া উত্তম। বয়ানের এলান হওয়ার পর উক্ত স্থানে অতিরিক্ত নফলের নিয়্যাত করা অনুচিত। এমতাবস্থায় বয়ানের কারণে নামাযের ক্ষতি হলে তার জন্য মুসল্লি নিজেই দায়ী, বয়ানকারী নয়। তবে দুনিয়াবী কথা মসজিদে বলা এবং এর দ্বারা কোনো নামাযীর নামাযে ব্যাঘাত সৃষ্টি করা মারাত্মক অন্যায় ও গেনাহ। (৯/৫৪/২৪৫৩)

📖 ردالمحتار (ايچ ايم سعيد) ١/ ٦٦١ : (قوله: واكل ونوم الخ) واذا اراد ذلك ينبغي ان ينوى الاعتكاف فيدخل ويذكر الله تعالى بقدرمانوى اويصلي ثم يفعل ما شاء كذا في الهندية -

Scanned by CamScanner

📖 البحر الرائق(ايج ايم سعيد) ٢/ ٣٤ : فلا يجوز لأحد مطلقا ان يمنع مؤمنا من عبادة يأتى فى المسجد لأن المسجد مابنى الا لهامن صلوة واعتكاف وذكر شرعى وتعليم علم وتعلمه وقراءة قرآن-

তাবলীগী মুসল্লিদের ইজতেমায়ী মাল, ওয়াক্‌ফকৃত মাল, হারানো মাল ও ইজতেমার মাঠে বিধান

প্রশ্ন : ১. ইজতেমার মাঠে কুড়িয়ে পাওয়া মাল, যা নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা আছে। তা বিক্রি করে মূল্য বাবদ অর্জিত টাকা মাঠের প্যান্ডেল ও শামিয়ানার কাজে নিয়োজিত মুসল্লিদের খানা ও অন্য আনুষাঙ্গিক খরচ বাবদ ব্যয় করা যাবে কি না?

২. ইজতেমার ময়দানের জন্য যে সমস্ত মাল ওয়াক্‌ফ করা হয়, যেমন–চাটাই, ইট, সুরকি, বালু, বাঁশ ইত্যাদি এবং যারা ইজতেমা উপলক্ষে ৩ দিন থাকার জন্য চাটাই খরিদ করে মুনাজাতের পর ময়দান বা কাকরাইল মসজিদের জন্য ওয়াক্‌ফ করে যায়, এসব মালের মধ্য হতে যেকোনো মাল মাঠের প্যান্ডেলের জামাতের সাথে সংশ্লিষ্টরা আমির সাহেবের অনুমতি নিয়ে নিতে পারে কি না?

৩. আমির সাহেব ময়দানের কোনো মালামাল কাকরাইল মসজিদ ব্যতীত অন্য কোনো মসজিদ, মাদ্রাসা, এতিমখানা, কোনো তাবলীগের মারকাযে বা কোনো ব্যক্তিকে দান করতে পারেন কি না?

৪. ইজতেমার মাঠের জন্য রেলওয়ের যে সমস্ত কাঠের স্লিপার ক্রয় করা হয়েছে এবং যে সমস্ত কাঠ অনুপযুক্ত, প্যান্ডেলের জামাত মূল্য না দিয়ে তা দ্বারা রান্নাবান্না করতে পারে কি না?

৫. প্যান্ডেলের জন্য যে সমস্ত বাঁশ ও কাঠ ক্রয় করা হয়েছে তা পুরাতন হয়ে গেলে অর্থাৎ কাজের অনুপযুক্ত হলে তা বিক্রয় করা যাবে কি না এবং ওই টাকা কোন খাতে ব্যয় করতে হবে?

৬. ইজতেমার মাঠের ভেতরে কোনো ধরনের বেচাকেনা করা যাবে কি না?

৭. ইজতেমার ময়দানের সীমানার ভেতর কোনো দোকানপাট রাখা যাবে কি না?

৮. ওই সমস্ত দোকানে সিগারেট বিক্রয় করা যাবে কি না?

৯. ওই সমস্ত দোকানদারগণ ইজতেমার মাঠের বৈদ্যুতিক বাতি জ্বালাতে পারে কি না?

Scanned by CamScanner

১০. ১০ দিনের জোড় ৩ দিনের জোড় এমনকি বড় ইজতেমার সময়ও দেখা যায় নামায আরম্ভ হলেও দোকান বন্ধ করা হয় না। ফলে সাধারণ মুসল্লিগণ আসল কাজ বাদ দিয়ে এমনকি জামাত বাদ দিয়ে দোকানে এসে ভিড় জমায়। এ-জাতীয় দোকান ইজতেমার ময়দানে রাখার অনুমতি দেওয়া যায় কি না?

১১. আর দোকান যদি একান্ত রাখতেই হয় তাহলে কোন ধরনের দোকান থাকবে? দোকান কখন খোলা থাকবে কখন বন্ধ হবে? এ ব্যাপারেও কাকরাইলের শুরা হতে অনুমতি নেওয়ার প্রয়োজন আছে কি না?

১২. অনেক সময় ময়দানের কাজের জন্য লোকের খুবই প্রয়োজন হয়। কাকরাইল মসজিদ হতে তাগাদা দিয়ে বিভিন্ন এলাকা ও মহল্লা হতে চিঠি দিয়ে অনেক কষ্ট করে লোক নেওয়া হয় কাজের জন্য। কিন্তু দোকান কাছে থাকায় কাজ বাদ দিয়ে দোকানে ভিড় জমানোর ফলে কাজে বিঘ্ন ঘটে। এমতাবস্থায় কাজের চিন্তা করে দোকান রাখা যায় কি না?

১৩. আর একটি কথা হলো টঙ্গীর ময়দানে জামাতের সাথীদের প্রায়ই টাকা চুরি হয়, সাধারণত পকেটমার ও চোর চা পান করার জন্য দোকানে আসে এবং জামাতের বৃদ্ধ বৃদ্ধ সাথীরা পকেট হতে যখন টাকা বের করে, পকেটমাররা তাদের অনুসরণ করে এবং সুযোগ বুঝে টাকা চুরি করে নিয়ে যায়- এই চিন্তা করে ময়দানের ভেতরে দোকান রাখা মুনাসিব কি না?

১৪. ময়দানের ভেতরে অনেকে দোকান দিতে চায় যেহেতু বিনা ভাড়ায় দোকান চালানো খুবই লাভজনক, আর ইজতেমা ও জোড়ের সময় খুব বেশি বেচাকেনা হয়। বর্তমানে মাঠের মধ্যে দুটি দোকান আছে এবং তারা শরীয়ত মোতাবেক দোকান চালায় না, তারা নামাজের সময়ও দোকান খোলা রাখে সিগারেট বিক্রি করে মাঠের বিদ্যুত ব্যবহার করে। এখন অন্য দোকানদারকে বসতে না দিলে তারা বলে, আমাদেরকে উঠাতে হলে অন্য দুটি দোকানও উঠাতে হবে। এরূপ সমালোচনার দরুন জামাতের বদনাম হয় এবং যারা সমালোচনা করে তারা গীবতের পর্যায়ে পড়ে গোনাহগার হয়, এর সুষ্ঠু সমাধান কী?

১৫. যদি কোনো ব্যক্তি ইজতেমার কাজের জন্য বাঁশ বা মুলি দান করে তাহলে ওই বাঁশ বা মুলি পুরাতন হয়ে গেলে বা কাজের অনুপযোগী হলে দাতা তা পুনরায় ফেরত নিতে পারে না। ময়দানের আমির সাহেব তা বিক্রি করে ময়দানের যেকোনো কাজে লাগাতে পারবেন কি না?

Scanned by CamScanner

উত্তর : ১. হারানো মাল, যা উঠালে নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা থাকে এ রকম মালপত্র উঠিয়ে ফেললে মালিকদের হাতে পৌঁছে, এমন এলান করা জরুরি। এলানের পর মালিক পাওয়া গেলে তাকে দিয়ে দেবে, মালিক পাওয়া না গেলে উক্ত মালপত্র তাদের পক্ষ হতে যাকাত খাওয়ার উপযোগী গরিব-মিসকীনদেরকে সাওয়াবের নিয়্যাত ছাড়া সদকা করে দেওয়া জরুরি। সুতরাং ইজতেমার মাঠে হারানো মাল পাওয়া গেলে ঘোষণার পরও তার মালিকের সন্ধান পাওয়া না গেলে ইজতেমার মাঠে কর্মরত লোকজন যদি যাকাত খাওয়ার উপযোগী গরিব হয়, তাহলে উক্ত মালপত্র তাদেরকে বিনিময় ছাড়া দিয়ে দেওয়া বৈধ হবে, অন্যথায় বৈধ হবে না

২, ৩, ৪, ৫. ওয়াক্ফকৃত সামগ্রী ওয়াক্ফকারীর উদ্দেশ্য মোতাবেক ব্যবহার করা জরুরি। তাই প্রশ্নে বর্ণিত আসবাবপত্র যে জায়গা ও কাজের জন্য ওয়াক্ফকৃত, তা ওই জায়গায় ওই কাজে ব্যবহার করতে হবে। ব্যবহারের উপযোগী না হলে মুতাওয়াল্লী উক্ত আসবাবপত্র বিক্রয় করে তার টাকা উক্ত জায়গায় খরচ করবে, বিনিময় ছাড়া কাউকে দিয়ে দেওয়া জায়েয হবে না। তবে যে সমস্ত সাথী প্যান্ডেল ইত্যাদি তৈরির কাজে পরিশ্রম করে থাকে, তাদের জ্বালানি হিসেবে উক্ত কাঠ আহলে শুরা মুনাসিব মনে করলে দিতে পারবে।

৬, ৭, ১০, ১১. দোকানগুলোর কারণে যদি মুসল্লিদের নামাযে বিঘ্ন ঘটে অথবা বয়ানের পরিবেশ নষ্ট হয়, তাহলে দোকান বসার অনুমতি দেওয়া যায় না। তবে মাঠে উপস্থিত লোকজনের বিশেষ প্রয়োজনীয় জিনিসপত্রের দোকান বসা শুরার অনুমতিক্রমে এমন পদ্ধতিতে দেওয়া যায়, যাতে মাঠের পরিবেশ নষ্ট না হয়।

৮. ওই সমস্ত দোকানে সিগারেট বিক্রয় করাতে কোনো সমস্যা নেই।

৯. ইজতেমার মাঠের বৈদ্যুতিক লাইন থেকে দোকানদারদের বিনা মূল্যে বিদ্যুৎ ব্যবহার জায়েয হবে না। তবে এতে ইজতেমার লাভ ও স্বার্থ সংশ্লিষ্ট থাকলে আহলে শুরা বিনা মূল্যেও অনুমতি দিতে পারবে।

১২, ১৩. এ বিষয়টি ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত, তাই সুবিধার্থে যেকোনো ধরনের সিদ্ধান্ত নেওয়া যায়।

১৪. ইজতেমার ময়দান যেহেতু ওয়াক্ফকৃত, তাই সেখানে বিনা ভাড়ায় দোকান চালানো বৈধ হবে না। তবে ইজতেমার স্বার্থ সংশ্লিষ্ট থাকলে; যেমন–সে অন্য দোকানদারদের তুলনায় কম মূল্যে মালপত্র সরবরাহ করে থাকে, তাহলে আহলে শুরা বিনা ভাড়ায় দোকান চালানোর অনুমতি দিতে পারবে।

Scanned by CamScanner

১৫। ওয়াক্ফকৃত সামানাপত্র ব্যবহারের অনুপযোগী হয়ে গেলে আহলে শুরা তা বিক্রয় করে ময়দানের যেকোনো কাজে লাগাতে পারবে। (৯/৩৩৩/২৬২২)

📖 بدائع الصنائع(ايچ ايم سعيد) ٦/ ٢٠٢ : إذا أخذ اللقطة فإنه يعرفها لما روي عن رسول الله – صلى الله عليه وسلم – أنه قال «عرفها حولا» حين سئل عن اللقطة. ... ... ثم إذا عرفها فإن جاء صاحبها وتقام البينة أنها ملكه أخذها لقوله – عليه الصلاة والسلام – «من وجد عين ماله فهو أحق به وإن لم يقم البينة» ولكنه ذكر العلامة بأن وصف عفاصها ووكاءها ووزنها وعددها يحل للملتقط أن يدفع إليه ... ... ثم إذا عرفها ولم يحضر صاحبها مدة التعريف فهو بالخيار إن شاء أمسكها إلى أن يحضر صاحبها، وإن شاء تصدق بها على الفقراء ولو أراد أن ينتفع بها فإن كان غنيا لا يجوز أن ينتفع بها عندنا.

📖 ردالمحتار (ايچ ايم سعيد) ٤/ ٤٤٥ : مطلب مراعاة غرض الواقفين واجبة والعرف يصلح مخصصا ، وهكذا رأيته في نسخة أخرى بلفظ الأول أقرب إلى الصواب، فهذا نص صريح في التفرقة بين الهبة والوقف فتكون الفريضة الشرعية في الوقف هي المفاضلة فإذا أطلقها الواقف انصرفت إليها لأنها هي الكاملة المعهودة في باب الوقف، وإن كان الكامل عكسها في باب الصدقة فالتسوية بينهما غير صحيحة، على أنهم صرحوا بأن مراعاة غرض الواقفين واجبة-

📖 الفتاوى الهندية (زكريا) ٢/ ٤٥٩ : حشيش المسجد إذا أخرج من المسجد أيام الربيع إن لم تكن له قيمة لا بأس بطرحه خارج المسجد ولمن رفعه أن ينتفع، كذا في الواقعات الحسامية حشيش المسجد إذا كانت له قيمة فلأهل المسجد أن يبيعوه وإن رفعوا إلى الحاكم فهو أحب ثم يبيعوه بأمره هو المختار، كذا في جواهر الأخلاطي.

Scanned by CamScanner

📖 المحيط البرهانى (دار الكتب العلمية) ٦/ ٢١٦ :سئل شيخ الاسلام عن اهل مسجد اتفقوا على نصب رجل متوليا لمصالح مسجدهم فتولى ذلك باتفاقهم هل يصير متوليا مطلق التصرف فى مال المسجد على حسب ما لوقلده القاضى ؟ قال نعم -

📖 ردالمحتار(ايچ ايم سعيد) ٤/ ٣٦٧ : قال في الحاوي القدسي: والذي يبدأ به من ارتفاع الوقف أي من غلته عمارته شرط الواقف أولا ثم ما هو أقرب إلى العمارة، وأعم للمصلحة كالإمام للمسجد، والمدرس للمدرسة يصرف إليهم إلى قدر كفايتهم، ثم السراج والبساط كذلك إلى آخر المصالح، هذا إذا لم يكن معينا فإن كان الوقف معينا على شيء يصرف إليه بعد عمارة البناء -

ফী সাবীলিল্লাহর মিসদাক

প্রশ্ন : ফী সাবীলিল্লাহ (আল্লাহর রাস্তা) বলতে শুধু বর্তমান প্রচলিত তাবলীগ জামাতকেই বোঝায়। কেননা সূরা হা-মীম সাজদা'র ৩২ নং আয়াতের মিসদাক তারাই, অন্য কেউ নয়। আর এ জন্যই একমাত্র চিল্লাদাতারাই এক টাকায় সাত লক্ষ টাকার ও এক রাক'আতে ৪৯ কোটি রাক'আতের সাওয়াব পাবে, অন্য কোনো পন্থায় নয়। এ ধরনের উক্তি সঠিক কি না?

উত্তর : ফী সাবীলিল্লাহ বা আল্লাহর রাস্তা একটি ব্যাপক অর্থবহ শব্দ। ওয়াজ-নসীহত, ইলমে দ্বীনের শিক্ষাদান ও শিক্ষাগ্রহণ করা, দ্বীনি কিতাব লেখা, জিহাদ, ইমামত, মুয়াজ্জিনী ইত্যাদি সব কিছুই এর অন্তর্ভুক্ত। আর দ্বীনে ইসলামের যেকোনো খিদমত আঞ্জামদাতা সূরা হা-মীম সাজদার ৩২ নং আয়াতের মিসদাক। তাই তারাও উক্ত সাওয়াব পাবে। নিজের ও পরিবার-পরিজনের জীবিকা নির্বাহের পরিমাণ বেতন নিয়ে ইমামত, মুয়াজ্জিনী ও দ্বীনি শিক্ষায় আত্মনিয়োগকারীগণও উক্ত সাওয়াব পাবে। (১০/৬৮৯/৩৩০০)

📖 تفسير الفخر الرازى(دار إحياء التراث) ٢٧ / ٥٦٣ : ومن أحسن قولا ممن دعا إلى الله/ هو الرسول صلى الله عليه وسلم، ومنهم من

Scanned by CamScanner

قال هم المؤذنون، ولكن الحق المقطوع به أن كل من دعا إلى الله بطريق من الطرق فهو داخل فيه.

📖 تفسير روح المعاني (دار الحديث) ٢/ ٤٤ : "مثل الذين ينفقون أموالهم في سبيل الله" أي في وجوه الخيرات الشاملة للجهاد وغيره، وقيل: المراد الإنفاق في الجهاد لأنه الذي يضاعف هذه الأضعاف، وأما الإنفاق في غيره فلا يضاعف كذلك.

📖 عمدة القاري(دار إحياء التراث)١٤/ ١٠٨ : قال: والمراد بسبيل الله جميع طاعاته.

📖 مرقاة المفاتيح (انور بكڈپو) ٧ / ٣٥٩ : "من اغبرت قدما عبد" هو فى الحقيقة كل سبيل يطالب فيه رضاه فيتناول سبيل طلب العلم وحضور صلاة الجماعة وعيادة مريض وشهود جنازة ونحوها ولكنه عند الإطلاق يحمل على سبيل الجهاد، وقيل يحمل على سبيل الحج .

📖 فيض البارى (ربانى بكڈپو) ٣ / ٤٢٤ : قال «ما اغبرت قدما عبد فى سبيل الله فتمسه النار». حمل المصنف قوله: «في سبيل الله» على الجهاد، ولذا فسره أبو يوسف ومحمد في «باب الزكاة» بمنقطع الغزاة. قلت: والظاهر أنه عالم لجميع سبل الخير، كما يدل عليه ما أخرجه الترمذي في «باب من أغبرت قدماه في سبيل الله» عن يزيد بن أبي مريم، قال: لحقني عباية بن رفاعة بن رافع، وأنا ماش إلى الجمعة، فقال: أبشر، فإن خطاك هذه في سبيل الله؛ سمعت أبا عيش يقول: قال رسول الله صلى الله عليه وسلم «من اغبرت قدماه في سبيل الله، فهما حرام على النار» ، فهذا صريح أن هذا اللفظ كان عاما عند الصحابيين المذكورين، ولذا حملاه على المشي إلى الجمعة أيضا .

Scanned by CamScanner

আল্লাহর রাস্তার প্রতিদান এবং ৪৯ কোটি গুণ সাওয়াবের তত্ত্ব

প্রশ্ন : আল্লাহর রাস্তায় প্রতিটি আমলের সাওয়াব ৪৯ কোটি গুণ বেড়ে যায়। প্রশ্ন হলো, আল্লাহর রাস্তা বলতে কী বোঝায়? কেউ নিজ মহল্লায় গাশতে গেল বা দ্বিতীয় গাশতের জন্য অন্য মহল্লার মসজিদে গেল, কোনো এলাকায় কাউকে তাবলীগে বের করার নিয়্যাতে তাশকীলের জন্য গেল, তিন দিন বা চল্লিশ দিনের জন্য তাবলীগে বের হলো, কোনো মসজিদ-মাদ্রাসায় বয়ান বা কোরআনের তাফসীরের প্রোগ্রামে গেল, কোনো ওয়াজ-মাহফিলে বয়ান করা বা শোনার জন্য গেল, কোথাও দ্বীনি কাজের জোড় বা মাশওয়ারা আছে সেখানে গেল, কোনো ছাত্র ভবিষ্যতে দাওয়াতের কাজ করার জন্য মাদ্রাসায় ইলম শিক্ষারত আছে, উক্ত কাজগুলো করার সময় তারা সবাই প্রতি দিরহাম খরচে সাত লক্ষ গুণ এবং আমলের ক্ষেত্রে ৪৯ কোটি গুণ সাওয়াব পাবে কি না? কেউ পবিত্র মক্কা শরীফে হজ বা উমরার নিয়্যাতের সাথে সাথে দাওয়াতের নিয়্যাতও করল এর দ্বারা হারাম শরীফে উক্ত সাওয়াবকে এক লক্ষ দিয়ে গুণ করলে যে পরিমাণ হয় সে পরিমাণ সাওয়াব বেশি পাবে কি না?

উত্তর : سبيل الله তথা আল্লাহর রাস্তা শব্দটি ব্যাপক অর্থবহুল। এতে সকল প্রকার দ্বীনি কাজ অন্তর্ভুক্ত। যেমন প্রশ্নে উল্লিখিত ইলম শিক্ষা করা বা দ্বীনের প্রচার-প্রসার করা ইত্যাদি। অতএব হাদীসে বর্ণিত سبيل الله এর ফজীলত উল্লিখিত কাজগুলোর ক্ষেত্রেও প্রযোজ্য হবে। যেমন : এক টাকায় সাত লক্ষ টাকার সাওয়াব বা একটি নেক আমলের সাওয়াব ৪৯ কোটি গুণ ইত্যাদি।

যদি কোনো ব্যক্তি হারাম শরীফে হজ-উমরার পাশাপাশি এ সমস্ত দ্বীনি কাজও করে, তখন سبيل الله এর সাওয়াব এবং হারাম শরীফের বিশেষ ফজীলতেরও অধিকারী হবে, ইনশাআল্লাহ। (১৯/৯৬০/৮৫৪৪)

📖 سورة البقرة الآية ٢٦١ : ﴿مَثَلُ الَّذِينَ يُنْفِقُونَ أَمْوَالَهُمْ فِي سَبِيلِ اللَّهِ كَمَثَلِ حَبَّةٍ أَنْبَتَتْ سَبْعَ سَنَابِلَ فِي كُلِّ سُنْبُلَةٍ مِائَةُ حَبَّةٍ وَاللَّهُ يُضَاعِفُ لِمَنْ يَشَاءُ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ﴾

📖 تفسير روح المعاني (دار الحديث) ٢ / ٤٣ : "مثل الذين ينفقون أموالهم في سبيل الله" أي في وجوه الخيرات الشاملة للجهاد وغيره، وقيل: المراد الإنفاق في الجهاد لأنه الذي يضاعف هذه الأضعاف، وأما الإنفاق في غيره فلا يضاعف كذلك.

Scanned by CamScanner

📖 عمدة القاري(دار إحياء التراث)١٤/ ١٠٨ : قال: والمراد بسبيل الله جميع طاعاته.

📖 مرقاة المفاتيح (انور بكڈپو) ٧ / ٣٥٩ : "من اغبرت قدما عبد" هو فى الحقيقة كل سبيل يطالب فيه رضاه فيتناول سبيل طلب العلم وحضور صلاة الجماعة وعيادة مريض وشهود جنازة ونحوها ولكنه عند الإطلاق يحمل على سبيل الجهاد، وقيل يحمل على سبيل الحج .

📖 فيض الباری (ربانى بكڈپو) ٣ / ٤٢٤ : قال «ما اغبرت قدما عبد فى سبيل الله فتمسه النار». حمل المصنف قوله: «في سبيل الله» على الجهاد، ولذا فسره أبو يوسف ومحمد في «باب الزكاة» بمنقطع الغزاة. قلت: والظاهر أنه عالم لجميع سبل الخير، كما يدل عليه ما أخرجه الترمذي في «باب من أغبرت قدماه في سبيل الله» عن يزيد بن أبي مريم، قال: لحقني عباية بن رفاعة بن رافع، وأنا ماش إلى الجمعة، فقال: أبشر، فإن خطاك هذه في سبيل الله؛ سمعت أبا عيش يقول: قال رسول الله صلى الله عليه وسلم «من اغبرت قدماه في سبيل الله، فهما حرام عى النار» اهـ. فهذا صريح أن هذا اللفظ كان عاما عند الصحابين المذكورين، ولذا حملاه على المشي إلى الجمعة أيضا، إلا أن الترمذي أخرجه من «باب الجهاد» فيوهم أنه أخذه في الجهاد، كالمصنف، فله إطلاقان: عام، وخاص، والذي يناسب في نحو هذا الحديث هو الإطلاق العام، ولعل المصنف حمل على أنه اشتهر في الجهاد عرفا.

📖 بدائع الصنائع ٢ / ٤٧١

Scanned by CamScanner

৭০০ গুণ ও ৪৯ কোটি গুণ সাওয়াব প্রসঙ্গ

প্রশ্ন : তাবলীগী ভাইয়েরা ৭০০ গুণ সাওয়াব, ৪৯ কোটি গুণ সাওয়াব, হাজরে আসওয়াদকে সামনে নিয়ে কদরের রাত্রে নামায পড়ার সমান সাওয়াবের কথা বলে থাকেন, এগুলো কোরআন-হাদীস দ্বারা প্রমাণিত কি না?

উত্তর : আল্লাহর রাস্তায় বের হয়ে নেক আমল করার দ্বারা সাওয়াবের পরিমাণ বেড়ে ৭০০ থেকে ৪৯ কোটি গুণ হওয়ার কথাটি একাধিক হাদীস শরীফের মর্ম থেকে বোঝা যায়। তদ্রূপ হাজরে আসওয়াদের কথাটিও সহীহ বলে প্রমাণিত। (১১/৭৫০)

📖سورة البقرة الآية ٢٦١ : ﴿مَثَلُ الَّذِينَ يُنْفِقُونَ أَمْوَالَهُمْ فِي سَبِيلِ اللَّهِ كَمَثَلِ حَبَّةٍ أَنْبَتَتْ سَبْعَ سَنَابِلَ فِي كُلِّ سُنْبُلَةٍ مِائَةُ حَبَّةٍ وَاللَّهُ يُضَاعِفُ لِمَنْ يَشَاءُ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ﴾

📖سنن أبي داود(دارالحديث)(٢٤٩٨) : عن سهل بن معاذ، عن أبيه، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «إن الصلاة والصيام والذكر تضاعف على النفقة في سبيل الله بسبع مائة ضعف» -

📖سنن ابن ماجه (دار إحياء الكتب) ٢/ ٩٢٢ (٢٧٦١) : عن علي بن أبي طالب، وأبي الدرداء، وأبي هريرة، وأبي أمامة الباهلي، وعبد الله بن عمر، وعبد الله بن عمرو، وجابر بن عبد الله، وعمران بن الحصين كلهم يحدث، عن رسول الله صلى الله عليه وسلم أنه قال: «من أرسل بنفقة في سبيل الله وأقام في بيته، فله بكل درهم سبعمائة درهم، ومن غزا بنفسه في سبيل الله، وأنفق في وجه ذلك، فله بكل درهم سبعمائة ألف درهم» ، ثم تلا هذه الآية: {والله يضاعف لمن يشاء}

📖صحيح ابن حبان(مؤسسة الرسالة) ١٠ / ٤٦٢ (٤٦٠٣) : عن أبي هريرة أنه كان في الرباط، ففزعوا إلى الساحل، ثم قيل: لا بأس، فانصرف الناس وأبو هريرة واقف، فمر به إنسان فقال: ما يوقفك يا أبا هريرة، فقال: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول:

Scanned by CamScanner

"موقف ساعة في سبيل الله خير من قيام ليلة القدر عند الحجر الأسود".

📖 فتاوى حقانيه (مكتبه سيد احمد) ۲ / ۴۴۰ : سوال– تبليغى جماعت ميں وقت لگانے پر ايک نيكى پر انچاس كروڑ نيكيوں كا ثواب ملنے كا بتايا جاتا ہے، شرعا اس كا ثبوت كيا ہے؟
الجواب– تبليغ كے لئے وقت لگانے پر انچاس كروڑ تک تضاعف اعمال كا مسئلہ دو احاديث كے ضرب دينے سے ثابت ہے، ليكن يہ زيادت مطلقا فى سبيل الله نكلنے سے وابستہ ہے، اس كو محض تبليغى جماعت ميں وقت لگانے كے ساتھ خاص كرنا مناسب نہيں.

৪৯ কোটি গুণ সাওয়াব শুধুমাত্র তাবলীগেই সীমাবদ্ধ নয়

প্রশ্ন : আল্লাহর রাস্তায় বের হয়ে যেকোনো নেক আমল করলে ৪৯ কোটি গুণ সাওয়াব হবে, এ কথাটি সঠিক কি না? কেউ কেউ আরো বলেন, তাবলীগ জামাতের সাথে হজ করলে একাকী হজের চেয়ে ৪৯ কোটি গুণ সাওয়াব বেশি হবে এবং বৃহস্পতিবার কাকরাইল মসজিদে বয়ান শুনতে গিয়ে মাগরিব-এশা পড়লে মহল্লায় নামায পড়ার চেয়ে ৪৯ কোটি গুণ সাওয়াব বেশি হবে। অতএব হযরতের নিকট উক্ত বিষয়ে সমাধানের দরখাস্ত রইল।

উত্তর : তাবলীগ জামাতের নামে উল্লিখিত ফজীলতের হাদীস নেই। বরং سبيل الله শব্দ হাদীসে উল্লেখ আছে, سبيل الله বলতে নবী-রাসূলগণের নির্দেশিত সব মেহনতকেই বোঝায়। যথা : জিহাদ, তাবলীগ, তা'লীম, তাযকিয়া ইত্যাদি। তাই তাবলীগের মতো অন্যান্য মেহনতের ক্ষেত্রেও এ ফজীলত প্রযোজ্য। (১৭/৮২০/৭২৯৯)

📖 سنن أبي داود(دارالحديث) ۳ / ۱۰۸۰ (۲۴۹۸) : عن سهل بن معاذ، عن أبيه، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «إن الصلاة والصيام والذكر تضاعف على النفقة في سبيل الله بسبع مائة ضعف».

Scanned by CamScanner

📖سنن ابن ماجه (دار إحياء الكتب) ٢/ ٩٢٢ (٢٧٦١) : عن علي بن أبي طالب، وأبي الدرداء، وأبي هريرة، وأبي أمامة الباهلي، وعبد الله بن عمر، وعبد الله بن عمرو، وجابر بن عبد الله، وعمران بن الحصين كلهم يحدث، عن رسول الله صلى الله عليه وسلم أنه قال: «من أرسل بنفقة في سبيل الله وأقام في بيته، فله بكل درهم سبعمائة درهم، ومن غزا بنفسه في سبيل الله، وأنفق في وجه ذلك، فله بكل درهم سبعمائة ألف درهم» ، ثم تلا هذه الآية: {والله يضاعف لمن يشاء} .

📖مسند احمد(مؤسسة الرسالة) ٢٤ /٤٠٤ (١٥٦٤٧) : عن سهل بن معاذ بن أنس الجهني، عن أبيه، قال: قال رسول الله صلى الله عليه وسلم: " يفضل الذكر على النفقة في سبيل الله تبارك وتعالى بسبع مائة ألف ضعف ".

এক টাকায় সাত লাখ ও 'তাবলীগ ভুয়া' বলার হুকুম

প্রশ্ন : কয়েক দিন হলো চিল্লা থেকে ফিরেছি। আমাকে অনেকে প্রশ্ন করে যে এক টাকা আল্লাহর রাস্তায় গিয়ে নিজের জন্য খরচ করলে সাত লক্ষ টাকা দান করার সাওয়াব পাওয়া যায়–এ কথার ভিত্তি কোথায়? হাদীসের দলিল দিলে খুশি হব। আর কেউ যদি বলে যে তাবলীগ ভুয়া, তার হুকুম কী?

উত্তর : তাবলীগে দ্বীন জিহাদেরই এক প্রকার। সুতরাং জিহাদের মতো তাবলীগে গিয়েও নিজ প্রয়োজনে টাকা খরচ করলে প্রতি টাকায় ৭ লক্ষ টাকা আল্লাহর রাস্তায় দানের সাওয়াব পাবে বলে সহীহ হাদীসে বর্ণিত রয়েছে। এ মহা গুরুত্বপূর্ণ কাজকে ভুয়া বলা কোনো খাঁটি মুসলমানের পক্ষে সম্ভব নয়। একমাত্র ভুয়া মুসলমানই এমন উক্তি করতে পারে। (৯/৪১৩/২৬৮৮)

📖 سنن ابن ماجه (دار إحياء الكتب) ٢/ ٩٢٢ (٢٧٦١) : عن علي بن أبي طالب، وأبي الدرداء، وأبي هريرة، وأبي أمامة الباهلي، وعبد الله بن عمر، وعبد الله بن عمرو، وجابر بن عبد الله، وعمران بن

Scanned by CamScanner

الحصين كلهم يحدث، عن رسول الله صلى الله عليه وسلم أنه قال: «من أرسل بنفقة في سبيل الله وأقام في بيته، فله بكل درهم سبعمائة درهم، ومن غزا بنفسه في سبيل الله، وأنفق في وجه ذلك، فله بكل درهم سبعمائة ألف درهم» ، ثم تلا هذه الآية: {والله يضاعف لمن يشاء} .

📖 خیر الفتاوی (زکریا) ۱/ ۳۷۲ : تبلیغی جماعت میں دورہ کرنا بھی جہاد کے اقسام میں ایک قسم ہے، لہذا وہ فضائل جو جہاد فی سبیل اللہ کے لئے وارد ہوئے ہیں وہ تبلیغی گشت وسفر کیلئے پیش کئے جاسکتے ہیں کیونکہ اس دعوت وتبلیغ کے ذریعہ سے بھی اسلام دنیا میں چمکا ہے اس لئے اس راستہ میں نکل کر ایک روپیہ خرچ کرنے کا ثواب سات لاکھ تک پہنچ سکتا ہے۔

তাবলীগী লোকদের মসজিদে খানাপিনা ও রাত্রি যাপন করা

প্রশ্ন : বর্তমান যুগে দাওয়াত ও তাবলীগের নামে যে কাজ হচ্ছে শরয়ী দৃষ্টিকোণে এর বৈধতা কতটুকু? আর তাবলীগ জামাতের লোকজনের মসজিদে অবস্থান, রাত যাপন এবং মসজিদে খানাপিনার ব্যাপারে শরীয়তের ফায়সালা জানিয়ে বাধিত করবেন।

উত্তর : প্রচলিত তাবলীগ সাধারণ মুসলমানদের দ্বীন শেখা ও অপরজনের কাছে দ্বীন পৌঁছানোর একটি পদ্ধতিমাত্র, যার বৈধতা কোরআন ও হাদীস শরীফে স্পষ্ট। এ ব্যাপারে সন্দেহ ও সংশয়ের কোনো অবকাশ নেই। আর তাবলীগের কাজে রত মুসলমান ব্যক্তিবর্গের জন্য দ্বীন শেখা ও দ্বীন শিক্ষা দেওয়ার প্রয়োজনে মসজিদে অবস্থান করাও শরীয়তসম্মত হবে। উপরন্তু তাবলীগের লোকজন সাধারণত মুসাফির হয়ে থাকে, তাই তাদের জন্য মসজিদে অবস্থান করা ও খাওয়া-দাওয়ার অনুমতি শরীয়তে আছে। তবে মসজিদে অবস্থান ও খানাপিনার জন্য মসজিদের আদব-সম্মানের প্রতি লক্ষ রাখা জরুরি। প্রয়োজন না হলে উক্ত কাজগুলো মসজিদের বাইরে করার চেষ্টা করবে। আর প্রয়োজনে ই'তেকাফের নিয়্যাতে উক্ত কাজগুলো মসজিদে করা শরীয়তের আলোকে বৈধ হবে। (১২/৫৯৯/৪০৮৪)

📖 رد المحتار (ايچ ايم سعيد) ٢/ ٤٤٨ : ونصه يكره النوم والاكل في المسجد لغير المعتكف وإذا أراد ذلك ينبغي ان ينوى

Scanned by CamScanner

الاعتكاف ويدخل فيذكر الله تعالى بقدر مانوى او يصلى ثم يفعل ماشاء.

📖 کفایت المفتی (دار الاشاعت) ۲ /۳۳ : جواب — یہ تحریک اصل حقیقت کے اعتبار سے تو اسلام کی بنیادی چیز ہے کیونکہ اللہ تعالی کا پیغام اسکے بندوں کو پہنچانا اور ان کے گھروں پر جاکر خود پہنچانا ہی اصل تبلیغ ہے، قرون اولی میں ہر شخص بجائے خود یہ خدمت انجام دیتا اور زندگی کے ہر شعبے میں اسکو پیش نظر رکھتا تھا، اسلئے اس وقت جماعتیں بنانے اور کسی نظام کے جداگانہ قائم کرنے کی ضرورت نہ تھی، صحابہ کرامؓ فردا فردا اور کئی ملکر یہ خدمت انجام دیتے تھے مگر اس وقت یہ خدمت کلمہ پڑھانے اور نماز سکھانے کی صورت میں ہوتی تھی یعنی غیر مسلم کلمہ پڑھکر مسلمان ہوتے اور نماز وغیرہ سیکھتے تھے قرآن مجید پڑھتے اور یاد کرتے تھے، آنحضرت صلی اللہ علیہ وسلم نے بعض کو فرڈا اور بعض کو دوسرے رفقاء کے ساتھ تبلیغ اسلام و تعلیم احکام کے لئے بھیجا ہے، آجکل بد قسمتی سے مسلمانوں کو کلمہ صحیح یاد کرایا جاتا ہے اور انکو گھیر کر مسجد میں نماز کے لئے لایا جاتا ہے، غیر مسلموں میں تبلیغ کے لئے جانے کا موقع ہی دستیاب نہیں ہوتا، ان نام کے مسلمانوں کے حالت اصلاح پذیر ہو تو پھر غیر مسلموں کی طرف توجہ کی جائے۔

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ۶/ ۴۴۸ : معتکف اور مسافر کے لئے مسجد میں کھانے پینے اور سونے کی گنجائش ہے، لہذا تبلیغی جماعت کا یہ دستور جائز ہے اس لئے کہ اہل تبلیغ بھی عموما مسافر ہوتے ہیں معہذا بہتر ہے کہ اعتکاف کی نیت بھی کر لیا کریں اور اس کا بھی اہتمام کریں کہ مسجد سے ملحق اگر کوئی حجرہ وغیرہ ہو جس میں تمام ساتھی سما سکتے ہوں تو مسجد میں نہ سوئے اور کھانا بھی باہر کھائیں۔

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۵ / ۲۲۱ : الجواب- مسجد نماز کی جگہ ہے، سونے اور آرام کرنے کی جگہ نہیں ہے، جو مسافر پردیسی ہو یا معتکف ہو اس کے لئے گنجائش ہے، جماعتیں عموما پر ہی ہوتی ہیں، یا پھر وہ مسجد میں رات کو رہکر تسبیح و نوافل میں بیشتر مشغول رہتی ہیں کچھ دیر آرام بھی کر لیتی ہیں اس طرح اگر ان کے ساتھ مقامی آدمی بھی شب گذاری کریں تو نیت اعتکاف کر لیا کریں۔

Scanned by CamScanner

তাবলীগীরা মসজিদের আসবাব ব্যবহার করতে পারবে কি না

প্রশ্ন : বিভিন্ন মসজিদে দেখা যায় তাবলীগ জামাতের লোকেরা কিছুদিন মসজিদে অবস্থান করে মসজিদের পাখা, বাতি, চাটাই, লোটা ইত্যাদি তাদের মনমতো ব্যবহার করে থাকে। প্রশ্ন হলো, মসজিদের ওয়াক্ফকৃত এসব জিনিস তাবলীগের লোকেরা ইচ্ছামতো ব্যবহার করতে পারবে কি না?

উত্তর : মসজিদে পাখা, বাতি, চাটাই, লোটা ইত্যাদি সাধারণত নামাযের সময় নামাযীদের ব্যবহার করার জন্য দেওয়া হয়। তাই মসজিদের উপরোক্ত জিনিসগুলো তাবলীগী জামাতের ভাইয়েরা স্বাধীনভাবে ব্যবহার করতে পারবে না। বরং নামাযের সময় ব্যবহার করবে, নামায ছাড়া অন্য সময় ব্যবহার করা থেকে বিরত থাকবে। (১২/৯০৪/৫১১১)

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۵/ ۱۸۹ : سوال— مسجدوں میں بجلی اور پنکھے وغیرہ لگے ہوئے ہیں نماز کے علاوہ دوسرے ضروریات کے واسطے ان کا استعمال جائز ہے یا نہیں؟ جیسے تلاوت کلام پاک، مطالعہ کتب، تبلیغی تعلیم وغیرہ.

الجواب—حامدا ومصلیا پنکھے چونکہ نماز کے وقت استعمال کرنے کے لئے لگائے گئے ہیں انکو دیگر اوقات میں استعمال کرنیکی اجازت نہیں اوقات نماز میں جب نماز کے لئے کھولے جائیں تو مطالعہ کی بھی اجازت ہے شرط الواقف کنص الشارع۔

📖 فتاوی رحیمیہ (دارالاشاعت) ۶/ ۱۰۲ : اصل مسئلہ تو یہی ہے کہ ان کاموں کے لئے روشنی کا انتظام خود ہی کرلیں، مسجد کی بتی اور پنکھوں کو استعمال نہ کریں، حد تو یہ ہے کہ مسجد میں بتی جلانے کا جو وقت مقرر ہے اس کے علاوہ دیگر اوقات میں قرآن کی تلاوت یا کتابوں کے مطالعہ کے لئے مسجد کی بتی جلانے اور پنکھے چلانے کی اجازت نہیں ہے ممنوع ہے۔

তাবলীগের হুকুম ও মসজিদে অবস্থান প্রসঙ্গে

প্রশ্ন : অনেক আলেম-উলামা বলেন, মসজিদ হলো আল্লাহর পবিত্র ঘর, যা শুধুমাত্র আল্লাহর ইবাদতের জন্য, এখানে খাওয়া, পরা, ঘুমানো ও বিশ্রাম নিষিদ্ধ। তার পরও তাবলীগওয়ালারা মসজিদে কিভাবে থাকে? অথচ মসজিদের মধ্যে স্বপ্নদোষও হয়ে থাকে। তাবলীগে গিয়ে মসজিদে প্রবেশের সময় ই'তেকাফের নিয়্যাত করলে

Scanned by CamScanner

মসজিদের মধ্যে থাকা-খাওয়া যায়–এটা কতটুকু সহীহ? সাহাবায়ে কেরাম খানকায় থেকে তাবলীগ করেছেন, এভাবে নয়। তাবলীগ করা ফরয, ওয়াজিব, সুন্নাত, মোস্তাহাব কোনটি?

উত্তর : মসজিদ হলো আল্লাহর ঘর। এতে কোনো সন্দেহ নেই। তাই শরীয়তসম্মত কারণ ব্যতীত সাধারণ অবস্থায় মসজিদে খানাপিনা ও ঘুমানোর অনুমতি নেই। শরীয়তসম্মত কারণ তথা ই'তেকাফকারী মুসাফির ও দ্বীনি শিক্ষারত ব্যক্তি নফল ই'তেকাফের নিয়্যাতে মসজিদে অবস্থান করতে পারবে। তাবলীগ জামাতের লোক দ্বীনি শিক্ষা ও দ্বীনের আহকামের শিক্ষা অর্জন ও শিক্ষাদানের নিমিত্তে সারা দুনিয়ায় সফর করছে। তারা একদিকে মুসাফির, অন্যদিকে দ্বীনি শিক্ষারত তাই শরীয়তের আলোকে তাদের জন্য নফল ই'তেকাফের নিয়্যাতে মসজিদে অবস্থান করা, খাওয়া ও ঘুমানোর অনুমতি আছে। ক্ষেত্র ও পরিস্থিতির বিচারে তাবলীগ ফরয, ওয়াজিব, মুস্তাহাব বিভিন্ন প্রকার হয়ে থাকে। সর্বাবস্থায় এক রকমের হুকুম হবে না। (১১/২৫/৩৪১৮)

📖 صحيح البخارى (دار الحديث) ١ / ١٢١ (٤٤٠) : عن عبد الله بن عمر ، «أنه كان ينام وهو شاب أعزب لا أهل له في مسجد النبي صلى الله عليه وسلم» -

📖 احكام القرآن للجصاص(دارالكتب العلمية) ٢/ ٣٧ : قال الله تعالى: {ولتكن منكم أمة يدعون إلى الخير ويأمرون بالمعروف وينهون عن المنكر} قال أبو بكر: قد حوت هذه الآية معنيين. أحدهما: وجوب الأمر بالمعروف والنهي عن المنكر. والآخر: أنه فرض على الكفاية ليس بفرض على كل أحد في نفسه إذا قام به غيره. لقوله تعالى: {ولتكن منكم أمة} وحقيقته تقتضي البعض دون البعض, فدل على أنه فرض الكفاية إذا قام به بعضهم سقط عن الباقين. ومن الناس من يقول هو فرض على كل أحد في نفسه ويجعل مخرج الكلام مخرج الخصوص -

📖 إنجاح الحاجة (قديمي كتب خانه) ١ / ٥٥ : كنا ننام الخ وهذه رخصة لابن السبيل والمسافر فإن ابن عمر ما كان له حينئذ أهل

Scanned by CamScanner

وأما لغيره فيكره الاعتياد بالنوم فيه ولو دخل أحد للصلاة فنام هنا فلا بأس به لأن الصحابة كانوا يفعلون ذلك -

🕮 وفيه ايضا ١/ ٢٣٧ : كنا نأكل على عهد رسول الله صلى الله عليه وسلم في المسجد محمول على الضرورة بقلة المكان والا فقد ورد لا تتخذه مبيتا ومقيلا وقال فقهاؤنا كل أمر لم يبن المساجد له كالخياطة والكتابة لا يجوز فيه، في الدر ويحرم أكل ونوم الا لمعتكف وغريب -

🕮 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ١/ ٦٥٩ : ويحرم فيه السؤال ... واكل ونوم الا لمعتكف وغريب -

🕮 رد المحتار(ايچ ايم سعيد) ١/ ٦٦١ : قوله: واكل ونوم، واذا اراد ذلك ينبغي ان ينوى الاعتكاف، فيدخل ويذكر الله تعالى بقدر مانوى او يصلي ثم يفعل ماشاء -

🕮 احسن الفتاوی(ایچ ایم سعید) ٦/ ٤٤٨ : جواب—معتکف اور مسافر کے لئے مسجد میں کھانے اور پینے اور سونے کی گنجائش ہے لہذا تبلیغی جماعت کا یہ دستور جائز ہے اسلئے کہ اہل تبلیغ بھی عموما مسافر ہوتے ہیں معہذا بہتر ہے کہ اعتکاف کی نیت بھی کر لیا کریں اور اس کا بھی اہتمام کریں کہ مسجد سے ملحق اگر کوئی حجرہ وغیرہ ہو جس میں تمام ساتھی سما سکتے ہوں تو مسجد میں نہ سوئیں اور کھانا بھی باہر کھائیں۔

🕮 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ٧/ ٢٨٠ : چونکہ تبلیغ میں نکلنے سے مقصد دین کا سیکھنا اور سکھانا ہے اور دین کا مرکز مساجد ہیں، اس لئے تبلیغی جماعتوں کا خدا کے گھروں میں اعتکاف کی نیت سے ٹھہر کر دین کی محنت کرنا بالکل بجا اور درست ہے۔

🕮 فتاوی محمودیہ (زکریا) ١٢/ ٢٤٦ : جواب—تبلیغ دین ہر زمانہ میں فرض ہے، اس زمانہ میں بھی فرض ہے، لیکن فرض علی الکفایہ ہے، جہاں جتنی ضرورت ہو، اسی قدر اس کی اہمیت ہوگی اور جس جس میں جیسی اہلیت ہو اس کے حق میں اسی قدر ذمہ داری ہوگا۔

Scanned by CamScanner

তাবলীগীদের মসজিদে থাকার নিয়ম ও করণীয়

প্রশ্ন :

১. তাবলীগওয়ালারা যে মসজিদে দিনের পর দিন অবস্থান করে, এটা শরীয়ত অনুমোদন করে কি না? করলে থাকার নিয়ম কী?

২. মসজিদে রাত্রি যাপন অবস্থায় বৃদ্ধদের দ্বারা অনাকাঙ্ক্ষিতভাবে মলমূত্রের দরূন ও যুবকদের ঘুমন্ত অবস্থায় নাইট পলিউশনের (স্বপ্নদোষ) কারণে মসজিদের নামাযের বিছানা জায়নামায তথা মসজিদের পবিত্রতাহানি হয়, এটা কিভাবে শোধরানো যায়?

উত্তর : মুসাফির এবং দ্বীনি আহকাম শিক্ষার্থীর জন্য নফল ই'তেকাফের নিয়্যাত করে মসজিদে থাকা-খাওয়ার অনুমতি আছে। তাবলীগের লোকেরা ই'তেকাফের নিয়্যাতেই মসজিদে থাকেন, আর সাধারণত তাঁরা মুসাফির হয়ে থাকেন, তাই তাঁদের মসজিদে থাকাতে শরীয়তের দৃষ্টিতে কোনো বাধা নেই, সর্বাবস্থায় নফল ই'তেকারের নিয়্যাত করে মসজিদে থাকতে পারবেন। (৬/৩১৪/১২১৬)

📖 فتاوی محمودیہ (زکریا) ۱/ ۴۶۸ : الجواب۔معتکف کواور ایسے مسافر کو جس کا کہیں ٹھکانہ نہ ہو درست ہے، چارپائی پر ہو یا بلا چارپائی کے، جوان ہو یا بوڑھا ہو، اوروں کو احتیاط چاہئے کہ مسجد کے اندر سونا مکروہ ہے۔

📖 فتاوی محمودیہ (زکریا) ۱/ ۴۸۲ : الجواب۔نفلی اعتکاف بغیر رمضان کے بھی ہو سکتا ہے اور ایسے معتکف کو بھی مسجد میں قیام کرنا درست ہے۔

২. কোনো মুসলমান ইচ্ছা করে মসজিদে প্রস্রাব-পায়খানা বা মসজিদের সম্মান পরিপন্থী কাজ করতে পারে না, অনিচ্ছায় কিছু হলে তা আল্লাহ তা'আলা ক্ষমা করবেন। এরূপ কিছু হয়ে গেলে শরীয়তসম্মতভাবে বিছানা ধুয়ে পাক করে নিতে হবে। তবে সতর্কতামূলক নিজের পৃথক বিছানায় শোয়ার চেষ্টা করবে।

📖 جامع الترمذی (دار الحدیث) ۲/ ۳۲۱ (۳۲۱) : عن ابن عمر رضـ قال: «كنا ننام على عهد رسول الله صلى الله عليه وسلم في المسجد ونحن شباب»، «حديث ابن عمر حديث حسن صحيح»، «وقد رخص قوم من أهل العلم في النوم في المسجد».

Scanned by CamScanner

📖 ردالمحتار (ایچ ایم سعید) ۱/ ۱۷۲ : (قوله: تيمم ندبا إلخ) أفاد ذلك في النهر توفيقا بين إطلاق ما يفيد الوجوب وما يفيد الندب. أقول: والظاهر أن هذا في الخروج، وأما في الدخول فيجب كما يفيده ما نقلناه آنفا عن العناية، ويحمل عليه أيضا ما في درر البحار من قوله: ولا نجيز العبور في المسجد بلا تيمم.

📖 فتاوی محمودیہ (زکریا) ۲/ ۲۰۲ : احتیاط اور ادب یہ ہے کہ مسجد میں قصدا ریح خارج نہ کرے، بلکہ مسجد سے باہر جاکر خارج کرے، اگر سوتے جاگتے بھی بلا قصد خارج ہو جائے تو معذوری ہے ایسے شخص کو جس کے لئے دوسری جگہ سونے کی موجود ہو بلا شدید ضرورت کے مسجد میں سونا مکروہ ہے۔

অতিরঞ্জিত হাদীস বয়ান এবং মসজিদে থাকা-খাওয়া ও রান্না করা প্রসঙ্গে

প্রশ্ন :

১. বর্তমানে তাবলীগ জামাত নামক একটি দলের আবির্ভাব ঘটেছে, যারা অনেক অতিরঞ্জিত হাদীস বয়ান করে থাকে। এটা কেমন?
২. মসজিদে কাদের জন্য থাকা-খাওয়া জায়েয?
৩. মসজিদে দুনিয়াবী কথাবার্তা, আলাপ-আলোচনা, হাসি-ঠাট্টা করা কী?
৪. ১ মাইল ২ মাইল ৩, ৪ মাইল দূরে গিয়ে মসজিদে থাকা-খাওয়া জায়েয কি না?
৫. মসজিদের বারান্দায় খানা পাক করা বা পাক করার আসবাবপত্র দিয়ে পাকঘরের মতো ব্যবস্থা করা জায়েয কি না?

উত্তর : আমাদের জানা মতে, বর্তমান ফিতনা-ফ্যাসাদের যুগে সাধারণ মানুষের দ্বীন-ধর্মের জ্ঞান অর্জন করার এক নিখুঁত মাধ্যম হলো তাবলীগ। নিজের জানমাল ব্যয় করে ইখলাসের সাথে উম্মতকে আল্লাহর পথে আহ্বানকারী এই তাবলীগ জামাত মানবজাতিকে পরকালীন চির শান্তির এবং ইহকালীন হেদায়েতের দাওয়াত নিয়ে উম্মতের দ্বারে দ্বারে ধর্ণা দিচ্ছে। তাদের আমল-আখলাক, দাওয়াত–সবই সহীহ এবং প্রশংসনীয়। সাধারণ মানুষের জন্য ছয় নম্বরের অতিরিক্ত বয়ান করার অনুমতিও তাদের মুরব্বিদের পক্ষ হতে নিষেধ। তারা শুধু ফাজায়েল বয়ান করে উম্মতকে দ্বীনের প্রতি আকৃষ্ট করে মাসায়েল সম্পর্কে হক্কানী উলামায়ে কেরামের নিকট গিয়ে জিজ্ঞেস করার পরামর্শ দেয়। তা সত্ত্বেও যদি ভুলে কোনো সময় অতিরঞ্জিত হাদীস বয়ান করে তা

Scanned by CamScanner

নম্রতা ও ভদ্রতার সাথে বুঝিয়ে দেওয়া, নতুবা মারকাযের মুরব্বিদের দৃষ্টিগোচরে দেওয়া উচিত। আপনি অতিরিক্ত হাদীস বলে লিখেছেন; কিন্তু একটি হাদীসও নমুনাস্বরূপ উল্লেখ করেননি কেন?

মসজিদ আল্লাহ পাকের পবিত্র ঘর, যেখানে ইবাদত-বন্দেগী ছাড়া অন্য কোনো কাজ করার অনুমতি নেই। তবে মুসাফিরের এবং মু'তাকিফের জন্য মসজিদের পবিত্রতা রক্ষা করে থাকা-খাওয়ার অনুমতি রয়েছে। দাওয়াত ও তাবলীগ জামাতের জন্য ই'তেকাফের নিয়্যাতে মসজিদে রাত্রী যাপন করা, খাওয়া, থাকা–সবই জায়েয। এতে দূরের ও নিকটের মধ্যে কোনো ভেদাভেদ নেই। তবে সর্বাবস্থায় মসজিদে অবস্থানকারীদের জন্য মসজিদের সম্মান ও পবিত্রতা রক্ষার ব্যাপারে সচেতন থাকতে হবে যেন মসজিদের আদব পরিপন্থী কোনো কর্মকাণ্ড সংঘটিত না হয়। (১৪/৬৫৯/৫৭৩২)

📖 رد المحتار (ايج ايم سعيد) ١ / ٦٦٢ : قال في المصفى: الجلوس في المسجد للحديث مأذون شرعا لأن أهل الصفة كانوا يلازمون المسجد وكانوا ينامون، ويتحدثون، ولهذا لا يحل لأحد منعه.

📖 الدر المختار مع الرد (ايج ايم سعيد) ٢/ ٤٤٨ : (وخص) المعتكف (بأكل وشرب ونوم وعقد احتاج إليه) لنفسه أو عياله فلو لتجارة كره.

📖 فتاوی رحیمیہ (دارالاشاعت) ۲/ ۱۷۰ : الجواب – مسجد میں معتکف ومسافر کو سونے کی اجازت ہے مقامی آدمی انتظار جماعت میں اور اعتکاف کی نیت سے سو سکتا ہے مگر مسجد میں ادھر ادھر بستر ڈال کر مسجد کو مسافر خانہ جیسا بنا دینا درست نہیں، آداب مسجد کا ہر حال میں خیال رکھنا چاہئے۔

তাবলীগ জামাত রাজনীতিমুক্ত দ্বীনি মেহনতের নাম

প্রশ্ন : ইসলামে রাজনীতি আছে কি না? তাবলীগে ইসলামী রাজনীতি সম্পর্কে কোনো আলোচনা হয় না কেন? অথচ বিশ্ব ইজতেমায় লক্ষ লক্ষ জনগণ একসাথে দাবি জানালে সরকার মানার জন্য বাধ্য হবে। প্রশ্ন হলো, এর পরও কি তাবলীগ জামাত প্রকৃত ইসলামী জামাত হবে? দলিলসহ জানতে ইচ্ছুক।

Scanned by CamScanner

উত্তর : প্রচলিত সংজ্ঞায় রাজনীতি ইসলামের সোনালি যুগে ছিল না। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মদীনায় ইসলামী হুকুমত প্রতিষ্ঠা হওয়ার পূর্বে মক্কী জীবনে যেভাবে মেহনত করেছিলেন, তাবলীগে তার অনুসরণ করা হয়।

বিঃদ্রঃ. সামাজিক বিজ্ঞান নবম ও দশম শ্রেণী ১৮৯ পৃ. ২০০৬ ইং : ম্যাকাইভার রাজনৈতিক দলের একটি সুন্দর সংজ্ঞা দিয়েছেন, "যারা কতগুলো সুনির্দিষ্ট নীতির ভিত্তিতে ঐক্যবদ্ধ হয় এবং সাংবিধানিক উপায়ে সরকার গঠন করতে চেষ্টা করে, সেই জনসমষ্টিকে রাজনৈতিক দল বলা হয়।" (১২/৪৪৯/৩৯৪২)

📖 فتاوی حقانیہ (مکتبہ سید احمد) ۲/ ۲۹۱ : موجودہ دور میں لوگ سیاست میں مختلف مقاصد کے حصول کے لئے حصہ لیتے ہیں بعض لوگ تو اپنی سیاسی دوکان چمکانے کے لئے متحرک نظر آتے ہیں، جبکہ بعض لوگ غیر شرعی نظامہائے زندگی مثلا سوشلزم، نشنل ازم، کیپٹلزم وغیرہ کے لئے محنت کرتے ہیں اور بعض لوگ علاقائی یا قومی تعصبات کی سیاست میں ہی اپنی بقاء سمجھتے ہیں ان مقاصد کے حصول کے لئے سیاست میں حصہ لینا اور ان کے لئے جد وجہد کرنا یقینا سعی لاحاصل کے مترادف ہے۔

মাসতুরাতের তাবলীগ শরীয়ত সমর্থিত নয়

প্রশ্ন : শরীয়তের আলোকে মহিলা তাবলীগ, অর্থাৎ মাসতুরাত জামাত বৈধ কি না? যদি শর্ত সাপেক্ষে জায়েয বলা হয় তাহলে সেখানেও ফিতনার আশংকা এবং অন্য লোকজনও সাধারণত শর্ত মোতাবেক হওয়ার দাবি করে মাসতুরাত চালাতে আরম্ভ করে, তাই করণীয় কী? জানিয়ে বাধিত করবেন।

উত্তর : ধর্মীয় কাজে হলেও মাহরাম পুরুষ ব্যতীত মহিলাদের ঘর থেকে দূরবর্তী স্থানে বের হওয়া সম্পূর্ণ শরীয়ত পরিপন্থী। তবে মাহরাম পুরুষের অধীনে ধর্মীয় কাজে মহিলাদের ঘর থেকে বের হওয়া শর্ত সাপেক্ষে বৈধ বলা হলেও বর্তমান ফিতনার যুগে শর্ত রক্ষা না হওয়ায় অভিজ্ঞ মুফতীগণ মাসতুরাতের তাবলীগ জামাতকে নিষেধ করে থাকেন, আমরাও নিষেধ করি। অতএব পর্দানশীন নারীদেরকে মাসতুরাত জামাতের বাহানায় ঘর থেকে বের হতে না দেওয়াই সকলের দায়িত্ব। পুরুষরা তাবলীগ ও ধর্মীয় মজলিস থেকে যা শিখবে, তা ঘরের মহিলাদের নিয়ে তা'লীম করা অতীব জরুরি। এতে শরয়ী হুকুমও রক্ষা হয়, মহিলারা দ্বীনের জ্ঞানও অর্জন করতে পারে। (১২/৬১১)

Scanned by CamScanner

📖 المنهاج شرح صحيح مسلم(دارالغدالجديد) ٦/ ١٧٢ : فلما فرغ نزل فأتى النساء فذكرهن فهذا صريح في أنه أتاهن بعد فراغ خطبة الرجال وفي هذه الأحاديث استحباب وعظ النساء وتذكيرهن الآخرة وأحكام الإسلام وحثهن على الصدقة وهذا إذا لم يترتب على ذلك مفسدة وخوف على الواعظ أو الموعوظ أو غيرهما وفيه أن النساء إذا حضرن صلاة الرجال ومجامعهم يكن بمعزل عنهم خوفا من فتنة أو نظرة أو فكر ونحوه-

📖 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ١/ ٥٦٦ : (ويكره حضورهن الجماعة) ولو لجمعة وعيد ووعظ (مطلقا) ولو عجوزا ليلا (على المذهب) المفتى به لفساد الزمان-

📖 احسن الفتاوی (سعید کمپنی) ۸/ ۵۸ : عورتوں کا گھروں سے نکلنا بہت بڑا فتنہ ہے اس لئے حضرات فقہاء کرامؒ نے مسجد کی جماعت، جمعہ، طلب علم اور وعظ سننے کے لئے عورتوں کے نکلنے کو ناجائز قرار دیا ہے جب ایسی اہم عبادت وضرورات دین کی خاطر تھوڑے سے وقت کے لئے قریب تر مقامات تک نکلنے پر بھی اس قدر پابندی ہے تو تبلیغ کے لئے کئی کئی دنوں بلکہ مہینوں اور چلوں کے لئے دور ودراز مقامات میں جانا بطریق اولی ناجائز ہونا چاہئے۔

মাস্তুরাতের জামাত শরীয়ত সমর্থন করে না

প্রশ্ন : আমাদের দেশে প্রচলিত তাবলীগে মাসতুরাতের জামাত শরীয়তের আলোকে বৈধ কি না? জটিলতার কারণ হচ্ছে, শরীয়ত যেখানে মহিলাদের নামাযের জামাতে শরীক হওয়াকে মাকরূহে তাহরীমি বলে, সেখানে তাবলীগের জন্য বের হওয়াকে কতটুকু অনুমোদন করে? আর যদি বলা হয়, তাবলীগ ফরয তাহলে প্রশ্ন হলো, প্রচলিত তাবলীগ ফরয কি না? আর এভাবে দ্বীনের তাবলীগ করার জন্য রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর যুগে বা সাহাবাদের যুগে মহিলারা জামাতাকারে বের হয়েছেন কি না? প্রশ্নটির জটিলতা বৃদ্ধি হওয়ার কারণ হচ্ছে, বর্তমানে মুনিরিয়া যুব তাবলীগ কমিটি এবং জামায়াতে ইসলামীও তাবলীগ করার জন্য মহিলাদের জামাত সমাজে ছেড়ে দিয়েছে। কিন্তু আমরা এই তিনটি দলের মধ্যে প্রথম দলটিকে

Scanned by CamScanner

মনেপ্রাণে হক্ব মনে করি, কিন্তু দ্বিতীয় দুটিকে না-হক্ব বিশ্বাস করি। অতএব মাসতুরাতের জামাত সম্পর্কে হক্ব ও বাতিলের পার্থক্য কোন মাপকাঠিতে করব? তাই হযরতের নিকট হক্ব ও সঠিক ব্যাপারটি জানতে ইস্তিফতা করলাম। আশা করি, সমাধান দিয়ে জটিলতার নিরসন করবেন।

উত্তর : আল্লাহ পাক তাবলীগের মূল দায়িত্ব পুরুষের ওপর দিয়েছেন, মহিলাদের ওপর রাখেননি। এ কারণে কোনো মহিলাকে নবী-রাসূল বানানো হয়নি। এমনকি কোনো মহিলাকে ইমাম বানানো পর্যন্ত শরীয়ত সমর্থন করে না। তাই মহিলাদেরকে তাবলীগের নাম দিয়ে ঘরের বাইরে ছেড়ে দেওয়া শরীয়তসম্মত হবে না। নিজ ঘরে মহিলাদের তা'লীম করাই মহিলাদের জন্য দাওয়াতের কাজ। ঘরের বাইরে গিয়ে তা'লীম করাকেও শরীয়ত সমর্থন করে না বিধায় তা বর্জনীয়। (১২/৬৩/৩৮২৫)

📖 الدر المختار مع الرد (ایچ ایم سعید) ۱/ ٥٦٦ : (ويكره حضورهن الجماعة) ولو لجمعة وعيد ووعظ (مطلقا) ولو عجوزا ليلا (على المذهب) المفتى به لفساد الزمان -

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ۸/ ۵۵ : سوال- عورتوں کا تبلیغی جماعت کے ساتھ تبلیغ کے لئے اپنے محارم کے ساتھ تین دن، دس دن سال کے لئے اپنے ضلع یا اپنے صوبہ یا اپنے ملک یا دوسرے ممالک میں نکلنا کیسا ہے؟ جبکہ موجودہ دور کے حالات بھی آپ حضرات کے سامنے ہیں، اگر ان کا نکلنا جائز ہے پھر تو کوئی حرج نہیں اور اگر جائز نہیں تو پھر جو لوگ اپنی عورتوں کو لے جاتے ہیں ان کے بارے میں کیا حکم ہے وہ گنہگار ہونگے یا نہیں؟

الجواب- عورتوں کا گھروں سے نکلنا بہت بڑا فتنہ ہے اسلئے حضرات فقہاء کرام رحمہ اللہ تعالی نے اس پر بہت سخت پابندی لگائی ہے اور دینی کاموں کے لئے بھی عورتوں کے نکلنے کو بالاتفاق حرام قرار دیا ہے۔

মাসতুরাত জামাত শরীয়তসম্মত নয়

প্রশ্ন : বর্তমানের প্রচলিত মাস্তুরাত জামাত শরীয়তসম্মত কি না? এবং আমাদের গ্রামের কিছু তাবলীগী ভাই আমাদেরকে তাশকীল করে আমরা আমাদের স্ত্রী, মা-বোনদেরকে নিয়ে মাসতুরাতে বের হওয়ার জন্য। শরীয়তে এর অনুমতি আছে কি না?

Scanned by CamScanner

উত্তর : প্রত্যেক নর-নারীর সামর্থ্যানুযায়ী আমর বিল মা'রূফ ও নাহী আনিল মুনকার তথা সৎ কাজের আদেশ ও অসৎ কাজ থেকে নিষেধ করা শর্ত সাপেক্ষে ফরয হলেও প্রচলিত পদ্ধতিতে দাওয়াত ও তাবলীগ প্রত্যেকের ওপর ফরয নয়। বরং যেকোনো একটি জামাত যেকোনো পদ্ধতিতে উক্ত কাজ আঞ্জাম দিলে সবাই দায়মুক্ত হয়ে যাবে। তাই এ কাজের জন্য মহিলারা এলাকার বাইরে গিয়ে প্রচলিত পদ্ধতিতে দাওয়াতের কাজ করার প্রয়োজন নেই। যেহেতু মহিলাদের ঘর থেকে বের হওয়াই ফিতনা, তাই শরীয়ত মহিলাদেরকে বিনা প্রয়োজনে, এমনকি দ্বীনি মুস্তাহাব কাজের জন্যও বের হওয়ার অনুমতি দেয়নি। এ কারণে মহিলাদের দাওয়াতের কাজের জন্যও বের হওয়া শরীয়তসম্মত হবে না। মহিলাদেরকে দ্বীনি কথাবার্তা বলতে হলে মাহরাম পুরুষ বা স্থানীয় আলেমগণ পর্দার আড়াল থেকে তাদেরকে প্রয়োজনীয় নসীহত করবেন। (১৯/৪৮৪/৮২৭৯)

📖 سورة الاحزاب الآية ٣٣ ﴿وَقَرْنَ فِي بُيُوتِكُنَّ وَلاَ تَبَرَّجْنَ تَبَرُّجَ الْجَاهِلِيَّةِ الْأُولَى وَأَقِمْنَ الصَّلاَةَ وَآتِينَ الزَّكَاةَ وَأَطِعْنَ اللهَ وَرَسُولَهُ إِنَّمَا يُرِيدُ اللهُ لِيُذْهِبَ عَنكُمُ الرِّجْسَ أَهْلَ الْبَيْتِ وَيُطَهِّرَكُمْ تَطْهِيراً﴾

📖 احكام القرآن للجصاص (دار الكتب العلمية) ٣ / ٤٧١ : وقوله تعالى: {وقرن في بيوتكن} روى هشام عن محمد بن سيرين قال: قيل لسودة بنت زمعة: ألا تخرجين كما تخرج أخواتك؟ قالت: والله لقد حججت واعتمرت ثم أمرني الله أن أقر في بيتي، فوالله لا أخرج فما خرجت حتى أخرجوا جنازتها, وقيل إن معنى: {وقرن في بيوتكن} كن أهل وقار وهدوء وسكينة، يقال: وقر فلان في منزله يقر وقورا إذا هدأ فيه واطمأن به وفيه الدلالة على أن النساء مأمورات بلزوم البيوت منهيات عن الخروج.

📖 جامع الترمذى (دار الحديث) ٣/ ٣١٠ (١١٧٣) : عن عبد الله رضـ عن النبى صلى الله عليه وسلم قال: المرأة عورة فاذا خرجت استشرفها الشيطان -

Scanned by CamScanner

📖 البناية(دارالفكر) ٢/ ٤٢٠ : أما في زماننا فيكره خروج النساء إلى الجماعة لغلبة الفسق والفساد، فإذا كره خروجهن للصلاة فلأن يكره حضورهن مجالس العلم -

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ٨ / ٥٥ : سوال- عورتوں کا تبلیغی جماعت کے ساتھ تبلیغ کے لئے اپنے محارم کے ساتھ تین دن، دس دن، سال کے لئے اپنے ضلع یا اپنے صوبہ یا اپنے ملک یا دوسرے ممالک میں نکلنا کیسا ہے؟ جبکہ موجودہ دور کے حالات بھی آپ حضرات کے سامنے ہیں اگر ان کا نکلنا جائز ہے پھر تو کوئی حرج نہیں، اور اگر جائز نہیں تو جو لوگ اپنی عورتوں کو لے جاتے ہیں، ان کے بارے میں کیا حکم ہے وہ گنہگار ہوں گے یا نہیں؟

الجواب—عورتوں کا گھروں سے نکلنا بہت بڑا فتنہ ہے اسلئے حضرات فقہاء کرام نے اس پر بہت سخت پابندی لگائی ہے اور دینی کاموں کے لئے بھی عورتوں کے نکلنے کو بالاتفاق حرام قرار دیا ہے۔

মাসতুরাত নিয়ে চিল্লায় যাওয়ার হুকুম

প্রশ্ন : প্রচলিত তাবলীগে মাসতুরাতসহ জামাত, অর্থাৎ মা-বোন, স্ত্রী এবং মেয়েকে নিয়ে তিন দিন বা চিল্লায় যেতে পারব কি না? হাদীসের প্রমাণসহ বিস্তারিত জানালে ভালো হয়।

উত্তর : ইসলামী শরীয়ত দাওয়াত ও তাবলীগের দায়িত্ব পুরুষের ওপরই অর্পণ করেছে, মহিলাদের ওপর নয়। তথাপি কোনো মহিলা শরীয়তের বিধিনিষেধের গণ্ডিতে থেকে অন্য মহিলাকে দ্বীনের দাওয়াত দেওয়া আপত্তিকর নয় বরং তা প্রশংসনীয়। কিন্তু বর্তমান ফিতনার যুগে মহিলাদের ঘর থেকে বের হওয়া আশংকামুক্ত নয়, তাই অভিজ্ঞ মুফতীয়ানে কেরাম মহিলাদেরকে জামাতে শরীক হওয়া, দ্বীনি শিক্ষা ও দাওয়াতের নামে ঘর হতে বের হওয়াকে অবৈধ ও নাজায়েয বলে ফতওয়া প্রদান করেছেন। প্রয়োজনে ঘরের ভেতর নিজ মাহরাম থেকে প্রয়োজনীয় ধর্মীয় শিক্ষা গ্রহণ করবে। সুতরাং বর্তমানে প্রচলিত তাবলীগের নামে পর্দানশীন মহিলাদেরকে মাসতুরাতে জামাতের নামে মাহরাম সাথে থাকাবস্থায় ও তিন দিন বা চিল্লায় বের করা শরীয়ত সমর্থিত নয়। এতে লাভের চেয়ে ক্ষতির আশংকা বেশি বিধায় তা বর্জনীয়। (৮/৭০৮/২৩২০)

Scanned by CamScanner

📖 فتح القدير (مكتبه حبيبيه) ١ /٣١٨ والفتاوى اليوم على الكراهة في الصلوة كلها لظهور الفساد فمتى كره حضور المسجد للصلوة لأن يكره حضور مجالس العلم .

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ۸ /۵۵ : عورتوں کا گھروں سے نکلنا بہت بڑا فتنہ ہے اسلئے حضرات فقہاء کرام ؒ نے اس پر سخت پابندی لگائی ہے اور دینی کاموں کے لئے بھی عورتوں کے نکلنے کو بالاتفاق حرام قرار دیا ہے۔

মহিলাদের তাবলীগ করার বিধান

প্রশ্ন : বর্তমানে মাসতুরাত জামাতের নামে পুরুষগণ তাদের স্ত্রী বা অন্য মাহরামকে সাথে নিয়ে দেশের বিভিন্ন স্থানে গিয়ে নিজেদের দাওয়াতের পাশাপাশি মহিলাদের দ্বারাও মহিলা সমাজে দাওয়াতের কাজ চালিয়ে যাচ্ছে এবং অন্যদেরও একাজের প্রতি উৎসাহিত করছে। আবার কোনো সময় এমনও দেখা যায় যে মহিলারা তাদের স্বামী বা মাহরাম ছাড়া নিজেরাই কাছে বা দূরে বিভিন্ন জায়গায় গিয়ে দাওয়াতের কাজ করছে। প্রশ্ন হলো,

ক. এভাবে মাসতুরাতের জামাত বা মহিলা তাবলীগের শরয়ী বিধান কী?

খ. শরীয়তে ইসলামীর মধ্যে মহিলাদের তাবলীগ করার বিধান কী?

উত্তর : ক. রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ও সাহাবায়ে কেরামের যুগে মেয়েদেরকে দ্বীন শিক্ষা দেওয়া ও মেয়েদের মধ্যে দ্বীনের দাওয়াত দেওয়ার প্রয়োজন বর্তমান যুগ অপেক্ষা অনেক বেশি ছিল। এতদসত্ত্বেও রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ও সাহাবায়ে কেরাম নিজেদের স্ত্রীগণদের দিয়ে বা অন্যান্য মাসতুরাতকে দিয়ে বর্তমান প্রচলিত পদ্ধতিতে দাওয়াতের কাজ করিয়েছেন–এমন কোনো নজির হাদীস বা ইতিহাসের পাতায় পাওয়া যায় না। তাই এ ধরনের মাসতুরাতের জামাত কোরআন-হাদীসের বিধান মতে জায়েয বলার অবকাশ নেই। এতে সাওয়াবের আশা করা যায় না, বরং বর্তমান ব্যাপক ফিতনার যুগে গোনাহ হওয়ার সম্ভাবনাই বেশি।

খ. প্রচলিত পদ্ধতিতে মাসতুরাতের জামাত বা দ্বীনের তাবলীগ করা মহিলাদের জন্য ফরয, ওয়াজিব, মুস্তাহাব কিছুই নয়। তাবলীগের নামে নারীদের এলাকার বাইরে যাওয়ার অনুমতি শরীয়তে নেই। (১৮/৪৯/৭৪৮৪)

Scanned by CamScanner

📖 سورة الاحزاب الآية ٣٣ : ﴿وَقَرْنَ فِي بُيُوتِكُنَّ وَلَا تَبَرَّجْنَ تَبَرُّجَ الْجَاهِلِيَّةِ الْأُولَى وَأَقِمْنَ الصَّلَاةَ وَآتِينَ الزَّكَاةَ وَأَطِعْنَ اللَّهَ وَرَسُولَهُ إِنَّمَا يُرِيدُ اللَّهُ لِيُذْهِبَ عَنكُمُ الرِّجْسَ أَهْلَ الْبَيْتِ وَيُطَهِّرَكُمْ تَطْهِيرًا﴾

📖 جامع الترمذى (دار الحديث) ٣/ ٣١٠ (١١٧٣) : عن عبد الله، عن النبي صلى الله عليه وسلم، قال: «المرأة عورة، فإذا خرجت استشرفها الشيطان».

📖 بدائع الصنائع (دار الكتب العلمية) ١/ ٦٦٨ : ولأن خروجهن إلى الجماعة سبب الفتنة، والفتنة حرام، وما أدى إلى الحرام فهو حرام.

📖 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ١/ ٥٦٦ : (ويكره حضورهن الجماعة) ولو لجمعة وعيد ووعظ (مطلقا) ولو عجوزا ليلا (على المذهب) المفتى به لفساد الزمان.

📖 احسن الفتاوى (ایچ ایم سعید) ٨/ ٧١ : حضرات فقہاء کرام کے مطلقا حرمت کے فیصلہ میں ضرورت شرعیہ سے کچھ گنجائش تلاش کرنے کی سعی مذکور کے باوجود خواتین کے لئے تبلیغی جماعت میں نکلنے کے جواز کی کوئی گنجائش نہیں نکل سکی.

দ্বীনি আলোচনার জন্য নারীদের জমায়েত ও মাসতুরাত জামাত

প্রশ্ন : আমাদের এলাকায় দেখা যায় যে সপ্তাহে বা মাসে এক দিন কিছু মহিলা একত্রিত হয়ে দ্বীনি বিষয় আলোচনা করে। আবার মাঝে মধ্যে দেখা যায়, তিন দিন অথবা চল্লিশ দিনের জন্য মহিলারা তাবলীগ জামাতে বের হয়। জানার বিষয় হলো,

১. মহিলারা নির্দিষ্ট কোনো দিনে, কোনো স্থানে একত্রিত হয়ে দ্বীনি আলোচনা করা শরীয়তসম্মত কি না?
২. পুরুষের ন্যায় মহিলারাও তাবলীগ জামাতে বের হওয়াতে কোনো অসুবিধা আছে কি না?
৩. মহিলারা এভাবে বের না হয়ে নিজের স্বামী অথবা মাহরাম কোনো পুরুষের নিকট দ্বীন শিক্ষা করা বেশি উত্তম কি না? কোরআন-সুন্নাহর আলোকে সমাধান চাই।

Scanned by CamScanner

উত্তর :

১. দ্বীনের প্রয়োজনীয় মাসায়েল শিক্ষা করা নারী-পুরুষ উভয়ের জন্য জরুরি। তাই মহিলাদের জন্য ঘরে মাহরামের কাছে শিক্ষা গ্রহণ করার ব্যবস্থা না থাকলে পরিপূর্ণ পর্দা রক্ষা করে সপ্তাহে বা মাসে নিকটতম নির্দিষ্ট কোনো স্থানে একত্রিত হয়ে মহিলাদের আওয়ায মজলিসের বাইরে না যাওয়ার শর্তে দ্বীনি আলোচনা করার অবকাশ রয়েছে।

📖 صحيح البخارى (دار الحديث) ١/ ٣٨ (١٠١) : عن أبي سعيد الخدري قالت النساء للنبي صلى الله عليه وسلم: غلبنا عليك الرجال، فاجعل لنا يوما من نفسك، فوعدهن يوما لقيهن فيه، فوعظهن وأمرهن، فكان فيما قال لهن: «ما منكن امرأة تقدم ثلاثة من ولدها، إلا كان لها حجابا من النار» فقالت امرأة: واثنتين؟ فقال: «واثنتين».

📖 فتاوی محمودیہ(زکریا) ١٤ / ١١٦ : جواب—دین سیکھنا مردوں اور عورتوں سب کے ذمہ ضروری ہے، عورت کے لئے اگر ہر مکان میں ان کے شوہر، باپ، بھائی وغیرہ سکھنے کاانتظام کردیں پھر کہیں جانے کی ضرورت نہیں، لیکن جب اس کاانتظام نہ ہو توان کے اجتماع کو منع نہ کیا جائے، البتہ اس کا اہتمام کیا جائے کہ پردہ کا پورا انتظام ہو، بلا محرم کے عورتیں سفر نہ کریں تقریر میں ان کی آواز نامحرموں تک نہ پہونچے، حضرت نبی کریم صلی اللہ علیہ وسلم نے بھی عورتوں کا اجتماع فرمایا اور اس میں خود تشریف لے جاکر دین سکھایا ہے۔

২. ফুকাহায়ে কেরাম বর্তমান ফিতনার জামানায় গুরুত্বপূর্ণ ইবাদত তথা পাঞ্জেগানা ও জুমু'আর নামাযের জন্য মহিলাদের মসজিদে যাওয়াকে নাজায়েয বলেছেন। আর ইসলামী শরীয়তে দাওয়াত ও তাবলীগের কাজ মহিলাদের দায়িত্বে দেয়নি। সুতরাং তাদের জন্য তাবলীগের কাজ ফরয, ওয়াজিব, মুস্তাহাব কিছুই নয়। তাই এ কাজের জন্য মেয়েদের ব্যাপারে আল্লাহর একান্ত হুকুম وقرن فی بیوتکن "তোমরা তোমাদের ঘরেই অবস্থান করে সকল কর্মকাণ্ড সম্পাদন করো"—এই হুকুম লঙ্ঘন করে তাবলীগের নামে সফর করা শরীয়ত কর্তৃক অনুমোদিত নয়।

Scanned by CamScanner

📖 سورة الاحزاب الآية ٣٣ : ﴿وَقَرْنَ فِي بُيُوتِكُنَّ وَلَا تَبَرَّجْنَ تَبَرُّجَ الْجَاهِلِيَّةِ الْأُولَى وَأَقِمْنَ الصَّلَاةَ وَآتِينَ الزَّكَاةَ وَأَطِعْنَ اللهَ وَرَسُولَهُ إِنَّمَا يُرِيدُ اللهُ لِيُذْهِبَ عَنكُمُ الرِّجْسَ أَهْلَ الْبَيْتِ وَيُطَهِّرَكُمْ تَطْهِيرًا﴾

📖 الدرالمختار مع الرد (ايچ ايم سعيد) ١/ ٥٦٦ : (ويكره حضورهن الجماعة) ولو لجمعة وعيد ووعظ (مطلقا) ولو عجوزا ليلا (على المذهب) المفتى به لفساد الزمان.

৩. ইসলাম নারী-পুরুষ উভয়ের ওপর প্রয়োজনীয় ইলম শিক্ষা করা ফরয করে দিয়েছে। অতএব নারীরা যেহেতু পুরুষদের ন্যায় ঘর থেকে বের হয়ে যেথায় সেথায় গমন করতে পারে না, তাই তারা ঘরে বসেই স্বীয় স্বামী অথবা যেকোনো মাহরাম পুরুষের কাছ থেকে দ্বীনি শিক্ষা লাভ করবে। (১৮/৩৩৯/৭৬০০)

📖 اصلاح انقلاب امت (ادارۃ المعارف) ١/ ٢٧٢ : لڑکیوں کی تعلیم کا اسلم طریقہ : اسلم طریق لڑکیوں کے لئے یہی ہے جو زمانہ دراز سے چلا آتا ہے کہ دو دو چار چار لڑکیاں اپنے اپنے تعلقات کے موقع میں آویں اور پڑھیں اور حتی الامکان اگر ایسی استانی مل جاوے جو تنخواہ نہ لے تو تجربہ سے یہ تعلیم زیادہ بابرکت اور باا‌ثر ثابت ہوئی ہے اور بدرجہ مجبوری اس کا بھی مضائقہ نہیں اور جہاں کوئی ایسی استانی نہ ملے اپنے گھر کے مرد پڑھادیا کریں.

পর্দার মাপকাঠি ও মহিলা তাবলীগ

প্রশ্ন :

১. মেয়েদের পর্দার মাপকাঠি কী? কোরআন-হাদীসের দৃষ্টিতে একজন মহিলা পরিপূর্ণ পর্দা কিভাবে করবে? মেয়েরা ঘর থেকে বের হতে পারবে কি না এবং কিভাবে বের হবে? উল্লিখিত বিষয়াদি সম্পর্কে প্রথমে কোরআন-হাদীসের আলোকে আলোচনা করে ফুকাহায়ে কেরামের উক্তিসমূহসহ উত্তর দিতে মর্জি কামনা করছি।

Scanned by CamScanner

২. জনৈক অভিজ্ঞ মুফতী বলেন, মেয়েদের জন্য ফরয কাজের জন্য ঘর থেকে বের হওয়া ফরয এবং ওয়াজিবের জন্য ওয়াজিব এবং মুবাহের জন্য মুবাহ। এ উক্তিটি কোরআন-হাদীসের আলোকে কতটুকু সঠিক?

৩. জনৈক প্রবীণ তাবলীগওয়ালা বলেন, দ্বীনি কাজে মেয়ে-পুরুষ এক বরাবর, কোনো পার্থক্য নেই। সুতরাং পুরুষের জামাতে বের হওয়ার যেমন প্রয়োজন, তেমনি মাসতুরাতের জামাত বের হওয়াও প্রয়োজন–এ কথাটি কতটুকু সঠিক? কোরআন-হাদীসের আলোকে বিস্তারিত জানালে খুশি হব।

উত্তর :

১. মহিলাদের জন্য বিনা প্রয়োজনে বোরকা পরেও ঘর থেকে বের হওয়া নাজায়েয। তবে শরয়ী জরুরত তথা হজ পালন, মাহরাম আত্মীয়স্বজনদের সাক্ষাৎ এবং নিরুপায় হলে প্রয়োজন পূরণের লক্ষ্যে নিম্নেবর্ণিত শর্ত সাপেক্ষে বের হওয়ার অনুমতি ইসলাম দিয়েছে।

ক. মাহরাম সাথে থাকতে হবে।
খ. বড় চাদর অথবা বোরকা দিয়ে পুরো শরীর ঢেকে নেবে। রাস্তা দেখার জন্য কেবল চোখ খোলা রাখবে। প্রয়োজনে উভয় হাত-পা যথাক্রমে কবজি ও টাখনু পর্যন্ত খোলা রাখারও অবকাশ আছে।
গ. কোনো প্রকারের সুগন্ধি ব্যবহার করা যাবে না।
ঘ. হৃদয়গ্রাহী কথাবার্তা ও চালচলন পরিহার করতে হবে।
ঙ. চাদর বা বোরকা নকশা অংকিত হতে পারবে না।
চ. ফুটপাত দিয়ে হাঁটবে, মাঝ পথ দিয়ে হাঁটবে না।
ছ. কোনো প্রকার ফিতনার সম্ভাবনা থাকতে পারবে না। (১৩/৯৬/৫১৩৮)

📖 سورة الاحزاب الآية ٣٣ : ﴿وَقَرْنَ فِي بُيُوتِكُنَّ وَلَا تَبَرَّجْنَ تَبَرُّجَ الْجَاهِلِيَّةِ الْأُولَى وَأَقِمْنَ الصَّلَاةَ وَآتِينَ الزَّكَاةَ وَأَطِعْنَ اللهَ وَرَسُولَهُ إِنَّمَا يُرِيدُ اللهُ لِيُذْهِبَ عَنكُمُ الرِّجْسَ أَهْلَ الْبَيْتِ وَيُطَهِّرَكُمْ تَطْهِيرًا﴾

📖 سورة الاحزاب الآية ٣٢ : ﴿يَانِسَاءَ النَّبِيِّ لَسْتُنَّ كَأَحَدٍ مِنَ النِّسَاءِ إِنِ اتَّقَيْتُنَّ فَلَا تَخْضَعْنَ بِالْقَوْلِ فَيَطْمَعَ الَّذِي فِي قَلْبِهِ مَرَضٌ وَقُلْنَ قَوْلًا مَعْرُوفًا﴾

Scanned by CamScanner

📖 سورة الاحزاب الآية ٥٩ : ﴿يَاأَيُّهَا النَّبِيُّ قُلْ لِأَزْوَاجِكَ وَبَنَاتِكَ وَنِسَاءِ الْمُؤْمِنِينَ يُدْنِينَ عَلَيْهِنَّ مِنْ جَلَابِيبِهِنَّ ذَلِكَ أَدْنَى أَنْ يُعْرَفْنَ فَلَا يُؤْذَيْنَ وَكَانَ اللهُ غَفُورًا رَحِيمًا﴾

📖 سورة الاحزاب الآية ٥٣ : ﴿وَإِذَا سَأَلْتُمُوهُنَّ مَتَاعًا فَاسْأَلُوهُنَّ مِنْ وَرَاءِ حِجَابٍ﴾

📖 سورة النور الآية ٣١ : ﴿وَقُلْ لِلْمُؤْمِنَاتِ يَغْضُضْنَ مِنْ أَبْصَارِهِنَّ وَيَحْفَظْنَ فُرُوجَهُنَّ وَلَا يُبْدِينَ زِينَتَهُنَّ إِلَّا مَا ظَهَرَ مِنْهَا وَلْيَضْرِبْنَ بِخُمُرِهِنَّ عَلَى جُيُوبِهِنَّ وَلَا يُبْدِينَ زِينَتَهُنَّ إِلَّا لِبُعُولَتِهِنَّ﴾ الخ.

📖 سنن الترمذی (دار الحديث) ٣ / ٣١٠ (١١٧٣) : عن عبد الله، عن النبي صلى الله عليه وسلم، قال: «المرأة عورة، فإذا خرجت استشرفها الشيطان».

📖 الدر المختار مع الرد (ایچ ایم سعید) ٦ / ٣٧٠ : (فإن خاف الشهوة أو شك (امتنع نظره إلى وجهها) فحل النظر مقيد بعدم الشهوة وإلا فحرام وهذا في زمانهم، وأما في زماننا فمنع من الشابة قهستاني وغيره (إلا) النظر لا المس (لحاجة) كقاض وشاهد يحكم (ويشهد عليها).

📖 ردالمحتار (ایچ ایم سعید) ٦/ ٣٧٠ : (قوله وأما في زماننا فمنع من الشابة) لا لأنه عورة بل لخوف الفتنة.

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ٨ / ٩٢ : پردہ کے بارے میں شرعی حکم یہ ہے کہ اگر عورت کو گھر سے باہر جانے کی ضرورت پیش آئے تو بڑی چادر یا برقع سے اپنے پورے بدن کو ڈھانپ کر نکلے اور صرف راستہ دیکھنے کیلئے آنکھ کھلی رہے۔

২. উক্ত মুফতী সাহেবের উক্তিটি সঠিক নয়। মহিলাদের জন্য একান্ত শরয়ী প্রয়োজনে বের হওয়ার ওপরও যেখানে শর্তারোপ করা হয়, সেখানে এমন উক্তিকে কোনো ক্রমেই শরীয়তসম্মত বলা যায় না।

Scanned by CamScanner

📖 احكام القرآن للمفتی شفیع (ادارۃالقرآن) ٣/ ٤١٦ : ﴿يَأَيُّهَا النَّبِيُّ قُلْ لِأَزْوَاجِكَ وَبَنَاتِكَ وَنِسَاءِ الْمُؤْمِنِينَ يُدْنِينَ عَلَيْهِنَّ مِنْ جَلَابِيبِهِنَّ﴾ دلت الآية على مسائل :

الاول: وجوب التجليب أو البرقع للنساء بحيث يستر جميع البدن اذا مست الحاجة الى الخروج من البيت-

الثانية: وجوب ستر الوجه للنساء اذا خيف الفتنة،...

الثالثة: جواز الخروج من البيت للنساء عند الضرورات الطبعية أو الشرعية كما دلت عليه إشارة الكتاب والآثار الواردة فيه -

৩. প্রশ্নে বর্ণিত তাবলীগী ব্যক্তির বক্তব্য সঠিক নয়। কারণ তাবলীগ কিংবা অন্য যেকোনো উদ্দেশ্যে মহিলাদের শরয়ী সফরের অনুমতি নেই।

📖 البناية (دارالفكر) ٢/ ٤٢٠ : أما في زماننا فيكره خروج النساء إلى الجماعة لغلبة الفسق والفساد، فإذا كره خروجهن للصلاة فلأن يكره حضورهن مجالس العلم.

📖 فتاوی محمودیہ (زکریا) ١٢/ ٢٤٧ : تبلیغ یا کسی بھی مقصد کیلئے عورت کو شرعی سفر کی اجازت نہیں۔

আল্লাহর রাস্তায় খরচ ও আমলের ফজীলত

প্রশ্ন : অনেকেই বলে থাকেন যে আল্লাহর রাস্তায় বের হয়ে যদি কোনো ব্যক্তি স্বীয় প্রয়োজনে একটি টাকা খরচ করে তাহলে এক টাকার বদৌলতে তার আমলনামায় সাত লক্ষ টাকার সাওয়াব লেখা হয়। আরো বলেন যে একটি ইবাদত করলে নাকি ৪৯ কোটি ইবাদতের সাওয়াব লেখা হয়। কোরআন-হাদীসে কথাগুলোর প্রমাণ আছে কি?

উত্তর : মুজাহিদদের আমল ও ব্যয় করার মধ্যে সাওয়াবের পরিমাণ অনেক গুণ বেশি হয়ে প্রশ্নে বর্ণিত সাওয়াবের সংখ্যায় পৌঁছার কথা সুস্পষ্ট হাদীসে বর্ণিত হয়েছে। আর তাবলীগে দ্বীনের উদ্দেশ্যে ঘর থেকে বের হওয়া আল্লাহর রাস্তায় জিহাদ করার শামিল। (৬/২৩৮/১১৭৭)

Scanned by CamScanner

📖سورة البقرة الآية ٢٦١ : ﴿مَثَلُ الَّذِينَ يُنْفِقُونَ أَمْوَالَهُمْ فِي سَبِيلِ اللَّهِ كَمَثَلِ حَبَّةٍ أَنْبَتَتْ سَبْعَ سَنَابِلَ فِي كُلِّ سُنْبُلَةٍ مِائَةُ حَبَّةٍ وَاللَّهُ يُضَاعِفُ لِمَنْ يَشَاءُ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ﴾

📖سنن أبي داود(دارالحديث ١/ ١٠٨٠ (٢٤٩٨) : عن سهل بن معاذ، عن أبيه، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «إن الصلاة والصيام والذكر تضاعف على النفقة في سبيل الله بسبع مائة ضعف» -

📖سنن ابن ماجه (دار إحياء الكتب) ٢/ ٩٢٢ (٢٧٦١) : عن علي بن أبي طالب، وأبي الدرداء، وأبي هريرة، وأبي أمامة الباهلي، وعبد الله بن عمر، وعبد الله بن عمرو، وجابر بن عبد الله، وعمران بن الحصين كلهم يحدث، عن رسول الله صلى الله عليه وسلم أنه قال: «من أرسل بنفقة في سبيل الله وأقام في بيته، فله بكل درهم سبعمائة درهم، ومن غزا بنفسه في سبيل الله، وأنفق في وجه ذلك، فله بكل درهم سبعمائة ألف درهم» ، ثم تلا هذه الآية: {والله يضاعف لمن يشاء}

📖صحيح ابن حبان ١٠ / ٤٦٣ (٤٦٠٣) : عن أبي هريرة أنه كان في الرباط، ففزعوا إلى الساحل، ثم قيل: لا بأس، فانصرف الناس وأبو هريرة واقف، فمر به إنسان فقال: ما يوقفك يا أبا هريرة، فقال: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: "موقف ساعة في سبيل الله خير من قيام ليلة القدر عند الحجر الأسود".

📖تفسير روح المعانى (دار الحديث) ٢ / ٤٣ : "مثل الذين ينفقون أموالهم في سبيل الله" أي في وجوه الخيرات الشاملة للجهاد وغيره، وقيل: المراد الإنفاق في الجهاد لأنه الذي يضاعف هذه الأضعاف، وأما الإنفاق في غيره فلا يضاعف كذلك.

Scanned by CamScanner

ঘরে মহিলাদের তা'লীমের পদ্ধতি

প্রশ্ন : ঘরের মধ্যে বিভিন্ন স্থানের মহিলারা একত্রিত হয়ে তা'লীম করা কেমন? এবং কোন ধরনের কিতাব কোন পদ্ধতিতে তা'লীম করবে?

উত্তর : পুরুষদের ন্যায় মহিলাদের ওপরও দ্বীনের জরুরি মাসআলাগুলো শেখা এবং তার ওপর আমল করা ফরয। নিজ বাড়িতে দ্বীনি মাসআলাগুলো শেখার ব্যবস্থা করা পর্যায়ক্রমে পিতা, ভাই ও স্বামীর একান্ত কর্তব্য। যদি এ রকম সুব্যবস্থা বাড়িতে না থাকে তাহলে প্রশ্নে বর্ণিত পদ্ধতিতে দ্বীনি তা'লীমের অনুমতি শরীয়তে রয়েছে। তবে পর্দার বিধান রক্ষা করা ও দূরত্বভেদে মাহরাম পুরুষের মাধ্যমে যাতায়াত করা জরুরি।

তা'লীমের পদ্ধতির ব্যাপারে যথাসম্ভব প্রথমে কোরআন তেলাওয়াত সহীহ-শুদ্ধ করার চেষ্টা করতে হবে। পরে হাকীমুল উম্মত মাও. আশরাফ আলী থানভী (রহ.)-এর রচিত 'বেহেস্তী জেওর' বা আরিফবিল্লাহ আব্দুল হাই (রহ.)-এর 'আহকামে জিন্দেগী' থেকে জরুরি মাসায়েলগুলো দৈনিক পর্যাপ্ত পরিমাণ তা'লীম দিলে যথেষ্ট হবে। এ ছাড়া কোনো অভিজ্ঞ উলামায়ে কেরামের পরামর্শক্রমে অন্যান্য কিতাবও তা'লীম করা যেতে পারে। (১০/৪৫)

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۴ / ۱۱٦ : جواب—دین سیکھنا مردوں اور عورتوں سب کے ذمہ ضروری ہے، عورت کے لئے اگر ہر مکان میں ان کے شوہر، باپ، بھائی وغیرہ سیکھنے کا انتظام کردیں پھر کہیں جانے کی ضرورت نہیں، لیکن جب اس کا انتظام نہ ہو تو ان کے اجتماع کو منع نہ کیا جائے، البتہ اس کا اہتمام کیا جائے کہ پردہ کا پورا انتظام ہو، بلا محرم کے عورتیں سفر نہ کریں تقریر میں ان کی آواز نامحرموں تک نہ پہونچے، حضرت نبی کریم صلی اللہ علیہ وسلم نے بھی عورتوں کا اجتماع فرمایا اور اس میں خود تشریف لے جا کر دین سکھایا ہے۔

তা'লীম শুনতে যাতায়াত পথে পরপুরুষের সাথে কথা বলা

প্রশ্ন : ঢাকা শহরে বাসা। বাসা থেকে মাত্র দুই মাইল দূরে এক বাসায় সাপ্তাহিক মাসতুরাতের (তাবলীগের) বয়ান হয় এবং বয়ানের দ্বারা মহিলাদের বেশ ফায়দাও হয়। বাসা থেকে এই দুই মাইল পথ রিকশা ভাড়া করার সময় রিকশাওয়ালার সাথে কথা

Scanned by CamScanner

বলতে হয় (বাসায় পুরুষ লোকের অভাবের কারণে)। মাসতুরাতের বয়ান শেষ হলে বাসায় ফিরে আসার জন্য আবার রিকশা ভাড়া করতে রিকশাওয়ালার সাথে কথা বলার প্রয়োজন হয়ে পড়ে। যেহেতু সাথে কোনো পুরুষ লোক থাকে না, রিকশাওয়ালার সাথে কথা বলাটা শরীয়তে কতটুকু গ্রহণযোগ্য?

উত্তর : শরীয়তের প্রয়োজনীয় মাসায়েল পুরুষদের ন্যায় মহিলাদেরও জানা জরুরি। তবে তার সঠিক পদ্ধতি হচ্ছে, মাহরাম পুরুষ তাদেরকে শিক্ষা দেবেন। যদি মাহরাম পুরুষ শরীয়তের মাসায়েল সম্পর্কে জ্ঞাত না হন, তাহলে তাঁরা বিজ্ঞ উলামায়ে কেরাম থেকে শিখে মহিলাদেরকে শিক্ষা দেবেন। নতুবা মাসায়েল সম্পর্কে জ্ঞাত মহিলাদের থেকে শিখে নেবে। বর্তমানে ফিতনা-ফ্যাসাদের প্রবল আশংকার কারণে মাসতুরাতের তাবলীগী বয়ানে মহিলারা মাহরাম পুরুষ ছাড়া যাবে না। মাসতুরাতের তাবলীগী বয়ানে যাওয়া এমন জরুরি বিষয় নয়, যার জন্য পরপুরুষের সাথে কথাবার্তা বলার অনুমতি দেওয়া হবে। (৪/৮৭/৫৯৪)

📖 جامع الترمذى (دار الحديث) ٣ / ٣١٠ (١١٧٣) : عن عبد الله، عن النبي صلى الله عليه وسلم، قال: «المرأة عورة، فإذا خرجت استشرفها الشيطان».

📖 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ١/ ٨٣ : (ويكره حضورهن الجماعة) ولو لجمعة وعيد ووعظ (مطلقا) ولو عجوزا ليلا (على المذهب) المفتى به لفساد الزمان.

📖 کفایت المفتی (امدادیہ) ٥/ ٤٠٢ : وعظ کی مجلس میں عورتوں کو جانا ہی جائز نہیں پس ایسی مجلس سے روکنے کا حق خاوند کو بدرجۂ اولی حاصل ہوگا، کیونکہ خاوند کو فقہائے کرام کی تصریحات کے بموجب یہ حق حاصل ہے کہ ضروری مسائل دریافت کرنے کے لئے بھی عورت کو باہر نہ جانے دے، بشرطیکہ خود علماء سے دریافت کرکے اسے بتا دیا کرے۔

Scanned by CamScanner

দাওয়াতের নামে নারীদের সংঘবদ্ধ জামাত

প্রশ্ন : যেহেতু মহিলাদের ইসলামী শিক্ষার তেমন ব্যবস্থা নেই। তাই আমরা কতিপয় ছাত্রী দাওয়াতে তাবলীগের নামে একটি জামাত তৈরি করি। যার কাজ হলো, এলাকার মেয়েদেরকে দ্বীনের প্রতি উদ্বুদ্ধ করা এবং দ্বীনি মাসায়েল ও তা'লীম শিক্ষা দেওয়া ও নেওয়া। আমাদের কাজের জন্য প্রয়োজনে বাইরের এলাকায় যেতে হয়। কিন্তু দুঃখের বিষয় হলো, এলাকার কিছু লোক বলে থাকেন যে বর্তমান রাস্তাঘাট অনিরাপদ হওয়ায় মহিলাদের জন্য বাইরে বের হওয়া জায়েয নেই। অথচ আমরা রাস্তায় চলতে শরয়ী পর্দার হেফাজত করে থাকি। কিন্তু এসব ফতওয়া শুনে আমরা যেমন মনোবল হারাতে বসেছি, তেমনিভাবে আমাদের জামাতের সংঘবদ্ধতা ভাঙতে শুরু করেছে। এমন পরিস্থিতিতে আমরা কী করতে পারি? আবার ভয় হয়, হাদীস শরীফে আছে, "প্রত্যেক মুসলিম ও মুসলিমার প্রতি ইলম শিক্ষা করা ফরয"। তাই শরীয়তের দৃষ্টিতে সঠিক সমাধানদানে বাধিত করবেন।

উত্তর : ইসলামী শিক্ষা ও সংস্কৃতি অর্জন করা মূলত সকল নর-নারীর ওপর ফরয হলেও মহিলাদের জন্য শুধুমাত্র এতটুকু ফরয, যার দ্বারা সে ইসলামী মূলনীতির অনুসরণ করে দ্বীনি পরিবার গঠনের দায়িত্ব পালনে সক্ষম হয়। এতটুকু শিক্ষার ব্যবস্থা করা মা-বাবা, স্বামী প্রমুখের কর্তব্য। তাই এ ধরনের শিক্ষা-সংস্কৃতি ও দাওয়াত মহিলাদের মৌলিক দায়িত্ব না হলেও শরয়ী বিধিবিধান রক্ষা করে এ ধরনের কাজ করা ভালো। তবে এর জন্য মাহরাম পুরুষ ব্যতীত বাইরে সফর করা বা এমন কোনো ইজতিমার আয়োজন করা, যাতে ফিতনার আশংকা থাকে তা জায়েয নেই। হ্যাঁ, নিকটতম এলাকাতে পার্শ্ববর্তী মহিলাদের শরয়ী পর্দার সাথে একত্রিত হয়ে কিছু তা'লীমের ব্যবস্থা করা এবং বাইরের এলাকাতে মাহরামের সাথে শরয়ী বিধান মতে সফর করার অনুমতি রয়েছে।

অতএব আপনাদের ইসলামী শিক্ষা ও সংস্কৃতির প্রতি একান্ত আগ্রহ ও তার মেহনত বড় আনন্দের বিষয়। কোনো ধরনের ফিতনার আশংকা না থাকলে শরয়ী বিধানমতো এলাকায় মাঝে-মধ্যে মাহরাম পুরুষের তত্ত্বাবধানে জমায়েত হওয়া জরুরি। (৪/১১৫/৬০২)

📖 الدر المختار (ايج ايم سعيد) ٣ / ٦٠٤ : وفي البحر: له منعها ... ... ومن مجلس العلم إلا لنازلة امتنع زوجها من سؤالها.... فإن لم تقع لها نازلة، وأرادت الخروج لتعلم مسائل الوضوء والصلاة، إن كان الزوج يحفظ ذلك ويعلمها له منعها، وإلا فالأولى أن يأذن لها أحيانا بحر.

Scanned by CamScanner

📖 البحر الرائق (ايج ايم سعيد) ٢ / ٣١٤ : (قوله: ومحرم أو زوج لامرأة في سفر) أي وبشرط محرم إلى آخره لما في الصحيحين «لا تسافر امرأة ثلاثا إلا ومعها محرم». وزاد مسلم في رواية «أو زوج» . وروى البزار «لا تحج امرأة إلا ومعها محرم فقال رجل يا رسول الله إني كتبت في غزوة وامرأتي حاجة قال ارجع فحج معها» فأفاد هذا كله أن النسوة الثقات لا تكفي قياسا على المهاجرة والمأسورة.

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۴/ ۱۱۶ : جواب—دین سیکھنا مردوں اور عورتوں سب کے ذمہ ضروری ہے، عورت کے لئے اگر ہر مکان میں ان کے شوہر، باپ، بھائی وغیرہ سیکھنے کا انتظام کردیں پھر کہیں جانے کی ضرورت نہیں، لیکن جب اس کا انتظام نہ ہو توان کے اجتماع کو منع نہ کیا جائے، البتہ اس کا اہتمام کیا جائے کہ پردہ کا پورا انتظام ہو، بلا محرم کے عورتیں سفر نہ کریں تقریر میں ان کی آواز نامحرموں تک نہ پہونچے، حضرت نبی کریم صلی اللہ علیہ وسلم نے بھی عورتوں کا اجتماع فرمایا اور اس میں خود تشریف لے جاکر دین سکھایا ہے۔

নারীদের তাবলীগে সময় লাগানো

প্রশ্ন : আমি একজন বয়স্কা মহিলা। ২ ছেলে ২ মেয়ের জননী। সবারই বয়স ২৫-এর উর্ধ্বে। আমি স্থানীয় মহিলা তাবলীগের সাথে জড়িত। নিয়মিত তা'লীমে অংশ নিই তবে এখন পর্যন্ত সময় লাগানোর জন্য বাইরে যাইনি। আমাদের আমির সাহেব আমাকে সময় লাগানোর জন্য বলছেন, কিন্তু বাইরে সময় লাগানোর জন্য যাওয়া উচিত হবে কি না, দ্বিধাদ্বন্দ্বে ভুগছি। যদিও অনেক মহিলাই বর্তমানে দেশব্যাপী সফর করছেন। এমতাবস্থায় শরীয়তের দৃষ্টিতে আমার তাবলীগ করার জন্য দেশের প্রত্যন্ত অঞ্চলে যাওয়া উচিত হবে কি না এবং গেলে কিভাবে যেতে হবে?

উত্তর : ইসলামী শিক্ষা অর্জন করা মহিলাদের জন্য শুধুমাত্র এতটুকু ফরয, যার দ্বারা সে ইসলামী মূলনীতির অনুসরণ করে দ্বীনি পরিবার গঠনের দায়িত্ব পালনে সক্ষম হয়। এতটুকু শিক্ষার ব্যবস্থা করা মা, বাবা, স্বামী প্রমুখের কর্তব্য। এ ধরনের শিক্ষা প্রচারে আত্মনিয়োগ করা মহিলাদের মৌলিক দায়িত্ব না হলেও শরয়ী বিধিবিধান রক্ষা করে এ ধরনের কাজ করা ভালো। তবে এর জন্য মাহরাম পুরুষ ব্যতীত বাইরে সফর করা বা

Scanned by CamScanner

এমন কোনো ইজতেমায় অংশগ্রহণ করা, যাতে ফিতনার আশংকা থাকে তা জায়েয নেই। হ্যাঁ, নিজ এলাকায় মাহরাম পুরুষের তত্ত্বাবধানে প্রতিবেশী মহিলাদের একত্রিত হয়ে কিছু তা'লীমের ব্যবস্থা করা এবং বাইরের এলাকাতে মাহরাম পুরুষের সাথে শরয়ী বিধান রক্ষা করে সফর করার অনুমতি রয়েছে। (৬/১০১/১১০৭)

📖 صحيح مسلم (دار الغد الجديد) ٩/ ٨٩ (١٣٣٨) : عن ابن عمر، أن رسول الله صلى الله عليه وسلم قال: «لا تسافر المرأة ثلاثا، إلا ومعها ذو محرم»-

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۴ / ۱۱۲ : جواب—دین سیکھنا مردوں اور عورتوں سب کے ذمہ ضروری ہے، عورت کے لئے اگر ہر مکان میں ان کے شوہر، باپ، بھائی وغیرہ سیکھنے کا انتظام کر دیں پھر کہیں جانے کی ضرورت نہیں، لیکن جب اس کا انتظام نہ ہو تو ان کے اجتماع کو منع نہ کیا جائے، البتہ اس کا اہتمام کیا جائے کہ پردہ کا پورا انتظام ہو، بلا محرم کے عورتیں سفر نہ کریں تقریر میں ان کی آواز نامحرموں تک نہ پہونچے، حضرت نبی کریم صلی اللہ علیہ وسلم نے بھی عورتوں کا اجتماع فرمایا اور اس میں خود تشریف لے جا کر دین سکھایا ہے۔

তা'লীম ও মাহফিলের জন্য নারীদের দূর-দূরান্তে গমন করা

প্রশ্ন : জনৈক মহিলা নিজ গ্রামে (স্বামীর গ্রাম) এবং দূর-দূরান্তে অন্যান্য গ্রামে গিয়ে মহিলাদেরকে ডেকে নিয়ে অথবা তাদেরকে নির্দিষ্ট সময়ে জমায়েত হওয়ার কথা বলে তা'লীমের নাম দিয়ে সুরেলা কণ্ঠে বিভিন্ন ধরনের গজল, কিছু মাস'আলা বা ফাজায়েলসম্বলিত কিছু কথাবার্তা শুনিয়ে তাদেরকে নিয়ে উচ্চস্বরে দু'আ করে থাকে। যদি কেউ কোনো ধরনের হাদিয়া দেয় তাও গ্রহণ করে, আবার অনেক সময় গায়রে মাহরাম পুরুষের সাথেও কথা বলে। উল্লেখ্য যে বিভিন্ন গ্রামে যাতায়াত করতে তার সাথে কোনো মাহরাম পুরুষ থাকে না এবং কোনো সময়ে ওই স্থানে রাত্রি যাপন করে থাকে। এমনকি দূর-দূরান্ত গ্রামগুলোতে একাধারে ৩-৪ দিন বা ততোধিক সময় প্রোগ্রাম শেষ করে বাড়িতে ফিরে। ইদানীং ওই মহিলা এগুলোকে মাহফিল নামে আখ্যায়িত করছে। মাননীয় মুফতী সাহেবের নিকট প্রশ্ন :

(১) উক্ত মহিলার জন্য এভাবে তা'লীম বা মাহফিল করা এবং তার জন্য এভাবে যাতায়াত করা বৈধ আছে কি না?

Scanned by CamScanner

(২) মহিলাদের জন্য তা'লীম বা মাহফিল করা এবং তা শোনার শরয়ী কোনো পদ্ধতি আছে কি না?

উত্তর : (১) দ্বীন প্রচারের নামে প্রশ্নে বর্ণিত পদ্ধতি সম্পূর্ণ শরীয়তবিরোধী ইসলামের স্বর্ণযুগে এ ধরনের পদ্ধতিতে দ্বীনের প্রচার হয়নি। তাই দ্বীন প্রচারের নামে কেউ উক্ত পদ্ধতি অবলম্বন করলে স্থানীয় মুসলমান ও ওই এলাকার উলামায়ে কেরামের মাধ্যমে জনসাধারণকে সতর্ক করে দেওয়া একান্ত জরুরি। (১৬/৪৪৩/৬৫৯২)

📖 تفسير روح المعانى (دار الحديث) ١١ /٢٤٨ : وقرأ ابن أبي عبلة «واقررن» أمرهن رضي الله تعالى عنهن بملازمة البيوت وهو أمر مطلوب من سائر النساء. أخرج الترمذي والبزار عن ابن مسعود عن النبي صلّى الله عليه وسلم قال: «إن المرأة عورة فإذا خرجت من بيتها استشرفها الشيطان وأقرب ما تكون من رحمة ربها وهي في قعر بيتها» وما يجوز من الخروج كالخروج للحج وزيارة الوالدين وعيادة المرضى، وتعزية الأموات من الأقارب ونحو ذلك، فإنما يجوز بشروط مذكورة في محلها -

📖 سنن ابى داود (دار الحديث) ١/ ٢٧٥ (٥٧٠): عن عبد الله، عن النبي صلى الله عليه وسلم، قال: «صلاة المرأة في بيتها أفضل من صلاتها في حجرتها، وصلاتها في مخدعها أفضل من صلاتها في بيتها» -

📖 الدرالمختار مع الرد (ايچ ايم سعيد) ١ /٥٦٦ :(ويكره حضورهن الجماعة) ولو لجمعة وعيد ووعظ (مطلقا) ولو عجوزا ليلا (على المذهب) المفتى به لفساد الزمان... ... (قوله ولو عجوزا ليلا) بيان للإطلاق: أي شابة أو عجوزا نهارا أو ليلا (قوله على المذهب المفتى به) أي مذهب المتأخرين.

(২) মহিলাদের ঘরে রেখেই দ্বীনের জরুরি জ্ঞান শিক্ষাদানের ব্যবস্থা করা পুরুষের কর্তব্য। তথাপি ঘরে ব্যবস্থা না হলে প্রয়োজনে ঘরের বাইরে যেতে হলে শরীয়তের দিকনির্দেশনা মেনে যেতে পারবে। সে ক্ষেত্রে মহিলারা কাছাকাছি কোনো স্থানে

Scanned by CamScanner

জমায়েত হতে পারে এবং পর্দার আড়াল থেকে কোনো বিজ্ঞ আলেমে দ্বীন তাদেরকে জরুরি বিষয়াদি শিক্ষা দিতে পারেন। অথবা কোনো দ্বীনদার মহিলা যদি থাকেন তাঁর ঘরে গিয়েও অন্য মহিলারা শিক্ষা গ্রহণ করতে পারে আর সে ক্ষেত্রে অবশ্যই আওয়াজের পর্দা করতে হবে। বাইরে কোথাও রাত্রি যাপন এবং মাহরাম ছাড়া দূর-দূরান্তে যাওয়া যাবে না। কাছাকাছি যাওয়ার ক্ষেত্রেও মাহরাম সাথে থাকা উত্তম।

📖 البحر الرائق(ايچ ايم سعيد) ٤/ ١٩٥ : أن تخرج إلى مجلس العلم بغير رضا الزوج ليس لها ذلك فإن وقعت لها نازلة إن سأل الزوج من العالم أو أخبرها بذلك لا يسعها الخروج وإن امتنع من السؤال يسعها من غير رضا الزوج وإن لم تقع لها نازلة لكن أرادت أن تخرج إلى مجلس العلم لتتعلم مسألة من مسائل الوضوء والصلاة فإن كان الزوج يحفظ المسائل ويذكر عندها فله أن يمنعها وإن كان لا يحفظ فالأولى أن يأذن لها أحيانا وإن لم يأذن فلا شيء عليه ولا يسعها الخروج ما لم يقع لها نازلة.

📖 الدر المختار (ايچ ايم سعيد) ١/ ٤٠٦ : فظهر الكف عورة على المذهب (والقدمين) على المعتمد، وصوتها على الراجح-

📖 رد المحتار (ايچ ايم سعيد) ١/ ٤٠٦ : (قوله على الراجح) ... ... نغمة المرأة عورة، وتعلمها القرآن من المرأة أحب. قال - عليه الصلاة والسلام - «التسبيح للرجال، والتصفيق للنساء» فلا يحسن أن يسمعها الرجل. اهـ وفي الكافي: ولا تلبي جهرا لأن صوتها عورة.

নারীদের মাসতুরাত জামাত থেকে বিরত রাখতে হবে

প্রশ্ন : বর্তমানে প্রচলিত পদ্ধতিতে, অর্থাৎ স্বামীকে সঙ্গে নিয়ে তিন দিনের জন্য অন্যত্র তাবলীগে যাওয়া বৈধ কি? প্রকাশ থাকে যে তাবলীগী কিছু সাথী এ কথা বলেন যে মাও. জুবায়ের সাহেবসহ অনেক তাবলীগী মুরব্বিও উক্ত কাজ বৈধ মনে করেন। জানার বিষয় হলো, আমরা আমাদের মা-বোনদেরকে উক্ত কাজের প্রতি উৎসাহিত করব, নাকি বিরত রাখব? বিস্তারিতভাবে জানালে খুব উপকৃত হব।

Scanned by CamScanner

উত্তর : শরীয়ত কর্তৃক দাওয়াত ও তাবলীগের দায়িত্ব বস্তুত পুরুষের ওপর ন্যস্ত করা হয়েছে, মহিলাদের ওপর নয়। তাই বর্তমান ফিতনার যুগে মহিলাদের তাবলীগের নিয়্যাতে ঘর থেকে বের হওয়ার ব্যাপারে উলামায়ে কেরামের মতামতে ভিন্নতা দেখা দিয়েছে। বহুসংখ্যক মুহাক্কিক উলামার দৃষ্টিতে এ ফিতনার যুগে তাবলীগের নামে মহিলাদেরকে ঘর হতে বের করা মেজাজে শরীয়তের বহির্ভূত হওয়ায় গর্হিত কাজ বলে ফতওয়া দিয়ে থাকেন। সুতরাং মহিলাদেরকে তাবলীগে উৎসাহিত করা শরীয়তসম্মত হবে না, বরং মহিলাদের এ কাজ থেকে বিরত রাখাই জরুরি। (১৭/৫/৬৯১১)

📖 سورة الاحزاب الآية ٣٣ : ﴿وَقَرْنَ فِي بُيُوتِكُنَّ وَلَا تَبَرَّجْنَ تَبَرُّجَ الْجَاهِلِيَّةِ الْأُولَى وَأَقِمْنَ الصَّلَاةَ وَآتِينَ الزَّكَاةَ وَأَطِعْنَ اللَّهَ وَرَسُولَهُ إِنَّمَا يُرِيدُ اللَّهُ لِيُذْهِبَ عَنكُمُ الرِّجْسَ أَهْلَ الْبَيْتِ وَيُطَهِّرَكُمْ تَطْهِيرًا﴾

📖 سنن الترمذى (دار الحديث) ٣ / ٣١٠ (١١٧٣) :عن عبد الله، عن النبي صلى الله عليه وسلم، قال: «المرأة عورة، فإذا خرجت استشرفها الشيطان» -

📖 احسن الفتاوی(ایچ ایم سعید) ٨ /٥٥ : الجواب- عورتوں کا گھروں سے نکلنا بہت بڑا فتنہ ہے اسلئے فقہاء کرام نے اس پر بہت سخت پابندی لگائی ہے اور دینی کاموں کے لئے بھی عورتوں کے نکلنے کو بالاتفاق حرام ہے

দেশ-বিদেশে মাসতুরাতের জামাত পাঠানো শরীয়তসম্মত নয়

প্রশ্ন : তাবলীগ জামাতের অধীনে কাকরাইল থেকে যে সমস্ত মাসতুরাতসহ জামাত বের হয়, সে সমস্ত জামাতে বের হওয়া জায়েয কি না?

উত্তর : দাওয়াত ও তাবলীগের জন্য মহিলাদের জামাত করে দেশ-বিদেশে যাওয়া নিষিদ্ধ। (১৫/১৮১/৫৯৮১)

Scanned by CamScanner

📖 الكفاية مع فتح القدير(مكتبه حبيبيه) ١ /٣١٨ : والفتوى اليوم على الكراهة فى الصلاة كلها لظهور الفساد فمتى كره حضور المسجد للصلاة لان يكره حضور مجالس العلم-

📖 منحة الخالق مع البحر (دار الكتب العلمية) ١/ ٦٢٨ : وإذا منعت حضور الجماعة فمنعها عن حضور الوعظ و الاستسقاء اولى-

দুই ধরনের মহিলা তাবলীগের হুকুম

প্রশ্ন : আমাদের দেশে দুই ধরনের মহিলা তাবলীগ প্রচলিত আছে :

(ক) 'চার সাথীর কাজ', যার সাথে দেশের তাবলীগী মারকাজগুলোর কোনো সম্পর্ক নেই। বরং শুধুমাত্র মুষ্টিমেয় কিছু লোকের ব্যক্তিগত উদ্যোগ ও পরামর্শে পরিচালিত হয়, শুধু মহিলারাই এ কাজ করে থাকে। মহিলারাই বাড়ি বাড়ি গিয়ে দ্বীনের কথা বোঝায়, বয়ান করে ও তাশকীল করে। এ জামাতের মোকামী কাজের জন্য বিভিন্ন জায়গায় তা'লীমের ঘর নির্মাণ করা হয়, যাতে সর্বপ্রকার চাঁদা যাকাত ও কোরবানীর চামড়ার মূল্য ব্যয় করা হয়। সপ্তাহে নির্দিষ্ট দিনে মহিলারা ওই ঘরে একত্রিত হয়ে বয়ান ও তা'লীমে অংশগ্রহণ করে। এ ক্ষেত্রেও পুরুষদের সাথে কোনো যোগাযোগ থাকে না। বরং তা'লীমে আসতে স্বামী বা অন্য কারো পক্ষ থেকে বাধাপ্রাপ্ত হলে মিথ্যার আশ্রয় নেওয়াকেও জায়েয মনে করা হয়। তিন দিন, দশ দিন ও চিল্লার জামাত বের করার ক্ষেত্রে ও তাদের সাথে মাহরাম হিসেবে ভিন্ন পুরুষ সাথে দেওয়া হয়, তারা এলাকায় গিয়ে কোনো বাড়ি বা তা'লীমের ঘরে অবস্থান করে তাদের কাজ পরিচালনা করে থাকে।

(খ) মাসতুরাতের জামাত, যা কেন্দ্রীয় মারকাজ কাকরাইল মসজিদের পক্ষ থেকে পরিচালিত হয় এবং বিশ্বের বিভিন্ন দেশে এ কাজ পরিচালিত হয় দিল্লির মারকাজের পরামর্শে, যাতে শরয়ী আহকামের প্রতি কঠোর দৃষ্টি রাখা হয়।

প্রশ্ন হচ্ছে, উভয় জামাতের ব্যাপারে শরয়ী হুকুম কী? যদি মাসতুরাতের কাজ শরীয়তসম্মত না হয় তাহলে এ কাজকে বাধা দেওয়া ও বন্ধ করা যাবে কি না? এ ব্যাপারে বিস্তারিত জানালে কৃতজ্ঞ হব।

উত্তর : মহিলাদের ইবাদত-বন্দেগী, তা'লীম ও তাবলীগ–সব কিছু তাদের ওপর ফরযকৃত পর্দার বিধান মান্য করে করা জরুরি। পর্দার বিধান লঙ্ঘন করে কোনো ভালো

Scanned by CamScanner

কাজ করার অনুমতি মহিলাদের জন্য নেই। কোরআনে কারীমের সাতটি আয়াত ও সত্তরটি হাদীসে নির্দেশিত পর্দা এটাই বোঝায় যে মহিলাদের শরীরের কোনো অঙ্গ বা আকৃতি বোরকা পরিহিতা অবস্থায়ও বেগানা পুরুষের চোখে না পড়ে—এমনভাবে থাকা এটাই আসল পর্দা, যা শরীয়তে কাম্য। মুবাহ বা মুস্তাহাব কাজের খাতিরে এ পর্দা লঙ্ঘনের অনুমতি শরীয়তে নেই। অত্যন্ত অপারগতা অর্থাৎ ফরয-ওয়াজিব স্তরের কাজের জন্যই একমাত্র বোরকা পরে বাইরে যেতে পারে। মহিলাদের তাবলীগ করা বড় জোর মুস্তাহাব বলা যায় যে রূপ আনুষ্ঠানিকভাবে দ্বীনি শিক্ষা অর্জন করা।

অতএব এর জন্য নির্দেশিত পর্দার বিধান লঙ্ঘন করা জায়েয হতে পারে না। সুতরাং মাসতুরাতের জামাত ও এ ধরনের অন্যান্য জামাতকে শরীয়তের দৃষ্টিতে বৈধ বলা যায় না। এ কারণেই বর্তমান তাবলীগের প্রবর্তক মাওলানা ইলিয়াস (রহ.) প্রয়োজন থাকা সত্ত্বেও মাসতুরাতের জামাতের প্রবর্তন করে যাননি। (৭/৬০৬)

📖 أحكام القرآن للتهانوى (إدارة القرآن) ٣/ ٤٥٤ : لعلك مماتلونا من الآيات وسردنا لك من الروايات عرفت أن للحجاب الشرعى المأموربه فى الكتاب والسنة ثلاث درجات ،بعضها فوق بعض فى الاحتجاب والاستتار، وكلها صدع لها الكتاب والسنة ولاقائل بنسخ شيء منها ،

الأولى: حجاب الأشخاص بالبيوت والجدر والخدور والهوادج وامثالها، بحيث لايرى الرجال الأجانب شيئا من اشخاصهن ولالباسهن وزينتهن الظاهرة ولاالباطنة -

📖 معارف القران (المكتبة المتحدة) ٧/ ٢١٣ : پردۂ نسواں کے متعلق قران مجید کی سات آیات اور حدیث کی ستر روایات کا حاصل یہ معلوم ہوتا ہے کہ اصل مطلوب شرعی حجاب اشخاص ہے، یعنی عورت کا وجود اور ان کی نقل وحرکت مردوں کی نظروں سے مستور ہو جو گھروں کی چار دیواری یا خیموں اور معلق پردوں کے ذریعہ ہو سکتا ہے اس کے سوا جتنی صورتیں حجاب کی منقول ہیں وہ سب ضرورت کی بناء پر اور وقت ضرورت اور قدر ضرورت کے ساتھ مقید اور مشروط ہیں۔

Scanned by CamScanner

الوعظ والإرشاد

ওয়াজ-নসীহত

নাবালেগ ছেলে দ্বারা ওয়াজ করানোর হুকুম

প্রশ্ন : সুন্দর কণ্ঠস্বর ও আকর্ষণীয় বাচনভঙ্গির অধিকারী ১০-১২ বছর বয়সের বালক দ্বারা ওয়াজ করানোর শরয়ী বিধান কী? এলাকায় এ ধরনের একটি বালকের ওয়াজের বৈধতা নিয়ে আলেম সমাজে দুই ধরনের মত দেখা যাচ্ছে। উল্লেখ্য যে ওই বালকটি আলেম নয় এবং সে কোরআন শরীফও পড়েনি। ক্যাসেট বা কারো থেকে শিখে ওয়াজ করে থাকে। প্রশ্ন হলো, ওয়াজকারীর কেমন যোগ্যতা থাকতে হবে এবং ওয়াজ করার জন্য উক্ত নাবালেগ শিশুকে দাওয়াত দেওয়া এবং তার ওয়াজ শোনা জায়েয হবে কি না? দলিলসহ জানালে কৃতজ্ঞ থাকব।

উত্তর : ওয়াজ দ্বীনের একটি গুরুত্বপূর্ণ ইসলাহী কাজ, রং-তামাশা নয়। অযোগ্য ব্যক্তির হাতে ইসলাহের কাজ সোপর্দ করা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর বাণী মতে কিয়ামতের নিদর্শন। ওয়ায়েজ আলেম, জ্ঞানী, দ্বীনদার, মুত্তাকী ইত্যাদি গুণে গুণান্বিত হওয়া আবশ্যক। তাই নাবালক বা পেশাদার ওয়ায়েজ থেকে বিরত থাকা জরুরি। (১৮/৯১৮/৭৯৩৩)

📖 الموسوعة الفقهيةالكويتية ٤٤ / ٨١ : شروط الواعظ:

أ - أن يكون مكلفا أي عاقلا بالغا.

ب - أن يكون عدلا.

ج - أن يكون محدثا، والمراد به المشتغل بكتب الحديث بأن يكون قرأ لفظها وفهم معناها وعرف صحتها وسقمها ولو بإخبار حافظ أو استنباط فقيه.

د - أن يكون مفسرا، والمراد به المشتغل بشرح غريب كتاب الله وتوجيه مشكله، وبما روي عن السلف في تفسيره.

Scanned by CamScanner

ويستحب مع ذلك أن يكون فصيحا لا يتكلم مع الناس إلا قدر فهمهم، وأن يكون لطيفا ذا وجه ومروءة.

📖 فتاوی رحیمیہ (دارالاشاعت) ۲/ ۳۶۴ :جواب- وعظ کیلئے پہلی شرط عالم ہونا ہے... جو عالم نہ ہو اور عربی وفارسی کی تعلیم باقاعدہ حاصل نہ کی ہو، تفسیر قرآن اور اس کے اصول علم حدیث اور علم فقہ اور اس کی اصول و قوانین سے واقف نہ ہو، وہ وعظ کہنے کا اہل نہیں۔ شاہ ولی اللہ" (القول الجمیل) میں فرماتے ہیں... ... یعنی وعظ کے لئے ضروری ہے کہ قرآن، حدیث، تفسیر کا اچھی طرح عالم و ماہر ہو اور سلف صالحین، تابعین، تبع تابعین، صحابہ کرام کے حالات و سیرت کا علم رکھتا ہو، صحیح ضعیف اور موضوع حدیث میں امتیاز کر سکتا ہو اور یہ سب علوم کامل استاد کے پاس سے سیکھے ہوں۔

চুক্তি করে টাকা নিয়ে ওয়াজ করা

প্রশ্ন : বিনিময় নির্ধারণ করে ওয়াজ করা। যেমন এত টাকা দিলে ওয়াজ করব, নয়তো করব না, এভাবে ওয়াজ করা বৈধ কি না? এবং ওই টাকা হালাল কি না?

উত্তর : মুতাআখখিরীন ফুকাহায়ে কেরামগণ যে সমস্ত দীনি কাজের বিনিময় দেওয়া-নেওয়া জায়েয বলেছেন সে সমস্ত কাজের বিনিময় নির্ধারণ করা জায়েয হবে। অনেক উলামায়ে কেরাম ওয়াজকেও ওই সমস্ত কাজের অন্তর্ভুক্ত করেছেন। কিন্তু 'এত টাকা দিতে হবে নয় তো ওয়াজ করব না' এভাবে বলা ঠিক নয়। হ্যাঁ, সর্বাবস্থায়ই টাকা নেয়া অবৈধ হবে না। (১৫/১৫৬/৫৬৮২)

📖 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ٦/ ٥٥ : لا تصح الإجارة لعسب التيس) وهو نزوه على الإناث (و) لا (لأجل المعاصي مثل الغناء والنوح والملاهي) ولو أخذ بلا شرط يباح (و) لا لأجل الطاعات مثل (الأذان والحج والإمامة وتعليم القرآن والفقه) ويفتى اليوم بصحتها لتعليم القرآن والفقه والإمامة والأذان... ... وزاد بعضهم الأذان والإقامة والوعظ.

📖 کفایت المفتی (دارالاشاعت) ۷/ ۳۱۹ : الجواب—وعظ کی اجرت پہلے سے مقرر نہ کی جائے اور واعظ کی نیت میں بھی یہ بات نہ ہو کہ مجھے ضرور کچھ رقم ملے گی یا ملنا چاہئے وہ

Scanned by CamScanner

محض حسبۃ للہ وعظ کہہ دے اور کوئی شخص اس کو تبرعا کوئی رقم دے دے تو یہ رقم دینا بھی جائزاور واعظ کو لے لینا بھی جائز ہے۔
لیکن اگر اجرت پہلے سے مقرر کردی جائے یا واعظ اس کو ایک طریقہ بنالے کہ وہ وعظ پر اجرت لیا کرتا ہے تو اس کی دو صور تیں ہیں، اول یہ کہ کوئی قومی ادارہ مثلا انجمن یا دینی مدرسہ یا تبلیغی جماعت کسی عالم کو تبلیغ دین کی غرض سے وعظ کہنے کے لئے ملازم رکھے اور اس کی اجرت ماہانہ تنخواہ کی صورت میں مقرر کردے تو یہ بھی جائز ہے.... دوم یہ کہ ہر وعظ پر اجرت ٹھہرا کر وعظ کرے،.... یہ وعظ اگرچہ لفظ 'الوعظ' کے عموم میں داخل ہے مگر اس سے واعظ اور وعظ کی بے توقیری ہوتی ہے اس لئے یہ صورت مکروہ ہے

রাতে ওয়াজ করার হুকুম

প্রশ্ন : আমাদের দেশে প্রচলিত রাতের ওয়াজ কতটুকু বৈধ?

উত্তর : রাতে দ্বীনি নসীহত মানুষের ঘুমের বা রোগীর ক্ষতি না হওয়ার শর্তে জায়েয হবে। তবে প্রচলিত ওয়াজে তা উপেক্ষা করা হয় বিধায় সংশোধন প্রয়োজন। (৩/২৫৮/৪৯০)

📖 رد المحتار (ايج ايم سعيد) ١/ ٣٦٨ : ويكره النوم قبلها والحديث بعدها لنهي النبي – صلى الله عليه وسلم – عنهما إلا حديثا في خير، لقوله – صلى الله عليه وسلم – «لا سمر بعد الصلاة» يعني العشاء الأخيرة (إلا لأحد رجلين: مصل أو مسافر) وفي رواية (أو عرس) .

وقال الطحاوي: إنما كره النوم قبلها لمن خشي عليه فوت وقتها أو فوت الجماعة فيها، وأما من وكل نفسه إلى من يوقظه فيباح له النوم.

وقال الزيلعي: وإنما كره الحديث بعده؛ لأنه ربما يؤدي إلى اللغو أو إلى تفويت الصبح أو قيام الليل لمن له عادة به، وإذا كان لحاجة

Scanned by CamScanner

مهمة فلا بأس، وكذا قراءة القرآن والذكر وحكايات الصالحين والفقه والحديث مع الضيف.

ঈসালে সাওয়াব উপলক্ষে ওয়াজ-মাহফিল করা

প্রশ্ন :

১. ঈসালে সাওয়াবের জন্য ওয়াজ-মাহফিল করা জায়েয হবে কি না?
২. ওই মাহফিলে আমন্ত্রিত বক্তার জন্য হাদিয়া নেওয়া জায়েয হবে কি না?

উত্তর :

১. যেকোনো নেক কাজের মাধ্যমে ঈসালে সাওয়াব করা যায়। তাই শরীয়তের গণ্ডির ভেতর থেকে ওয়াজ-মাহফিলের মাধ্যমেও ঈসালে সাওয়াব করা জায়েয। কিন্তু সামাজিক প্রথার বশবর্তী হয়ে বা মৃত্যুর তারিখ অনুযায়ী প্রতি বছর উক্ত তারিখেই ওয়াজের আয়োজন করা শরীয়ত সমর্থিত নয়। তা অবশ্যই বর্জনীয়। (১৮/৭৯৬/৭৮৫০)

📖 رد المحتار (ايج ايم سعيد) ٢ / ٥٩٥ : أي سواء كانت صلاة أو صوما أو صدقة أو قراءة أو ذكرا أو طوافا أو حجا أو عمرة، أو غير ذلك من زيارة قبور الأنبياء - عليهم الصلاة والسلام - والشهداء والأولياء والصالحين، وتكفين الموتى، وجميع أنواع البر.

📖 فتاوی محمودیہ (زکریا) ۱/ ۲۰۲ : حامدا ومصليا—ایصال ثواب غریبوں کو کھانا کپڑا وغیرہ ضرورت کی چیزیں دیکر نماز، قرآن شریف، تسبیح پڑھکر، روزہ رکھ کر، حج کرکے غرض ہر نیک کام کرکے جب بھی توفیق ہو درست اور نفع بخش ہے، نہ اس میں تاریخ کی قید ہے... ... نہ دنوں کا حساب۔

২. হ্যাঁ, উক্ত ওয়াজ-মাহফিলে আমন্ত্রিত বক্তাদের জন্য নিয়মতান্ত্রিক হাদিয়া নেওয়া বৈধ।

Scanned by CamScanner

📖 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ٥/ ٣٧٢ : يجوز للإمام والمفتي والواعظ قبول الهدية؛ لأنه إنما يهدى إلى العالم لعلمه بخلاف.

📖 رد المحتار (ايچ ايم سعيد) ٦/ ٥٥ : قال في الهداية: وبعض مشايخنا - رحمهم الله تعالى - استحسنوا الاستئجار على تعليم القرآن اليوم لظهور التواني في الأمور الدينية، ففي الامتناع تضييع حفظ القرآن وعليه الفتوى ، وقد اقتصر على استثناء تعليم القرآن أيضا في متن الكنز ومتن مواهب الرحمن وكثير من الكتب، وزاد في مختصر الوقاية ومتن الإصلاح تعليم الفقه، وزاد في متن المجمع الإمامة، ومثله في متن الملتقى ودرر البحار. وزاد بعضهم الأذان والإقامة والوعظ.

📖 فتاوی محمودیہ (زکریا) ٨/ ٢٤٤ : استیجار علی الطاعات اصالۃ ناجائز ہے مگر متاخرین مجتہدین نے حسب اجتہاد ضرورت شرعیہ کا لحاظ رکھتے ہوئے بعض طاعات کو مستثنی کیا ہے ان میں سے وعظ بھی ہے، اور وجہ جواز حبس کو قرار نہیں دیا، بلکہ ضرورت شرعیہ کو قرار دیا ہے، اگر سلسلۂ وعظ بند ہو جائے تو نقصان عظیم لازم آئے گا۔

মসজিদে তাফসীর করা ও জোরে সুবহানাল্লাহ বলা

প্রশ্ন : মসজিদে এশার নামাযের পর উচ্চ আওয়াজে তাফসীর করা এবং মুসল্লিদের দিয়ে জোরে সুবহানাল্লাহ বলানো জায়েয আছে কি না? অথচ এর দ্বারা মসজিদে নামাযরত অন্য মুসল্লিদের নামাযে ব্যাঘাত হয়।

উত্তর : মসজিদ ইবাদতের স্থান। মসজিদে নামায, তেলাওয়াত, যিকির ও তাফসীর ইত্যাদি উচ্চস্বরে করা জায়েয আছে। তবে নামায ব্যতীত অন্যান্য ইবাদত এমনভাবে আদায় করবে, যাতে ফরয, ওয়াজিব ও সুন্নতে মুআক্কাদা আদায়কারীর ক্ষতি না হয়। অন্যথায় গোনাহগার হবে। (১০/২৩৩/৩০৮৪)

📖 البحر الرائق (ايچ ايم سعيد) ٢/ ٣٥-٣٤ : ... فلا يجوز لأحد مطلقا أن يمنع مؤمنا من عبادة يأتي بها في المسجد لأن المسجد

Scanned by CamScanner

ما بني إلا لها من صلاة واعتكاف وذكر شرعي وتعليم علم وتعلمه وقراءة قرآن الخ ... أما للتذكير أو للتدريس فلا لأنه ما بني له وإن جاز فيه وفي شرح الآثار أن البيع وخصف النعل وإنشاد الشعر مما كان لا يعم المسجد من هذا غير مكروه وما يعمه منه أو يغلبه فمكروه ويجوز الدرس في المسجد وإن كان فيه استعمال اللبود والبواري المسبلة لأجل المسجد لو علم الصبيان القرآن في المسجد لا يجوز ويأثم وكذا التأديب فيه أي لا يجوز التأديب فيه إذا كان بأجر وينبغي أن يجوز بغير أجر وأما الصبيان فقد قال النبي - صلى الله عليه وسلم - «جنبوا مساجدكم صبيانكم ومجانينكم» وكذا لا يجوز التعليم في دكان في فناء المسجد هذا عند أبي حنيفة وعندهما يجوز إذا لم يضر بالعامة.

📖 الفتاوى السراجية (ايچ ايم سعيد) ص ٧١ : يجوز الجلوس فى المسجد بغير الصلاة من الذكر والتعليم.

📖 حقانیہ (مکتبہ سید احمد) ۵/ ۹۳ : جواب—مساجد میں بلند آواز سے تقریر کرنا اور ایسے ہی نعت خوانی کرنا اگر کسی نمازی کی نماز میں باعث تشویش نہ ہو تو جائز ہے، لیکن اگر کہیں نمازیوں کی نماز میں تشویش کا ذریعہ ہو تو مکروہ ہے۔

ভিডিও ধারণের ব্যবস্থা থাকলে ওয়াজে অংশগ্রহণ অবৈধ

প্রশ্ন : যে সমস্ত মাহফিলে আয়োজকদের পক্ষ থেকে প্রকাশ্যে ভিডিও ধারণের ইন্তেজাম করা হয়, সে সমস্ত মাহফিলে অংশগ্রহণ করা যাবে কি না?

উত্তর : যে সমস্ত মাহফিলে শরীয়তবিরোধী কর্মকাণ্ড চলে সে সমস্ত মাহফিলে অংশগ্রহণ করা জায়েয হবে না । তাই প্রশ্নে বর্ণিত মাহফিলে অংশগ্রহণের অনুমতি নেই। (১৮/৮২৩/৭৭৮২)

📖 رد المحتار (ايچ ايم سعيد) ١ / ٦٤٧ : وظاهر كلام النووي في شرح مسلم الإجماع على تحريم تصوير الحيوان، وقال: وسواء صنعه لما

Scanned by CamScanner

يمتهن أو لغيره، فصنعته حرام بكل حال لأن فيه مضاهاة لخلق الله تعالى.

📖 الدر المختار مع الرد (ايج ايم سعيد) ٦ / ٣٤٨ : (فإن قدر على المنع فعل وإلا) يقدر (صبر إن لم يكن ممن يقتدى به فإن كان) مقتدى (ولم يقدر على المنع خرج ولم يقعد) لأن فيه شين الدين والمحكي عن الإمام كان قبل أن يصير مقتدى به (وإن علم أولا) باللعب (لا يحضر أصلا).

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٣٥٢ : قال - رحمه الله تعالى - السماع والقول والرقص الذي يفعله المتصوفة في زماننا حرام لا يجوز القصد إليه والجلوس عليه وهو والغناء والمزامير سواء.

চাঁদা দেওয়ার শর্তে ফাসেককে মাহফিল পরিচালনা কমিটির সদস্য বানানো

প্রশ্ন : দাড়ি মুণ্ডনকারী ব্যক্তিকে ৫ হাজার টাকা চাঁদা প্রদান করার শর্তে মাহফিল কমিটির সদস্য বানানো বৈধ হবে কি না? এবং এভাবে শর্ত করে চাঁদা নেওয়া যাবে কি না?

উত্তর : যদি কেউ কোনো ধর্মীয় কল্যাণমূলক কাজে সম্পূর্ণ সন্তুষ্টচিত্তে খালেস সাওয়াবের নিয়্যাতে হালাল উপার্জন থেকে চাঁদা দেন তাহলে তা নেওয়া বৈধ। পক্ষান্তরে কাউকে বাধ্য করে বা লজ্জিত করার মাধ্যমে বা পদের শর্ত করে ও লোভ দেখানোর মাধ্যমে চাঁদা উসুল করা জায়েয নেই।

ধর্মীয় কাজের কোনো কমিটিতে দাড়ি মুণ্ডানো ব্যক্তিকে সদস্য বানানো বৈধ হবে না। (১৫/১৫৪/৫৯০৫)

تاہم ایک مسلمان عورت کے ووٹ ڈالنے کے لئے ضروری ہے کہ وہ پردہ اور دیگر امور شرعیہ کا خیال کرتے ہوئے اپنے ووٹ کا حق استعمال کرے ورنہ معصیت کے ارتکاب سے ووٹ کا ترک کرنا افضل ہے۔

বিজয়ী প্রার্থী গোনাহে লিপ্ত হলে ভোটদাতার গোনাহ হবে কি না

প্রশ্ন : গণতান্ত্রিক পদ্ধতিতে ইউনিয়ন পরিষদ নির্বাচনে ভোট দেওয়ার ব্যাপারে শরীয়তের বিধান কী? কোনো একজন প্রার্থীকে ভোট দিয়ে জয়যুক্ত করার পর সে যদি উক্ত পদের ভিত্তিতে কোনো গোনাহে লিপ্ত হয়, তখন ভোটদাতা (ولاتعاونوا على الاثم الآية) এই আয়াতের ভিত্তিতে গোনাহগার হবে কি না?

উত্তর : ভোট মানুষের অধিকার প্রতিষ্ঠা করার নিমিত্তে প্রতিনিধি নির্বাচনের সাক্ষ্য, যা বড় ইবাদত। তবে সমাজের মান্যগণ্য ব্যক্তিবর্গের পক্ষ থেকে কাউকে প্রার্থী হিসেবে ঘোষণা দিলে এবং সে দ্বীনদার, যোগ্য হলে তাকে ভোট দেওয়া জরুরি ও সাওয়াবের কাজ। অযোগ্য বদদ্বীনকে ভোট দেওয়া অন্যায়ের সহযোগিতা হওয়ায় তা বড় গোনাহ। পুরোপুরি দ্বীনদার না থাকলে তুলনামূলক ভালো ব্যক্তিকে ভোট দেওয়ার অনুমতি শরীয়তে রয়েছে, এটা জুলুম-অত্যাচার কমানোর পন্থা হওয়ায় তা অন্যায়ের সহযোগিতা হবে না। আর যাচাই-বাছাইয়ের মাধ্যমে ভালো প্রার্থীকে ভোট দিলে অতঃপর সে যদি অন্যায় কাজে লিপ্ত হয়ে যায়, এতে ভোটদাতা গোনাহগার হবে না। (৯/২৪০/২৫৫৪)

Scanned by CamScanner

📖 تفسير ابن كثير(دارالمعرفة) ١/ ٥٤٤ : وقوله: {من يشفع شفاعة حسنة يكن له نصيب منها} أي: من سعى في أمر، فترتب عليه خير، كان له نصيب من ذلك {ومن يشفع شفاعة سيئة يكن له كفل منها} أي: يكون عليه وزر من ذلك الأمر الذي ترتب على سعيه ونيته، كما ثبت في الصحيح أن رسول الله صلى الله عليه وسلم قال: "اشفعوا تؤجروا ويقضي الله على لسان نبيه ما شاء".

📖 الأشباه والنظائر (دار الكتب العلمية) ١/ ٧٥ : الرابعة: [إذا تعارض مفسدتان روعي أعظمهما ضررا بارتكاب أخفهما] نشأت من هذه القاعدة قاعدة رابعة، وهي ما: إذا تعارض مفسدتان روعي أعظمهما ضررا بارتكاب أخفهما".

قال الزيلعي في باب شروط الصلاة: ثم الأصل في جنس هذه المسائل أن من ابتلي ببليتين، وهما متساويتان يأخذ بأيتهما شاء، وإن اختلفا يختار أهونهما؛ لأن مباشرة الحرام لا تجوز إلا للضرورة ولا ضرورة في حق الزيادة.

📖 فتاوی محمودیہ (زکریا) ۵/ ۳۴۱ : سوال-الیکشن میں ووٹ دینا درست ہے یا نہیں؟ الجواب—اگر نفع ہو یعنی دین کی قوم کی ملک کی صحیح خدمت مظنون ہو تو درست ہے.

📖 جواہر الفقہ (مکتبہ تفسیر القرآن) ۲/ ۲۹۳ : خلاصہ یہ ہے کہ ہمارا ووٹ تین حیثیتیں رکھتا ہے، ایک شہادت، دوسرے سفارش، تیسرے حقوق مشترکہ میں وکالت، تینوں حیثیتوں میں جسطرح نیک، صالح، قابل آدمی کو ووٹ دینا موجب ثواب عظیم ہے اور اس کے ثمرات اس کو ملنے والے ہیں، اس طرح نااہل یا غیر متدین شخص کو ووٹ دینا جھوٹی شہادت بھی ہے بری سفارش بھی اور ناجائز وکالت بھی اور اس کے تباہ کن ثمرات بھی اس کے نامۂ اعمال میں لکھے جائیں گے.

📖 فیہ ایضا ۲/ ۲۹۴ : اس لئے جس حلقہ میں کوئی بھی امیدوار میں قابل اور نیک معلوم ہو اسے ووٹ دینے سے گریز کرنا بھی شرعی جرم اور پوری قوم وملت پر ظلم کا مرادف ہے، اور اگر کسی حلقہ میں کوئی بھی امیدوار صحیح معنی میں قابل اور دیانت دار نہ معلوم ہو مگر ان میں سے کوئی ایک صلاحیت کار اور خدا ترسی کے اصول پر دوسروں کی نسبت سے غنیمت ہو تو تقلیل شر اور تقلیل ظلم کی نیت سے اس کو بھی ووٹ دے دینا جائز بلکہ مستحسن ہے

Scanned by CamScanner

নির্বাচনী প্রচারণার বিনিময় গ্রহণ ও ভোট ক্রয়ের টাকা মেরে খাওয়া

প্রশ্ন : ভোট একটি আমানত, তা সত্ত্বেও বর্তমানে যেহেতু কোনো প্রার্থীই পুরাপুরি বৈধভাবে নির্বাচনে বিজয়ী হতে পারে না। বরং অস্ত্র, ঘুষ বা কারচুপির মাধ্যমে বিজয়ী হয়, তাই সার্বিক অবস্থা সামনে রেখে প্রার্থীকে নিশ্চিত ভোট দেওয়া তার পক্ষে প্রচার-প্রসার চালানো ও মিটিং মিছিল করার শর্তে পারিশ্রমিক হিসেবে টাকা চেয়ে নেওয়া অথবা জনগণকে দেওয়া অর্থ মেরে খাওয়া জায়েয হবে কি?

উত্তর : ভোট একটি আমানত ও সাক্ষী, যা তার উপযুক্ত ব্যক্তিকে নির্দিষ্ট সময়ে আদায় করা সকলের জন্য অপরিহার্য। এখন কেউ যদি এ আমানত ও সাক্ষীর বিনিময় বা পারিশ্রমিক গ্রহণ করে তাহলে তা ঘুষ হিসেবে সাব্যস্ত হবে। আর ঘুষ শরীয়তের দৃষ্টিতে হারাম ও নাজায়েয। সুতরাং প্রশ্নে বর্ণিত পদ্ধতিতে ভোটের বিনিময় গ্রহণ করা হারাম ও নাজায়েয। তবে কেউ যদি মিটিং-মিছিল করার জন্য পারিশ্রমিক হিসেবে কিছু বিনিময় গ্রহণ করে তাহলে কোনো ক্ষতি নেই। আর কেউ যদি জনগণকে দেওয়া অর্থ আত্মসাৎ করে ফেলে তাহলে তা হারাম হবে। সঠিক মালিককে সে অর্থ আদায় করে দায়মুক্ত হতে হবে। অন্যথায় কঠিন শাস্তির জন্য প্রস্তুত থাকতে হবে। (১৩/৭৩১)

📖 سورة المائدة الآية ٨ : ﴿يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا كُونُوا قَوَّامِينَ بِالْقِسْطِ شُهَدَاءَ لِلَّهِ﴾

📖 فتاوی حقانیہ (مکتبہ سید احمد شہید) ٢/ ٣١١ : سوال—انتخابات کے موقع پر بعض امیدوار اپنے حلقہ کے لوگوں میں کچھ پیسے یا کھانے پینے کی بعض اشیاء اس غرض سے تقسیم کرتے ہیں کہ کل ووٹنگ کے وقت یہ لوگ اپنا ووٹ ان کے حق میں استعمال کرے، شرعا اس تقسیم شدہ اشیاء کی کیا حیثیت ہے؟

الجواب—اگر امیدوار کا مقصد یہ ہو کہ میں پیسوں کے ذریعہ لوگوں سے ووٹ خریدتا ہوں تو اس غرض سے لوگوں کے پیسے دینا جائز نہیں، اسلئے کہ ووٹ کی شرعی حیثیت یا تو شہادت کی ہے یا سفارش کی اور فقہاء کے نزدیک شہادت پر پیسے لینا جائز نہیں، ...... اور اگر امیدوار کی غرض خرید وفروخت نہ ہو بلکہ ویسے لالچ دینے کے لئے ہو کہ پیسے دیکھ کر لوگ مجھے ووٹ دینگے تو اس صورت میں تقسیم شدہ اشیاء کی حیثیت رشوت کی ہے اور رشوت لینا اور دینا شرعا حرام ہے اسلئے ووٹ کے عوض میں کچھ لینا اور دینا دونوں ہی حرام اور ناجائز ہے

Scanned by CamScanner

📖 كفايت المفتى (امداديه) ٩ / ٣٧٦ : سوال—زيد نے ووٹ دينے كى عوض پيسه لينا جائز كہا ہے اور اس سے مسجد كى مرمت كرنا بھى جائز بتايا ہے رشوت جائز سمجھنا كفر ہے يا نہيں؟

الجواب—ووٹ كى قيمت وصول كرنا جائز نہيں اور ايسا روپيه مسجد ميں نہيں لگ سكتا ہے.

📖 امداد المفتين (دار الاشاعت) ص۸۴۴ : الجواب —ووٹر كو ووٹ كے معامله ميں اپنى ذات كيلئے روپيه لينا رشوت اور ناجائز ہے، البته اگر اميدوار ممبرى مساجد ميں روپيه صرف كرتا ہے اور ديتا ہے تو شرعا جائز ہے، ليكن اس اميدوار كو چاہئے كه مسجد ميں روپيه وه صرف كرے محض لوجه الله صرف كرے، ووٹ كے معاوضه ميں اگر دے گا تو ثواب نه ہوگا۔ اور روپيه مساجد ميں لگانا اور صرف كرنا جائز ہوگا۔

সমাবেশ, লংমার্চ, হরতাল ইত্যাদি করার বিধান

প্রশ্ন : ইসলামী আন্দোলনকারী রাজনৈতিক দলসমূহ বিভিন্ন মহাসমাবেশ, লংমার্চ, হরতাল, মিছিল, বিক্ষোভ মিছিল ও জঙ্গি মিছিলের আয়োজন করে। এগুলো জায়েয কি না? অনেকে বলে এগুলো বিদ'আত—কথাটি কি সত্য?

উত্তর : হরতাল, লংমার্চের মতো কর্মসূচি যে শর্তের ভিত্তিতে জায়েয হতে পারে তা সাধারণত বর্তমান প্রচলিত পন্থায় পাওয়া যায় না। তাই এ ধরনের কর্মসূচি পালন করা জায়েয নয়। ইসলামী রাজনীতির উদ্দেশ্য হলো, আল্লাহর বিধিবিধান বাস্তবায়ন করা। শরয়ী কোনো বিধান লঙ্ঘন করে যে রাজনীতি করা হয় তা ইসলামী রাজনীতি হতে পারে না। এ দুটিকে ছাড়া অবশিষ্ট কর্মসূচিকে বিদ'আত বলা যাবে না। (৬/২২৭/১১৬০)

📖 احسن الفتاوى (ايچ ايم سعيد) ٦ / ١٢٨ : حضرت حكيم الامت قدس سره اپنى تصانيف اور مواعظ وملفوظات ميں اس طريق كار پر بھى تنقيد فرمائى ہے اور ايسى سياسى تدبيروں كو ناجائز اور واجب الترك قرار ديا ہے جو ان مفاسد پر مشتمل ہوں... ... جب كوئى تدبير تدابير منصوصه كے خلاف اختيار كى جاويگى اس كو تو ممنوع ہى كہا جاويگا، خصوص جب كه وه فعل عبث يا مضر بھى ہو، تو اس كى حرمت ميں پھر كيا شبه ہو سكتا ہے؟ وہاں تو الضرورة تبيح المحظورات كا شبه بھى نہيں ہو سكتا، مثلا ہڑتاليں ہيں جلوس ہيں ان ميں وقت

Scanned by CamScanner

کا ضائع ہونا روپے کا صرف ہونا حاجت مند لوگوں کو تکلیف ہونا نمازوں کا ضائع ہونا کھلے مفاسد ہیں تو یہ افعال کیسے جائز ہو سکتا ہے؟

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ۶/ ۱۲۱ : حضرت حکیم الامت قدس سرہ نے اپنی تصانیف اور مواعظ اور ملفوظات میں جابجا اس بات پر زور دیا ہے کہ اسلامی سیاست میں صرف مقصد کا نیک اور شریعت کے موافق ہونا کافی نہیں، بلکہ اس کے طریق کار اور اس کی تدبیروں کا بھی شریعت کے مطابق ہونا ضروری ہے، اگر کوئی شخص یہ چاہے کہ وہ شریعت کے احکام کو پس پشت ڈالکر اور ان کے خلاف ورزی کر کرکے اسلامی حکومت قائم کریگا تو وہ ایسی خام خیالی میں مبتلا ہے جس کا نتیجہ محرومی کے سوا کچھ نہیں اگر اس طرح کوئی حکومت اس نے قائم کر بھی لی تو وہ اسلامی حکومت نہیں بلکہ اسلامی حکومت کا دھوکہ ہوگا۔

দাবি আদায়ের লক্ষ্যে হরতাল-ধর্মঘট করা

প্রশ্ন : বর্তমান গণতান্ত্রিক যুগে রাষ্ট্রপ্রধান থেকে স্বীয় দাবি আদায়ের লক্ষ্যে হরতাল, অনশন ও ধর্মঘটের মতো যেসব পদ্ধতি গ্রহণ করা হয়, শরীয়তের দৃষ্টিতে এসবের অবকাশ আছে কি?

উত্তর : বর্তমানে হরতাল অনেকে স্বেচ্ছায় পালন করে না বরং আহ্বানকারীরা জোরপূর্বক পালন করতে বাধ্য করে। এতে জানমালের অনেক ক্ষতি হয়। তাই এ ধরনের হরতাল শরীয়তে বৈধ নয়। তবে একমাত্র শরয়ী ও ইসলামী দাবি আদায়ের লক্ষ্যে অনশন-ধর্মঘট জানমালের ক্ষতি না হওয়ার শর্তে জায়েয বলা যায়। প্রাণহানি বা শারীরিক ক্ষতির সম্ভাবনা থাকলেও নাজায়েয। (৯/৫৬১/২৬৯১)

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ۶/ ۱۲۵ : ایسی ہڑتال جو لوگوں نے کلیۃ اپنی خوشی سے کی ہو، آج عملا دنیا میں اس کا وجود نہیں ہے اکثر و بیشتر تو لوگوں کو ان کی خواہش اور رائے کے بر خلاف ہڑتال میں حصہ لینے پر مجبور کیا جاتا ہے اگر کوئی حصہ نہ لے تو اس کو جسمانی اور مالی اذیتیں دیجاتی ہیں..... ظاہر ہے کہ یہ تمام باتیں شرعا حرام و ناجائز ہیں۔

📖 فتاوی حقانیہ (مکتبۂ سید احمد) ۲/ ۳۵۸ : سوال- اپنے حقوق حاصل کرنے اور مطالبات منوانے کیلئے ہڑتال کا سہارا لینا شرعا جائز ہے یا نہیں؟

Scanned by CamScanner

الجواب-چونکہ آج کل اکثر ملکوں میں جمہوری حکومتیں ہیں اور بھوک ہڑتال کے ذریعہ حکومتیں عوام کے مطالبات کو تسلیم کرتی ہیں اس لئے جائز مطالبات اور حقوق کے حصہ کیلئے بھوک ہڑتال پر امن طریقہ سے ہونی چاہئے، کہیں یہ نہ ہو کہ اس وجہ سے جان خطرے میں پڑ جائے ایسی ہڑتال کرنے میں شرعا کوئی قباحت نہیں، تاہم اگر بھوک ہڑتال ایسی ہو کہ اسکی وجہ سے جان کے ضائع ہونے کا خطرہ ہو یا بھوک ہڑتال کو اتنا لمبا کر دیا جائے کہ بھوک کی وجہ سے کوئی مر جائے تو ایسی بھوک ہڑتال نہ صرف ناجائز اور ممنوع بلکہ خودکشی کے مترادف ہے۔

📖 فیہ ایضا ۲ / ۳۵۷ : تاہم اگر مطالبات جائز ہوں اور ہڑتال، بائیکاٹ اور جلسے جلوس پر امن ہوں، اور غیر شرعی امور کا ارتکاب نہ ہو تو ایسی حالت میں ہڑتال کرنے اور جلوس نکلنے میں کوئی قباحت نہیں بلکہ شرعی اور جائز مطالبات منوانے کے لئے ایسا اقدام کرنا مستحسن عمل ہے۔

বিশ্বে মুসলমানরা লাঞ্ছিত-বঞ্চিত কেন

প্রশ্ন : বর্তমান বিশ্বের মুসলমানরা লাঞ্ছিত, বঞ্চিত ও অপমানিত কেন?

উত্তর : বর্তমান বিশ্বের মুসলমানগণ আল্লাহ তা'আলার আদেশ, নিষেধ এবং রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর আনা শরীয়তকে পরিপূর্ণভাবে না মেনে বিধর্মীদের কৃষ্টি-কালচারের দিকে ঝুঁকে পড়ার কারণে আজ তারা অপমানিত, লাঞ্ছিত ও বঞ্চিত। (১৪/৭৮/৫৪৯৬)

📖 سورة النور الآية ٥٥ : ﴿وَعَدَ اللَّهُ الَّذِينَ آمَنُوا مِنْكُمْ وَعَمِلُوا الصَّالِحَاتِ لَيَسْتَخْلِفَنَّهُمْ فِي الْأَرْضِ كَمَا اسْتَخْلَفَ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ وَلَيُمَكِّنَنَّ لَهُمْ دِينَهُمُ الَّذِي ارْتَضَى لَهُمْ وَلَيُبَدِّلَنَّهُمْ مِنْ بَعْدِ خَوْفِهِمْ أَمْنًا يَعْبُدُونَنِي لَا يُشْرِكُونَ بِي شَيْئًا﴾

📖 مصنف ابن أبي شيبة (ادارة القرآن) ١٩/ ٣٣ (٣٥٤٠١) : عن مالك بن مغول، قال: «كان في زبور داود إني أنا الله لا إله إلا أنا ملك الملوك، قلوب الملوك بيدي، فأيما قوم كانوا على طاعة جعلت الملوك عليهم رحمة، وأيما قوم كانوا على معصية جعلت الملوك عليهم نقمة، لا تشغلوا أنفسكم بسب الملوك ولا تتوبوا إليهم، توبوا إلي أعطف قلوب الملوك عليكم» -

Scanned by CamScanner

বাংলাদেশ দারুল ইসলাম

প্রশ্ন : দারুল ইসলাম, দারুল হরব ও দারুল আমানের সংজ্ঞা কী? বাংলাদেশ কোনটির আওতায় পড়ে? অনেকে বাংলাদেশকে দারুল হরব বলেন, এটা ঠিক কি না?

উত্তর : যে রাষ্ট্রে সম্পূর্ণ ইসলামের বিধিবিধান চালু আছে অথবা চালু নেই; কিন্তু বাস্তবে চালু করা সম্ভব শরীয়তের দৃষ্টিতে সেটাকে দারুল ইসলাম বলা হয়। আর যেখানে রাষ্ট্রীয় ক্ষমতা কাফেরদের হাতে এবং ইসলামের বিধান চালু করা সম্ভব নয়, সেটাকে দারুল হরব বলে। কিন্তু যদি দারুল হরবে মুসলমানদের নিজেদের জমি এবং ধন-সম্পদের নিরাপত্তা দেওয়া হয় ও আল্লাহর ইবাদত স্বাধীনভাবে পালন করার অধিকার দেওয়া হয় তখন সেটাকে 'দারুল আমান' বলা হয়। সুতরাং উল্লিখিত সংজ্ঞা দ্বারা বোঝা যায় বাংলাদেশ দারুল ইসলাম। (৯/৭১৭/২৮২৭)

📖 فتح القدير (مكتبه حبيبيه) ٥ /٢٢٤ : وهذا لأن دار الحرب تصير دار إسلام بإجراء الأحكام وبثبوت الأمن للمقيم من المسلمين فيها -

📖 رد المحتار(ايچ ايم سعيد) ٤/ ١٧٤ : مطلب فيما تصير به دار الإسلام دار حرب وبالعكس :

(قوله لا تصير دار الإسلام دار حرب إلخ) أي بأن يغلب أهل الحرب على دار من دورنا أو ارتد أهل مصر وغلبوا وأجروا أحكام الكفر أو نقض أهل الذمة العهد، وتغلبوا على دارهم، ففي كل من هذه الصور لا تصير دار حرب، إلا بهذه الشروط الثلاثة وقالا: بشرط واحد لا غير وهو إظهار حكم الكفر وهو القياس هندية، ويتفرع على كونها صارت دار حرب أن الحدود والقود لا يجري فيها وأن الأسير المسلم يجوز له التعرض لما دون الفرج، وتنعكس الأحكام إذا صارت دار الحرب دار الإسلام فتأمل ط وفي شرح درر البحار قال بعض المتأخرين: إذا تحققت تلك الأمور الثلاثة في مصر المسلمين، ثم حصل لأهله الأمان، ونصب فيه قاض مسلم ينفذ أحكام المسلمين عاد إلى دار الإسلام فمن ظفر من الملاك الأقدمين بشيء من ماله بعينه، فهو له بلا شيء ومن ظفر به بعدما باعه مسلم أو كافر من مسلم، أو ذمي أخذه بالثمن إن شاء ومن ظفر به بعدما وهبه مسلم، أو كافر لمسلم أو ذمي وسلمه إليه أخذه بالقيمة إن شاء.

Scanned by CamScanner

قلت: حاصله أنه لما صار دار حرب صار في حكم ما استولوا عليه في دارهم (قوله بإجراء أحكام أهل الشرك) أي على الاشتهار وأن لا يحكم فيها بحكم أهل الإسلام هندية، وظاهره أنه لو أجريت أحكام المسلمين، وأحكام أهل الشرك لا تكون دار حرب ط (قوله وباتصالها بدار الحرب) بأن لا يتخلل بينهما بلدة من بلاد الإسلام هندية ط وظاهره أن البحر ليس فاصلا، بل قدمنا في باب استيلاء الكفار أن بحر الملح ملحق بدار الحرب، خلافا لما في فتاوى قارئ الهداية. قلت: وبهذا ظهر أن ما في الشام من جبل تيم الله المسمى بجبل الدروز وبعض البلاد التابعة كلها دار إسلام لأنها وإن كانت لها حكام دروز أو نصارى، ولهم قضاة على دينهم وبعضهم يعلنون بشتم الإسلام والمسلمين لكنهم تحت حكم ولاة أمورنا وبلاد الإسلام محيطة ببلادهم من كل جانب وإذا أراد ولي الأمر تنفيذ أحكامنا فيهم نفذها (قوله بالأمان الأول) أي الذي كان ثابتا قبل استيلاء الكفار للمسلم بإسلامه وللذمي بعقد الذمة هندية ط.

[تتمة] ذكر في أول جامع الفصولين كل مصر فيه وال مسلم من جهة الكفار، يجوز منه إقامة الجمع والأعياد وأخذ الخراج وتقليد القضاء وتزويج الأيامى لاستيلاء المسلم عليهم وأما طاعة الكفر فهي موادعة ومخادعة وأما في بلاد عليها ولاة كفار فيجوز للمسلمين إقامة الجمع والأعياد، ويصير القاضي قاضيا بتراضي المسلمين ويجب عليهم طلب وال مسلم ـ

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ٦/ ٢١ : جس ملک میں اگرچہ عملاً احکام اسلام کا نفاذ نہ ہو مگر تنفیذ احکام پر قدرت ہو تو وہ دار الاسلام ہے، اس معنی سے اسے اسلامی ملک بھی کہا جا سکتا ہے، مگر ایسے ملک کی حکومت کو اس وقت تک حکومت اسلامیہ نہیں کہا جا سکتا ہے جب تک کہ وہ احکام اسلام کی تنفیذ نہ کرے۔

📖 فیہ ایضاً ٦/ ٢١ : جہاں احکام اسلام کی تنفیذ کا قدرت نہ ہو وہ دار الحرب ہے، دار الحرب میں اگر مسلمانوں کی جان، مال اور عزت محفوظ ہو اور عبادات محضہ پر کوئی پابندی نہ ہو تو یہ دار الامن ہے

Scanned by CamScanner

📖 تقریر ترمذی ۵/ ۲۷۵ : کیونکہ دارالاسلام کی تعریف یہ نہیں کہ وہاں بالفعل اسلامی احکام نافذ ہوں، بلکہ دارالاسلام کی تعریف یہ ہے کہ اس ملک پر غالب قوت مسلمانوں کی ہو کہ جب کہ وہ اسلامی احکام نافذ کر سکیں، چاہے بالفعل انہوں نے اسلامی احکام نافذ نہ کر رکھے ہوں اور چاہے وہ مسلمانوں پر اور دین کا نام لینے والوں پر ظلم ہی کر رہے ہوں، اس لئے ان کاموں سے وہ ملک دارالاسلام سے نہیں نکلتا ہے، لھذا اس پر دارالاسلام ہی کے احکام رہی ہوں گے جب حجاج بن یوسف حکمران بنا تو اس نے تقریباً ایک ہزار سے زائد افراد کو قتل کیا اور وہ افراد بھی علماء اور فقہاء اور حفاظ کو بھی، لیکن اس کے اس عمل کی وجہ سے وہ ملک دارالاسلام ہونے سے نہیں نکلا بلکہ وہ دارالاسلام ہی رہا اور اس پر دارالاسلام ہی کا احکام جاری ہوں گے، تاوقتیکہ اس پر کافروں کا اقتدار قائم نہ ہو جائے، جبکہ ان کا اقتدار قائم ہو جائے اس وقت وہ ملک دارالحرب کے حکم میں ہو گا، ورنہ نہیں۔

বাংলাদেশ কি দারুল আমান? এ দেশের জমি উশরী নাকি খেরাজী

প্রশ্ন : বর্তমান বিশ্বে সাধারণত তিন প্রকার দেশ আছে–দারুল হরব, দারুল ইসলাম ও দারুল আমান। আমার ধারণা মতে, বাংলাদেশ দারুল ইসলামের অন্তর্ভুক্ত নয়; দারুল হরবেরও নয় বরং দারুল আমানের অন্তর্ভুক্ত হবে। ধারণা যদি সঠিক হয় তাহলে এ দেশের জমি উশরী নাকি খেরাজী? এ পর্যন্ত ফতওয়ার বড় বড় কিতাব থেকেও বিষয়টি আমার কাছে পরিষ্কার হচ্ছে না। তাই মেহেরবানি করে ব্যাখ্যা-বিবরণসহ উত্তর দিতে মর্জি হয়।

উত্তর : দারুল হরব ও দারুল ইসলামের সংজ্ঞা নিয়ে উলামায়ে কেরামের বিভিন্ন মতামত পাওয়া যায় বিধায় কোনো রাষ্ট্র সম্পর্কে দারুল হরব বা দারুল ইসলামের নিখুঁত ফয়সালা দেওয়া দুরূহ ব্যাপার। এতদসত্ত্বেও দারুল আমানের সম্পর্ক মূলত দারুল হরবের সাথে অর্থাৎ দারুল হরবে বসবাসরত মুসলমানদের জানমাল, ইজ্জত, সম্মান ও তাদের নিজস্ব ইবাদত-বন্দেগী আদায়ে কোনো ধরনের পাবন্দি ও বিঘ্নতা সৃষ্টি করা না হলে সেই দারুল হরবকে দারুল আমান বলা হয়। পক্ষান্তরে যে রাষ্ট্রের পরিচালনা ক্ষমতা পরিপূর্ণ মুসলমানদের হাতে এবং ইসলামী শাসন চালু করার ইচ্ছা করলে চালু করা যায়, সে রকম রাষ্ট্রকে দারুল ইসলাম বলা হয়। এ হিসেবে বাংলাদেশ দারুল ইসলামের অন্তর্ভুক্ত হওয়াটাই যুক্তিসংগত।

আর দারুল আমান উশরী নাকি খেরাজী–এর জন্য ভিন্ন কোনো হুকুম নেই। তবে যে সমস্ত জমি বর্তমানে মুসলমানদের মালিকানায় আছে এবং কোনো মুসলমানের হাত থেকে তাদের নিকট উত্তরাধিকার বা ক্রয়সূত্রে এসেছে তা উশরী জমি হিসেবে গণ্য

Scanned by CamScanner

হবে। এবং যে জমিগুলো অমুসলমানদের মালিকানায় আছে বা তাদের মালিকানা থেকে মুসলমানদের মালিকানাধীন হয়েছে তা খেরাজী জমি হিসেবে গণ্য হবে।

অনুরূপভাবে যে সমস্ত জমি বর্তমানে মুসলমানদের হাতে আছে, কিন্তু পূর্বে মুসলিম বা অমুসলিম কার হাতে ছিল তা নিশ্চিতভাবে জানা নেই তাহলে সেগুলোকেও পূর্বে মুসলমানদের হাতে ছিল মনে করা হবে এবং ওই ধরনের জমিকেও উশরী জমি হিসেবে গণ্য করা হবে।

সুতরাং বাংলাদেশের যে সমস্ত জমি বর্তমানে মুসলমানদের হাতে রয়েছে এবং কোনো মুসলমানের মালিকানা হতে তাদের নিকট উত্তরাধিকার বা ক্রয়সূত্রে এসেছে, তা উশরী জমি হিসেবে গণ্য হবে। আর এ দেশের যে সমস্ত জমি অমুসলিমদের কর্তৃত্বে রয়েছে বা তাদের কাছ থেকে কোনো মুসলমানের মালিকানায় এসেছে তা খেরাজী জমি হিসেবে পরিগণিত হবে। তাই উশরী জমি থেকে উশর দেওয়া ওয়াজিব হবে। আর খেরাজী জমির খেরাজ দিতে হবে। (১৭/৮৫৬/৭৩২৪)

📖 بدائع الصنائع (دار الكتب العلمية) ۹/ ۵۱۹ : أن دار الكفر تصير دار إسلام بظهور أحكام الإسلام فيها واختلفوا في دار الإسلام، إنها بماذا تصير دار الكفر؟ قال أبو حنيفة: إنها لا تصير دار الكفر إلا بثلاث شرائط، أحدها: ظهور أحكام الكفر فيها والثاني: أن تكون متاخمة لدار الكفر والثالث: أن لا يبقى فيها مسلم ولا ذمي آمنا بالأمان الأول، وهو أمان المسلمين.

📖 الموسوعة الفقهية الكويتية ۲۰/ ۲۰۱ : دار الإسلام هي: كل بقعة تكون فيها أحكام الإسلام ظاهرة.

📖 فيه ايضا ۲۰/ ۲۰٦: دار الحرب: هي كل بقعة تكون أحكام الكفر فيها ظاهرة.

📖 بدائع الصنائع(دار الكتب العلمية) ۲/ ۵۰۲ : وجملة الكلام فيه أن الأراضي نوعان: عشرية وخراجية، أما العشرية فمنها أرض العرب كلها قال محمد - رحمه الله -: وأرض العرب من العذيب إلى مكة وعدن أبين إلى أقصى حجر باليمن بمهرة وذكر الكرخي هي أرض الحجاز وتهامة واليمن ومكة والطائف والبرية وإنما كانت هذه

Scanned by CamScanner

أرض عشر؛ لأن رسول الله - صلى الله عليه وسلم - والخلفاء الراشدين بعده لم يأخذوا من أرض العرب خراجا فدل أنها عشرية إذ الأرض لا تخلو عن إحدى المؤنتين؛ ولأن الخراج يشبه الفيء فلا يثبت في أرض العرب كما لم يثبت في رقابهم والله أعلم.

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ۶/ ۲۱ : الجواب—جہاں احکام اسلام کی تنفیذ پر قدرت نہ ہو وہ دار الحرب ہے، دار الحرب میں اگر مسلمانوں کی جان مال اور عزت محفوظ ہو اور عبادات محضہ پر کوئی پابندی نہ ہو تو یہ دار الامن ہے الخ

📖 فتاوی دار العلوم مدلل (مکتبہ دار العلوم) ۱۲/ ۲۸۸ : الجواب— عشری زمین وہ ہے جو ہمیشہ سے مسلمانوں کے قبضہ میں رہی ہو.

📖 امداد الفتاوی (زکریا) ۷/ ۵۹ : الجواب—حاصل مقام کا یہ ہے کہ جو زمینیں اس وقت مسلمانوں کی ملک میں ہے اور انکے پاس مسلمانوں ہی سے پہونچی ہیں، ارثا اور شراء وہلم جرا وہ زمینیں عشری ہیں، اور جو درمیان میں کوئی کافر مالک ہو گیا تھا وہ عشری نہ رہی، اور جس کا حال کچھ معلوم نہ ہو اور اس وقت مسلمانوں کے پاس ہے یہی سمجھا جاویگا کہ مسلمان ہی سے حاصل ہوئی ہے بدلیل الاستصحاب، پس وہ بھی عشری ہو گی۔

রাজনৈতিক সমালোচনা গীবতের অন্তর্ভুক্ত কি না

প্রশ্ন : রাজনৈতিক ময়দানে একদল অপর দলের, এক ব্যক্তি অপর ব্যক্তির, এক আলেম অপর আলেমের সমালোচনা ও গীবত করে থাকে, এগুলো জায়েয আছে কি না? গীবত ও সমালোচনার সংজ্ঞা ও হুকুম কী?

উত্তর : কিছু কিছু ক্ষেত্রে গীবত করার অনুমতি শরীয়তে রয়েছে। প্রশ্নে উল্লিখিত গীবত এরূপ বৈধ গীবতের পর্যায়ভুক্ত হলে আপত্তিকর নয়। যেসব ক্ষেত্রে গীবত করা বৈধ তা নিম্নরূপ :

১. কোন লোকের অত্যাচার দমনের উদ্দেশ্যে এ রকম লোকের কাছে তার দোষ বলা যে অত্যাচার দমনের শক্তি রাখে।

Scanned by CamScanner

২. অশালীন কর্মকাণ্ড রোধে সক্ষম ব্যক্তিদের সামনে গীবত করা।
৩. শরীয়তের কোনো বিধান জানার জন্য বিজ্ঞ আলেমের সামনে গীবত করা, তবে নাম গোপন রাখা ভালো।
৪. কোনো লোকের অনিষ্ট থেকে জনসাধারণকে বাঁচানোর নিয়্যাতে গীবত করা।
৫. প্রকাশ্যে গোনাহে লিপ্ত ব্যক্তির গীবত করা, তবে শুধু ওই গোনাহ উল্লেখ করা বৈধ, যা সে প্রকাশ্যে করে। গোপন গোনাহের আলোচনা করা জায়েয নেই।
৬. কোনো লোকের পরিচয়ের জন্য তার এমন দোষ বর্ণনা করা, যা বর্ণনা ব্যতিরেকে তাকে চেনা দুঃসাধ্য হয়। (১২/৬৩৮/৪০৬৬)

📖 الدر المختار مع الرد (ايج ايم سعيد) ٦/ ٤٠٨ : فتباح غيبة مجهول ومتظاهر بقبيح ولمصاهرة ولسوء اعتقاد تحذيرا منه، ولشكوى ظلامته للحاكم شرح وهبانية.

📖 رد المحتار(ايج ايم سعيد) ٦/ ٤٠٩ : [تتمة] يزاد على هذه الخمسة ستة أخرى مر منها في المتن ثنتان، الأولى: الاستعانة بمن له قدرة على زجره، الثانية: ذكره على وجه الاهتمام، الثالثة: الاستفتاء قال في تبيين المحارم ... ... الرابعة: بيان العيب لمن أراد أن يشتري عبدا، وهو سارق أو زان فيذكره للمشتري، وكذا لو رأى المشتري يعطي البائع دراهم مغشوشة فيقول: احترز منه بكذا، الخامسة: قصد التعريف كأن يكون معروفا بلقبه كالأعرج والأعمش والأحول، السادسة: جرح المجروحين من الرواة والشهود والمصنفين فهو جائز بل واجب صونا للشريعة.

📖 الفتاوى الهندية (مكتبه زكريا) ٥ / ٣٦٢ : رجل ذكر مساوى انسان على وجه الاهتمام لا بأس به ويكره ان يكون مريدا بالسب والنقص ومن اغتاب اهل قرية او كورة لم تكن غيبة حتى يسمى قوما معروفين كذا في السراجية.

📖 احسن الفتاوى (ايچ ايم سعيد) ٨/ ١٩٣ : الجواب- کسی کے پس پشت اس کے کسی ایسے واقعی عیب کو ذکر کرنا کہ اسکو معلوم ہو جائے تو اسے ناگوار گزرے غیبت ہے اور یہ گناہ کبیرہ ہے جس پر قرآن وحدیث میں شدید ترین وعیدیں وارد ہوئی ہیں... غیبت کی جائز صور تیں

۱ـ دفع ظلم کے لئے قادر علی دفع الظلم کے سامنے غیبت کرنا

Scanned by CamScanner

۲ ـ تغییر منکر کی نیت سے قدرت رکھنے والوں کے سامنے غیبت کرنا

۳ ـ حکم شرعی معلوم کرنے کے لئے مفتی کے سامنے غیبت کرنا، لیکن نام کو مبہم رکھنا بہتر ہے۔

٤ ـ کسی کے شر سے بچانے کے لئے اسکی غیبت کرنا، جیسے شہود ورواۃ پر جرح کرنا

٥ ـ علانیہ گناہ کرنے والوں کی غیبت کرنا، البتہ صرف اسی گناہ کا تذکرہ جائز ہے جو وہ علانیہ کرتے ہوں مخفی گناہ کا ذکر جائز نہیں۔

٦ ـ تعارف کی غرض سے کسی کے عیب کا ذکر کرنا جیسے اعور اعمش وغیرہ، یہ اس شرط سے جائز ہے کہ اس کے بغیر تعارف ناممکن یا متعذر ہو۔

রাজনৈতিক সমাবেশের ছবি-ভিডিও ধারণ করা

প্রশ্ন : ইসলাম ও মুসলিমবিরোধী ষড়যন্ত্রের বিরুদ্ধে যে সকল মিছিল-মিটিং, সমাবেশ এবং প্রতিবাদের আয়োজন করা হয় তার ছবি উঠানো অথবা ক্যামেরাবন্দি করে পত্রপত্রিকাসহ সকল টিভি চ্যানেলে দেশ-বিদেশে প্রচার করা জায়েয আছে কি না? উল্লেখ্য যে, এর দ্বারা কাফের, মুশরিক ও নাস্তিকদের মনে ভীতি সঞ্চারিত হয়। যে সকল আলেম ও মুফতীয়ানে কেরাম এ কাজের সমর্থন করে আসছেন, তাদের হুকুম কী?

উত্তর : শরয়ী ও আইনী প্রয়োজন ছাড়া ফটো উঠানো হারাম। প্রশ্নে যেসব কারণ উল্লেখ করা হয়েছে তার জন্য ফটো উঠানোকে বৈধ বলা যায় না। (১২/৬৩৮/৪০৬৬)

📖 صحيح البخاري (دار الحديث) ٤/ ٩٢ (٥٩٥٠) : عن مسلم، قال: كنا مع مسروق، في دار يسار بن نمير، فرأى في صفته تماثيل، فقال: سمعت عبد الله، قال: سمعت النبي صلى الله عليه وسلم يقول: «إن أشد الناس عذابا عند الله يوم القيامة المصورون» -

📖 احسن الفتاوی (ایچ ایم سعید) ۸/ ۴۳۸ : بعض حضرات ایسی جگہ جہاں تصویر لی جارہی ہوں شریک ہو جاتے ہیں، اور تصویر سے بچنے کے لئے منہ پر کپڑا رکھ لیتے ہیں، گناہ سے بچنے کے لئے اتنا کافی نہیں بلکہ ایسی مجلس سے اٹھ جانا واجب ہے خواہ یہ دینی اجتماع ہی ہو، بالخصوص یہ شخص مقتدا ہو تو اس کا بیٹھنا اور بھی سخت اور دہرا گناہ ہے، ایک اپنی برائی کا اور دوسرا عوام کو گناہوں پر جری کرنے کا۔

Scanned by CamScanner

রাষ্ট্রীয় পতাকাকে সালাম দেওয়া

প্রশ্ন : জাতীয়তার ধারক-বাহক ও জাতীয়তার প্রতীক জাতীয় পতাকার উদ্দেশ্যে সালাম প্রদানের শরয়ী হুকুম কী? উল্লেখ্য যে, যদি কোনো ব্যক্তি রাষ্ট্রীয় কোষাগারের বেতনভুক্ত সরকারি চাকরিজীবী হন এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের পক্ষ থেকে এতদসংক্রান্ত বিধিনিষেধ থেকে থাকে, তাহলে সে ক্ষেত্রে ওই চাকরিজীবীর করণীয় কী?

উত্তর : রাষ্ট্রীয় বিধান অনুযায়ী, সরকারি চাকরিজীবীর জন্য জাতীয় পতাকার উদ্দেশ্যে সালাম প্রদান করা শরীয়তের কোনো বৈধ বিধানের আওতায় পড়ে না। তবে তা থেকে বেঁচে থাকা সম্ভব না হলে রাষ্ট্রের বিধান অনুযায়ী জাতীয় পতাকার উদ্দেশ্যে সালাম প্রদান করার অবকাশ আছে। এ ক্ষেত্রে অন্তরে এই কাজটির প্রতি ঘৃণা থাকলে এবং বর্জনের প্রচেষ্টা অব্যাহত থাকলে গোনাহ হবে না। তবে এমন আইন প্রয়োগ শরীয় বিরোধী বলে গণ্য হবে। (১৪/২৪৪)

📖 فتاوی رحیمیہ (دار الاشاعت کراچی) ۶/ ۲۸۸: سوال— ۱۵ اگست کے دن پرچم کشائی کے وقت سلامی دی جاتی ہے تو سلامی دینا جائز ہے یا نہیں؟ اگر کوئی شخص سرکاری ماسٹر یا گورنمنٹ کا ملازم ہے تو کیا کرے؟
الجواب— یہ محض سیاسی چیز ہے اور حکومتوں کا طریقہ ہے اسلامی حکومتوں میں بھی ہوتا ہے بچنا اچھا ہے اگر فتنہ کا ڈر ہو تو بادل ناخواستہ کرنے میں مواخذہ نہیں ہوگا انشاء اللہ.

রাষ্ট্রীয় আইন ও নির্দেশ মান্য করা

প্রশ্ন : এক মাওলানা সাহেব বলেন যে আমাদের দেশে যেহেতু ইসলামী হুকুমত নেই তাই রাষ্ট্রের হুকুম পুরোপুরি মানাও আমাদের জন্য ওয়াজিব নয়। যেমন : সরকারিভাবে আমাদের ডিউটি আছে ২৪ ঘণ্টা, যা বাস্তবে কখনো সম্ভব নয়। এ রকমভাবে সরকারি আইন মানা কতটুকু জরুরি? না মানলে বেতন হালাল হবে কি না?

উত্তর : শরীয়ত পরিপন্থী কোনো আইন না হলে রাষ্ট্রের বাধ্যতামূলক পালনীয় সকল আইন মেনে চলা ওয়াজিব। আর প্রশ্নে বর্ণিত চাকরির পদ্ধতিতে ছুটির সময় বা দায়িত্বশীল কর্মকর্তার অনুমতি ব্যতীত যতটুকু সময় অনুপস্থিত থাকবে তার বেতন নেওয়া হালাল হবে না। (৯/৫৫৩/২৭২১)

Scanned by CamScanner

📖 أحكام القرآن للتهانوى (ادارة القرآن) ۲/ ۲۹۲ : وهذا الحكم أى وجوب طاعة الأمير مختص بما لم يخالف امره الشرع، يدل عليه سياق الآية، فإن الله تعالى امر الناس بطاعة أولى الأمر بعد ما امرهم بالعدل فى الحكم تنبيها على أن طاعتهم واجبة ما داموا على العدل -

📖 الدرالمختار مع الرد (ايچ ايم سعيد) ٦/ ٦٩ : الأجير (الخاص) ويسمى أجير وحد (وهو من يعمل لواحد عملا مؤقتا بالتخصيص ويستحق الأجر بتسليم نفسه في المدة وإن لم يعمل كمن استؤجر شهرا للخدمة أو) شهرا (لرعي الغنم) المسمى بأجر مسمى بخلاف ما لو آجر المدة بأن استأجره للرعي شهرا حيث يكون مشتركا إلا إذا شرط أن لا يخدم غيره ولا يرعى لغيره فيكون خاصا -

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۸/ ۱۹۶ : اولوالامر کی اطاعت ان امور میں لازم ہے جن پر اللہ تعالی اور رسول صلی اللہ علیہ وسلم کی نافرمانی نہ ہوتی ہو، پس جو ملکی قوانین شریعت کے خلاف نہیں انکی پابندی لازم ہے اور جو شریعت کے خلاف ہوں انکی پابندی حرام اور ناجائز ہے، الغرض اولی الامر کی اطاعت مشروط ہے اور اللہ اور اس کی رسول صلی اللہ علیہ وسلم کی اطاعت غیر مشروط ہے۔

📖 تفسیر معارف القرآن (المکتبۃ المتحدۃ) ۲/ ۴۵۲ : اور جس طرح منصوصات قرآن میں قرآن کا اتباع اور منصوصات رسول ﷺ میں رسول کا اتباع لازم اور واجب ہے اسی طرح غیر منصوص فقہی چیزوں میں فقہاء کا اور انتظامی امور میں حکام اور امراء کا اتباع واجب ہے یہی مفہوم ہے اطاعت اولی الامر کا۔

Scanned by CamScanner

السير والتاريخ

সীরাত ও ইতিহাস

রাসূল (সা.) মা আমিনার গর্ভ থেকে স্বাভাবিকভাবেই জন্মলাভ করেন

প্রশ্ন : রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর জন্ম কিভাবে হয়েছিল? এক ব্যক্তির কাছ থেকে জানতে পারলাম, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) নাকি উরু বা রান ফেটে দুনিয়াতে এসেছিলেন। ওই ব্যক্তি আরো বলেছে যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য নাকি আল্লাহ তা'আলা নাপাক স্থান ব্যবহার করেননি, তাই তিনি রান ফেটে দুনিয়াতে এসেছিলেন। এটা যে বিশ্বাস করবে না সে মুসলমান নয়, তা কতটুকু সত্য?

উত্তর : রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মা আমিনার পেট থেকে স্বাভাবিকভাবে জন্মগ্রহণ করেছেন, এটাই বাস্তব। (১২/৫২৯/৩৯৯৯)

📖 البداية والنهاية (دار إحياء التراث) ٦/ ٣٣١ : فكشف الله لي عن بصري، فأبصرت من ساعتي مشارق الأرض ومغاربها، ورأيت ثلاثة أعلام مضروبات : علم بالمشرق، وعلم بالمغرب، وعلم على ظهر الكعبة، فأخذني المخاض، واشتد بي الطلق جدا، فكنت كأني مستندة إلى أركان النساء، وكثرن علي حتى كأن الأيدي معي في البيت، وأنا لا أرى شيئا، فولدت محمدا، فلما خرج من بطني درت فنظرت إليه، فإذا أنا به ساجد وقد رفع أصبعيه كالمتضرع المبتهل.

Scanned by CamScanner

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর ছায়া ছিল

প্রশ্ন : রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর ছায়া ছিল কি না?

উত্তর : রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর ছায়া ছিল কি না এ ব্যাপারে মতানৈক্য পাওয়া গেলেও ছায়া থাকার বর্ণনাগুলো সহীহ।
অতএব নির্দ্বিধায় বলা যায় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর ছায়া ছিল, এটাই সঠিক। কোনো কোনো সময় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর ছায়া জমিনের ওপর পরিলক্ষিত না হওয়ার বিভিন্ন কারণ হতে পারে। যেমন—কোনো সময় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর ওপর মেঘ অথবা ফেরেশতাগণ ছায়া করে থাকতেন। (১৪/৯৫৪/৫৮৭৭)

📖 مسند الإمام أحمد (مؤسسة الرسالة) ٤١/ ٤٦٣ (٢٥٠٠٢) عن عائشة، أن رسول الله صلى الله عليه وسلم كان في سفر له، فاعتل بعير لصفية، وفي إبل زينب فضل، فقال لها رسول الله صلى الله عليه وسلم: " إن بعيرا لصفية اعتل، فلو أعطيتها بعيرا من إبلك، فقالت: أنا أعطي تلك اليهودية، قال: فتركها رسول الله صلى الله عليه وسلم ذا الحجة والمحرم شهرين، أو ثلاثة، لا يأتيها، قالت: حتى يئست منه، وحولت سريري، قالت: فبينما أنا يوما بنصف النهار، إذا أنا بظل رسول الله صلى الله عليه وسلم مقبل -

📖 امداد الفتاوی (زکریا بکڈپو) ٥ / ٤٠٥: سایہ نہ ہونیکی ایک روایت صریح بھی نہیں گذری، صرف بعض نے 'واجعلنی نورا' سے استدلال کیاہے، کہ نور کا سایہ نہیں ہوتا کیونکہ سایہ ظلمت ہوتاہے مگر ضعف اسکا ظاہر ہے، شاید حضور صلی اللہ علیہ وسلم کے سر پر ابر رہنا اسکی اصل ہو کیونکہ اس صورت میں ظاہر ہے کہ سایہ نہ ہوگا لیکن خود صحاح میں روایت ہے کہ آپ صلی اللہ علیہ وسلم کے سر مبارک پر بعض اوقات سفر میں صحابہؓ کپڑے کا سایہ کئے ہوئے تھے اس سے بھی معلوم ہوتاہے کہ ابر کا رہنا بھی دائمی نہ تھا۔

📖 فتاوی محمودیہ (زکریا بکڈپو) ١/ ١٠٩ : امام احمد ابن حنبلؒ نے اپنی مسند میں ام المومنین حضرت زینبؓ کا ایک واقعہ نقل کیاہے اس میں حضور اقدس صلی اللہ علیہ وسلم کا دوپہر کے وقت تشریف لانا اور آپکے سایہ مبارک کا ہونا صاف صاف مذکور ہے، قالت بینما

Scanned by CamScanner

انا یوما بنصف النهار اذ انا بظل رسول الله صلى الله عليه وسلم
مقبل الخ مسند احمد (۲۳۱/۵) نیز حضرت انس ابن مالکؓ کی ایک روایت حادی
الارواح الی بلاد الافراح جلد اول باب اول ص- ۴۲ میں ہے جس میں حضرت نبی اکرم
صلی اللہ علیہ وسلم کا سایہ مبارک کو خود ملاحظہ فرمانا منقول ہے، لقد رأیت ظلی یہ دونوں
روایتیں مرفوع ہیں۔

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর ওফাতের তারিখ

প্রশ্ন : রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর ওফাতের তারিখ কোনটি?

দেওয়ানবাগের পীর তাঁর একটি বইয়ে লিখেছেন, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর মৃত্যু তারিখ ১লা রবিউল আউয়াল। এ সম্পর্কে তিনি 'তাফসীরে মাআরিফুল কোরআন' থেকে اليوم اكملت لكم دينكم এর ব্যাখ্যার উদ্ধৃতি এনেছেন, যেখানে লেখা আছে এ আয়াত নাজিল হয় বিদায় হজের দিন। এ আয়াত নাজিলের পর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ৮১ দিন জীবিত ছিলেন। বিদায় হজের দিন থেকে ৮১ দিন পর হয় ১লা রবিউল আউয়াল ১২ তারিখ নয়। এর সমাধান কামনা করি।

উত্তর : হাদীস, ফিকহ ও সীরাতের আলোকে জানা যায় যে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ১১ হিজরী ২রা রবিউল আউয়াল রোজ সোমবার ইন্তেকাল করেন। আর এ মতটিকে ঐতিহাসিক উলামায়ে কেরাম প্রাধান্য দিয়েছেন। কোনো কোনো ইতিহাসবিদ ১ তারিখের মতকেও গ্রহণ করেছেন। শরীয়তের কোনো বিধিবিধান এই তারিখ নির্ণয়ের ওপর মওকুফ নয় বিধায় তা নিয়ে বাড়াবাড়ি করা উচিত নয়। স্মর্তব্য যে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর মৃত্যু তারিখ ১২ হোক বা ২ হোক বা ১ই হোক, এর দ্বারা দেওয়ানবাগীদের ঈদে মিলাদুন্নবী প্রমাণের কোনো সুযোগ নেই। (১৯/৭৬৬/৮৪৩৭)

📖 فتح الباری (دارالريان) ٧ / ٧٣٦ : وأخرجه البيهقي بإسناد صحيح
وكانت وفاته يوم الاثنين بلا خلاف من ربيع الأول وكاد يكون
إجماعا لكن في حديث بن مسعود عند البزار في حادي عشر
رمضان، ثم عند بن إسحاق والجمهور أنها في الثاني عشر منه

Scanned by CamScanner

وعند موسى بن عقبة والليث والخوارزمي وبن زبر مات لهلال ربيع الأول وعند أبي مخنف والكلبي في ثانيه ورجحه السهيلي ... ... فالمعتمد ما قال أبو مخنف، وكأن سبب غلط غيره أنهم قالوا مات في ثاني شهر ربيع الأول فتغيرت فصارت ثاني عشر واستمر الوهم بذلك يتبع بعضهم بعضا من غير تأمل والله أعلم.

📖 الروض الأنف (إحياء التراث العربي) ٧ / ٥٧٨ : وذكر الطبري عن ابن الكلبي وأبي مخنف أنه توفي في الثاني من ربيع الأول وهذا القول وإن كان خلاف أهل الجمهور فإنه لا يبعد أن كانت الثلاثة الأشهر التي قبله كلها من تسعة وعشرين فتدبره فإنه صحيح ولم أر أحدا تفطن له وقد رأيت للخوارزمي أنه توفي عليه السلام في أول يوم من ربيع الأول وهذا أقرب في القياس بما ذكر الطبري عن ابن الكلبي وأبي مخنف.

📖 عيون الاثر (دار القلم) ٢/ ٤٣٢ : قال الطبرانى يوم الاثنين لليلتين شهر ربيع الأول، وقال الواقدى: إنه الثانى عشر، قال الربيع بن سالم: وهذا لا يصح وقد جرى فيه على العماء من الغلط ما علينا بيان.

📖 احسن الفتاوی (سعید کمپنی) ٢/ ٣٦٨ : اہل سیر کا قول ١ اور ٢ ربیع الاول بھی حساب کے مطابق درست ہے، اکثر نے دو کو اختیار کیا ہے، ١٢ ربیع الاول کا خیال بدیہی البطلان ہے، اس لئے کہ اس سے پہلے ٩ ذوالحجہ سنہ ١٠ھ بروز جمعہ تھی، پس دوشنبہ کے دن ١٢ ربیع الاول کا حساب کسی صورت بھی صحیح نہیں ہو سکتا، حافظ ابن حجر ؒ فرماتے ہیں کہ ثانی شہر ربیع الاول کو ثانی عشر پڑھ لیا گیا، اس لئے ١٢ ربیع الاول مشہور ہو گیا۔

Scanned by CamScanner

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর জন্মগ্রহণ পিতা-মাতার ঔরশেই

প্রশ্ন : রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) নাকি পিতা-মাতার ঔরশে জন্মগ্রহণ করেননি। বরং মা আমেনা একটি ফুল শোঁকার পর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মায়ের গর্ভে আসেন। এ কথা কতটুকু সত্য?

উত্তর : রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁর পিতা-মাতার ঔরশেই দুনিয়ায় এসেছেন। যারা তা অস্বীকার করে এবং বলে যে, মা আমেনা একটা ফুল শোঁকার পর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মায়ের গর্ভে এসেছিলেন, তাদের কথাটি সম্পূর্ণ মিথ্যা এবং ভিত্তিহীন। (১২/৪১২/৪০০০)

📖 السيرة النبوية لابن هشام (شركة مكتبة مصطفى) ١/ ١٥٧ : قال ابن إسحاق: وحدثني أبي إسحاق بن يسار أنه حدث: أن عبد الله إنما دخل على امرأة كانت له مع آمنة بنت وهب، وقد عمل في طين له، وبه آثار من الطين، فدعاها إلى نفسه، فأبطأت عليه لما رأت به من أثر الطين، فخرج من عندها فتوضأ وغسل ما كان به من ذلك الطين، ثم خرج عامدا إلى آمنة، فمر بها، فدعته إلى نفسها، فأبى عليها، وعمد إلى آمنة، فدخل عليها فأصابها، فحملت بمحمد صلى الله عليه وسلم. ثم مر بامرأته تلك، فقال لها: هل لك؟ قالت: لا، مررت بي وبين عينيك غرة بيضاء، فدعوتك فأبيت علي، ودخلت على آمنة فذهبت بها.
قال ابن إسحاق: فزعموا أن امرأته تلك كانت تحدث: أنه مر بها وبين عينيه غرة مثل غرة الفرس، قالت: فدعوته رجاء أن تكون تلك بي، فأبى علي، ودخل على آمنة، فأصابها، فحملت برسول الله صلى الله عليه وسلم. فكان رسول الله صلى الله عليه وسلم أوسط قومه نسبا، وأعظمهم شرفا من قبل أبيه وأمه، صلى الله عليه وسلم.

📖 السيرة النبوية لابن كثير (دار المعرفة) ١/ ٢٠٤ : صفة مولده الشريف عليه الصلاة والسلام قد تقدم أن عبد المطلب لما ذبح تلك الإبل المائة عن ولده عبد الله، حين كان نذر ذبحه فسلمه الله تعالى، لما كان قدر في الأزل من ظهور النبي الأمي صلى الله عليه وسلم خاتم الرسل وسيد ولد آدم من صلبه، ذهب كما تقدم فزوجه أشرف عقيلة في قريش، آمنة بنت وهب بن عبد مناف بن زهرة الزهرية، فحين دخل بها وأفضى إليها حملت برسول الله صلى الله عليه وسلم.

Scanned by CamScanner

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর পিতার ইন্তেকাল

প্রশ্ন : রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর জন্মের কত দিন পূর্বে তাঁর পিতা ইন্তেকাল করেন? এ বিষয়ে সঠিক তথ্য প্রদান করার জন্য বিশেষ অনুরোধ করছি।

উত্তর : ইতিহাসবিদগণের নির্ভরযোগ্য মতানুসারে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর পিতা আব্দুল্লাহ রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর জন্মের পূর্বে মৃত্যুবরণ করেন। তবে জন্মের কত মাস পূর্বে মৃত্যুবরণ করেন এ নিয়ে ইতিহাসবিদগণের মধ্যে বিভিন্ন মতামত পাওয়া যায়। কেউ কেউ বলেন, দুই মাস পূর্বে মৃত্যুবরণ করেন। (১০/৬৯৮/৩২৮০)

📖 زاد المعاد (مؤسسة الرسالة) ١/ ٧٥ : واختلف في وفاة أبيه عبد الله، هل توفي ورسول الله صلى الله عليه وسلم حمل، أو توفي بعد ولادته؟ على قولين: أصحهما: أنه توفي ورسول الله صلى الله عليه وسلم حمل.

📖 السيرة الحلبية (دار الكتب العلمية) ١/ ٧٤ : عن ابن إسحق: لم يلبث عبد الله بن عبد المطلب أن توفي وأم رسول الله صلى الله عليه وسلم حامل به: أي كما عليه أكثر العلماء أي وصححه الحافظ الدمياطي، وسيأتي في بعض الروايات ما يدل على أن ذلك من علامات نبوته صلى الله عليه وسلم في الكتب القديمة قيل وإن موت والده صلى الله عليه وسلم كان بعد أن تم لها من حملها شهران، قيل قبل ولادته بشهرين -

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কারাভোগ করেননি

প্রশ্ন : রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) নাকি দুই বছর, সাত মাস কারাগারে ছিলেন তা কি সত্য? যদি সত্য হয়, তাহলে কী কারণে ও কোথায় ছিলেন? জানালে উপকৃত হব।

উত্তর : রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) দুই বছর, সাত মাস বা তিন বছর কারাগারে ছিলেন কথাটি সত্য নয়। শিআবে আবী তালেবের প্রসিদ্ধ ঘটনাটিকে কারাগার মনে করা ভুল। বাস্তবে ঘটনাটিকে বয়কট বলা হয়, বনু হাশিম ও বনু মুত্তালিব দুই বংশের সকল সদস্যই এ বয়কট নির্যাতনের শিকার হয়েছিলেন। যেহেতু তাঁরা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে কুরাইশদের অন্য সকল গোত্রের হাতে তুলে দিতে রাজি ছিলেন না, তাই ওই সকল গোত্র রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)সহ বনু হাশিম ও বনু মুত্তালিবকে সামাজিক বয়কট করেছিল। (৯/৬৬৩/২৮০০)

Scanned by CamScanner

📖 السيرة النبوية لابن كثير (دار المعرفة) ٢ / ٤٣ : قال موسى بن عقبة عن الزهري: ثم إن المشركين اشتدوا على المسلمين كأشد ما كانوا، حتى بلغ المسلمون الجهد واشتد عليهم البلاء، وجمعت قريش في مكرها أن يقتلوا رسول الله صلى الله عليه وسلم علانية. فلما رأى أبو طالب عمل القوم جمع بني عبد المطلب، وأمرهم أن يدخلوا رسول الله صلى الله عليه وسلم شعبهم، وأمرهم أن يمنعوه ممن أرادوا قتله. فاجتمع على ذلك مسلمهم وكافرهم، فمنهم من فعله حمية، ومنهم من فعله إيمانا ويقينا. فلما عرفت قريش أن القوم قد منعوا رسول الله صلى الله عليه وسلم وأجمعوا على ذلك، اجتمع المشركون من قريش، فأجمعوا أمرهم ألا يجالسوهم ولا يبايعوهم ولا يدخلوا بيوتهم حتى يسلموا رسول الله صلى الله عليه وسلم للقتل، وكتبوا في مكرهم صحيفة وعهودا ومواثيق: لا يقبلوا من بنى هاشم صلحا أبدا، ولا تأخذهم بهم رأفة حتى يسلموه للقتل. فلبث بنو هاشم في شعبهم ثلاث سنين، واشتد عليهم البلاء والجهد، وقطعوا عنهم الأسواق، فلا يتركوا لهم طعاما يقدم مكة ولا بيعا إلا بادروهم إليه فاشتروه يريدون بذلك أن يدركوا سفك دم رسول الله صلى الله عليه وسلم.

ইহুদী কর্তৃক রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর ওপর নির্যাতন!

প্রশ্ন : জনৈক খতীব গত ১৭ই এপ্রিল (২০০৯) শুক্রবারে খুতবার আগের দীর্ঘ বয়ানে একপর্যায়ে বলেন যে হযরত রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) একদা ৪ দিন অভুক্ত অবস্থায় ছিলেন। তখন ভাবলেন যে দেখি ফাতেমার বাসায় গিয়ে কোনো খাবার পাওয়া যায় কি না? তিনি মা ফাতেমার বাসায় গেলেন এবং জিজ্ঞেস করলেন, আমার হাসান-হোসাইন কই? তখন ফাতেমা (রা.) বললেন, আব্বাজান আজ তিন দিন আমার বাড়িতে চুলা জ্বলে না, হাসান-হোসাইন ক্ষুধার দরুন জ্বালাতন করছিল তাই তাদের খেলতে পঠিয়েছি। এ কথা শুনে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) নিজের অভুক্ত থাকার কথা আর না বলে বাড়িতে গেলেন, এই চিন্তা করে যে দেখি কোনো খাদ্যের ব্যবস্থা করা যায় কি না? কিছুদূর গিয়ে দেখেন একজন ইহুদী কূপ থেকে পানি উঠাচ্ছে। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন যে ভাই, আমি আপনার পানি উঠিয়ে দেই আমাকে আপনি কিছু মজুরি দেবেন। তখন প্রতি বালতি পানি উঠানোর

Scanned by CamScanner

জন্য ৩-৪টি খেজুর দেওয়ার শর্তে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) পানি উঠাতে শুরু করেন। কিন্তু নবম বালতি উঠানোর সময় দড়ি ছিঁড়ে বালতি কূপের মধ্যে পড়ে যায়। এমন সময় উক্ত ইহুদী এসে জিজ্ঞেস করল, আমার বালতি কোথায়? তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন যে বালতি দড়ি ছিঁড়ে কূপের মধ্যে পড়ে গেছে। তখন সে নবীজিকে চপেটাঘাত করে। তারপর যে কয় বালতি পানি উঠানো হয়েছিল তার মজুরি হিসাব করে দিয়ে দেয়। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) স্থান ত্যাগের আগে তাঁর পাগড়ী মোবারক কুয়ার মধ্যে ঝুলিয়ে দেন এবং বালতিটা উঠে আসে। তা দেখে ইহুদী লোকটা বিস্মিত হয়ে ভাবতে লাগল ইনি খুব বুজুর্গ ব্যক্তি মনে হয়, আমি তো ভীষণ অন্যায় করেছি।

প্রশ্ন হলো, খতীব সাহেব রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর যে ঘটনা বর্ণনা করেছেন তা আদৌ বাস্তব কি না? কারণ যে সময় এই ঘটনা ঘটে তখন কি আরবে এমন কোনো ব্যক্তি ছিল যে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে চিনত না। যার ফলে একটি সাধারণ ঘটনার কারণে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ওই সময় একজন অমুসলিম কর্তৃক শারীরিকভাবে নির্যাতিত হয়েছিলেন। এ ধরণের বয়ান শোনার পর অধিকাংশ মুসল্লিদের ভেতর প্রতিক্রিয়া দেখা দিয়েছে। যেহেতু আমরা আলেম না, তাই আপনার নিকট বিশেষ অনুরোধ, উপরোক্ত কাহিনী কতটুকু সত্য, তা জানাবেন।

উত্তর : নবীজি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর ব্যাপারে বিনিময়ে ইহুদীর পানি উত্তোলন করে বালতি পড়ে গেলে নবীজিকে শারীরিক নির্যাতন করার উক্ত ঘটনাটি কোনো নির্ভরযোগ্য গ্রন্থে পাওয়া যায়নি। বরং হযরত আলী (রা.)-এর ব্যাপারে বর্ণিত আছে যে তিনি সামান্য কিছু খেজুরের পরিবর্তে এক ইহুদীকে পানি উত্তোলন করে দিয়েছিলেন। কিন্তু সেখানেও চপেটাঘাত করা ও পাগড়ি দিয়ে বালতি উঠানোর কোনো ঘটনা নেই বিধায় এটি কাল্পনিক। নবী-রাসূলের মুজেযাসংক্রান্ত বহু ঘটনা কোরআন-হাদীস ও নির্ভরযোগ্য গ্রন্থে বিদ্যমান রয়েছে। এসব বাস্তব ঘটনা বাদ দিয়ে পুঁথি কাহিনীর বই থেকে জাল ও ভিত্তিহীন ঘটনা বয়ান করে মানুষকে আকৃষ্ট করা প্রকৃত কোনো আলেম থেকে আশা করা যায় না। মুসল্লিদের উচিত, খতীব সাহেবকে বিষয়ভিত্তিক সঠিক কোরআন-সুন্নাহের ব্যাখ্যা প্রদান করতে অনুরোধ করা। তাতেও সংশোধন না হলে বিকল্প খতীবের ব্যবস্থা করা। (১৬/৩৭৩/৬৫২৫)

📖 سنن الترمذي (دار الحديث) ٣/ ٣٦٣ (٢٤٧٣) : عن محمد بن كعب القرظي قال: حدثني من، سمع علي بن أبي طالب، يقول: " خرجت في يوم شات من بيت رسول الله صلى الله عليه وسلم، وقد أخذت إهابا معطونا فجوبت وسطه فأدخلته عنقي، وشددت وسطي فحزمته بخوص النخل، وإني لشديد الجوع ولو كان في بيت رسول الله صلى الله عليه

Scanned by CamScanner

وسلم طعام لطعمت منه فخرجت ألتمس شيئا فمررت بيهودي في مال
له وهو يسقي ببكرة له فاطلعت عليه من ثلمة في الحائط. فقال: ما لك
يا أعرابي؟ هل لك في كل دلو بتمرة؟ قلت: نعم، فافتح الباب حتى أدخل
ففتح فدخلت فأعطاني دلوه فكلما نزعت دلوا أعطاني تمرة حتى إذا
امتلأت كفي أرسلت دلوه وقلت: حسبي فأكلتها ثم جرعت من الماء
فشربت ثم جئت المسجد، فوجدت رسول الله صلى الله عليه وسلم فيه.

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মায়ের গর্ভে পিতার জানাযা পড়েছেন

প্রশ্ন : রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) নাকি মায়ের গর্ভে থেকেই তাঁর পিতার জানাযার নামায পড়েছেন। এ কথাটি কতটুকু সত্য?

উত্তর : মায়ের গর্ভে থেকেই রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁর পিতার জানাযার নামায পড়েছেন, এমন কথা ভিত্তিহীন। (১২/৪৭৪/৩৯৯৮)

ইউসুফ (আ.) রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর পূর্বপুরুষ নন

প্রশ্ন : হযরত ইউসুফ (আ.) কি হযরত মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর উর্ধ্বতন পূর্বপুরুষ ছিলেন? দয়া করে জানাবেন।

উত্তর : ইউসুফ আলাইহিস সালাম হযরত মোহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর উর্ধ্বতন পূর্বপুরুষ ছিলেন না। কেননা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ইসমাঈল (আলাইহিস সালামের) বংশধর। আর ইউসুফ (আলাইহিস সালাম) ইসমাঈল (আলাইহিস সালামের) ভাই ইসহাক (আলাইহিস সালামের) বংশধর। (১৬/১৯১/৬৪৪৪)

📖 السيرة النبوية لابن هشام (شركة الطباعة) ١/ ٦ : قال ابن هشام:
وأنا -إن شاء الله- مبتدئ هذا الكتاب بذكر إسماعيل بن
إبراهيم ومن ولد رسول الله -صلى الله عليه وسلم- من ولده،
وأولادهم لأصلابهم، الأول فالأول، من إسماعيل إلى رسول الله -
صلى الله عليه وسلم- وما يعرض من حديثهم.

Scanned by CamScanner

ইবরাহীম (আ.) কি মায়ের সাথে বেয়াদবী করেছেন

প্রশ্ন: মুহতারাম, আমাদের দনিয়া বড় জামে মসজিদে একজন টাইটেল পাস খতীব রাখা হয়েছে। শুধু জুমু'আ এবং বিভিন্ন সময় অনুষ্ঠানের নামায পড়াবার জন্য। গত শবে মেরাজে বয়ানের এক পর্যায়ে বলেন, হযরত ইব্‌রাহীম (আলাইহিস্ সালাতু ওয়াস্‌সালাম) মায়ের সঙ্গে বেয়াদবী করেছেন। বাবা-মা তাঁকে অভিশাপ দিয়েছিলেন যার কারণে নমরূদ ইব্‌রাহীম (আলাইহিস্ সালাতু ওয়াসসালাম)-কে অগ্নিকুণ্ডে নিক্ষেপ করেছিল।

প্রশ্ন হলো, হযরত ইব্‌রাহীম (আলাইহিস সালাম) একজন মর্যদাসম্পন্ন নবী ছিলেন যিনি 'খলীল' আল্লাহর বন্ধু, আবার এদিকে বাবা-মায়ের সঙ্গে বেয়াদবী করা কবিরা গোনাহ, তাহলে কি ইব্‌রাহীম (আলাইহিস সালাম) কবীরা গোনাহ করেছিলেন? অথচ আমরা শুনেছি, নবীদের দ্বারা গোনাহ সংঘটিত হওয়া অসম্ভব, আল্লাহ তা'আলা নিজ কুদরতে হেফাজত করেন।

উত্তর : প্রশ্নে বর্ণিত খতীব সাহেবের বক্তব্যে ইব্‌রাহীম (আ.)-এর ব্যাপারে তাঁর মায়ের সাথে বেয়াদবী করার ঘটনা কোনো কিতাবে পাওয়া যায়নি। বরং ইতিহাস গ্রন্থে এর বিপরীত ইব্‌রাহীম (আ.) তাঁর মায়ের সাথে সুসম্পর্ক ও ইব্‌রাহীম (আ.) মায়ের অনুগত থাকার প্রমাণ পাওয়া যায়। নবীর শানে এ ধরনের ভিত্তিহীন বয়ান করে মানুষকে বিভ্রান্ত করা কোনো হক্বপন্থী আলেম দ্বারা সম্ভব নয়। (১৬/৩৭৩/৬৫২৫)

📖 البداية والنهاية(دار إحياء التراث) ١/ ١٦٩ : وروى ابن عساكر عن عكرمة أن أم إبراهيم نظرت إلى ابنها عليه السلام فنادته يا بني إني أريد أن أجئ إليك فادع الله أن ينجيني من حر النار حولك. فقال نعم فأقبلت إليه لايمسها شئ من حر النار، فلما وصلت إليه اعتنقته وقبلته ثم عادت-

মিসওয়াকের বদৌলতে বিজয় লাভ

প্রশ্ন : কোনো এক যুদ্ধে নাকি সাহাবায়ে কেরামগণ কয়েক দিন যাবৎ যুদ্ধ করার পরও বিজয় লাভ হচ্ছিল না। তখন সাহাবায়ে কেরামগণ বলেছেন যে, হয়তো আমাদের থেকে রাসূলের (সা.) কোনো সুন্নাত ছুটে গেছে যার কারণে এমন হয়েছে। তখন সাহাবায়ে কেরামগণ চিন্তা করলেন, কোন সে সুন্নাত, যার ওপর আমরা আমল করছি না। অতপর তাঁরা পরস্পরে খুঁজ করে বের করলেন যে আজ কয়েক দিন যাবৎ মিসওয়াক করা হয় না। এরপর সাহাবায়ে কেরামগণ যখন মিসওয়াক করা আরম্ভ করলেন, শত্রুরা দেখে

Scanned by CamScanner

পরস্পরে আলোচনা করতে লাগল, মুসলমানরা দাঁতে ধার দিচ্ছে তোমাদেরকে চিবিয়ে খাওয়ার জন্য, এরপর মুসলমানরা বিজয় লাভ করেন। জানার বিষয় হলো, উক্ত ঘটনাটি হাদীসের আলোকে সত্য কি না? যদি সত্য হয়, কোন যুদ্ধে এবং এ যুদ্ধের আমির কে ছিলেন?

উত্তর : সাহাবায়ে কেরাম রাদিয়াল্লাহু আনহুমের ইতিহাসে এরূপ কোনো ঘটনা পাওয়া যায়নি। (১১/৯৭২/৩৫৯৩)

হিজরী ও খ্রিস্ট সনের মধ্যে পার্থক্য

প্রশ্ন : ৫৭০ খ্রিস্টাব্দে নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) জন্মগ্রহণ করেন। প্রশ্ন হলো, হিজরী সন ও খ্রিস্টাব্দের মাঝে পার্থক্য কী ?

উত্তর : হযরত ঈসা (আ.)-এর জন্মের কাল থেকে খ্রিস্টাব্দ সাল এবং আমাদের নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মক্কা শরীফ থেকে মদীনা শরীফে হিজরতের বছরের মাহে মুহাররম থেকে হিজরী সালের গণনা শুরু হয়। খ্রিস্টীয় সন সূর্যের হিসাবে হয় এবং হিজরী সন চন্দ্রের হিসাবে হয়। (২/৮২)

📖تاريخ الطبري (دار التراث) ٢/ ٣٨٩ : عن ابن شهاب، ان النبي صلى الله عليه وسلم لما قدم المدينة- وقدمها في شهر ربيع الأول- أمر بالتأريخ.

قال أبو جعفر: فذكر أنهم كانوا يؤرخون بالشهر والشهرين من مقدمه إلى أن تمت السنة، وقد قيل إن أول من أمر بالتأريخ في الإسلام عمر بن الخطاب، رحمه الله.

... ...عن محمد بن سيرين، قال: قام رجل إلى عمر بن الخطاب فقال: أرخوا، فقال عمر: ما أرخوا؟ قال: شيء تفعله الأعاجم، يكتبون في شهر كذا من سنة كذا، فقال عمر بن الخطاب: حسن، فأرخوا فقالوا: من أي السنين نبدأ؟ قالوا: من مبعثه، وقالوا: من وفاته، ثم أجمعوا على الهجرة، ثم قالوا: فأي الشهور نبدأ؟ فقالوا: رمضان، ثم قالوا: المحرم، فهو منصرف الناس من حجهم، وهو شهر حرام، فأجمعوا على المحرم.

Scanned by CamScanner

تعبير الرؤيا

স্বপ্নের ব্যাখ্যা

নিজেই নিজের স্বপ্নের ব্যাখ্যা করা

প্রশ্ন : কোনো স্বপ্ন দেখে নিজেই কোনো তা'বীর অনুমানের ভিত্তিতে করা কি ঠিক হবে?

উত্তর : স্বপ্নের তা'বীর নিজে বুঝতে পারলে কাউকে বলার প্রয়োজন নেই। তা না হলে অভিজ্ঞ দ্বীনদার হিতাকাঙ্ক্ষী ব্যক্তির নিকট থেকে তা'বীর জেনে নেওয়া উত্তম। (৫/৩৫৬/৯৩৪)

📖 صحيح البخاري (دار الحديث) ٤/ ٣٤٤ (٧٠٤٥) : عن أبي سعيد الخدري، أنه سمع رسول الله صلى الله عليه وسلم، يقول: «إذا رأى أحدكم الرؤيا يحبها، فإنها من الله، فليحمد الله عليها وليحدث بها، وإذا رأى غير ذلك مما يكره، فإنما هي من الشيطان، فليستعذ من شرها، ولا يذكرها لأحد، فإنها لن تضره» -

📖 معارف القرآن (المكتبة المتحدة) ٥ / ٢٢ : خواب ایسے شخص کے سامنے بیان نہ کرنا چاہئے جو اسکا خیر خواہ اور ہمدرد نہ ہو اور نہ ایسے شخص کے سامنے جو تعبیر خواب میں ماہر نہ ہو.

স্বপ্নে মৃত ব্যক্তিকে কবর থেকে উঠিয়ে নিয়ে যেতে বলার ব্যাখ্যা

প্রশ্ন : গত ০৯/০৪/০৯ ইং বৃহস্পতিবার রাত ৭.৪৫ মিনিটে আমার ছেলে মুহা. কামরুল হাসান ইন্তেকাল করে। সে মাদ্রাসায় ষষ্ঠ শ্রেণীতে ছিল, তার বয়স ১২ বছর। তার ইন্তেকালের দ্বিতীয় দিন হতে আমি ও তার মা এবং তার বড় ভাই, দাদু, মামা ও অন্য অনেকে স্বপ্ন দেখেছে সে ভালো হয়ে গেছে, সে বলছে যে আমাকে কবর থেকে উঠিয়ে নাও, আমাকে উঠাচ্ছো না কেন? এমতাবস্থায় আমাদের করণীয় কী?

উত্তর : স্বপ্ন শরীয়তের কোনো দলিল নয়। মানুষ সাধারণত যা কল্পনা করে থাকে, তা-ই স্বপ্নে দেখে। আর অল্প বয়সের বাচ্চা মারা যাওয়ায় এ ধরনের কল্পনা সবার মনে থাকাই স্বাভাবিক।

Scanned by CamScanner

এতদসত্ত্বেও হযরত ইব্রাহীম কিরমানী (রহ.) এ ধরনের স্বপ্নের তা'বীর এভাবে করেছেন যে এর দ্বারা প্রতীয়মান হয় মৃত ব্যক্তির অবস্থা ভালো এবং আল্লাহ তা'আলা তার ওপর সন্তুষ্ট রয়েছেন।

আলো-বাতাসহীন কবরে দীর্ঘ এক মাস কোনো প্রাণী জীবিত থাকা একটি অবাস্তব বিষয়। তথাপি আল্লাহর কুদরতের বহিঃপ্রকাশ হিসেবে আলৌকিকভাবে যদি বেঁচেও থাকে, আর আল্লাহ তা'আলা তাকে বাঁচিয়ে রাখার ইচ্ছা করেন, তাহলে তো তিনি এমনিতেই কবর থেকে বের করতে পারেন।

সুতরাং এ ব্যাপারে পেরেশান হওয়ার কোনো কারণ নেই। বরং ধৈর্য ধারণ করে দু'আ করতে থাকুন। (১৬/২৮৯)

📖 صحيح البخارى (دار الحديث) ٤/ ٤٩ (٥٧٤٧) : عن يحي بن سعيد، قال: سمعت أبا سلمة، قال: سمعت أبا قتادة، يقول: سمعت النبي صلى الله عليه وسلم يقول: «الرؤيا من الله، والحلم من الشيطان، فإذا رأى أحدكم شيئا يكرهه فلينفث حين يستيقظ ثلاث مرات، ويتعوذ من شرها، فإنها لا تضره» وقال أبو سلمة: «وإن كنت لأرى الرؤيا أثقل علي من الجبل، فما هو إلا أن سمعت هذا الحديث فما أباليها».

📖 رد المحتار(ايچ ايم سعيد) ٢/ ٢٣٨ : إذا دفن بلا غسل أو صلاة أو وضع على غير يمينه أو إلى غير القبلة فإنه لا ينبش عليه بعد إهالة التراب .

📖 تعبیر الرؤیا ص ۵۳۱ : حضرت ابراہیم کرمانی رحمۃ اللہ علیہ نے فرمایا ہے اگر کسی نے مردے کو خواب میں دیکھا اور پوچھا تو مر گیا تھا اس نے کہا نہیں میں تو زندہ ہوں دلیل ہے کہ اس جہاں میں مردے کی بات اچھی ہے اور حق تعالیٰ اس سے خوشنود ہے۔

Scanned by CamScanner

Scanned by CamScanner

مَنْ يُرِدِ اللّٰهُ بِهِ خَيْرًا يُفَقِّهْهُ فِي الدِّيْنِ

فتاوى فقيه الملة

ফাতাওয়ায়ে ফকীহুল মিল্লাত

তত্ত্বাবধান ও দিকনির্দেশনায়

ফকীহুল মিল্লাত মুফতী আব্দুর রহমান (রহ.)

প্রতিষ্ঠাতা : মারকাযুল ফিকরিল ইসলামী বাংলাদেশ

বসুন্ধরা, ঢাকা।

২

প্রকাশনায়

ফকীহুল মিল্লাত ফাউন্ডেশন বাংলাদেশ

বসুন্ধরা, ঢাকা।

Scanned by CamScanner